৺ দুর্গাদাস কর প্রণীত

ভিষগ্বন্ধু

শ্রীরাধাগোবিন্দ কর এল, আর, সি, পি, [illegible] কৃত

পঞ্চম সংস্করণ।

BHISHAK-BANDHU

BY

THE LATE BABOO DURGADAS KAR.

FIFTH EDITION

BY

RADHAGOBINDA KAR, [illegible] P. (EDIN.)

[illegible]

[illegible]

PUBLISHED BY [illegible]

[illegible]

Calcutta:
PRINTED BY T. C. ASH, AT THE VICTORIA PRESS,
2, GOABAGAN STREET.

সূচীপত্র ।

ভূমিকা।

৺ পিতাঠাকুর মহাশয় ভিষগ্বন্ধু প্রণয়ন করিয়া মুদ্রিত করণে প্রবৃত্ত হইবার অনতিপূর্ব্বেই নিদারুণ অকাল মৃত্যুর কবলে পতিত হন ; সুতরাং তৎকালে তাঁহার চিরাভিলষিত 'ভিষগ্বন্ধু' প্রচারের অভিলাষ মুকুলিত হইয়াই শুষ্ক হইয়া যায়। কিন্তু 'ভিষগ্বন্ধু' যে জগতের পরম বন্ধু হইবেক, ইহা তাঁহার দৃঢ় বিশ্বাস ছিল, এজন্য নিজের অন্তিম কাল উপস্থিত দেখিয়া তাঁহার প্রিয়তম পণ্ডিত শ্রীযুক্ত মহেশচন্দ্র ন্যায়রত্ন মহাশয়কে 'ভিষগ্বন্ধু' প্রচারের উদ্দেশ্য সংক্ষেপে নিম্নলিখিত প্রকারে লিখিয়া দেন—"আমি সর্ব্বদাই দেখিতে পাই, যাঁহারা চিকিৎসা-বিদ্যালয় হইতে সুশিক্ষিত ও কৃতকার্য্য হইয়া চিকিৎসা-কার্য্যে প্রবৃত্ত হয়েন, তাঁহারা যতই বুদ্ধিমান্ ও বিদ্বান্ হউন না কেন, তাঁহাদিগের মধ্যে অনেকেই বহুদর্শিতার অভাবে ব্যবস্থা পত্র (Prescription) প্রদান করিতে সহজে সক্ষম হয়েন না। রোগীর ব্যাভরণ ও নানাবিধ চিহ্ন দেখিলে এত ঔষধ এককালে মনে উদিত হয় যে, তাহাদের মধ্যে কোন্ ঔষধটি প্রকৃত বিষয়ে উপযুক্ত হইবে, তাহা নির্ব্বাচন করা বহুদর্শিতা ভিন্ন অন্য উপায়ে কঠিন হইয়া উঠে, এজন্যই 'শতমারী ভবেৎ বৈদ্যঃ সহস্রমারী চিকিৎসকঃ" এই প্রবাদটি দেশীয় চিকিৎসকদিগের মধ্যে প্রচলিত আছে। অভিনব চিকিৎসকদিগের ঐ কষ্ট নিবারণের উদ্দেশে 'ভিষগ্বন্ধু' নামক এই গ্রন্থ লিখিত হইয়াছে। এই গ্রন্থ যে প্রণালীতে বিরচিত হইয়াছে, তাহাতে কেবল অভিনব চিকিৎসকগণ কেন, অনেক গৃহস্থ ব্যক্তিও ইহা দেখি"

পরিবারবর্গের মধ্যে সামান্য পীড়াস্থলে চিকিৎসকের সাহায্য ব্যতিরেকে উপযুক্ত ঔষধ ব্যবস্থা করিতে সমর্থ হইতে পারিবেন। 'ভিষগ্বন্ধু' চারি খণ্ডে বিভক্ত করা হইয়াছে।

১ম, ব্যবস্থা বিভাগ। ইহাতে বহুতর উৎকৃষ্ট, বহুদর্শী চিকিৎসক দ্বারা আবিষ্কৃত, সংগৃহীত, বা অনুমোদিত নানাবিধ ব্যবস্থাবলী (Prescriptions) নিবেশিত হইয়াছে। তন্মধ্যে কোন্‌গুলি বালকের পক্ষে উপযুক্ত, কোন্‌গুলি তরুণ বা বৃদ্ধের পক্ষে উপযুক্ত, তাহা বিশেষরূপে যথাস্থানে লিখিত হইয়াছে।

২য়, মাত্রাবলী বিভাগ। এই বিভাগে কোন্ ঔষধ কি পরিমাণে ব্যবহার করা উচিত ও উপযুক্ত, তাহা প্রকাশিত আছে।

৩য়, পথ্য-প্রদান বিভাগ। ইহাতে কোন্ রোগে কিরূপ পথ্য দেওয়া বিধেয় ও উপযোগী তাহা এবং যে সকল পথ্য দ্রব্য এ দেশীয়েরা প্রস্তুত করিতে পারক নয়, তাহা কিরূপে প্রস্তুত করিতে হইবে, তাহার প্রক্রিয়া লিখিত হইয়াছে।

৪র্থ, পরীক্ষা-প্রণালী। ইহাতে কিরূপে মৃত-দেহ পরীক্ষা করিতে হয়, তাহার পদ্ধতি প্রদর্শিত হইয়াছে। ইহা প্রিন্‌সিপ্যাল্ ডিরেক্টর্ জেনের‍্যালের অনুমোদিত এবং তাঁহার আফিস্ হইতে প্রচারিত ও প্রকাশিত পরীক্ষা-প্রণালীবই স্থূল মর্ম্ম মাত্র। এই প্রণালী অনুসারে মৃত্যুর কারণবিশেষ নির্ণয়ার্থ মৃতদেহ-পরীক্ষা সহজে ও শীঘ্র হইতে পারে। আমার মনে ছিল, "আরও কিছু প্রয়োজনীয় বিষয় সন্নিবেশিত করিয়া এ পুস্তকখানির আরও কিছু কলেবর বৃদ্ধি করিব, কিন্তু বিধাতা আমার অভিলাষ পূর্ণ করিতে দিলেন না। আমার বোধ হইতেছে আমাকে শীঘ্রই

মানব-লীলা সংবরণ করিতে হইবে। অতএব, ভাই! আমার এই পুস্তকখানি লও। এই খানি প্রচার করিয়া আমার চরম অবস্থার পরিশ্রম সফল করিবার চেষ্টা করিও।'

এই বলিয়া 'ভিষগ্বন্ধুর' মুদ্রাঙ্কনের ভার ন্যায়রত্ন মহাশয়ের হস্তে অর্পণ করিয়া পুস্তকখানি প্রদান করেন। ন্যায়রত্ন মহাশয় তৎকাল-সুলভ শোক-জনিত অশ্রুপূর্ণ-নয়নে বাষ্পরুদ্ধকণ্ঠে গদ্গদ-স্বরে তৎকালোচিত দুই একটি কথা বলিয়া 'ভিষগ্বন্ধুর' আদর্শ-পুস্তক গ্রহণ করেন।

পিতৃদেবের বিয়োগের কয়েক মাস পরে ন্যায়রত্ন মহাশয় পিতৃদেবের উপরি-উক্ত অভিপ্রায় আমাদিগকে অবগত করিয়া 'ভিষগ্বন্ধুর' মুদ্রাঙ্কনের বিষয়ে সদুপদেশ প্রদান করেন; আমি তাঁহার উপদেশানুসারে 'ভিষগ্বন্ধু' প্রচারিত করিলাম। এক্ষণে 'ভিষগ্বন্ধু' কার্য্যতঃ ভিষগ্বন্ধু হইলেই ৺পিতৃদেবের চরমাবস্থার লেখনী-সঞ্চালন-কষ্ট কথঞ্চিৎ সফল হইল জ্ঞান করিয়া, আমরা অনেকাংশে শোক ও মনস্তাপ নিবারণ করিতে সমর্থ হইতে পারিব। ইতি।

তারিখ, ১লা ফাল্গুন।
১২৭৮ সাল।

শ্রীরাধাগোবিন্দ কর।
১০৭ নং, শ্যামবাজার ষ্ট্রীট।

পঞ্চম সংস্করণের ভূমিকা।

পূর্ব্ব সংস্করণের পুস্তকগুলি নিঃশেষিত হওয়ায় এই সংস্করণ প্রচারিত হইল। গ্রন্থের কলেবর অযথা বৃদ্ধি না হয় তৎপ্রতি লক্ষ্য রাখিয়া কয়েকটি প্রয়োজনীয় বিষয় ইহাতে সন্নিবেশিত করা গেল; কিন্তু অভিনব চিকিৎসকবর্গের অসুবিধা না হয় এজন্য ইহার মূল্য বৃদ্ধি করা হইল না।

১১ই এপ্রিল,
১৮৯৯।

শ্রীরাধাগোবিন্দ কর।

ভিষগ্বন্ধু।

সাধারণ আময়িক বিধান।

রোগ নির্ণয় করিয়া তন্নিরাকরণার্থ নানা উপায় অবলম্বন ও ঔষধ ব্যবহার করা যায়। এই সকল উপায় ও ঔষধ মধ্যে কোন্ রোগে কোন্টী বিশেষ উপযোগী, ইহা স্থির করাই চিকিৎসকের পক্ষে সুকঠিন। এ কারণ বিজ্ঞ চিকিৎসক মহোদয়গণের মতানুসারে ঔষধ ও উপায় সকলকে নিম্নলিখিত শ্রেণীতে বিভক্ত করা যায়:—

১। পরিপাক-যন্ত্রের বিকারের, অর্থাৎ পাকাশয়, যকৃৎ ও অন্ত্রাদির রোগের প্রতিকারের উপায় ও ঔষধ।

২। রক্তের উপাদানের উপর কার্য্যকারক, এবং উপাদানের পরিবর্ত্তন সংস্থাপন করিয়া রোগের প্রতিকারক ঔষধ ও উপায়।

৩। রক্তসঞ্চালক যন্ত্রের ক্রিয়া ও রক্তসঞ্চলনের উপর কার্য্যকারক ঔষধ।

৪। শারীর বিধানের উপর কার্য্যকর ঔষধ ও উপায়।

৫। যাহারা স্নায়ুমণ্ডলে কার্য্য করে।

৬। রোগীর সেবা শুশ্রূষার ও রোগীর অবস্থান-গৃহের ব্যবস্থা।

৭। ঔষধদ্রব্যের ক্রিয়ানুসারে শ্রেণীবিভাগ ও ব্যবস্থা।

পূর্ব্বোক্ত নিয়মানুসারে প্রত্যেক শ্রেণী ক্রমান্বয়ে সংক্ষেপে বর্ণন করা যাইতেছে।—

১। পরিপাক-যন্ত্রের বিকারের ঔষধ ও উপায়।

পথ্য।—পাকাশয়ের প্রায় সকল পীড়াতেই পথ্যদ্রব্য ও পথ্যের সময় নির্ণয় নিতান্ত আবশ্যক। প্রদাহ বা জ্বরাদি-জনিত উৎকট পীড়া মাত্রেই পাকাশয়ের ক্রিয়ার বিকার জন্মে ও ক্ষুধার হ্রাস হয়; পরিপাক-শক্তি নষ্ট হয়। এ কারণ এ অবস্থায় একবারেই উপবাস করা বিধেয়, কিংবা জল-সাগু, দুগ্ধ-সাগু, য়্যারোরুট, কমলা লেবু, কিস্‌মিস্ আদি পক্ব ফল, লেমনেড্, বার্লি প্রভৃতি যে সকল দ্রব্য পাকাশয়ে উগ্রতা সম্পাদন করে না, ও সহজে শোষিত হইয়া কার্য্য করে তৎসমুদয়ই প্রয়োজ্য।

শারীর বিধানের বিকার বশতঃ পাকাশয়ের ক্রিয়ার বৈলক্ষণ্য না জন্মিলে, অর্থাৎ পরিপাক যন্ত্রের রোগ অন্য রোগ-জনিত না হইলে, তাহাকে অজীর্ণ রোগ বলে। ইহা দুই প্রকারে বিভক্ত,—তরুণ ও পুরাতন। তরুণ অজীর্ণ রোগে পাকাশয়ের কোমল ঝিল্লিতে উগ্রতা না জন্মায় ও সহজে পরিপাক হয় এরূপ পথ্য ব্যবস্থা করিবে।—জল-সাগু, দুধ-সাগু, য়্যারোরুট্ আদি বিধেয়। কোন প্রকার গুরু আহার দিবে না। পুরাতন অজীর্ণ রোগে আহারের পরিমাণ ও সময় নির্দ্ধারিত রাখিবে। অধিক পরিমাণে তরল পদার্থ পান নিষিদ্ধ। যকৃৎ, অন্ত্র ও পরিপাক সম্বন্ধীয় অন্যান্য যন্ত্রের উপর লক্ষ্য রাখিয়া, বিশেষ বিবেচনা পূর্ব্বক লঘু পথ্য বিধান করিবে। পাকাশয় পরিপূর্ণ করিয়া আহার করিবে

না ও আহার-দ্রব্য গলাধঃকরণের পূর্ব্বে উত্তমরূপে চর্ব্বণ করিবে। পাকাশয়ের ক্রিয়ার বিকার থাকিলে উগ্র ও গুরু আহার অবিধেয়; কিন্তু মাংসের যূষ্ আদি পুষ্টিকর পথ্য প্রয়োজনীয়। যদি পাকাশয় এরূপ উগ্র হইয়া উঠে যে, উদরে কিছুই স্থায়ী হয় না, তবে গুহ্যমধ্যে পিচ্‌কারী দ্বারা বা চর্ম্মোপরি ঘর্ষণ দ্বারা পুষ্টিকর পথ্য প্রয়োগ করিবে।

পথ্য ব্যবস্থা কালে রোগীর বয়ঃক্রমের প্রতি বিশেষ লক্ষ্য রাখিবে। শিশুদিগের পাকাশয়ের রোগে কোন প্রকার গুরু আহার ব্যবস্থা করিবে না। গুরু আহার দ্বারা বাল্যাবস্থায় কখন কখন বিষম উৎপাত উপস্থিত হয়; আহারের ব্যতিক্রম হইলে স্বল্পবিরাম জ্বর দ্বারা আক্রান্ত হয়, স্ক্রফিউলা-ভাব বৃদ্ধি পায় ও পরিণামে হাইড্রোসেফেলাস্ বা মেসেণ্টেরিক্ রোগে পরিণত হয়। বালকদিগের এ সকল অবস্থায় তরল লঘু আহার ব্যবস্থা করিবে, ও উৎকট অবস্থায় মাতৃ-দুগ্ধের পরিবর্ত্তে অল্প পরিমাণে গাভীর বা গর্দ্দভীর দুগ্ধ প্রয়োগ করিবে। মধ্যে মধ্যে মৃদু বিরেচক প্রয়োগ করিলে বিশেষ উপকার দর্শে।

যে সকল দ্রব্যে শর্করার অংশ আছে বা যাহা শর্করায় পরিণত হয় তৎসমুদয় মধুমূত্র রোগে নিষিদ্ধ। কিন্তু ইহাও দেখা গিয়াছে যে, এ রোগগ্রস্ত ব্যক্তির শর্করা ব্যবহার করিয়াও কোন বিশেষ অপকার হয় নাই। অক্‌জ্যালিক্ ডায়েথেসিস্ রোগে শর্করা নিষিদ্ধ। যকৃতের পীড়ায় শর্করাসংযুক্ত পথ্য অনুপযোগী।

পাকাশয়ের রোগ ভিন্ন শরীরের অবস্থা পরিবর্ত্তন উদ্দেশ্য হইলে পথ্যের প্রতি দৃষ্টি রাখা কর্ত্তব্য। কুস্তিগিরেরা আহারের প্রতি বিশেষ মনোযোগ রাখিয়া "শরীর তৈয়ার" করে। পথ্যের

প্রতি লক্ষ্য রাখা দেহের বল বৃদ্ধি বা হ্রাস করণের প্রধান উপায়। বলবর্দ্ধন আবশ্যক হইলে পুষ্টিকর আহার বিধান করিবে, এবং প্রদাহ, জ্বর আদিতে পুষ্টিকর আহার কমাইবে ও প্রয়োজনানুসারে একবারে রহিত করিবে; পিপাসার প্রাখর্য্য অনুরূপ পানীয় দিবে। অনেক সময়ে রোগীকে কেবল ঔদ্ভিজ্জ পথ্যে রাখিবে; কারণ ইহা রক্ত-সঞ্চলনের উপর অতি অল্প ক্রিয়া প্রকাশ করে।

উৎকট রোগান্ত-দৌর্ব্বল্যে সাগু আদি ঔদ্ভিজ্জ পথ্যের পর মৎস্যের ঝোল, পরে মাংসের যূষ্ ও তৎপর ক্রমশঃ অন্যান্য পুষ্টিকর আহার বিধেয়। ফলতঃ দুর্ব্বল ব্যক্তিদিগের নাড়ী ও পরিপাক-শক্তি বিচার করিয়া পথ্যের ব্যবস্থার প্রতি বিশেষ মনোযোগ রাখিবে।

জান্তব আহার রক্ত-সঞ্চলন উত্তেজিত করে, কিন্তু উদ্ভিজ্জ দ্বারা রক্ত-সঞ্চলনের উপর কোন ক্রিয়া প্রকাশ পায় না; উষ্ণ পানীয় দ্বারা উত্তেজন ও শীতল পানীয় দ্বারা অবসাদন জন্মে; প্রাতঃ-কালেই আহারের ক্রিয়া রক্ত-সঞ্চলনের উপর বিশেষরূপে প্রকাশ পায়। সমস্ত শরীরের উগ্রতা থাকিলে উপর্য্যুক্ত নিয়ম বিবেচনা করিয়া পথ্যের ব্যবস্থা করিবে।

শারীরিক উগ্রতা বা প্রদাহ সত্ত্বেও অনেক সময়ে পুষ্টিকর ও উত্তেজনকর পথ্য বিধান করা যায়। আরোগ্যোন্মুখ বিস্তীর্ণ ক্ষত থাকিলে বা অধিক পূয নিঃসরণ হেতু জীবনী-শক্তি অবসন্ন হইলে, অর্থাৎ ঐ সকল অবস্থায় দৌর্ব্বল্য জন্মিলে, পুষ্টিকর পথ্য প্রয়োজনীয়। সুরা, বিয়ার্, পোর্টার প্রভৃতি উত্তেজক পানীয় ও গুরু আহার প্রয়োগ করিবে, কিন্তু উত্তেজক ব্যবস্থা করিবার

পূর্ব্বে, রোগী ইতিপূর্ব্বে কি কি দ্রব্য পথ্য বা পানীয়রূপে ব্যবহার করিত তাহা জানা আবশ্যক।

রোগ আরোগ্যের পথ্যই অনেক সময়ে প্রধান উপায়। পাকাশয়ের শ্লৈষ্মিক ঝিল্লির রোগ কেবল পথ্যের দ্বারাই প্রায় আরোগ্য হয়। কিন্তু পুরাতন অজীর্ণ রোগে ঔষধেরও আবশ্যক।

লবণাদি অনেকানেক দ্রব্য ক্ষুধা বৃদ্ধি করে ও পাকাশয়ের ক্রিয়া উন্নত করে। লবণ জীবনধারণের পক্ষে নিতান্ত প্রয়োজনীয়; দেখা গিয়াছে যে, লবণ বা লাবণিক আহার রহিত করিয়া পুষ্টিকর আহার সত্ত্বেও শীঘ্র জীবন নষ্ট হইয়াছে।

মরিচ, রশুন, লবণ, সর্ষপ প্রভৃতি অনেক দ্রব্য পাকাশয়ের শ্লৈষ্মিক ঝিল্লিকে উত্তেজিত করে; পাক-রস নিঃসরণ বৃদ্ধি করে ও পেশীয় আবরণ কুঞ্চিত করে। অল্প পরিমাণে সেবন করিলে, ক্ষুধা ও পরিপাক-শক্তি বৃদ্ধি হয়; অধিক পরিমাণে সেবন করিলে; পাকাশয়ের কৈশিক শিরা সকল রক্তাধিক্য ও দৌর্ব্বল্য উৎপাদন করে এবং মাত্রা আরও বৃদ্ধি করিলে বমনকারক হয়। অত্যন্ত অধিক পরিমাণে আমাদের নিত্য-খাদ্য লবণও প্রাদাহিক বিষক্রিয়া করে।

বমনকরণার্থ যে সকল ঔষধ প্রয়োগ করা যায়, তন্মধ্যে ইপেকাকুয়ানা, টার্টার্ এমিটিক্ ও সালফেট্ অব্ জিঙ্ক্ সর্ব্বশ্রেষ্ঠ; তদভাবে সর্ষপ বা লবণ প্রয়োগও মন্দ নহে। ঔষধের ক্রিয়া বর্দ্ধনার্থ উষ্ণ জল পান করাইবে ও অঙ্গুলি বা পালক দ্বারা গলমধ্যে সুড়সুড়ি দিবে। সাধারণতঃ বমনকারক ঔষধ পাকাশয় শূন্যকরণাভিপ্রায়ে ব্যবহৃত হয়। বমনকরণ মাত্র উদ্দেশ্য হইলে, যে সকল ঔষধের ক্রিয়া অপর যন্ত্রে প্রকাশ পায় না কিংবা সামান্য মাত্র

প্রকাশ পায়, তৎসমুদয়ই প্রয়োজ্য। জ্বরের প্রারম্ভে উদর পরিষ্কার করণার্থ কখন কখন বমনকারক ঔষধের প্রয়োজন হয়। যক্ষ্মা ও ব্রঙ্কাইটিস্ রোগে বমনকারক ঔষধ দ্বারা বিলক্ষণ উপকার দর্শে।

বারংবার প্রয়োগ করিলে ঔষধের ক্রিয়া নষ্ট হয়, এ কারণ বমনকারক ঔষধ সেবন করিতে করিতে ক্রমশঃ উহার বমনকারক গুণ থাকে না; সুতরাং কখন কখন পাকাশয়ে কাহার কাহার কোন ক্রিয়াই দেখা যায় না। কিন্তু কোন কোন ঔষধের বমনকরণক্ষমতা নষ্ট হইয়া পরিপাক-শক্তি বৃদ্ধি পায়। তামাক ব্যবহার করিতে আরম্ভ করিলে অসুখ ও বমনাদি হয়, কিন্তু অভ্যস্ত হইলে আর বমন হয় না; বরঞ্চ প্রথমতঃ পরিপাক বৃদ্ধি পায়। কিন্তু অত্যন্ত অধিক ব্যবহার করিলে ইহার গুণ একবারেই নষ্ট হয়।

পাকাশয়-শূল রোগে বিস্মাথ, বিস্মাথ্ সাব্নাইট্রেট্, জিঙ্ক্, জিঙ্ক্ সাল্ফেট্, মেক্সাইড্ বা নাইট্রেট্ অব্ সিল্ভার্ দ্বারা বহুল উপকার দর্শে। এ রোগে হাইড্রোসিয়্যানিক্ য়্যাসিডের দ্রব উৎকৃষ্ট ফল প্রদান করে।

যকৃৎ-বিকারে পারদঘটিত ঔষধ, নাইট্রোমিউরিয়্যাটিক্ য়্যাসিড্ ও ট্যারাক্সেকাম্ প্রয়োজ্য। এই রোগে নাইট্রোমিউরিয়্যাটিক্ য়্যাসিড্ দিয়া স্নানীয় জল প্রস্তুত করিতে হয়।

অন্ত্রের ক্রিয়ার বৈষম্য বশতঃ যে যে রোগ জন্মে তন্মধ্যে অতিসার, রক্তস্রাব ও কোষ্ঠবদ্ধই প্রধান।

অতিসার রোগ অবস্থাভেদে দুই প্রকার;—তরুণ ও পুরাতন। তরুণ অতিসারে তরুণ অজীর্ণ রোগের ন্যায় লঘু আহার বিধান

করিবে। পুরাতন অতিসার রোগে অন্ত্রের শ্লৈষ্মিক ঝিল্লিতে রক্তাধিক্য হয়, অতএব এই রক্তাধিক্য নিবারণ করিয়া এ রোগের চিকিৎসা করিবে। এতদুদ্দেশ্যে পারদ-ঘটিত ঔষধ প্রয়োজ্য। কিন্তু শ্লৈষ্মিক ঝিল্লি নিতান্ত শিথিল হইলে পারদ দ্বারা কোন উপকার দর্শে না; তখন খটিকা-মিশ্র, খদির, কাইনো, ট্যানিন্ প্রভৃতি দ্বারা রোগের উপশম করিতে চেষ্টা পাইবে; নিষ্ফল হইলে অহিফেন সহযোগে তুঁতিয়া আদি উগ্রতর ধাতব সঙ্কোচক বিধান করিবে।

কষ্টজনক আমাশয় রোগে বারংবার কেবল আম ও রক্ত নির্গত হয়, এমত অবস্থায় পূর্ণ মাত্রায় এরণ্ড তৈল, লডেনাম্ সহযোগে প্রয়োগ করিলে অতি উত্তম ফল দর্শায়। যদি রোগ পুরাতন হয়, অল্প মাত্রায় পারদ প্রয়োজ্য। প্রদাহ থাকিলে অম্লগ্র ঔষধ ও লঘু আহার বিধেয়। উদরাময় রোগে ইপেকাকুয়ানা ও অহিফেন অতি শ্রেষ্ঠ ঔষধ।

অন্ত্র হইতে রক্তস্রাবে লঘু পথ্য ও পিত্তনিঃসরণ বৃদ্ধি করণার্থ পারদ ব্যবস্থা করিবে।

রক্তাতিসার ভিন্ন অর্শ হইতে ও ধমনীর মুখ ছিন্ন হইয়াও রক্তস্রাব হয়। অর্শরোগে অন্ত্র পরিস্কৃত রাখিবে, যকৃতের ক্রিয়া বৃদ্ধি করিবে ও স্থানিক রক্তমোক্ষণ এবং উষ্ণ বা শীতল জল স্থানিক প্রয়োগ করিবে। ধমনী হইতে রক্তস্রাবে ধমনীমুখে নাইট্রিক য়্যাসিড্ বা টিংচার্ ফেরি মিউরিয়েটিস্ প্রয়োগ করিলে উপকার হয়।

কোষ্ঠবদ্ধ রোগ বিবিধ কারণ বশতঃ উৎপন্ন হয়। এ কারণ ইহার চিকিৎসার্থ নানা প্রকার ঔষধ প্রয়োগ আবশ্যক। যে

সকল বস্তু পাকাশয়ে পরিপাক হয় না, যথা—ফল মূলের খোষা, ছোলা ইত্যাদি, তাহারা অন্ত্রের ক্রিয়া উত্তেজিত করে। সর্ব্বদা এই সকল দ্রব্য বাছিয়া খাওয়া উচিত নহে, যে হেতু অনেক সময়ে ঐ কারণে কোষ্ঠবদ্ধ উপস্থিত হয়; এরূপ কোষ্ঠবদ্ধ ফল, মূল, শাকাদি ভোজন করিলে নিবারিত হয়। অলস ব্যক্তির কোষ্ঠবদ্ধ শারীরিক শ্রম ও ব্যায়াম দ্বারা উপশমিত হয়। কোষ্ঠবদ্ধে বিবিধ বিরেচক মধ্যে কোন্‌টি প্রয়োজ্য বিবেচনা করা আবশ্যক। যদি কেবল অন্ত্র পরিষ্কার করণ প্রয়োজন হয়, তবে কম্পাউণ্ড রুবার্ব্, কলোসিন্থ্ বটিকা, কিংবা রেউচিনি বা ইপেকাকুয়ানা সহযোগে মুসব্বর বিধেয়। যদি অন্ত্রের স্রাবণ বৃদ্ধি আবশ্যক হয়, মৃদু বিরেচক ব্যবস্থেয়। প্রদাহ নিবারণার্থ লাবণিক বিরেচক বিধেয়। মল নির্গত করিবার জন্য বিরেচক ও উদরীর রস দূরীকরণার্থ অতিবিরেচক ঔষধ প্রয়োগ করিবে। যকৃতের রস অধিক পরিমাণে নিঃস্রবণ করা আবশ্যক হইলে পারদঘটিত বিরেচক অপর বিরেচক সহযোগে প্রয়োগ করা যায়।

বিরেচক বারংবার প্রয়োগ করিতে করিতে অন্ত্রে উগ্রতা উপস্থিত হইলে বিরেচক রহিত করিয়া অতিসারের চিকিৎসার ন্যায় পথ্যের ব্যবস্থা করিতে হয়।

পাকাশয় বা অন্ত্রমধ্যে উগ্রতা থাকিলে গুহ্যমধ্যে পিচকারী ব্যবস্থা করিবে। পিচকারীর নিমিত্ত উষ্ণ জল ও অন্যান্য বিরেচক ব্যবহৃত হয়। ক্রোটন্ অয়িল্, এরণ্ড তৈলের সহিত উদরে মর্দ্দন করিলে বিরেচন হয়। কোষ্ঠবদ্ধে উদরে শীতল জলের ছাট দিলে উপকার দর্শে।

জ্বরাদি রোগে উদর স্ফীত হইলে টার্পিন্ তৈলের পিচকারী

উপযোগী। লবণ, কেমিয়াসিয়া প্রভৃতির পিচকারী সূত্রবৎ কৃমি-রোগে উপকারক।

২৭ রক্তের উপাদানের উপর কার্য্যকারক।

কি আহারীর দ্রব্য, কি ঔষধদ্রব্য, সকলই শোষিত হইয়া রক্তের সহিত মিশ্রিত হয়। যে সকল দ্রব্য রক্তের উপাদান, সেই সকল দ্রব্য শরীরের অভাব অনুসারে সেবন করিলে দেহ পোষিত হয়। অধিক পরিমাণে ব্যবহার করিলে রক্তের উপাদান পরিবর্ত্তিত হয়, এবং ক্রমে স্রাবণযন্ত্র দ্বারা শরীর হইতে নির্গত হইয়া যায়।

দৈহিক বিকারে দুই উদ্দেশ্যে পথ্য বা ঔষধ প্রয়োগ করা হয়;—১, রক্তের উপাদানের অভাব মোচন; ২, রক্ত হইতে দূষিত ও পরিত্যাজ্য পদার্থ নির্গত বা নষ্ট করণ। প্রথম উদ্দেশ্যে, জল, পুষ্টিকর আহার ব্যবহৃত হয়। দুর্ব্বল ব্যক্তিকে চিকিৎসার্থ পুষ্টিকর পথ্য, বাতগ্রস্ত ব্যক্তিকে অল্প আহার, যক্ষ্মাগ্রস্ত ব্যক্তিকে বসা বা তৈল সংযুক্ত পথ্য, মধুমূত্রগ্রস্ত ব্যক্তিকে শর্করাবিহীন দ্রব্য ব্যবহার করিতে দেওয়া যায়। অপর, রক্তের উপাদানের অভাব দূরীকরণার্থ, এনীমিয়া ও অন্যান্য দৈহিক রোগে লৌহঘটিত ঔষধ ব্যবহৃত হয়। এবং উপাদানের অভাব মোচন, কিংবা প্রস্রাবে অম্লাধিক্য বা ক্ষারাধিক্য থাকিলে ক্ষার বা অম্ল প্রয়োগ করা যায়। ঔদ্ভিদ বলকারক ঔষধ সকলও এ উদ্দেশ্যে ব্যবহৃত হয়।

দ্বিতীয় উদ্দেশ্যে, অর্থাৎ শরীর হইতে বিষ নষ্ট ও নির্গত করণার্থ ঔপদংশিক রোগে পারদঘটিত ঔষধ ও আইয়োডাইড্ অব্ পোটাসিয়াম্ প্রয়োগ করা যায়। পারদঘটিত ঔষধ ও স্থায়ী ক্ষার রক্তের ফাইব্রিন্ দ্রবণীয় করিয়া প্রদাহ দমন করে।

৩। রক্তসঞ্চালন-যন্ত্রের উপর কার্য্যকারক।

সুস্থাবস্থায়, পীড়িতাবস্থায় বা কোন ঔষধের ক্রিয়া সম্পন্ন হইতেছে এমত অবস্থায় নাড়ী-স্পন্দনকে সাধারণতঃ চারি প্রকারে বিভক্ত করা যায়।—

১। নাড়ীর বেগ, পুষ্টি ও বল বৃদ্ধি। ২, নাড়ীর বেগবৃদ্ধি কিন্তু বল ও পুষ্টির হ্রাস। ৩, নাড়ীর গতির হ্রাস কিন্তু বল ও পুষ্টির বৃদ্ধি। ৪, নাড়ীর বল, বেগ ও পুষ্টির হ্রাস।

সুস্থাবস্থায় শ্রম, মদ্য ও অন্যান্য উত্তেজক দ্বারা নাড়ীর পূর্ব্বোক্ত প্রথম প্রকার অবস্থা উৎপন্ন হয়। মানসিক বৈকল্য, ভয় ইত্যাদি দ্বারা দ্বিতীয় প্রকার অবস্থা উৎপন্ন হয়। তৃতীয় অবস্থা, ক্ষীণতা ও নিদ্রা দ্বারা জন্মায়। জনাকীর্ণ নগরবাসীর ও অলস ব্যক্তির নাড়ীর চতুর্থ প্রকার অবস্থা উপলক্ষিত হয়।

পীড়িতাবস্থায় প্রদাহে ও প্রাদাহিক জ্বরে নাড়ীর প্রথম প্রকার অবস্থা জন্মে। দৌর্ব্বল্য ও অজীর্ণ সংযুক্ত রোগে নাড়ীর ভাব দ্বিতীয় প্রকার হয়; মৃগী মূর্চ্ছা আদি রোগে তৃতীয় প্রকার অবস্থা জন্মে; এবং যাহারা জ্বর, ডিফ্‌থিরিয়া, যক্ষ্মা আদি রোগ হইতে আরোগ্য লাভ করিতেছে তাহাদের নাড়ীর অবস্থা চতুর্থ প্রকার হয়।

নানা প্রকার ঔষধ দ্বারা নাড়ীর স্পন্দনও পরিবর্ত্তিত হইয়া থাকে। সুরা, য়্যামোনিয়া, ঈথার্ ও অন্যান্য অস্থায়ী উত্তেজক দ্বারা নাড়ী বেগবতী, পুষ্ট ও বলবতী; টার্টার্ এমিটিক্, তামাক, লোবিলিয়া ও য়্যাকোনাইট্ দ্বারা নাড়ী বেগবতী, ক্ষুদ্র ও ক্ষীণ; এবং অহিফেন, ডিজিটেলিস্, ষ্ট্র্যামোনিয়াম্ প্রভৃতি দ্বারা নাড়ীর স্পন্দনের পুষ্টি ও গতির হ্রাস হয়।

যে সকল ঔষধ হৃৎপিণ্ডের আকুঞ্চনের বেগ ও বল বৃদ্ধি করে, তাহাদিগকে উত্তেজক বলা যায়; যাহারা আকুঞ্চনের বেগ বৃদ্ধি করে কিন্তু বল হ্রাস করে, তাহাদিগকে ক্ষীণকারক বলে। যাহাদের দ্বারা বেগের হ্রাস হয় কিন্তু বল বৃদ্ধি হয়, তাহারা মাদক শ্রেণীভুক্ত; এবং যাহাদের দ্বারা বেগ ও বল উভয়েরই হ্রাস হয়, তাহাদিগকে অবসাদক বলে।

উত্তেজক ঔষধ সকলের ক্রিয়া স্নায়ুমণ্ডলে নীত হয়, পরে প্রত্যাবর্ত্তিত হইয়া হৃৎপিণ্ড ও সঞ্চালক যন্ত্রে কার্য্যকরী হয়। উত্তাপ আদি স্থানিক রক্তসংগ্রহ করিয়া উত্তেজন করে বটে, কিন্তু ইহার ক্রিয়া অনেকাংশে স্নায়ুবিধানের উত্তেজনার উপর নির্ভর করে।

উত্তেজক ঔষধ দ্বারা অনেক প্রকার কার্য্য সাধিত হয়। কোন যন্ত্রে রক্তের পরিমাণ বৃদ্ধি পাইলে সুস্থ শরীরে স্থানিক উত্তেজনা উপস্থিত হয়। ফুস্‌ফুসে রক্তসঞ্চলন অধিক ও বেগবান্ হইলে শ্বাসপ্রশ্বাস দ্রুত হয় ও রক্ত হইতে কার্বন্ সম্পূর্ণ নির্গত হইয়া যায়। উত্তেজক দ্বারা ইন্দ্রিয় সকল তীক্ষ্ণ, কল্পনাশক্তি বলবতী হয়, অধ্যবসায় ও শ্রমপটুতা বৃদ্ধি পায়, মনোবৃত্তি উত্তেজিত ও মন প্রফুল্ল হয়, কৈশিক শিরা সকলে সঞ্চলন বৃদ্ধি হয়, এবং শরীরের গ্রন্থি সকলের স্রাবণক্রিয়া বৃদ্ধি পায়; অনৈচ্ছিক পেশী সকলও উত্তেজিত হয়। কিন্তু অধিক পরিমাণে উত্তেজক ঔষধ সকল মাদক হয় ও রক্তসঞ্চলনের বল হ্রাস করে। সুরা আদি সেবন দ্বারা এই ক্রিয়া বিশেষরূপ লক্ষিত হয়। উত্তেজনাধিক্য হইলে স্নায়ুশক্তির হ্রাস হয় ও দৌর্ব্বল্যান্তিশয্যে বা কোমায় পরিণত হইয়া থাকে।

কোন্ কোন্ অবস্থায় উত্তেজক প্রয়োজ্য তাহা নিম্নে বিবৃত হইতেছে ;—

১। অকস্মাৎ রক্তহীনতা, অত্যন্ত অধিক পরিশ্রম, অতিশয় মানসিক আবেগ, উষ্ণ ও দূষিত বায়ুসেবন, হৃৎপিণ্ডের যান্ত্রিক রোগ বশতঃ ক্রিয়ার লোপ, বা প্রুসিক্ এসিড্, ক্লোরোফর্ম্ প্রভৃতি দ্বারা বিষাক্ত হওন আদিতে মূর্চ্ছাবস্থা প্রাপ্ত হইলে জলের ছিঁটা ও অস্থায়ী উত্তেজক ব্যবহার করিবে।

২। রক্তহীনতা, অধিক রসাদি নিঃসরণ, অধিক কাল উপবাস, পুষ্টিহীন আহার, কিংবা শারীরিক বা মানসিক পরিশ্রম বশতঃ জীবনী-শক্তি অবসন্ন হয় ; এমত হইলে মুখমণ্ডল, জিহ্বা, মাঢ়ি ও চর্ম্ম মলিন হয় ; নাড়ী ক্ষুদ্র, দ্রুত ও বেগবতী, কিংবা দ্রুত, ক্ষুদ্র ও অসম ; শ্বাস প্রশ্বাস দ্রুত ও দীর্ঘশ্বাসযুক্ত ; স্নায়বীয় উগ্রতা ও কথন কথন প্রলাপাদি লক্ষণ প্রকাশ পায়। এ অবস্থায় সুরা, ব্র্যাণ্ডি, পোর্ট্ প্রভৃতি উত্তেজক ও পুষ্টিকর আহার ব্যবস্থা করিবে।

৩। টাইফাস্ ও টাইফয়িড্ জ্বরে প্রয়োজন অনুসারে উত্তেজক ঔষধ ব্যবহার করিবে ; এবং হাম, বসন্ত, ইরিসিপেলাস্, স্কার্লেটিনা, শিশুদিগের স্বল্পবিরাম জ্বর, পিউয়ার্পিরাল্ জ্বর, ফুস্ফুস্-প্রদাহ, বৃহৎ অস্ত্রচিকিৎসার পর জ্বর প্রভৃতি যদি টাইফয়িড্-লক্ষণাক্রান্ত হইয়া জীবনী-শক্তিকে অকস্মাৎ ক্ষীণ করিয়া ফেলে তাহা হইলেও উত্তেজক প্রয়োজ্য। টাইফয়িড্ অবস্থায় রোগীর পৃষ্ঠবংশ বক্র হয়, রোগী কোঁঙা হয়, শয্যা-বস্ত্র আঁচড়াইতে থাকে, মৃদু প্রলাপ উপস্থিত হয় ; রোগী অজ্ঞাতে মলমূত্র ত্যাগ করে। এ অবস্থা প্রাপ্ত হইবার পূর্ব্বেও

ক্ষীণতার কোন লক্ষণ প্রকাশ পাইলে উত্তেজক বিধেয়। কিন্তু উত্তেজক প্রয়োগ করিতে গেলে নাড়ী-স্পন্দনের প্রতি বিশেষ লক্ষ্য রাখিবে। গাত্র উষ্ণ ও শুষ্ক, জিহ্বা শুষ্ক ও শূকাবৃতবৎ; শ্বাসপ্রশ্বাস দ্রুত; নাড়ীর স্পন্দন দ্রুত, তীক্ষ্ণ ও পুষ্ট; মুখমণ্ডল মলিন; চক্ষুর শিরা সকল রক্তে পরিপূর্ণ; রোগী অস্থির ও প্রলাপযুক্ত; এই সকল লক্ষণ প্রকাশ পাইলে বিশেষ বিবেচনার সহিত উত্তেজক প্রয়োগ করিবে। উত্তেজক প্রয়োগের পূর্ব্বে নাড়ী-স্পন্দন গণনা করিবে এবং প্রয়োগের পরও পুনরায় গণিবে; যদি নাড়ী আরও বেগবতী, কঠিন ও তীব্র হয় উত্তেজক অবিধেয়; কিন্তু যদি নাড়ীর দ্রুতত্ব, তীব্রতা ও কাঠিন্য হ্রাস হইয়া উহা কোমল ও মৃদু হয়, তাহা হইলে উত্তেজক প্রয়োগ যুক্তিযুক্ত হইয়াছে, ও পুনঃ প্রয়োগও যুক্তিসঙ্গত। যদি কয়েক ঘণ্টা পর্য্যন্ত উত্তেজক প্রয়োগের পর নাড়ীর দ্রুতত্বের হ্রাস হয়, এবং নাড়ী কোমল ও মৃদু হয়, এবং জিহ্বা আর্দ্র, চর্ম্ম শীতল ও ঘর্ম্মাভিষিক্ত, শ্বাস প্রশ্বাস গভীর ও মৃদু হয়, মুখমণ্ডলের মালিন্যের লাঘব হয়, চক্ষু পরিষ্কার এবং অস্থিরতা ও প্রলাপের শমতা হয়, তাহা হইলেও উত্তেজক প্রয়োগ করিতে ক্ষান্ত হইবে না। ডাং ষ্টোক্স্ হৃৎপিণ্ড পরীক্ষা করিয়া উত্তেজক-প্রয়োগ-বিচার করিতে অনুমতি দেন। শরীরের পেশীয় বিধান ক্ষীণ হইলে হৃৎপিণ্ডও ক্ষীণ হয়, হৃৎস্পন্দন ক্ষীণ হইয়া পড়ে, এবং প্রথমাভিঘাতিক শব্দ অশ্রাব্য হয়। উত্তেজক প্রয়োগের পর হৃৎপিণ্ডাভিঘাত শ্রবণগোচর হইলে এবং হৃৎস্পন্দন-বেগ বৃদ্ধি পাইলে, উত্তেজক দ্বারা উপকার হইয়াছে, স্বীকার করিতে হইবে। অতএব যে স্থলে নাড়ীর স্পন্দন দ্বারা উত্তেজক প্রয়োগ বিষয়ে স্থির করা যায় না, হৃৎপিণ্ড-পরীক্ষা দ্বারা ইহার প্রয়োগ-বিচার করিতে হইবে।

৪। অবিরাম জ্বরের বর্দ্ধিতাবস্থায় এবং টাইফয়িড্-লক্ষণাক্রান্ত অন্যান্য রোগে যে ক্ষীণতা ও দৌর্ব্বল্য উপস্থিত হয়, কখন কখন রোগের প্রথমাবস্থাতেই সেইরূপ ক্ষীণতা ও দৌর্ব্বল্য লক্ষিত হইয়া থাকে। অনেকানেক সংক্রামক ও স্পর্শাক্রামক পীড়ার বিষ শরীরে প্রবিষ্ট হইলে পতনাবস্থা (কোল্যাপ্স্) ক্রিয়া প্রকাশ করে। রোগী অত্যন্ত দুর্ব্বল হয়, অল্প পরিশ্রমে মূর্চ্ছাপন্ন, মুখ-মণ্ডল মলিন, গাত্র শীতল, নাড়ী দ্রুত পুষ্ট বেগবতী ও সাতিশয় চাপনশীল হয়, এবং শ্বাসপ্রশ্বাস দ্রুত হয়; এ অবস্থায় উত্তেজক প্রয়োগ বিশেষ বিবেচনাধীন। যদি উত্তেজক প্রয়োগ করিলে নাড়ীর গতির হ্রাস হয়, শ্বাস প্রশ্বাসের দ্রুতত্ব লাঘব হয়, তবে ক্ষীণতার পরবর্ত্তী পুনঃক্রিয়ার প্রতি বিশেষ দৃষ্টি রাখিয়া উত্তেজক প্রয়োগ করিবে।

বলকারক ঔষধ।—দৌর্ব্বল্যে ও রোগান্ত-দৌর্ব্বল্যে শরীরের সামর্থ্য ও বল বৃদ্ধি, এবং শারীর বিধানকে উন্নত করণার্থ ইহারা প্রয়োজিত হয়। শরীর অত্যন্ত ক্ষীণ হইলে উত্তেজক ঔষধ বলকারকের কার্য্য করে। উত্তেজক অল্প মাত্রায় প্রয়োগ করিলে শরীরে বল বিধান করে ও বলকারকের গুণ প্রকাশ করে। বলকারক ঔষধ শারীর বিধানে কিছুমাত্র উত্তেজনা প্রকাশ করে না; এবং ইহারা ক্রমশঃ শরীরকে উন্নত করে। বলকারক মধ্যে লৌহঘটিত ঔষধ রক্তের উপাদানের অভাব পূর্ণ করে।

ক্ষীণকারক ঔষধ।—ইহাদের ক্রিয়া উত্তেজক ঔষধের ক্রিয়ার বিপরীত। ইহাদের দ্বারা নাড়ী, দ্রুত, ক্ষুদ্র ও ক্ষীণ হয়। রক্ত-সঞ্চালনের এই পরিবর্ত্তনের সঙ্গে সঙ্গে শরীরের সাতিশয় দৌর্ব্বল্য, বমনোদ্বেগ, শীতল ঘর্ম্ম, ও মূর্চ্ছাগমের অন্যান্য লক্ষণ উপস্থিত হয়।

ক্ষীণকারকের মধ্যে রক্তমোক্ষণ, রসাঞ্জন-ঘটিত ঔষধ, তাম্রকূট, য়্যাকোনাইট্, লোবিলিয়া, ইপেকাকুয়ানা ও স্কুইল্ শ্রেষ্ঠ।

শরীর হইতে অধিক পরিমাণে কিংবা সত্বর অপেক্ষাকৃত অল্প পরিমাণে রক্ত নির্গত করিলে মূর্চ্ছাবস্থা উৎপন্ন হয়; এ অবস্থায় হৃৎপিণ্ড হইতে পূর্ব্বাপেক্ষা অল্প পরিমাণে ও কম বেগে রক্ত বিনির্গত হয়। অতএব হৃৎপিণ্ডের ক্রিয়া-বৃদ্ধি বশতঃ যে প্রদাহ জন্মে রক্তমোক্ষণ দ্বারা তাহার উপশম হয়।

তরুণ প্রদাহের চিকিৎসায় রক্তমোক্ষণের পরই টার্টার্ এমিটিক্ ফলপ্রদ। টার্টার্ এমিটিক্ দ্বারা রক্তমোক্ষণের সকল কার্য্যই সম্পাদিত হয়। তাম্রকূট ও লোবিলিয়া ইন্‌ফ্লেটা টার্টার্ এমিটি-কের ন্যায় ক্ষীণকারক; কিন্তু টার্টার্ এমিটিক্ হইতে ইহাদের প্রভেদ এই যে, ইহাদের মাদকতা গুণ আছে, টার্টার্ এমিটিকের তাহা নাই।

উত্তেজক প্রয়োগ করিলে নাড়ীর দ্রুতত্ব ও স্পন্দন-বেগ বৃদ্ধি হয়, এই নিয়মের যেরূপ কখন কখন ব্যতিক্রম ঘটে, সেইরূপ ক্ষীণকারক ঔষধ দ্বারা নাড়ীর দ্রুতত্ব-বৃদ্ধি ও বেগ-হ্রাস এই নিয়মেরও ব্যতিক্রম ঘটিয়া থাকে। রক্তমোক্ষণ ক্ষীণকারক ঔষধশ্রেণীভুক্ত; কিন্তু যে সকল প্লেথরাগ্রস্ত ব্যক্তির রক্তাধিক্য বশতঃ সঞ্চলনের ব্যাঘাত হয়, তাহাদিগকে, এবং ফুস্‌ফুস্‌প্রদাহে যখন শ্বাসপ্রশ্বাসের ক্রিয়ার ব্যাঘাত বশতঃ রক্তসঞ্চলনের ব্যাঘাত জন্মে এবং শারীর-বিধানেরও বিকার জন্মে এরূপ অবস্থায়, ক্ষীণ-কারক ঔষধ প্রয়োগ করিলে নাড়ী বলবতী ও পুষ্ট হয়, এবং উহার দ্রুতত্ব বৃদ্ধি পায়। অপর, সাতিশয় প্রাদাহিক জ্বর সহ-যোগে উগ্র প্রদাহ থাকিলে রক্তমোক্ষণ ও টার্টার্ এমিটিক্ দ্বারা

নাড়ীর বল ও দ্রুতত্ব উভয়েরই হ্রাস হয়। প্রকৃত পক্ষে সকল অবস্থাতেই এই সকল ঔষধের ক্রিয়া-প্রকাশ প্রণালী সমান, কেবল ঔষধ প্রয়োগের অবস্থা-ভেদে বিভিন্ন ক্রিয়া প্রকাশ পায়।

অবসাদক।—উত্তেজক ও ক্ষীণকারক হইতে ইহাদের প্রভেদ এই যে, ইহাদের দ্বারা নাড়ীর দ্রুতত্ব বৃদ্ধি হওনের পরিবর্ত্তে দ্রুতত্বের হ্রাস হয়। অবসাদক ঔষধ কখন কখন নিদ্রা সম্পাদন করে, ও কখন কখন নিদ্রাহারক হয়। বিশুদ্ধ মাদক হইতে ইহাদের প্রভেদ এই যে, অধিক মাত্রায় ইহারা প্রলাপ উপস্থিত করে, কিন্তু মাদক-শ্রেণীস্থ ঔষধ অধিক মাত্রায় কোমা অথবা সংজ্ঞাসাবস্থা উৎপাদিত করে।

হাইড্রোসিয়্যানিক্ য়্যাসিড্, ডিজিটেলিস্, য়্যাকোনাইট্ ও শৈত্য এই শ্রেণীর মধ্যে প্রধান্। হাইড্রোসিয়্যানিক্ য়্যাসিড্, ডিজিটেলিস্ ও য়্যাকোনাইট্ নাড়ী-স্পন্দন লাঘব্ করে, কিন্তু ইহাদের অন্যান্য ক্রিয়া সম্বন্ধে মাদক-শ্রেণীর সহিত কোন সাদৃশ্য নাই। শারীর-বিধানের অবস্থা বিশেষে যেরূপ রক্তসঞ্চলনের উপর উত্তেজক ও ক্ষীণকারকের ক্রিয়ার বৈপরীত্য দৃষ্ট হয়, অবসাদক ঔষধও সেইরূপ শারীর বিধানের অবস্থা বিশেষে নাড়ী-স্পন্দনের দ্রুতত্ব বৃদ্ধি করে। যথা—পীড়িতাবস্থায় ডিজিটেলিস্ ব্যবহার করিলে নাড়ী-স্পন্দন দ্রুত হয়; কিন্তু কোন কোন সুস্থ ব্যক্তির ডিজিটেলিস্ দ্বারা স্পন্দনের হ্রাস হয়, এবং কাহার কাহার উপর বিপরীত ক্রিয়া প্রকাশ করে। এ ভিন্ন, ডিজিটেলিস্ মাত্রার তারতম্যানুসারে নাড়ীর উপর ক্রিয়া দর্শায়।

শৈত্যের তারতম্য ও প্রয়োগরূপ ভেদে ভিন্ন ভিন্ন প্রকারে ক্রিয়া প্রকাশ পায়। সমুদয় শরীরে অল্প পরিমাণে শৈত্য প্রয়োগ

করিলে উত্তেজন ক্রিয়া প্রকাশ পায়; কিন্তু গাত্র উষ্ণ ও শুষ্ক থাকিলে ইহা দ্বারা উত্তাপের হ্রাস হয়, রক্তসঞ্চলন-বেগ লাঘব হয়, স্নায়ুবীয় স্থৈর্য্য সম্পাদিত হয়, এবং নিদ্রা আনীত হয়। শীতল দ্রব বা বরফ মস্তকে প্রয়োগ করিলে মস্তিষ্কের প্রাদাহিক বিকারে চমৎকার ফল লাভ হয়। বিবিধ স্থানিক প্রদাহে ও রক্তস্রাবে শৈত্য মহোপকারক। স্কার্লেটিনা এঞ্জিনোসা রোগে গ্রীবায় শৈত্য আভ্যন্তরিক ও বাহ্য প্রয়োগ উপযোগী। জলাতঙ্ক রোগে বরফ-চূর্ণ খাইলে যন্ত্রণাদায়ক লক্ষণ নিবারিত হয়। ঊর্দ্ধ হইতে জল-ধারা স্থানিক পাতনে তথাকার কৈশিক শিরা সকলের সঙ্কোচন বৃদ্ধি হয়। অধিক শৈত্য স্থানিক স্পর্শ হরণ করে, এ বিধায় ত্বগুপরি বিবিধ যন্ত্রণাদায়ক অস্ত্রচিকিৎসায় স্পর্শ লোপ করণার্থ ব্যবহৃত হয়। শৈত্যের মাদক ক্রিয়া এত প্রবল যে, অনেক সময়ে ইহা দ্বারা শারীর বিধানে এরূপ অবস্থা উৎপাদিত হয় যে, সুরা-বীর্য্যের ক্রিয়া হইতে প্রভেদ করা দুরূহ হইয়া উঠে।

মাদক ঔষধ সকল।—ইহাদের ক্রিয়ার বিষয় যথাস্থানে বিবৃত হইবে; এস্থলে বক্তব্য এই যে, ইহারা রক্তসঞ্চালন বিধানে উত্তেজক ও ক্ষীণকারক ঔষধের ক্রিয়ার বিপরীত ক্রিয়া প্রকাশ করে,—ইহাদের দ্বারা হৃৎপিণ্ড-আকুঞ্চনের দ্রুতত্ব ও শ্বাস প্রশ্বাসের সংখ্যা হ্রাস হয়। মাদক-শ্রেণীস্থ ঔষধ দ্বারা নাড়ী-স্পন্দন ও শ্বাস প্রশ্বাস উভয়েরই হ্রাস হয়, ইহাদের এই বিশেষ ক্রিয়া দুইটি স্মরণ রাখা কর্ত্তব্য।

উপর্য্যুক্ত ঔষধ সকল সাক্ষাৎ সম্বন্ধে স্নায়ুমূলে ক্রিয়া দর্শাইয়া, এবং পরম্পরিত সম্বন্ধে সেই ক্রিয়া হৃৎপিণ্ডে প্রতিফলিত হইয়া, রক্ত-সঞ্চালনের উপর কার্য্য করে।

এক্ষণে সূক্ষ্ম ও ক্ষুদ্র শিরা সকলে যে সকল ঔষধ কার্য্য করে তাহাদের বিষয় কিঞ্চিৎ উল্লেখ করা যাইতেছে।

পূর্ব্বে বলা হইয়াছে যে, প্রদাহ রোগে ক্ষুদ্র রক্তবহা নাড়ী সকলের ক্রিয়া বা আকুঞ্চন হ্রাস হয়, হৃৎপিণ্ডের ক্রিয়া বৃদ্ধি পায়, এবং এই উভয় কারণ বশতঃ ক্ষুদ্র শিরা সকল প্রসারিত অবস্থা প্রাপ্ত হয়, ও প্রদাহ উৎপাদিত হয়। এই সকল ক্ষুদ্র শিরার স্বাভাবিক আকুঞ্চন প্রত্যর্পণার্থ দুইটি উপায় অবলম্বন করা যায়;—১ম, শিরা সকলে প্রবাহিত রক্তের পরিমাণ লাঘব করণ; ২য়, শিরা সকলের আকুঞ্চন বৃদ্ধি করণ। প্রবল ও তরুণ প্রদাহে এই উভয় উপায়ই প্রয়োজনীয়। নব প্রদাহে সূক্ষ্ম শিরা সকলে হৃৎপিণ্ড হইতে অযথা পরিমাণে রক্ত প্রেরিত হয়; রক্তের পরিমাণ হ্রাস করিলে প্রদাহের উপশম হয়, এবং এ কারণ রক্তমোক্ষণ কিংবা ক্ষীণকারক ঔষধ দ্বারা উদ্দেশ্য সাধিত হয়। কিন্তু প্রদাহ পুরাতন হইলে শিরা সকলের আকুঞ্চন-শক্তি একবারে নষ্ট হইয়া যায়, ও উহার স্বাভাবিক আকুঞ্চন পুনঃপ্রাপ্তির কোন আশা থাকে না; এ অবস্থায় শিরা সকলের নষ্ট আকুঞ্চন-শক্তি পুনঃ সংস্থাপিত হয় এরূপ ঔষধ বিধেয়। রক্তসংগ্রহেরও এইরূপ চিকিৎসা আবশ্যক।

অতএব দুইটি উদ্দেশ্যে প্রদাহের চিকিৎসা অবলম্বন করা যায়;—(১) হৃৎপিণ্ড হইতে প্রেরিত রক্তের পরিমাণ হ্রাস করণ; (২) ক্ষুদ্র শিরা সকলের আকুঞ্চন-শক্তি পুনঃ সংস্থাপন। প্রথমোদ্দেশ্য সাধনার্থ সাধারণ উপায় অবলম্বন করা যায়, এবং দ্বিতীয় উদ্দেশ্যে সাধারণ বা স্থানিক উপায় অবলম্বন প্রয়োজন।

কেবল তরুণ প্রদাহেই হৃৎপিণ্ডের ক্রিয়াধিক্য জন্মে; এ

অবস্থায় রক্তমোক্ষণ, টার্টার্ এমিটিক্ আদি ক্ষীণকারক ঔষধ প্রয়োজনীয়। যথা,—সুস্থ ও বলিষ্ঠ ব্যক্তির প্রবল ফুস্ফুসাবরণ-প্রদাহে, মূর্চ্ছাপ্রাপ্তি পর্য্যন্ত বা যন্ত্রণার শমতা হওন পর্য্যন্ত রক্ত-মোক্ষণ, এবং তৎপরে বিবমিষাজনক মাত্রায় টার্টার্ এমিটিক্ দ্বারা চিকিৎসা করা যায়। বারংবার রক্তমোক্ষণ দ্বারা রোগ আরোগ্য হয় না, কারণ প্রতিবার রক্তমোক্ষণের পর যে পুন-রুত্তেজন হয় তাহাতে প্রদাহ পুনঃ সংস্থাপিত হয়। দোহনের সঙ্গে সঙ্গে ক্ষীণকারক ঔষধ প্রয়োগের বিশেষ ফল এই যে, শরীর হইতে অধিক রক্ত নির্গমন নিবারণ করা হয়, এবং রোগ পুরাতন প্রদাহে পরিণত হইতে পারে না। একবার রক্তমোক্ষণের পর টার্টার্ এমিটিক্ প্রয়োগ করিলেও যদি প্রদাহ দমন না হয়, তবে রক্তাধিক্যগ্রস্ত ব্যক্তির সচরাচর যেরূপ চিকিৎসা করা যায়, সেই-রূপ পুনরায় রক্তমোক্ষণ ব্যবস্থা করিবে; কারণ রোগ পুরাতন হওন অপেক্ষা অস্থায়ী দৌর্ব্বল্য সংস্থাপন শ্রেয়ঃ।

ইদানীন্তন অনেকে রক্তমোক্ষণাদি দ্বারা সকল সময়ে প্রদাহের চিকিৎসা করা গর্হিত বিবেচনা করেন; কারণ জনাকীর্ণ-নগরবাসী দুর্ব্বল ব্যক্তির তরুণ প্রদাহে দোহন ও ক্ষীণকর চিকিৎসা অপ-কারক; তৎপরিবর্ত্তে বিপরীত চিকিৎসা অবলম্বন করিবে। ফুস্-ফুস্প্রদাহে ফুস্ফুস্বিধানের শিরা সকলে প্রদাহ উপস্থিত হয়, ও রক্তবহা নাড়ী সকলে রক্তসংগ্রহ হয়; এ রোগে প্রদাহের আশু চিকিৎসা যুক্তিযুক্ত নহে; কারণ, যদিও আশু চিকিৎসা দ্বারা প্রদাহ দমিত হইতে পারে, তথাপি ফুস্ফুসীয় শিরা সকলের রক্ত-সংগ্রহ-অবস্থা হ্রাস হওয়া দূরে থাকুক বরং বৃদ্ধি পায়। অতএব এ রোগে কফ-নিঃসারক ও উত্তেজক ঔষধ দ্বারা চিকিৎসা করাই শ্রেয়ঃ।

উগ্র প্রদাহের সঙ্গে সঙ্গে হৃৎপিণ্ডের ক্রিয়াধিক্য থাকিলে এইরূপ চিকিৎসা আবশ্যক ; কিন্তু ক্রুপাদি শ্লৈষ্মিক ঝিল্লির প্রদাহে এবং ইরিসিপেলাস্ আদি যে সকল প্রদাহে সচরাচর হৃৎপিণ্ডের ক্রিয়ার বৈলক্ষণ্য জন্মে না, রক্তমোক্ষণাদি প্রদাহের আশু চিকিৎসা প্রায় অনাবশ্যক হয়। রস-ঝিল্লির প্রদাহে, তরুণ বাত রোগে ও আঘাত বশতঃ বিস্তীর্ণ কোষীয় ঝিল্লির প্রদাহে রক্ত-সঞ্চলনের ও হৃৎপিণ্ডের ক্রিয়ার বিকার জন্মে। এ অবস্থায় উত্তেজকাদি দ্বারা প্রদাহের চিকিৎসা করিবে।

শ্লৈষ্মিক ঝিল্লির প্রদাহ অত্যন্ত প্রবল হইলে এবং ক্রুপ্ আদি রোগে যেখানে নলী শ্লেষ্মায় পরিপূর্ণ হইবার আশঙ্কা থাকে দোহন বিশেষ উপযোগী। যে সকল যন্ত্রের প্রদাহ স্থায়ী হইলে যান্ত্রিক ক্রিয়া নষ্ট হইতে পারে,—যথা, চক্ষু আদি কোমল যন্ত্রের প্রদাহ,—সেই সকল যন্ত্রের রোগ আশু নিবারণ করিবার চেষ্টা করিবে, এবং প্রদাহের সাধারণ চিকিৎসা অবলম্বন করিবে।

ফলতঃ প্রদাহ চিকিৎসার সাধারণ নিয়ম এই যে, রক্তাধিক্য-রোগ-গ্রস্ত ও বলিষ্ঠ ব্যক্তির প্রদাহে এবং যদি প্রদাহ হৃৎপিণ্ডের ক্রিয়াতি-শয্য সংযোগে বর্ত্তমান থাকে, কিংবা কোন কোমল বা বৃহৎ যন্ত্রের প্রদাহে, রক্তমোক্ষণ বিধেয়। অন্যান্য প্রদাহে ইহা অপ্রয়োজনীয়।

শিরা সকলে রক্তসংগ্রহ নিবারণার্থ ও আকুঞ্চন বৃদ্ধি করণার্থ বিবিধ উপায় অবলম্বন করা যায়। স্থানিক উপায়,—যথা, চাপন, শৈত্য, সঙ্কোচক, ঈষৎ উত্তেজক ইত্যাদি ; দৈহিক বা সাধারণ চিকিৎসার্থে বিবিধ ঔষধ ব্যবহৃত হয়। শিরা রক্ত-সঞ্চয় হেতু স্ফীত হইলে প্রথমে দোহন আবশ্যক ; পরে রক্তসঞ্চয় কিয়দংশ হ্রাস হইলে যথাবিধি চিকিৎসা অবলম্বন করিবে। উপযুক্ত

চাপন দ্বারা শিরা সকল আশ্রয়াধীন হয় ও আকুঞ্চনের সময় পায়; শৈত্য স্থানিক বিধানে ও তত্রত্য শিরা ও স্নায়ুর উপর কার্য্য করে; সঙ্কোচক দ্বারা সমস্ত স্থানিক বিধান কুঞ্চিত হয়, এবং উহা শিরা সকলে অল্প উগ্রতা সম্পাদন করিয়া উহাদের ক্রিয়া উন্নত করে; এবং নাইট্রেট্ অব্ সিল্‌ভার, সাল্‌ফেট্ অব্ জিঙ্ক্ আদি দাহক ঔষধ উত্তেজন ক্রিয়া প্রকাশ করিয়া উপকার করে। পূর্ব্বোক্ত সকল প্রকার উপায়ই বিশেষ উপযোগিতার সহিত ব্যবহৃত হইয়াছে;—হস্তপদের ক্ষতে ও পুরাতন প্রদাহে এবং অণ্ডস্ফীতিতে চাপন মহোপকারক; আভ্যন্তরিক বা বাহ্যিক প্রদাহে, যথা, চর্ম্মের সামান্য শ্লৈষ্মিক প্রদাহে, স্কার্লেটিনা ম্যালিগ্‌না রোগের প্রাদাহিক গলক্ষতে, জলাতঙ্ক রোগে, তালুপ্রদাহে, গুহ্য ও যোনির প্রাদাহিক রোগে শৈত্য দ্বারা উপকার দর্শে। শ্লৈষ্মিক ঝিল্লির প্রদাহে সঙ্কোচক, এবং ত্বকের ফ্লেগ্‌মোনাস্ প্রদাহে, উগ্র ক্ষতে উত্তেজক উপযোগী।

পারদ, টার্টার্ এমিটিক্, আর্সেনিক্, আইয়োডিন্ প্রভৃতি ধাতব ঔষধ শোষিত হইয়া শরীর-বিধানে ক্রিয়া দ্বারা কৈশিক শিরা সকলের আকুঞ্চন বৃদ্ধি করে। স্থানিক নাইট্রেট্ অব্ সিল্‌ভার্ প্রয়োগে যেরূপ প্রদাহ দমিত হয়, ইহাদের আভ্যন্তরিক প্রয়োগেও সেইরূপ। সামান্য প্রদাহে টার্টার্ এমিটিক্, ক্রুপ আদি উৎকট ও বিশেষ রোগে পারদ বিধেয়। ইউভী আর্সাই, কোপেবা, কাবাবচিনি ও গোলমরীচ মূত্রনলীর শ্লৈষ্মিক ঝিল্লির প্রদাহে বিশেষ উপকার করে। মূত্রাশয়প্রদাহে ইউভী আর্সাই শ্রেষ্ঠ; কোপেবা, কাবাবচিনি প্রভৃতি প্রমেহ রোগে ব্যবহৃত হয়।

উগ্র রক্তস্রাবে তরুণ প্রদাহের চিকিৎসা ফলপ্রদ; অন্যত্র রক্তস্রাবে সঙ্কোচক বিধেয়।

জ্বর রোগের চিকিৎসা অনেকাংশে প্রদাহের চিকিৎসার ন্যায়। স্থানিক উপসর্গ না থাকিলে, এবং নাড়ী বেগবতী পুষ্ট ও কঠিন হইলে, জ্বর রোগে রক্তমোক্ষণ বিধেয়, এবং টার্টার্ এমিটিক্ আদি ক্ষীণকারক ঔষধ প্রয়োজ্য; কিন্তু রোগী অত্যন্ত দুর্ব্বল, এবং নাড়ী বেগবতী ও সূক্ষ্ম হইলে বলকারক বা উত্তেজক ঔষধ বিধান করিবে। উপসর্গের প্রয়োজনমত চিকিৎসা আবশ্যক। ঘর্ম্ম, প্রস্রাব ও অন্যান্য স্রাবণ-যন্ত্রের ক্রিয়া বৃদ্ধি করিবে। ভিন্ন ভিন্ন অবস্থাতে ভিন্ন ভিন্ন ব্যক্তির ভিন্ন ভিন্ন ঔষধ দ্বারা ঘর্ম্ম হয়। গাত্র লোহিতবর্ণ, উষ্ণ ও শুষ্ক হইলে সাবধানে শৈত্য দ্বারা, এবং গাত্র মলিন, শীতল ও শুষ্ক হইলে উত্তাপ দ্বারা ঘর্ম্ম উৎপাদিত হয়। রক্ত-সঞ্চলনের বিশেষ অবস্থা প্রাপ্তি হেতু ঘর্ম্ম হয়; অতএব ঘর্ম্মকরণ উদ্দেশ্য হইলে রক্ত-সঞ্চলনকে সেই অবস্থায় আনয়ন করিতে হয়; যথা,—শরীর শীতল হইলে উত্তেজক, এবং উষ্ণ ও শুষ্ক হইলে ক্ষীণকারক ঔষধ ঘর্ম্মকরণার্থ ব্যবহৃত হয়। রক্ত-সঞ্চলন ক্ষীণ হইলে উত্তেজক প্রয়োজ্য। স্রাবণ বৃদ্ধি করিলে রক্ত-সঞ্চলন ও রক্তের পরিমাণ হ্রাস হয়, ও প্রদাহ থাকিলে দমিত হয়। রোগী দুর্ব্বল হইলে অবস্থামতে উত্তেজক ও বল-কারক ঔষধ প্রয়োগ করিবে।

৪। যে সকল ঔষধ অপ্রকৃত শারীর-বিধানের উপর কার্য্য করে।

হ্রাস ও বিবর্দ্ধন রোগে ইহারা ব্যবহৃত হয়। স্থানিক হ্রাস পূরণার্থ ঘর্ষণ, ব্যায়াম, তড়িৎ ও অন্যান্য যে সকল ঔষধ ও উপায় স্থানিক রক্ত-সঞ্চলন বৃদ্ধি করে এবং সেই স্থানের স্বাভাবিক ক্রিয়া

উন্নত করে তৎসমুদয়ই প্রয়োজ্য। বিবর্দ্ধন রোগে, শৈত্য, চাপন, স্থানিক রক্তমোক্ষণ, বিশ্রাম ও আইয়োডিন্ আদি বিধেয়।

৫। যাহারা স্নায়ুমণ্ডলে ক্রিয়া প্রকাশ করে।

শরীরের সকল ক্রিয়াই স্নায়বীয় ক্রিয়ার উপর নির্ভর করে, এবং সকল বীর্য্যবিশিষ্ট ঔষধই স্নায়ুমণ্ডলে কার্য্য করে। উত্তেজক, অবসাদক, মাদক ইত্যাদি ঔষধের ক্রিয়া স্নায়ু দ্বারা নীত হইয়া রক্ত-সঞ্চালন যন্ত্রে প্রকাশ পায়? অপর, অনেক ঔষধ স্নায়ুমণ্ডলেই বিশেষ ক্রিয়া দর্শায়। কোন কোন ঔষধ স্নায়বীয় ক্রিয়া উন্নত করে ও সমস্ত শরীরের স্নায়ু-বিধানের ক্রিয়া উত্তেজিত করে; কোনটি মনোবেগ, কোনটি স্নায়ুবেগ শাম্য করে এবং নিদ্রা উপস্থিত করে; এবং কোন ঔষধদ্রব্য রক্ত-সঞ্চালন ও শ্বাসপ্রশ্বাস-যন্ত্র দ্বারা স্নায়ুকে আক্রমণ করে, মস্তিষ্কের ক্রিয়া-বিকার জন্মায়, ও কখন কখন প্রলাপ উপস্থিত করে। ক্রিয়ানুসারে এই তিন শ্রেণীর নাম উত্তেজক, মাদক ও অবসাদক।

উত্তেজক।—ইহারা রক্তসঞ্চালক যন্ত্রে যেরূপ কার্য্য করে পূর্ব্বে বর্ণিত হইয়াছে; এ স্থলে বক্তব্য এই যে, ইহারা কশেরুকা-মজ্জা, মস্তিষ্ক ও স্নায়ুমণ্ডলেও ক্রিয়া দর্শায়। য়্যামোনিয়া ও ইহার কার্বনেট্, ফস্ফরাস্, মৃগনাভি, সর্ষপ, ও টার্পিন্ তৈল অতি উত্তম ও তীব্র উত্তেজক। সুরা, ঈথার্, ক্লোরোফর্ম্, কর্পূর আদি মাদকশ্রেণীভুক্ত; কিন্তু ইহারা প্রথমে উত্তেজন-ক্রিয়া প্রকাশ করে। ষ্ট্রিক্নিয়া, ব্রুসিয়া এবং এই স্বভাববিশিষ্ট উদ্ভিদ কশেরুকা-মজ্জা ও ঐচ্ছিক পেশীর স্নায়ু সকলে বিশেষ উত্তেজন সম্পাদন করে।

মাদক-শ্রেণীর মধ্যে কতকগুলি আক্ষেপনিবারক, কতকগুলি উগ্রতানাশক, কতকগুলি নিদ্রাকারক ও কতকগুলি বেদনা-নিবারক। অহিফেনের মাদক ও উত্তেজক উভয় গুণই আছে, অতএব দৌর্ব্বল্য সহযোগে উগ্রতা থাকিলে ইহা বিশেষ উপযোগী। নিদ্রাকারক ঔষধ মধ্যে অহিফেন, ক্লোর‍্যাল্ হাইড্রেট্ অতি উৎকৃষ্ট; ক্লোরোফর্ম্ ও ঈথার্ স্পর্শহারক।

অবসাদক।—এই শ্রেণীস্থ ঔষধের কতকাংশে মাদকের গুণ ও কতকাংশে ক্ষীণকারকের গুণ বর্ত্তে। মাদক হইতে অবসাদকের প্রভেদ এই যে, অবসাদক দ্বারা নিদ্রার পরিবর্ত্তে প্রলাপ উপস্থিত হয়। অবসাদক ঔষধ সকল হৃৎপিণ্ডের ক্রিয়া ক্ষীণ করে, শরীরের উত্তাপ হ্রাস করে, এবং মাদক শ্রেণীস্থ ঔষধের ন্যায় ইহারা নিদ্রাকারক নহে। হাইয়োসায়েমাস্, বেলাডোনা, ষ্ট্র্যামোনিয়াম্, মঙ্ক্ শুড্, ব্ল্যাক্ হেলেবোর্, ভিরাট্রিয়া, কল্চিকাম্ এবং মৃগনাভি ও ভেলেরিয়ান্ প্রথমে প্রলাপ উপস্থিত করে; প্রলাপ পরে কোমায় পরিণত হয়। তামাক, ইপেকাকুয়ানা, কোনায়াম্, স্কুইল্ ও ডিজিটেলিস্ একবারেই কোমা উপস্থিত করে। তামাক, ইপে-কাকুয়ানা, স্কুইল্ ও লোবিলিয়া ক্ষীণকারক এবং পেশীয় বিধানে বিশেষ ক্রিয়া প্রকাশ করে, চা ও কফী অবসাদক-শ্রেণী-ভুক্ত। শৈত্য স্নায়ুমণ্ডলের অতি শ্রেষ্ঠ অবসাদক; কিন্তু ইহার এই ক্রিয়া রক্তসঞ্চালনে প্রকাশ পায় না। শৈত্য দ্বারা চৈতন্য-লোপ হয়, এজন্য বেদনা নিবারিত হয়। মূর্চ্ছাদি রোগে শীতল-জলের ছাঁট দিলে চৈতন্য সম্পাদিত হয়। মস্তিষ্কের উৎকট প্রাদাহিক রোগের পরবর্ত্তী স্নায়ুবিধানের বিকারে শৈত্য স্নায়ুবিধান উত্তেজিত করে, এবং স্নায়ুযন্ত্রের ক্রিয়া ক্রমশঃ স্বাভাবিক অবস্থায় আনয়ন

করিয়া উপকার করে। প্রবল স্নায়বীয় উত্তেজনায় শৈত্য অবসাদক হইয়া স্নায়বীয় উগ্রতা দমন করে ও নাড়ীর স্পন্দনবেগ হ্রাস করে, এবং যন্ত্রণা দূর করিয়া নিদ্রা উপস্থিত করে। যে সকল ঔষধ স্নায়ুতে কার্য্য করে তন্মধ্যে এক শ্রেণীস্থ ঔষধ স্পর্শহারক। য্যাকোনাইট্ এই শ্রেণীর মধ্যে সর্ব্বপ্রধান; ইহা দ্বারা স্থানিক চৈতন্য লোপ হয়, এবং যে স্থানে লাগান যায় ঐ স্থান ঝিন্‌ঝিন্ করে. উগ্র হাইড্রোসিয়্যানিক্ য়্যাসিড্ দ্বারাও স্থানিক অচৈতন্য হয়; বেলাডোনা, ও অহিফেন স্থানিক প্রয়োগে স্পর্শেন্দ্রিয়ের উপর কার্য্য করে। ক্লোরোফর্ম্ স্থানিক স্পর্শ-লোপ করে। স্থানিক অবসাদক মধ্যে শৈত্য সর্ব্বশ্রেষ্ঠ।

বেলাডোনা আদি দ্বারা কনীনিকা প্রসারিত হয়; কনীনিকা প্রসারণ আবশ্যক হইলে চক্ষুর নিকট ইহা স্থানিক প্রয়োগ করিবে।

ঔষধ দ্বারা ঐচ্ছিক সঞ্চালনের স্নায়ু সকলে, এবং তদ্দ্বারা পেশীয় বিধানে তিন প্রকারে ক্রিয়া প্রকাশ পায়,—পক্ষাঘাত, আক্ষেপ বা সবল পেশীয় আকুঞ্চন উপস্থিত হয়।

ক্ষীণকারক ঔষধ, বিশেষতঃ তামাক, দ্বারা পেশীয় দৌর্ব্বল্য সংস্থাপিত হয়। য়্যাকোনাইট্, কোনিয়াম্, ষ্ট্র্যামোনিয়াম্, সীসধাতু প্রভৃতি বিবিধ বিষ দ্বারা পক্ষাঘাত উপস্থিত হয়।

সকল তীব্র মাদক ও উগ্র বিষ দ্বারা আক্ষেপ উৎপন্ন হয়; অহিফেন দ্বারাও এরূপ লক্ষণ প্রকাশ পায়, এবং আর্সেনিক্ ও তীব্র ধাতব বিষ দ্বারাও আক্ষেপ উপস্থিত হয়।

ক্যালেবার্ বীন্, নাক্স্ ভমিকা ও কখন কখন আর্গট্ মক্ গুড্, এবং ষ্ট্রিক্‌নিয়া, ব্রুসিয়া আদি ধনুষ্টঙ্কারের ন্যায়

আক্ষেপ প্রকাশ করে। আর্গট্ আদি দ্বারা জরায়ুবীয় পেশীর আকুঞ্চন হয়।

৬। রোগীর সেবা শুশ্রূষা ও গৃহের ব্যবস্থা।

রোগীর অবস্থা বিবেচনা করিয়া বাটীর দক্ষিণ, দক্ষিণ-পশ্চিম বা পশ্চিম দিকে রোগীর গৃহ স্থাপিত হওয়া উচিত। মস্তিষ্ক বা চক্ষুপ্রদাহে উত্তর ধারে রোগীর গৃহ মনোনীত করিবে। গৃহ বিস্তীর্ণ, উচ্চ ও আলোকময় হওয়া প্রয়োজন, এবং গৃহ অনাবশ্যকীয় কতকগুলি দ্রব্যাদি দ্বারা পূর্ণ থাকিতে দিবে না। রোগীর শয্যা বায়ু সঞ্চালিত হয় এমত স্থানে রাখিবে, অর্থাৎ উহা দ্বার বা জানালার সম্মুখে স্থাপন করিবে। শয্যা পরিষ্কার রাখিবে, মশারি রাখিবে না। রোগী শীতলতা বোধ করিলে উষ্ণ বোতল, লেপ, কম্বলাদি ব্যবহার করিবে। যাহাতে গৃহ মধ্যে উত্তমরূপ বায়ু সঞ্চালন হয় তৎপ্রতি দৃষ্টি রাখিবে। রোগীর গৃহে জনতা একবারে নিষিদ্ধ। মস্তিষ্ক ও চক্ষুর উগ্র প্রদাহে সূর্য্যালোক রহিত করিবে। সংক্রামক পীড়ায়, বিষনাশার্থ, গৃহে অঙ্গার আদি সংক্রমাপহ ঔষধ রাখিবে।

ঔষধ তীব্র হইলে বিবমিষা উৎপন্ন হয়, এমত অবস্থায় জল সহ মিশ্রিত করিয়া লইবে। আহারের এক ঘণ্টা পূর্ব্বে ঔষধ প্রয়োগ করিবে; কিন্তু যদি প্রয়োজন বশতঃ পুষ্টিকর আহার বারংবার প্রয়োজন হয়, তবে এরূপ ঔষধ বিধান করিবে যেন আহারের সহিত সম্মিলিত হইয়া কোন অপকার না করে। উত্তেজকের সহিত উত্তেজক, আহারের সহিত বলকারক ঔষধ প্রয়োগ

করিবে; বিরেচক আহারের পূর্ব্বে বিধেয়। আবশ্যক হইলে সকল সময়েই নিদ্রাকারক ঔষধ ব্যবস্থা করা যায়।

যদি রোগী আহারে অনিচ্ছা ও ঘৃণা প্রকাশ করে, তাহা হইলে পথ্য অল্প পরিমাণে বারংবার দিবে, নচেৎ অরুচি হইবার সম্ভাবনা। পাকাশয়ের উগ্রতা থাকিলে অল্পেই বমন উৎপন্ন হয়; এ অবস্থায় অতি অল্প অল্প করিয়া ক্ষণে ক্ষণে দিবে। পানিফল, কমলালেবুর রস, কিস্‌মিস্ আদি রোগী খাইতে চাহিলে দেওয়া বিধেয়; কারণ ইহাদের দ্বারা বিশেষ অপকার অসম্ভব। টাইফয়িড্ লক্ষণাক্রান্ত রোগীর ঘণ্টায় ঘণ্টায় পথ্য ও উত্তেজক বিধেয়।

রোগীর পিপাসা নিবারণের নিমিত্ত বার্লি-জল, সোডাওয়াটার্ লেমনেড্ বা ঈষৎ অম্ল সংযুক্ত বরফ-জল বিধান করিবে। টাইফয়িড্ লক্ষণযুক্ত হইলে এ সকলের সহিত সুরা মিশ্রিত করিয়া ব্যবহার করা যায়।

রোগী প্রলাপগ্রস্ত হইলে সাবধান থাকিবে, রোগীকে উঠিতে দিবে না; রোগী আহার করিতে অসম্মতি ও অনিচ্ছা প্রকাশ করিলে বল পূর্ব্বক খাওয়াইবে না, পুনরায় কিছু খাওয়াইতে চেষ্টা করিবে। উচ্চ শব্দ বা গোলমাল রোগীর কর্ণগোচর হইতে দিবে না। পুরাতন রোগগ্রস্ত ব্যক্তির স্থান ও জলবায়ুর পরিবর্ত্তন দ্বারা বিশেষ উপকার হয়।

সংক্রামক পীড়া হইলে শিশু ও বালকদিগকে বাটীর অন্তর করিবে, ও অপর কাহাকেও রোগীর নিকটে আসিতে দিবে না; দুর্গন্ধহারক ও সংক্রমাপহ দ্রব্য ব্যবহার করিবে। ফলতঃ যত দূর সাধ্য পীড়ার বিষ বিস্তার রহিত করিতে যত্নবান্ হইবে।

৭। ঔষধদ্রব্যের ক্রিয়ানুসারে শ্রেণীবিভাগ ও ব্যবস্থা।

১। য়্যাসিড্‌স্ (Acids) ; অম্ল।—প্রায় সমুদয় গাঢ় অম্লই দাহক। ঔষধীয় মাত্রায় প্রয়োগ করিলে, শরীরের যে সকল অম্ল-স্রাবণের সহিত ইহারা সংলগ্ন হয়, সেই সকল স্রাবণ রোধ করে ও তৎসঙ্গে সঙ্গে শরীরের ক্ষার-স্রাবণ সমুদয় বৃদ্ধি করে। ইহারা, সুতরাং অম্লজনিত অজীর্ণ, অতিঘর্ম্ম আদিতে ব্যবহার্য্য। এই শ্রেণী মধ্যে লবণ-দ্রাবক, যবক্ষার-দ্রাবক, সির্কা-দ্রাবক, গন্ধক-দ্রাবক, ফস্ফরিক্ য়্যাসিড্, নাইট্রো-হাইড্রোক্লোরিক্ য়্যাসিড্, সাইট্রিক্ য়্যাসিড্ ও বেঞ্জোইক্ য়্যাসিড্ প্রধান।

২। য়্যাল্‌কালিজ্ (Alkalies) ; ক্ষার।—স্থানিক প্রয়োগে ইহারা ক্ষার-স্রাবণ নিবারণ করে ও অম্ল-স্রাবণ উত্তেজিত করে। কষ্টিক্ সোডা, কষ্টিক্ পটাশ্ ও উহাদের কার্বনেট্‌স্, বাইকার্ব-নেট্‌স্, য়্যাসিটেট্‌স্ ও সাইট্রেট্‌স্; য়্যামোনিয়া ও ম্যাগ্নিসিয়া এবং উহাদের প্রয়োগরূপ সকল এই শ্রেণী মধ্যে প্রধান।

৩। অল্‌টারেটিভ্‌স্ (Alteratives) পরিবর্ত্তক।—এই শ্রেণীস্থ ঔষধ প্রয়োগ করিলে কোন বিশেষ যন্ত্রে কোন প্রত্যক্ষ ক্রিয়া না দর্শাইয়া য়োগারোগ্য করে। ইহাদের ক্রিয়া-প্রণালী কিছুই অবগত হওয়া যায় নাই। ইহারা দেহের বিকার-প্রাপ্ত অবস্থা পরিবর্ত্তন করে, সুতরাং ইহাদিগকে "পরিবর্ত্তক" আখ্যা দেওয়া হইয়াছে। এই শ্রেণীর মধ্যে য়্যাণ্টিমনি, পারদ, আর্সেনিক্, আইয়োডিন্ ও উহাদের প্রয়োগরূপ সর্ব্বশ্রেষ্ঠ।

৪। য়্যানাফ্রোডিসিয়্যাক্‌স্ (Anaphrodisiacs); কাম-নিবা-রক।—ইহারা রতি-সম্ভোগ-লালসা ক্ষীণ করে; যথা, কর্পূর,

ব্রোমাইড্ অব্ পোটাসিয়াম্, ব্রোমাইড্ অব্ য়্যামোনিয়াম্, তামাক ইত্যাদি।

৫। য়্যানীস্থেটিক্স্ (Anæsthetics) ; স্পর্শ-হারক।—মস্তিষ্কে ইহাদের ক্রিয়া বশতঃ ইহারা স্পর্শশক্তি লোপ ও চৈতন্য লোপ করে। ক্লোরোফর্ম্, ঈথার্, নাইট্রাস্ অক্সাইড্ বাষ্প প্রভৃতি এই শ্রেণীভুক্ত। স্থানিক স্পর্শহারক ঔষধ, যথা, স্প্রেরূপে ঈথার্, কার্বলিক্ য়্যাসিড্ দ্রব, বরফ, ভিরাট্রিয়া প্রভৃতি স্থানিক প্রয়োগে, তৎস্থানের চৈতন্যবিধায়ক স্নায়ুর উপর ক্রিয়া দর্শাইয়া স্পর্শশক্তি লোপ করে, স্থানিক বিধানের কোন অপকার করে না।

৬। য়্যানোডাইন্ (Anodyne) ; বেদনা-নিবারক।—ইহারা মস্তিষ্কে ক্রিয়া দর্শাইয়া, অথবা চৈতন্যবিধায়ক স্নায়ু-তন্তুর চেতনা-সঞ্চালন-শক্তির উপর কার্য্য করিয়া বেদনা নিবারণ করে। যথা, অহিফেন, গাঁজা, বেলাডোনা, য়্যাকোনাইট্, ক্লোরোফর্ম্ ইত্যাদি।

৭। য়্যানিড্রটিক্স্ (Anidrotics) ; ঘর্ম্মনিবারক।—ইহারা চর্ম্মের কৈশিক শিরা সকলের উপর কার্য্য করিয়া অতিঘর্ম্ম নিবারণ করে। যথা, বেলাডোনা; ঔদ্ভিদ ও ধাতব সঙ্কোচক ঔষধ, অল্প মাত্রায় পাইক্রটক্সিন্, অল্প মাত্রায় পাইলোকার্পিন্ ইত্যাদি।

৮। য়্যান্থেল্মিণ্টিক্স্ (Anthelmintics) ; কৃমিনাশক।—এই শ্রেণীস্থ ঔষধ সকল কৃমি বিনাশ বা অন্ত্রমধ্য হইতে কৃমি নির্গত করিয়া দেয়। যথা, গোল জাতীয় কৃমিতে স্যাণ্টোনিন্; ফিতার ন্যায় কৃমিতে কুসো, ক্যামালা, মেলফার্ণ্, টার্পেণ্টাইন্, দাড়িম্ব; এবং সূত্রখণ্ডবৎ কৃমিতে লবণ বা কোয়াসিয়ার পিচকারী ইত্যাদি।

৯। য়্যাণ্টিডোট্‌স্ (Antidotes) ; বিষঘ্ন ঔষধ।—ইহারা

বিষজনিত লক্ষণ সকল নিবারণ বা দমন করে। ইহারা তিন প্রকার;—রাসায়নিক, যথা, গন্ধক দ্রাবকে চূণ; শারীর বিধানিক, যথা, অরারায় কুঁচিলা; জীবন-সম্বন্ধীয়, যথা, উপদংশে পারদ।

১০। য়্যাণ্টিলিথিক্স্ (Antilithics); অশ্মরীদ্রাবক।—এই শ্রেণীস্থ ঔষধ সকল শরীরাভ্যন্তরজাত অশ্মরী দ্রব করে। যথা, ফস্ফরিক্ অশ্মরী দ্রবার্থ য়্যাসিড্; ইউরিক্ য়্যাসিড্ অশ্মরী দ্রবার্থ ক্ষার, ইত্যাদি।

১১। য়্যাণ্টিপ্যারাসাইটিক্স্ (Antiparasitics); পরপুষ্টাপহ।—ইহারা মনুষ্যদেহে জাত অতি সূক্ষ্ম কীট বিনাশ করে। ইহাদের মধ্যে সাল্ফিউরাস্ য়্যাসিড্, কার্ব্বলিক য়্যাসিড্, আইয়োডাইড অব্ সাল্ফার ও বিবিধ পারদ ঘটিত লবণ প্রধান।

১২। য়্যাণ্টিপিরিয়ডিক্স্ Antiperiodics); সাময়িকতানাশক।—এই ঔষধ সকল সবিচ্ছেদ সাময়িক পীড়ার বিষ নষ্ট করে। কুইনিয়া, আর্সেনিক্, আইয়োডিন্, বেবিরিন্ তন্মধ্যে সর্ব্বশ্রেষ্ঠ।

১৩। য়্যাণ্টিফ্লোজিষ্টিক্স্ (Antiphlogistics); প্রদাহনাশক।—ইহাদের প্রদাহ-দমন-ক্ষমতা দৃষ্ট হয়। যথা—পারদ, য়্যাণ্টিমনি, রক্তমোক্ষণ, ইত্যাদি।

১৪। য়্যাণ্টিসেপ্টিক্স্ (Antiseptics); পচন-নিবারক ঔষধ।—কার্ব্লিক্ য়্যাসিড্, বোর‍্যাসিক্ য়্যাসিড্, করোসিভ্ সাব্লিমেট্, আইয়োডোফর্ম্, থাইমল্ প্রভৃতি এই শ্রেণীভুক্ত।

১৫। য়্যাণ্টিপাইরেটিক্ (Antipyretic); জ্বরঘ্ন ঔষধ।—ইহারা জ্বর রোগে শরীরের উত্তাপ লাঘব করে। জ্বরঘ্ন ঔষধ সকল চারি প্রকারে ক্রিয়া দর্শায়;—১, স্নায়ুবিধানে ইহাদের ক্রিয়ার

দ্বারা ; অথবা ২, জ্বরোৎপাদক বিষ নষ্ট করিয়া ; অথবা ৩, চর্ম্মোপরি কিংবা সার্ব্বাঙ্গিক রক্ত-সঞ্চালনের উপর কার্য্য করিয়া ; অথবা, ৪, শরীরের উত্তাপ ভৌতিক উপায়ে হ্রাস করিয়া ; যথা, শীতল জলে স্নান। য়্যাণ্টিপাইরিন্, য়্যাণ্টিফেব্রিন্, ফেনাসেটিন্, কুইনাইন্, ডিজিটেলিস্, সিঙ্কোনিন্, ও ঔদ্ভিদ অম্ল এই শ্রেণীর মধ্যে প্রধান।

১৬। য়্যাণ্টিস্প্যাজ্‌মডিক্স্ (Antispasmodics) ; আক্ষেপ-নিবারক ঔষধ।—ইহারা বিবিধ উপশ্রেণীতে বিভক্ত। (ক) যে সকল ঔষধ সঞ্চলন-বিধায়ক স্নায়ুকেন্দ্রের পক্ষাঘাত উৎপন্ন করে। যথা, ক্যালেবাব্‌বীন্ ইত্যাদি, অথবা যাহারা ঐ সকল স্নায়ুকেন্দ্রের অবসাদন উপস্থিত করে। যথা, ব্রোমাইড্ অব্ পোটাসিয়াম্ ইত্যাদি।

(খ) যে সকল ঔষধ সমস্ত জীবনী ক্রিয়ার গভীর অবসন্নতা উৎপাদন করে। যথা, তামাক, য়্যাকোনাইট্, লোবিলিয়া, হেলেবোর্, প্রুসিক্ য়্যাসিড্ ইত্যাদি। ইহাদিগকে অবসাদক বলে।

(গ) যে সকল ঔষধ, অন্ত্রকে উত্তেজিত করিয়া অন্ত্রস্থ বায়ু নির্গত করে ও অন্ত্র-শূল নিবারণ করে। ইহাদিগকে বায়ুনাশক এবং সুগন্ধি ঔষধ বলে ; যথা, হিঙ্গু, ক্যাজুপট্, ক্যাষ্টর্, ভেলিরিয়ান্ ইত্যাদি।

১৭। য়্যাফ্রোডিসিয়্যাক্স্ (Aphrodisiacs) ; কামোদ্দীপক ঔষধ।—ইহারা জননেন্দ্রিয়ের ক্রিয়া উত্তেজিত করে। যথা, ফস্ফরাস, ক্যান্থারাইডিন্, ষ্ট্রিক্‌নিয়া, ইত্যাদি।

১৮। য়্যাষ্ট্রিঞ্জেণ্ট্স্ (Astringents) ; সঙ্কোচক ঔষধ।—

ইহারা পেশীসূত্র কুঞ্চিত করে, এবং জেলেটিন্ ও অণ্ডলাল সংযত করিয়া প্রয়োগস্থান দৃঢ় করে। যথা, ট্যানিক্ য়্যাসিড্, গ্যালিক্ য়্যাসিড্, ও এতদ্ঘটিত ঔষধ, ধাতব অম্ল, অধিকাংশ ধাতব লবণ, ফট্‌কিরি ইত্যাদি।

১৩। ক্যাথার্টিক্স্ (Cathartics); বিরেচক ঔষধ।—ইহারা অন্ত্রস্থ মল নির্গমন বৃদ্ধি বা তৎসহায়তা করে। ইহারা বিবিধ উপশ্রেণীতে বিভক্ত।

(ক) ল্যাক্সেটিভ্স্ (Laxatives); মৃদু বিরেচক ঔষধ।—ইহারা অন্ত্রের পেশীর ক্রিয়া অল্পমাত্র উন্নত করিয়া মলের কাঠিন্য বিনাশ করে। যথা, ম্যানা, সাল্‌ফার্, ফিগ্‌স্, প্রুন্‌স্, অলিভ্ অয়িল্ ইত্যাদি।

(খ) পার্গেটিভ্স্ (Purgatives); বিরেচক ঔষধ।—ইহারা অন্ত্রের সঞ্চলন বৃদ্ধি করিয়া, ও অন্ত্রস্থ গ্রন্থি সকল উত্তেজিত করিয়া অর্দ্ধ-তরল ভেদ উপস্থিত করে। যথা, সোণামুখী, এরণ্ড তৈল, ইত্যাদি।

(গ) ড্রাষ্টিক্স্ (Drastics); অতিবিরেচক।—পূর্ব্বোক্ত উপশ্রেণী অপেক্ষা ইহাদের ক্রিয়া প্রবলতর। ইহারা স্থানিক উগ্রতা উপস্থিত করিয়া অন্ত্রের রসনিঃসরণ বৃদ্ধি করে, এবং আন্ত্রিক শিরা সমূহ হইতে রক্তরস নির্গত করিয়া তরল ভেদ উপস্থিত করে। যথা, স্ক্যামনি, জ্যালাপ্, কলোসিন্থ্, গ্যাম্বোজ্, পডফিলিন্; ও অধিক মাত্রায় (খ) শ্রেণীস্থ ঔষধ সকল।

(ঘ) হাইড্রোগগ্‌স্ (Hydrogogues)।—ইহারা অতিবিরেচক শ্রেণীভুক্ত। ইহারা অন্ত্রস্থ গ্রন্থির প্রভূত রস-নিঃসরণ উপস্থিত করে, এবং রক্তসঞ্চালক শিরা হইতে রক্তরস নির্গত করিয়া জলবৎ

ভেদ উপস্থিত করে। যথা ইলেটেরিয়াম্, ক্রোটন্ অয়িল্, অধিক মাত্রায় এপ্‌সম্ সল্ট্ ইত্যাদি।

(ঙ) কোলেগগ্‌স্ (Cholagogues); পিত্তনিঃসারক বিরেচক ঔষধ।—ইহারা যকৃতের ক্রিয়া উত্তেজিত করিয়া হরিদ্বর্ণ তরল ভেদ উপস্থিত করে। পডফিলিন্ ও অধিকাংশ উগ্র বিরেচক ঔষধ এই শ্রেণীভুক্ত।

১৯। কাউণ্টার্-ইরিট্যাণ্ট্‌স্ (Counter-irritants); প্রত্যুগ্রতাসাধক ঔষধ। ইহারা বিবিধ প্রকার—১, উগ্রতা-সাধক ঔষধ চর্ম্মের আরক্তিমতা উৎপাদন করে। ২, ফোস্কা-কারক ঔষধ চর্ম্মোপরি ফোস্কা উৎপন্ন করে। ৩, প্রত্যুগ্রতাসাধক ঔষধ সকল, রোগস্থান হইতে রোগ-ক্রিয়া ঔষধ-প্রয়োগ-স্থানে আনয়ন করে।—ক্যান্থারাইডিস্, টার্পেণ্টাইন্, অ্যামোনিয়া, ক্যাম্ফর্, মাষ্টার্ড্, ক্যাপ্সিকাম্, ক্রোটন্ অয়িল্ ইত্যাদি এই শ্রেণীর মধ্যে প্রধান।

২০। ডিমাল্‌সেণ্ট্‌স্ (Demulcents)।—স্নিগ্ধকারক ঔষধ সকল প্রয়োগ করিলে, প্রয়োগ-স্থানকে আবৃত রাখে, সুতরাং উগ্রতাজনক নিঃসৃত রসাদি দ্বারা রোগস্থানের অপকারাশঙ্কা হ্রাস হয়।—গ্লিসেরিন্, শ্বেতসার, লিন্‌সীড্, লিকোরিস্, অলিভ্ অয়িল্ ইত্যাদি এই শ্রেণীস্থ ঔষধ।

২১। ডায়েফোরেটিক্স্ (Diaphoretics); ঘর্ম্মকারক ঔষধ।—ইহারা ঘর্ম্ম-গ্রন্থি সকলকে উত্তেজিত করিয়া ঘর্ম্মোৎপাদন করে। যথা, গন্ধক, অ্যান্টিমনি, ইপেকাকুয়ানা ও সমুদায় অবসাদক ঔষধ।

২২। ডায়ুরেটিক্স্ (Diuretics); মূত্রকারক।—ইহারা

প্রস্রাব বৃদ্ধি করে। যথা, ডিজিটেলিস্, স্কুইল্, বাইকার্বনেট্ অব্ পটাশ, য়্যাসিটেট্ অব্ পটাশ্, স্পিরিট্ ঈথার্ নাইট্রিক্, অয়িল্ ও স্পিরিট্ অব্ জুনিপার্, প্রভৃতি।

২৩। এমেটিক্স্ (Emetics) ; বমনকারক ঔষধ।—ইহারা বমন উৎপাদন দ্বারা পাকাশয় পরিষ্কার করে।—লবণ, সাল্‌ফেট্ অব্ জিঙ্ক্, সাল্‌ফেট্ অব্ কপার্, সর্ষপ, ইপেকাকুয়ানা, য়্যাণ্টিমনিঘটিত ঔষধ ইত্যাদি।

২৪। এক্স্‌পেক্‌টোর‍্যাণ্ট্‌স্ (Expectorants) ; কফনিঃসারক ঔষধ।—ফুস্‌ফুসের স্রাবণ বৃদ্ধি করে ও ঐ কফ নির্গত হওনে সহায়তা করে। য়্যাণ্টিমনি, ইপেকাকুয়ানা, স্কুইল্, য়্যামোনায়েকাম্, টোলু, য়্যাসাফীটিডা, সেনেগা, ইত্যাদি।

২৫। হিপ্‌নটিক্স্ (Hypnotics) ; নিদ্রাকারক ঔষধ।—ইহারা নিদ্রা উৎপাদন করে। অহিফেন, ক্লোর‍্যাল্, হাইয়োসায়েমাস্, বেলাডোনা ইত্যাদি।

২৬। মাইড্রিয়েটিক্স্ (Mydriatics) ; অক্ষিতারকাপ্রসারক ঔষধ।—যথা, বেলাডোনা, হাইয়োসায়েমাস্।

২৭। অক্সিটসিক্স্ (Oxytosics) ; জরায়ু-সঙ্কোচক।—ইহারা প্রসব-বেদনা-কালীন জরায়ুর সঙ্কোচনের বল ও সময় বৃদ্ধি করে। যথা, আর্গট্।

২৮। রিফ্রিজারেণ্ট্‌স্ (Refrigerants) ; শৈত্যকারক ঔষধ। ইহারা রক্ত সঞ্চালনের বেগ লাঘব করে ও দেহের উত্তাপ হ্রাস করে। যথা, শীতল জল, বরফ, ঔদ্ভিদ অম্ল, বাইটার্ট্রেট্, সাইট্রেট্, ও ক্লোরেট্ অব্ পটাশ্, ইত্যাদি।

২৯। সিডেটিভ্‌স্ (Sedatives) ; অবসাদক ঔষধ সকল।—

ইহারা রক্তসঞ্চালন-যন্ত্রের ও স্নায়ুবিধানের, পূর্ব্ব উত্তেজনা না করিয়া সাক্ষাৎ সম্বন্ধে, সমতা সংস্থাপন করে। যথা, ডাইলিউটেড্ হাইড্রোসিয়্যানিক্ য়্যাসিড্, য়্যাকোনাইট্, কোনিয়াম্, ডিজিটেলিস্, য়্যাণ্টিমনিঘটিত ঔষধ, ইপেকাকুয়ানা, বিস্‌মাথ্, ব্রোমাইড্ অব্ পোটাসিয়াম্ ইত্যাদি।

৩০। ষ্টিম্যুল্যাণ্ট্‌স্ (Stimulants), উত্তেজক ঔষধ সকল।—ইহারা স্নায়বীয় ক্রিয়া উন্নত করে, এবং পরম্পরিতরূপে অন্যান্য বিধানও উত্তেজিত হয়। যথা, য়্যামোনিয়া ও ইহার প্রয়োগরূপ, সুগন্ধ দ্রব্য, য়্যাল্‌কোহল্, ঈথার্, স্পিরিট্ ক্লোরোফর্ম্ ইত্যাদি।

৩১। টনিক্স্ (Tonics)।—বলকারক ঔষধ সকল কিছুকাল সেবন করিলে পেশীয় বিধানের অবস্থা উন্নত করে, ও ক্রমশঃ শরীরে বল বিধান করে। ক্যালাম্বা, ক্বোয়াসিয়া, নাক্স্‌ভমিকা, জেন্‌শিয়েন্, চিরাতা, সিঙ্কোনা, জলমিশ্র দ্রাবক, আর্সেনিক্, লৌহ, জিঙ্ক্, বিসমাথ্, ইত্যাদি।

ঔষধ-প্রয়োগ-বিবরণ।

বিবিধ উপায়ে ঔষধ শরীরাভ্যন্তরস্থ করা যায়। যথা—

১। পিচকারী দ্বারা ঔষধ শিরা মধ্যে প্রয়োগ।—নিতান্ত সঙ্কটাবস্থায় য়্যামোনিয়া, লাবণিক দ্রব, দুগ্ধ, বা অত্যধিক রক্তস্রাবে রক্ত এইরূপে প্রয়োগ করা যায়।

২। শ্বাস দ্বারা ঔষধ প্রয়োগ।—ক্লোরোফর্ম, কার্বলিক্ য়্যাসিড্, ঈথার্, নাইট্রাইট্ অব্ য়্যামিল্ ও বিবিধ দ্রব্যের বাষ্প এইরূপে প্রয়োগ করা যায়।

৩। উদরস্থ করণ।—এই উপায়ে ঔষধ প্রয়োগ সর্ব্বাপেক্ষা সুবিধাজনক। ঔষধ উদরস্থ হইবার পর উদর ও অন্ত্রস্থ শিরাদির প্রাচীর দিয়া রক্তস্রোতে মিশ্রিত হয়।

৪। সরলান্ত্রে ঔষধ প্রয়োগ।—পিচকারী দ্বারা সরলান্ত্রে প্রয়োজিত ঔষধ শোষিত হইয়া কার্য্য করে।

৫। স্ত্রীলোকদিগের যোনি-অভ্যন্তরে পেসারিরূপে ঔষধ প্রয়োগ।

৬। মূত্রাশয় দ্বারা ঔষধ প্রয়োগ।

৭। হাইপোডার্মিক্ রূপে ঔষধ প্রয়োগ। চর্ম্মনিম্নস্থ ঝিল্লি মধ্যে সূক্ষ্ম পিচকারী দ্বারা মর্ফিয়া আদি বিবিধ ঔষধ এইরূপে প্রয়োগ করা যায়।

৮। চর্ম্ম দ্বারা ঔষধ প্রয়োগ। চারি প্রকারে চর্ম্ম দ্বারা ঔষধ শরীরাভ্যন্তরস্থ করা যায় ;—

(ক) এন্‌এপিডার্মিক্। ঔষধদ্রব্য চর্ম্মের সহিত সংলগ্ন করিয়া রাখিলে উহা শরীরাভ্যন্তরস্থ হয়। উপক্ষার সকল ক্লোরো-ফর্মে দ্রব করিয়া এরূপে প্রয়োগ করিলে সত্বর শোষিত হইয়া কার্য্য করে।

(খ) এণ্ডার্মিক্ উপায়ে ঔষধ প্রয়োগ।—উগ্র য়্যামোনিয়া দ্রবাদি দ্বারা ফোস্কা করিয়া উপর-ত্বক্ উঠাইয়া তাহাতে ঔষধ প্রয়োগ। মর্ফিয়া, য়্যাট্রোপিয়া, ষ্ট্রিক্‌নিয়া আদি এইরূপে প্রয়োগ করা যায়।

(গ) এপিডার্মিক্‌রূপে ঔষধ প্রয়োগ।—অচ্ছিন্ন ত্বগুপরি মর্দ্দন দ্বারা ঔষধ প্রয়োগ। যথা, পারদ মলম, কড্‌লিভার্ অয়িল্, ইত্যাদি।

(ষ) ইনকিউবেশন্ টিকা দেওন। চর্ম্মোপরি সূক্ষ্ম সূক্ষ্ম ছিদ্র করিয়া বসন্ত-বীজাদি প্রয়োগ।

এতদ্ভিন্ন নাসারন্ধ্রে, কর্ণকুহরে, স্বরনলীমধ্যে, কুল্যারূপে, বাষ্প বা ভাপ্রারূপে ও অন্যান্য স্থানিক প্রয়োগরূপে ঔষধ ব্যবস্থা করা যায়।

ঔষধের মাত্রাদি নিরূপণ।

ঔষধের ব্যবস্থা কালে রোগীর বয়ঃক্রম, স্ত্রীপুরুষভেদ, ধাতু, অভ্যাস, শরীরের ভাব, দেশস্থ জলবায়ু, বৃত্তি, মনের ভাব ও ঋতুর প্রতি বিশেষ মনোযোগ রাখিবে। ঔষধের প্রয়োগরূপ ভেদে, সেবনের সময় ভেদে এবং উদর পূর্ণ বা শূন্য অবস্থা ভেদে ঔষধের ক্রিয়ার তারতম্য হয়।

রোগীর বয়ঃক্রম অনুসারে ঔষধের মাত্রা নির্ণায়ক কোষ্টক।

বয়ঃক্রম			পূর্ণ মাত্রা	৬০ গ্রেণ		বা	১
১ বৎসরের ন্যূন		... ...	৫	,,	...	,,	১/১২
২	,,	,,	... ...	৭॥০	,,	... ,,	১/৮
৩	,,	,,	... ...	১০	,,	... ,,	১/৬
৪	,,	,,	... ...	১৫	,,	... ,,	১/৪
৫	,,	,,	... ...	২০	,,	... ,,	১/৩
১৪	,,	,,	... ...	৩০	,,	... ,,	১/২
২০	,,	,,	... ...	৪০	,,	... ,,	১

২১ হইতে ৬০ বৎসর বয়ঃক্রম পর্য্যন্ত পূর্ণ মাত্রা, তদূর্দ্ধে মাত্রা ক্রমশঃ হ্রাস করিবে।

ইয়াঙ্ অনুমোদিত মাত্রা নিরূপণ-প্রথা :—১২ বৎসরের ন্যূন বয়স্ক বালকের পক্ষে অধিকাংশ ঔষধের মাত্রা, বয়সে ১২ সংযোগে বয়সানুসারে হ্রাস হইবে ; যথা—

১ বৎসরের বালকের পক্ষে মাত্রা $\frac{১}{১+১২} = \frac{১}{১৩}$ গ্রেণ্

২ ,, ,, ,, ,, $\frac{২}{২+১২} = \frac{১}{৭}$,,

৮ ,, ,, ,, ,, $\frac{৮}{৮+১২} = \frac{২}{৫}$,,

১২ ,, ,, ,, ,, $\frac{১২}{১২+১২} = \frac{১}{২}$,,

যৌবনাবস্থা অপেক্ষা শৈশবাবস্থায় পারদ অধিক সহ্য হয়, কিন্তু শিশুদিগের অহিফেন অধিক মাত্রায় প্রয়োগ করা যায় না। স্ত্রীলোকেরা, শারীর বিধানের কোমলতা ও স্বাভাবিক সৌকুমার্য্য নিবন্ধন, পুরুষ অপেক্ষা অল্প মাত্রায় ঔষধের ক্রিয়ার বশবর্ত্তী হয়।

চিকিৎসা করিতে গেলে নিম্নলিখিত নিয়মগুলি স্মরণ রাখা কর্ত্তব্য :—

১। রোগ আরোগ্যোন্মুখ হইলে ঔষধ ব্যবস্থা দ্বারা স্বভাবের ক্রিয়ার ব্যাঘাত জন্মাইবে না।

২। ঔষধ প্রয়োগ প্রয়োজন হইলে যন্ত্রণাজনক ঔষধ প্রয়োগ করিবে না, ও এরূপ ঔষধ ব্যবস্থা করিবে যে, তদ্দারা শরীরে কোন হানি না হয়।

৩। ঔষধের এরূপ প্রয়োগরূপ বিধান করিবে যে, সহজে ও বিনাক্লেশে সেবন করা যায়। ঔষধের কদর্য্য আস্বাদ দূরীকরণার্থ শর্করার পাকাদি সহযোগে প্রয়োগ করিবে।

৪। কোন কোন ব্যক্তির শরীরের ভাব এরূপ থাকে যে, কোন কোন ঔষধ সহ্য হয় না; এ অবস্থায় সে সকল ঔষধ প্রয়োগ অবিধেয়; যথা, পারদ, অহিফেন, টার্পিন্, ইত্যাদি।

৫। ঔষধের ক্রিয়া প্রকাশ সময়ে রোগীর অবস্থার প্রতি লক্ষ্য রাখিবে; যথা, রোগীকে ঘর্ম্মকারক ঔষধ প্রয়োগ করিলে যদি শরীর অনাবৃত থাকে, তবে ঔষধ নিষ্ফল হয়।

৬। যে ঔষধ যাহার সহিত অসম্মিলিত হয়, অর্থাৎ উভয়ের রাসায়নিক সংযোগ ও বিয়োগ দ্বারা গুণের পরিবর্ত্তন হয়, সে ঔষধের সহিত তাহা মিশ্রিত করিবে না। পরীক্ষা দ্বারা দেখা গিয়াছে যে, রাসায়নিক অসম্মিলন সত্ত্বেও অনেক দ্রব্য,—যথা, বাইক্লোরাইড্ অব্ মার্কারি ও বার্কের অরিষ্ট, গ্যালিক্ য়্যাসিড্ ও অহিফেনের অরিষ্ট প্রভৃতি,—আময়িক বিধানে উপকার করে।

৭। আরোগ্য না হইলে, রোগ শাম্য করিবার চেষ্টা করিবে; রোগীকে মিথ্যা ভ্রম জন্মাইবে না।

৮। যে ঔষধের ক্রিয়া জানা নাই, তাহা ব্যবস্থা বা সেবনে অনুমতি দিবে না।

৯। রোগীর মনে আশা ও ভরসা জন্মাইয়া দিবে; বিশ্বাস জন্মিলে রোগ শীঘ্র আরোগ্য হয়।

১০। রোগীর বাস-গৃহ, গৃহের বায়ু সঞ্চলন, আলোক, পথ্য আদির নিয়ম নির্দ্ধারিত করিবে, নচেৎ কেবল ঔষধ ব্যবস্থা করা অনর্থক হয় ও কর্ত্তব্য লঙ্ঘন করা হয়।

অসম্মিলন।

কোন্ ঔষধ কোন্ ঔষধের সহিত সম্মিলনে উভয়ের ধর্ম্ম নষ্ট হয়, তাহা চিকিৎসকের জানা বিশেষ প্রয়োজন। তিন প্রকারে ঔষধ সকল পরস্পরের সহিত অসম্মিলিত হয়;—১, রাসায়নিক, ২, আময়িক, ৩, সম্পূর্ণ বা প্রকৃত। সিরাপ্ অব্ স্কুইল্ ও সাল্ভলেটাইল্; য়্যাসিটেট্ অব্ লেড্ ও সাল্ফিউরিক্ য়্যাসিড্ বা সাল্ফেট্ অব্ জিঙ্ক্; লৌহ ও ট্যানিন্ ঘটিত বিবিধ পদার্থ প্রথম শ্রেণীর উদাহরণ।

দ্বিতীয় শ্রেণীর উদাহরণ ষ্ট্রিক্নিয়া ও ক্যালেবার্ বীন্।

যে সকল দ্রব্য আদৌ কোন মতে পরস্পর সম্মিলন করা যায় না, যথা—বোর্য়াক্স্ ও মিউসিলেজ্, বা এক ভাগ টিংচার্ অব্ টোলু, মার্হ্ বা বেঞ্জোইন্ ও সাত ভাগ জল। ইহারা তৃতীয় শ্রেণীভুক্ত।

ঔষধ সকলের পরস্পর অসম্মিলন সুন্দররূপে বুঝিতে গেলে রসায়ন বিদ্যা ও ভৈষজ্য শাস্ত্র ভাল করিয়া জানা প্রয়োজন; এ ক্ষুদ্র গ্রন্থে তদ্বর্ণন অসম্ভব। সাধারণ নিয়ম এই যে—

১। যে দ্রব্য যে দ্রব্যের বিষনাশার্থ ব্যবহৃত হয়, এবং যাহা যাহার রাসায়নিক পরীক্ষায় ব্যবহার করা যায়, বিশেষতঃ যদি রাসায়নিক প্রয়োগে অদ্রবণীয় পদার্থ অধঃস্থ হয়, তাহা হইলে সেই সকল পদার্থ উহাদের সহিত সম্মিলিত করিবে না; যথা, ধাতব লবণ বা অণ্ডলাল, ট্যানিন্ সংযুক্ত পদার্থ সহযোগে অপ্রয়োজ্য; ক্লোরাইড্ন্, নাইট্রেট্ অব্ সিল্ভার্ সহ অবিধেয়।

২। উপক্ষার সকল ট্যানিক্ য়্যাসিড্ ও কষ্টিক্ ক্ষার দ্বারা অধঃপাতিত হয় এবং ক্লোরিন্ঘটিত দ্রব সংযোগে নষ্ট হয়।

৩। ক্ষার সমুদয় ধাতব লবণ অধঃস্থ করে।

৪। ঔদ্ভিদ লবণের সহিত ধাতব অম্ল প্রয়োগ করিলে উহা বিযুক্ত হয়, সুতরাং একত্রে অপ্রয়োজ্য। সুরাঘটিত দ্রব সহযোগে ধাতব অম্ল প্রয়োগ করিলে ঈথার্ প্রস্তুত হয়।

৫। স্যালিসিন্, স্যাণ্টোনিন্ ও কলোসিন্থ্ অম্ল সহযোগে বিযুক্ত হইয়া নষ্ট হয়।

৬। সাধারণতঃ অরিষ্ট সমুদয় জল সংযোগে রজন (Resin) অধঃস্থ করে; উহা আইয়োডিনের সুরাঘটিত দ্রব হইতে আইয়োডিন্ অধঃপাতিত করে। ট্যানিক্ য্যাসিড্ ঘটিত ফাণ্ট্ ধাতব লবণ সহযোগে প্রয়োগ অবিধেয়।

বিশেষ অসম্মিলন—

নিম্নলিখিত ঔষধগুলি স্বতন্ত্র বা কেবল পরিস্রুত জলে দ্রব করিয়া ব্যবস্থেয়:—করোসিভ্ সাব্লিমেট্, ট্যানিক্ য্যাসিড্, ষ্ট্রিক্নিয়া, সীস ও আইয়োডিন্ঘটিত প্রয়োগরূপ, নাইট্রেট্ অব্ সিল্ভার্। গ্লুকোসাইড্স্ বা ক্রিয়েজোট্ সহযোগে নাইট্রেট্ অব্ সিল্ভার্ অগ্নি উৎপাদক মিশ্র প্রস্তুত করে, ইহা ঔদ্ভিদ সার সহ অব্যবস্থেয়।

ক্রমিক্ য্যাসিড্ সহ সুরাবীর্য্য মিশ্রিত করিলে, অথবা ক্লোরেট্ অব্ পটাশের সহিত ট্যানিক্ য্যাসিড্ বা গন্ধক, চূর্ণ করিলে সশব্দে অগ্ন্যুৎপন্ন হয়। সিরাপ্ অব্ স্কুইল্ কার্বনেট্স্ সহযোগে অপ্রয়োজ্য। টিংচার্ অব্ ক্লোরাইড্ অব্ আয়রন্, সাল্ফেট্ অব্ কুইনিয়া দ্রব সহযোগে প্রয়োগ করিলে কুইনিয়া অধঃস্থ হয়।

য্যাকেসিয়া দ্রবের সহিত টিংচার্ অব্ ক্লোরাইড্ অব্ আয়রন্, এবং বোর্য়াক্স্ দিলে জেলেটিনের ন্যায় হয়। য্যাকেসিয়া দ্রব

সাব্‌য়্যাসিটেট্ অব্ লেড্ দ্রব দ্বারা এবং সুরা-বীর্য্য দ্বারা অধঃস্থ হয়।

সচরাচর ব্রিটিশ্ ফার্ম্মাকোপিয়া প্রচারিত তৌল ও ওজন ব্যবহৃত হয়। তদ্‌যথা,—

গ্রেণ্ চিহ্ন gr.

৪৩৭॥ গ্রেণে ... ১ আউন্স্ চিহ্ন ℥

১৬ আঃ বা ৭০০০ গ্রেণে ... ১ পাউণ্ড „ lb

দ্রব দ্রব্যের পরিমাণ।

মিনিম চিহ্ন ♏.

৬০ মিনিমে ...	...	১ ড্রাম্, চিহ্ন fl. ʒ
৮ ড্রামে ...	...	১ আউন্স্ „ fl. ℥
২০ আউন্সে ...	...	১ পাইন্ট্ „ O
৮ পাইন্টে ...	...	১ গ্যালন্ „ C

ব্যবহৃত চিহ্ন।

ss.	... ...	অর্দ্ধেক
q. s.	... ...	যথাপ্রয়োজন
ana	... ...	প্রত্যেক
ad	... ...	সর্ব্বসমেত

সংখ্যা নির্ণয়ার্থ রোমীয় চিহ্ন ব্যবহৃত হয়; যথা,—

I	II	III	IV	V	VI	VII	VIII	IX	X	XI	XII	XX
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	২০

XXX	XL	L	LX	C	প্রভৃতি।
৩০	৪০	৫০	৬০	১০০	

সঙ্কোচক।

১। ℞ য়্যাসিডাম্ ট্যানিকাম্ (৩০ গ্রে—১ ড্রা) gr. xxx—ʒi

জলমিশ্র যবক্ষার দ্রাবক ...	(১ ড্রা)	ʒi
অহিফেনের তরল সার ...	(॥০ ড্রা)	ʒss
ইন্‌ফিউজাম্ জেন্‌শিয়েনী ...	(৬ আং)	℥vi

একত্র মিশ্রিত করিবে। মাত্রা, এক আং ; দিবসে তিন বার। শ্বাসনালী-প্রদাহে অধিক শ্লেষ্মা নিঃসরণ এবং যক্ষ্মা রোগে অধিক পূয নিঃসরণ লাঘবার্থ প্রয়োজ্য। অপিচ, উদরাময় এবং রক্তস্রাবাদি যে সকল রোগে সঙ্কোচক বিধেয় প্রয়োগ করা যায়।

২। ℞ য়্যাসিডাম্ গ্যালিকাম্ (৩০ গ্রে—১ ড্রা) gr. xxx—ʒi

সুগন্ধ গন্ধক দ্রাবক ...	(১ ড্রা)	ʒi
দারুচিনির অরিষ্ট ...	(৩ ড্রা)	ʒiii
অম্লযুক্ত গোলাবের ফাণ্ট্ ...	(৫॥০ আং)	℥vss

একত্র মিশ্রিত করিবে। মাত্রা এক আং ; তিন চারি ঘণ্টা অন্তর প্রয়োজ্য। প্রয়োজন মতে অহিফেনের অরিষ্ট বা অহিফেনের তরল সার প্রতি মাত্রায় পাঁচ মিনিম্ পরিমাণে সংযোগ করিবে।

রক্তোৎকাশ, রক্তবমন, রক্তপ্রদরাদিতে ব্যবহৃত হয়।

৩। ℞ য়্যাসিডাম্ গ্যালিকাম্ ... (৪ গ্রেণ্) gr. iv
গাঁজার সার ... ... (½ গ্রে) gr. ss
রক্ত গোলাবের খণ্ড ... (১ গ্রে) gr. i

একত্র মিশ্রিত করিয়া এক বটিকা প্রস্তুত করিবে। শয়নকালে সেবনীয়। যক্ষ্মাদি রোগে নিশাঘর্ম্ম নিবারণার্থ প্রয়োজ্য।

৪। ℞ য়্যাসিডাম্ গ্যালিকাম্ ... (৮ গ্রে) gr. viii
হাইড্রোক্লোরেট্ অব্ মর্ফিয়া (⅛ গ্রে) gr. ⅛
রক্ত গোলাবের খণ্ড (যথাপ্রয়োজন) q. s.

একত্র মিশ্রিত করিয়া দুই বটিকা প্রস্তুত করিবে। শয়নকালে সেবনীয়। নিশাঘর্ম্ম নিবারণার্থ প্রয়োজ্য।

৫। ℞ য়্যাসিডাম্ গ্যালিকাম্ (৫—১০ গ্রে) gr. v—x
পাল্‌ভিস্ ইপেকাকুয়ানী কম্পোজিটা (১০ গ্রে) gr. x

একত্র মিশ্রিত করিয়া চূর্ণ প্রস্তুত করিবে; ছয় হইতে আট ঘণ্টা অন্তর প্রয়োজ্য।

রক্তোৎকাশ, রক্তবমন, রক্তভেদ, রক্তপ্রস্রাবাদিতে ব্যবস্থেয়।

৬। ℞ দারুচিনির অরিষ্ট ... (৪ ড্রা) ʒiv
য়্যারোম্যাটিক্ স্পিরিট্ অব্ য়্যামোনিয়া (২ ড্রা) ʒii
লগ্‌উডের কাথ ... (৬ আং) ℥vi

একত্র মিশ্রিত করিয়া লইবে। মাত্রা, এক হইতে দেড় আং। উদরাময় রোগে প্রতিবার ভেদের পর।

৭। ℞ দারুচিনির অরিষ্ট ... (৬ ড্রা) ʒvi
জলমিশ্র গন্ধক দ্রাবক ... (২ ড্রা) ʒii

একত্র মিশ্রিত করিয়া লইবে। মাত্রা, কুড়ি মিনিম্; অর্দ্ধ ছটাক জলের সহিত দুই ঘণ্টা অন্তর।

মূত্রগ্রন্থি, মূত্রাশয়, এবং জরায়ু হইতে রক্তস্রাব, অতিঘর্ম্ম রোগে প্রয়োজ্য।

৮। ℞ ক্রামিরিয়ার অরিষ্ট ... (১½ আং) ℥iss
পোস্তের পাক ... (৬ ড্রা) ʒvi
ম্যাটিকোর ফাণ্ট্ ... (৬ আং) ℥vi

একত্র মিশ্রিত করিয়া লইবে। মাত্রা, অর্দ্ধ আং; তিন চারি ঘণ্টা অন্তর। যক্ষ্মারোগে উদরাময় দমনার্থ উপযোগী।

৯। ℞ রেউচিনির অরিষ্ট ... (৩ ড্রা) ʒiii
ইন্‌ফিউজাম্ ক্রামিরিয়া ... (৬ আং) ℥vi

একত্র মিশ্রিত করিয়া লইবে। মাত্রা, এক আউন্স্। ছয় ঘণ্টা অন্তর ব্যবস্থা করিবে। সামান্য উদরাময়ে উপকারক।

১০। ℞ খদিরের অরিষ্ট ... (৩—৬ ড্রা) ʒiii—vi
সুগন্ধ খটিকাচূর্ণ ... (১½ ড্রা) ʒiss
পিপার্‌মিণ্ট্‌ তৈল ... (৬ মি) ♏vi
অহিফেনের তরল সার ... (৩০ মি) ♏xxx
খটিকা মিশ্র ... (৮½ আং) ℥viiiss

একত্র মিশ্রিত করিয়া লইবে। মাত্রা দেড় আউন্স্‌। প্রতিবার ভেদের পর। সামান্য উদরাময় রোগে উপকারক।

১১। ℞ খদিরের অরিষ্ট ... (৩ ড্রা) ʒiii
কাইনোর অরিষ্ট ... (৩ ড্রা) ʒiii
কুঁচিলার অরিষ্ট ... (½—১ ড্রা) ʒss—i
অহিফেনের অরিষ্ট ... (½—১ ড্রা) ʒss—i
এলাদি অরিষ্ট ... (৩ ড্রা) ʒiii
খটিকা মিশ্র ... (৭½ আং) ℥viiss

একত্র মিশ্রিত করিয়া লইবে। মাত্রা, এক আউন্স্‌; দিবসে তিন বার। পুরাতন উদরাময় রোগে প্রয়োজ্য।

১২। ℞ খদিরের অরিষ্ট ... (৪ ড্রা) ʒiv
সুগন্ধ গন্ধক-দ্রাবক ... (১ ড্রা) ʒi
পিপার্‌মিণ্ট্‌ তৈল ... (৬ মি) ♏vi
খদিরের ফাণ্ট্‌ ... (৬ আং) ℥vi

একত্র মিশ্রিত করিয়া লইবে। মাত্রা, এক আউন্স্‌ দিবসে তিন বার। উদরাময় রোগে ব্যবহার্য্য।

১৩। ℞ টিংচার্ অব্ হপ্ ... (৬ ড্রা) ʒvi
এলাদি অরিষ্ট ... (৪ ড্রা) ʒiv
ইপেক্কাকুয়ানা ওয়াইন্ (২ ড্রা) ʒii
অহিফেনের তরল সার (৩০ মি) ♏xxx
খটিকা মিশ্র ... (৪½ আং) ℥ivss

একত্র মিশ্রিত করিয়া লইবে। অর্দ্ধ আউন্স্ মাত্রায় তিন চারি ঘণ্টা অন্তর ব্যবস্থেয়। অম্লজনিত উদরাময় রোগে প্রয়োজ্য।

১৪। ℞ খদিরের অরিষ্ট ... (৩ ড্রা) ʒiii
স্পিরিটাস্ ক্লোরোফর্মাই (৬ ড্রা) ʒvi
ম্যাটিকোর ফাণ্ট্ ... (৬ আং) ℥vi

একত্র মিশ্রিত করিয়া লইবে। মাত্রা অর্দ্ধ আউন্স্; দিবসে তিন চারি বার। পুরাতন উদরাময় এবং অতিসার রোগে প্রয়োজ্য।

১৫। ℞ টার্পিন্ তৈল ... (১০—২০ মি) ♏x—xx
বাদাম মিশ্র ... (১ আং) ℥i

একত্র মিশ্রিত করিয়া প্রতি ঘণ্টায় ব্যবস্থা করিবে। রক্তোৎকাশ রোগে, বিশেষতঃ রোগী দুর্ব্বল হইলে প্রয়োজ্য।

১৬। ℞ টার্পিন্ তৈল ... (৫—১০ মি) ♏v—x
আরবি গঁদের মণ্ড ... (৪ ড্রা) ʒiv
বাইকার্বনেট্ অব্ সোডা (১০ গ্রে) gr. x
এনিথি তৈল ... (১ মি) ♏i
পরিশ্রুত জল ... (১½ আং) ℥iss

একত্র মিশ্রিত করিয়া দিবসে তিন বার ব্যবস্থা করিবে। রক্তবমনাদিতে প্রয়োজ্য।

১৭। ℞ টার্পিন্ তৈল ... (১½—৩ ড্রা) ʒiss—iii
জম্বীরের পাক ... (৬ ড্রা) ʒvi
ট্রাগাকান্থের মণ্ড ... (৩ আং) ℥iii
জল ... ... (৬ আং) ℥vi

একত্র মিশ্রিত করিয়া লইবে। মাত্রা, দেড় আউন্স্; চারি হইতে ছয় ঘণ্টা অন্তর। রক্তোৎকাশ, রক্তবমন, নাসিকা হইতে রক্তস্রাব, পার্পিউরা হেমোরাজিকা আদি রোগে ব্যবহার্য্য।

১৮। ℞ কাইনো আদি চূর্ণ ... (১০ গ্রে) gr. x
ক্যাম্ফরিলার ফাণ্ট্ ... (৬ ড্রা) ʒvi
দারুচিনির জল ... (৩ ড্রা) ʒiii
পোস্তের পাক ... (১ ড্রা) ʒi

একত্র মিশ্রিত করিয়া প্রাতে এবং সন্ধ্যায় প্রয়োগ করিবে। পুরাতন অতিসারে বিধেয়।

১৯। ℞ কাইনো আদি চূর্ণ ... (১০ গ্রে) gr. x
খটিকাদি চূর্ণ ... (২০ গ্রে) gr. xx
অহিফেন-চূর্ণ ... (½ গ্রে) gr. ss
শুণ্ঠীর পাক ... (যথাপ্রয়োজন) q. s.

একত্র মিশ্রিত করিয়া অবলেহরূপে দিবসে দুই তিন বার প্রয়োগ করিবে। উদরাময় রোগে বিধেয়।

২০। ℞ ট্যানিক্ য়্যাসিড্ ... (১৫ গ্রে) gr. xv
র‍্যাটানির সার ... (৩০ গ্রে) gr. xxx
শর্করার পাক ... (যথাপ্রয়োজন) q. s.

একত্র মিশ্রিত করিয়া কুড়ি বটিকা প্রস্তুত করিবে। মাত্রা, দুই বটিকা; দিবসে চারি বার। অতিঘর্ম্ম, পুরাতন উদরাময় এবং রক্তস্রাবাদিতে বিধেয়।

২১। ℞ সীসশর্করা ... (২৪ গ্রে) gr. xxiv
য়্যাসিটেট্ অব্ মর্ফিয়া (১ গ্রে) gr. i
জলমিশ্র সির্কাম্ল ... (৪ ড্রা) ʒiv
পরিস্রুত জল ... (৮ আং) ℥viii

একত্র মিলাইয়া লইবে। মাত্রা, এক আউন্স্; দিবসে তিন চারি বার। রক্তস্রাব, রক্ত-অতিসার আদি রোগে ব্যবহার্য্য।

২২। ℞ সীসশর্করা ... (১৫—২০ গ্রে) gr. xv—xx
জলমিশ্র সির্কাম্ল (৩০ মি) ♏xxx
পরিস্রুত জল (৬ আং) ℥vi

একত্র মিলাইয়া এক আউন্স্ মাত্রায় দুই তিন ঘণ্টা অন্তর প্রয়োজ্য। উদরাময়, অতিসার এবং রক্তস্রাব রোগে বিধেয়। প্রয়োজন মতে অহিফেনের তরল সার বা অরিষ্ট পাঁচ হইতে দশ মিনিম্, অথবা য়্যাসিটেট্ অব্ মর্ফিয়া ⅛ গ্রেণ্ প্রতিমাত্রায় মিলাইয়া লইতে পারা যায়।

২৩। ℞ সীসশর্করা ... (৩ গ্রে) gr. iii

সাবানাদি বটিকা ... (২ গ্রে) gr. ii

একত্র মিলাইয়া বটিকা প্রস্তুত করিবে। মাত্রা, প্রত্যহ দুই তিন বটিকা। রক্তাতিসার এবং রক্তোৎকাশ আদি রোগে বিধেয়।

২৪। ℞ সীসশর্করা ... (৩ গ্রে) gr. iii

ইপেকাকুয়ানাদি চূর্ণ (৫ গ্রে) gr. v

একত্র মিলাইয়া এক পুরিয়া প্রস্তুত করিবে। উদরাময়, অতিসার, রক্তোৎকাশ এবং রক্তবমনাদি রোগে বিধেয়।

২৫। ℞ ফট্কিরি ... (১ ড্রা) ʒi

জলমিশ্র গন্ধক-দ্রাবক (১½ ড্রা) ʒiss

শর্করার পাক ... (১ আং) ℥

অম্লযুক্ত গোলাবের ফাণ্ট্ (৫ আং) ℥v

একত্র মিশ্রিত করিয়া লইবে। মাত্রা, এক আউন্স্ চারি ঘণ্টা অন্তর। রক্তস্রাব রোগে প্রয়োজ্য।

২৬। ℞ ফট্‌কিরি ... (৫ গ্রে) gr. v

কাইনো আদি চূর্ণ (৫ গ্রে) gr. v

একত্র মিলাইয়া এক পুরিয়া প্রস্তুত করিবে। দিবসে তিন চারি পুরিয়া ব্যবস্থা করিবে। পুরাতন উদরাময় এবং রজোধিক রোগে প্রয়োজ্য।

২৭। ℞ বিস্‌মাথাই সব্‌নাইট্রাস্ ... (১ ড্রা) ʒi

কার্বনেট্ অব্ সোডা ... (৩০ গ্রে) gr. xxx

ইপেকাকুয়ানাদি চূর্ণ ... (৩০ গ্রে) gr. xxx

একত্র মিলাইয়া ছয় পুরিয়ায় বিভক্ত করিবে। দিবসে তিন চারি পুরিয়া পুরাতন অতিসার এবং উদরাময় রোগে ব্যবস্থা করিবে।

২৮। ℞ বিস্‌মাথাই কার্বনাস্ ... (১ ড্রা) ʒi

এলাদি অরিষ্ট ... ... (২ ড্রা) ʒii

অহিফেনারিষ্ট ... ... (৩০ মি) ♏ xxx

পিপারমিণ্ট ওয়াটার্ ... (৬ আং) ℥vi

একত্র মিলাইয়া লইবে। পুরাতন উদরাময় এবং অতিসার রোগে এক আউন্স্ মাত্রায় দিবসে দুই তিন বার ব্যবস্থা করিবে।

২৯। ℞ বিস্মাথাই কার্বনাস্ বা সাব্নাইট্রাস্ (১ ড্রা) ʒi
খদিরাদি চূর্ণ ... ... (২ ড্রা) ʒii

একত্র মিলাইয়া ছয় পুরিয়া প্রস্তুত করিবে। পুরাতন উদরাময় এবং অতিসার রোগে দিবসে তিন পুরিয়া প্রয়োগ করিবে।

৩০। ℞ বিস্মাথাই কার্বনাস্ বা সাব্নাইট্রাস্ (১ ড্রা) ʒi
ট্যানিক্ বা গ্যালিক্ য়্যাসিড্ ... (৩০ গ্রে) gr. xxx
ইপেকাকুয়ানাদি চূর্ণ ... ... (৩০ গ্রে) gr. xxx

ইহাতে ছয় পুরিয়া প্রস্তুত করিয়া চারি হইতে ছয় ঘণ্টা অন্তর রক্তাতিসার এবং আমাতিসারে ব্যবস্থা করিবে।

৩১। ℞ বিস্মাথ্ সাব্নাইট্রাস্ বা কার্বনাস্
ফেরি পারক্সাইডাম্ ...
ক্যালাম্বা চূর্ণ ...
} (২½ ড্রা) ʒiiss

একত্র মিশ্রিত করিয়া কুড়ি পুরিয়ায় বিভক্ত করিবে। উদরাময় সহযোগে নীরক্তাবস্থা থাকিলে এক এক পুরিয়া প্রাতে ও সন্ধ্যায় বিধেয়।

৩২। ℞ আর্জেন্টাই নাইট্রাস্ (¼—½ গ্রে) gr. ¼—ss
পরিস্রুত জল ... (২ আঃ) ℥ii
আরবি গঁদ ... (৪ গ্রে) gr. iv
শর্করা ... (১ ড্রা) ʒi

একত্র মিশ্রিত করিয়া লইবে। দুর্দম উদরাময় রোগে এক ড্রাম্ মাত্রায় দুই ঘণ্টা অন্তর ব্যবস্থা করিবে।

৩৩। ℞ আর্জেণ্টাই নাইট্রাস্ (১ গ্রে) gr. i

পাল্‌ভিস্ ইপেকাকুয়ানী... (১২ গ্রে) gr. xii

অহিফেনের সার ... (২ গ্রে) gr. ii

একত্র মিশ্রিত করিয়া আট বটিকা প্রস্তুত করিবে। রক্তাতিসার রোগে এক এক বটিকা তিন চারি ঘণ্টা অন্তর প্রয়োগ করিবে।

৩৪। ℞ জিন্‌সাই সাল্‌ফাস্ ... (২৪ গ্রে) gr. xxiv

পাল্‌ভিস্ ইপেকাকুয়ানী ... (৬ গ্রে) gr. vi

গন্ধবোল চূর্ণ ... (২৪ গ্রে) gr. xxiv

ল্যাকটিউকেরিয়াম্ }
গোলাবের খণ্ড } ... (৩০ গ্রে) gr. xxx

একত্র মিলাইয়া চব্বিশ বটিকা প্রস্তুত করিবে। পুরাতন অতিসার এবং উদরাময় রোগে এক এক বটিকা ছয় ঘণ্টা অন্তর প্রয়োগ করিবে।

৩৫। ℞ জিন্‌সাই সাল্‌ফাস্ ... (১২ গ্রে) gr. xii

অহিফেন-চূর্ণ .... (৩ গ্রে) gr. iii

এক্‌ষ্ট্রাক্টাম্ র‍্যাটানী ... (৩০ গ্রে) gr. xxx

একত্র মিশ্রিত করিয়া দ্বাদশ বটিকায় বিভক্ত করিবে।

পুরাতন অতিসার এবং উদরাময় রোগে এক এক বটিকা ছয় ঘণ্টা অন্তর বিধেয়।

৩৬। ℞ তুঁতিয়া	...	(৬ গ্রে)	gr. vi
গন্ধবোল চূর্ণ	...	(১২ গ্রে)	gr. xii
গোলাবের খণ্ড	...	(৩০ গ্রে)	gr. xxx

একত্র মিশ্রিত করিয়া বার বটিকা প্রস্তুত করিবে। পুরাতন উদরাময় এবং অতিসার রোগে এক এক বটিকা ছয় ঘণ্টা অন্তর প্রয়োজ্য।

৩৭। ℞ বিল্বের তরল সার	...	(২ আং)	℥ii
অহিফেনের অরিষ্ট	...	(২ ড্রা)	ʒii
টিংচার্ অব্ ম্যাটিকো	...	(১ আং)	℥i
শুণ্ঠীর অরিষ্ট	...	(৪ ড্রা)	ʒiv
জল ...	...	(৮½ আং)	℥viiiss

একত্র মিশ্রিত করিয়া লইবে। এক আউন্স্ মাত্রায় তিন চারি ঘণ্টা অন্তর সেবনীয়। উদরাময় এবং অতিসার রোগে প্রয়োজ্য।

৩৮। ℞ হিরাকস, পোটাসী কার্বনাস্	}	(৩০ গ্রে)	gr. xxx
কতীরার মণ্ড	...	(যথাপ্রয়োজন)	q. s.

একত্র মিলাইয়া বার বটিকা প্রস্তুত করিবে। মাত্রা,

এক বটিকা, দিবসে তিন বার সেবনীয়। শ্বেতপ্রদর রোগে বিশেষ উপকার করে।

৩৯। ℞ লাইকর্ ফেরি পার্নাইট্রেটিস্ ... (৩ ড্রা) ʒiii
শর্করার পাক ... (৫ ড্রা) ʒv
পরিস্রুত জল ... (৩ আং) ℥iii

একত্র মিশ্রিত করিয়া লইবে। মাত্রা, অর্দ্ধ আউন্স্; ছয় ঘণ্টা অন্তর। পুরাতন আমোদরাময় এবং শ্বেতপ্রদর রোগে ব্যবহার্য্য।

৪০। ℞ ক্রিয়েজোট্ ... (৪ মি) ♏iv
মাজুফলের অরিষ্ট ... (২ ড্রা) ʒii
পরিস্রুত জল ... (২ আং) ℥ii

একত্র মিশ্রিত করিয়া ধৌত প্রস্তুত করিবে। পুরাতন এবং অধিক রসযুক্ত ক্ষতে বিধেয়।

৪১। ℞ ফট্কিরি ... (২ ড্রা) ʒii
ক্লাইনোর অরিষ্ট ... (১ আং) ℥i
ডিসির ফাণ্ট ... (১৫ আং) ℥xv

একত্র মিশ্রিত করিয়া পিচ্কারী প্রস্তুত করিবে। শ্বেতপ্রদর, জরায়ুমুখে ক্ষতাদিতে প্রয়োজ্য।

৪২। ℞ লাইকর্ য়্যালিউমিনিস্ কম্পোজিটা (৬ ড্রা) ʒvi
পরিস্রুত জল ... (৫½ আং) ℥vss
আরবি গঁদের মণ্ড ... (½ আং) ℥ss

একত্র মিশ্রিত করিয়া পিচ্‌কারী প্রস্তুত করিবে। পুরাতন প্রমেহ রোগে প্রয়োজ্য।

৪৩। ℞ য়্যাসিডাম্ ট্যানিকাম্ ... (৩০ গ্রে) gr. xxx
অহিফেনারিষ্ট ... (২ ড্রা) ʒii
পরিস্রুত জল ... (৮ আং) ℥viii

একত্র মিলাইয়া কুল্যর্থে বিধান করিবে।

৪৪। ℞ য়্যাসিডাম্ ট্যানিকাম্ ... (১ ড্রা) ʒi
ক্রমিমস্তকী ... (১ ড্রা) ʒi
স্পিরিটাস্ ঈথারিস্ ... (১ আং) ℥i

দ্রব করিয়া লইবে। দিস্তক্ষতে দন্তগহ্বর মধ্যে তুলায় করিয়া প্রয়োগ করিবে।

৪৫। ℞ য়্যাসিডাম্ গ্যালিকাম্ ... (৩০ গ্রে) gr. xxx
জলপাইর তৈল ... (২ ড্রা) ʒii
মর্ফী হাইড্রোক্লোরাস্ ... (২ গ্রে) gr. ii
আঙ্গুয়েণ্টাম্ জিঙ্কাই ... (১ আং) ℥i

একত্র মিলাইয়া মলম প্রস্তুত করিবে। বেদনাযুক্ত অর্শ রোগে প্রয়োজ্য।

৪৬। ℞ তুঁতিয়া ... (৪ গ্রে) gr. iv
অহিফেনের সার ... (২ গ্রে) gr. ii
ইপেকাকুয়ানা চূর্ণ ... (২০ গ্রে) gr. xx
জেন্‌শিয়েনের সার ... (যথাপ্রয়োজন) q. s.

একত্র মিশ্রিত করিয়া আট বটিকা প্রস্তুত করিবে। পুরাতন অতিসার এবং উদরাময় রোগে দিবসে তিন বটিকা ব্যবস্থেয়।

৪৭। ℞ এক্‌ষ্ট্রাক্টাম্ আর্গটী লিকুইডাম্ (২ ড্রা) ʒii
এলাদি অরিষ্ট ... (২ ড্রা) ʒii
য়্যাকোয়া এনিথাই ... (৫½ আং) ℥vss

একত্র মিলাইয়া এক আউন্স্ মাত্রায় তিন চারি ঘণ্টা অন্তর ব্যবস্থা করিবে; প্রয়োজন মতে অহিফেনের তরল সার এক ড্রাম্, বা য়্যাসিটেট্ অব্ মর্ফিয়া এক গ্রেণ্ মিলাইয়া লইবে। রক্তাতিসার, রক্তোৎকাশ এবং অন্যান্য রক্তস্রাব রোগে বিধেয়।

বলকারক।

১। ℞ চিরেতার অরিষ্ট ... (৪ ড্রা) ʒiv
লিকুইড্ এক্‌ষ্ট্রাক্ট্ অব্ সিঙ্কোনা ফ্লেভা } (২ ড্রা) ʒii
ইন্‌ফিউজাম্ ক্যাস্কারিলী ... (৬½ আং) ℥viss
কমলার পাক ... (৬ ড্রা) ʒvi

একত্র মিশ্রিত করিয়া লইবে। মাত্রা, এক আউন্স; দিবসে তিন বার। রোগান্ত-দৌর্ব্বল্যে উপকারক।

২। ℞ লাইকর্ ম্যামোনী ... (১ ড্রা) ʒi
কমলার অরিষ্ট ... (১ আং) ℥i
চিরেতার ফাণ্ট ... (৫ আং) ℥v

একত্র মিশ্রিত করিয়া লইবে। মাত্রা, এক আউন্স; দিবসে তিন বার। অম্ল-ঘটিত অজীর্ণে উপকারক।

৩। ℞ চিরেতার সার ... (২ ড্রা) ʒii
শুষ্ক কার্বনেট্ অব্ সোডা (২৪ গ্রে) gr. xxiv
শুণ্ঠীচূর্ণ ... ... (১৫ গ্রে) gr. xv

একত্র মিশ্রিত করিয়া চব্বিশ বটিকা প্রস্তুত করিবে। মাত্রা, দুই বটিকা; দিবসে দুই বার। অম্ল-ঘটিত অজীর্ণ এবং অত্যাচারীর অজীর্ণ রোগে ব্যবস্থেয়।

৪। ℞ ক্যালাম্বা চূর্ণ
রেউচিনি চূর্ণ
দারুচিনি চূর্ণ
কার্বনেট্ অব্ সোডা
} ......(১ ড্রা) ʒi

একত্র মিশ্রিত করিয়া বার পুরিয়ায় বিভক্ত করিবে। অজীর্ণ রোগে প্রাতে এবং শয়নকালে এক এক পুরিয়া সেবনের ব্যবস্থা করিবে।

৫। ℞ এলাদি অরিষ্ট ... ... (১ আঃ) ℥i
বাইকার্বনেট্ অব্ সোডা ... (৩০ গ্রে) gr. xxx
কম্পাউণ্ড্ ইন্‌ফিউজন্ অব্ জেন্‌শিয়েন্ (৫ আং) ℥v
একত্র মিশ্রিত করিয়া লইবে। অজীর্ণ রোগে এক আউন্স্ মাত্রায় দিবসে দুই বার ব্যবস্থা করিবে।

৬। ℞ কম্পাউণ্ড্ টিংচার্ অব্ জেন্‌শিয়েন্ (১ আং) ℥i
কমলার পাক ... ... (১ আঃ) ℥i
কম্পাউণ্ড্ ইন্‌ফিউজন্ অব্ জেন্‌শিয়েন্ (৬ আং) ℥vi
একত্র মিশ্রিত করিয়া লইবে। অগ্নিবৃদ্ধি এবং বলকরণার্থে এক আউন্স্ মাত্রায় দিবসে দুই বার বিধেয়।

৭। ℞ কম্পাউণ্ড্ টিংচার্ অব্ জেন্‌শিয়েন্ (১ আং) ℥i
শুণ্ঠীর অরিষ্ট ... ... (২ ড্রা) ʒii
কর্পূরাদি অরিষ্ট ... (২ ড্রা) ʒii
সাল্‌ফেট্ অব্ কুইনাইন্ ... (৮ গ্রে) gr. viii
একত্র মিশ্রিত করিবে। পুরাতন উদরাময় এবং অতিসার রোগে দুই ড্রাম্ মাত্রায় দিবসে তিন বার কিঞ্চিৎ ডিল্ ওয়াটার্ সহযোগে বিধেয়।

৮। ℞ টিংচ্যুরা ক্যাস্কারিলী } (৪ ড্রা) ʒiv
শুণ্ঠীর অরিষ্ট }
ইন্‌ফিউজাম্ ক্যাস্কারিলী ... (৭ আং) ℥vii

একত্র মিশ্রিত করিবে। অজীর্ণ এবং মন্দাগ্নি রোগে এক আউন্স্ মাত্রায় দিবসে দুই বার ব্যবহেয়।

৯। ℞ জলমিশ্রিতগন্ধক-দ্রাবক ... (৩০ মি) ♏xxx
এলাদি অরিষ্ট ... (৪ ড্রা) ʒiv
কমলার পাক ... (৪ ড্রা) ʒiv
সিঙ্কোনার কাথ ... (৫ আং) ℥v

একত্র মিশ্রিত করিয়া লইবে। মাত্রা, এক আউন্স্; দিবসে তিন বার। বলকারক।

১০। ℞ এক্ষ্ট্রাক্টাম্ সিঙ্কোনী ফ্লেভী লিকুইডাম্ (৩০ মি) ♏xxx
কম্পাউণ্ড্ টিংচার্ অব্ সিঙ্কোনা ফ্লেভা (৩০ মি) ♏xxx
কমলার পাক ... ... (৪ ড্রা) ʒiv
ডিকক্টাম্ সিঙ্কোনী ফ্লেভী (৫ আং) ℥v

একত্র মিশ্রিত করিয়া লইবে। বলকরণার্থ এক আউন্স্ মাত্রায় দিবসে তিন বার ব্যবস্থা করিবে।

১১। ℞ অ্যামোনী কার্বনাস্ ... (৩০ গ্রে) gr. xxx
কম্পাউণ্ড্ টিংচার্ অব্ ল্যাভেণ্ডার্ (১ আং) ℥i
ইন্‌ফিউশন্ অব্ সিঙ্কোনা ফ্লেভা (৫ আং) ℥v

একত্র মিশ্রিত করিয়া লইবে। মাত্রা, এক আউন্স্; দিবসে তিন বার। পূযজ জ্বরাদিতে উপকারক।

১২। ℞ য়্যামোনা কার্বনাস্ ... (৩০ গ্রে) gr. xxx
অহিফেনের তরল সার ... (৩০ মি) ♏xxx
স্পিরিটাস্ ঈথারিস্ ... (৩ ড্রা) ʒiii
ডিককৃশন্ অব্ সিঙ্কোনা ফ্লেভী (৬ আং) ℥vi

একত্র মিশ্রিত করিয়া লইবে। মাত্রা, এক আউন্স্; দিবসে তিন বার। ফুস্‌ফুস্ এবং হৃৎপিণ্ডাদি আভ্যন্তরিক যন্ত্রের প্রদাহে নিঃসৃত রক্ত রস ঘনীভূত হইবার পর উপকার করে।

১৩। ℞ স্পিরিটাস্ য়্যামোনী য়্যারোমাটিকাস্ (৪ ড্রা) ʒiv
একষ্ট্রাক্টাম্ সিঙ্কোনী ফ্লেভী লিকুইডাম্ (১½ ড্রা) ʒiss
রেউচিনির অরিষ্ট ... (৪ ড্রা) ʒiv
রেউচিনির ফাণ্ট ... (৫ আং) ℥v

একত্র মিশ্রিত করিয়া লইবে। মাত্রা, এক আউন্স্; দিবসে তিন বার। স্নায়বীয় দৌর্ব্বল্য সহযোগে কোষ্ঠ-বদ্ধ থাকিলে প্রয়োজ্য।

১৪। ℞ সুগন্ধ গন্ধক দ্রাবক ... (২ ড্রা) ʒii
কমলার পাক ... (১ আং) ℥i
কম্পাউণ্ড্ টিংচার্ অব্ সিঙ্কোনা (৬ ড্রা) ʒvi
ইন্‌ফিউজন্ অব্ সিঙ্কোনা ফ্লেভা (৫ আং) ℥v

একত্র মিশ্রিত করিয়া লইবে। মাত্রা, এক আউন্স্; দিবসে দুই তিন বার, শূন্যোদরে প্রয়োজ্য। রক্তস্রাব-প্রবণতা এবং দৌর্ব্বল্যে বিধেয়।

১৫। ℞ জলমিশ্র যবক্ষার দ্রাবক বা ফস্ফরিক্ য়্যাসিড্ } (১½ ড্রা) ʒiss
কুঁচিলার অরিষ্ট ... (১ ড্রা) ʒi
লিকুইড্ এক্ষ্ট্রাক্ট্ অব্ সিঙ্কোনা ফ্লেভা (২ ড্রা) ʒii
পিপারমিণ্ট্ ওয়াটার্ ... (৮ আং) ℥viii

একত্রে মিশ্রিত করিয়া লইবে। মাত্রা, এক আউন্স্; দিবসে তিন বার। স্নায়বীয় এবং সাধারণ-দৌর্ব্বল্যে বিধেয়।

১৬। ℞ জলমিশ্র গন্ধক-দ্রাবক বা লবণ-দ্রাবক বা যবক্ষার দ্রাবক ... } (১৫ মি) ♏xv
কোয়াইনী সাল্ফাস্ ... (½ গ্রে) gr. ss
এলাদি অরিষ্ট ... (১½ ড্রা) ʒiss
ইন্ফিউজাম্ ক্যালাম্বী ... (১ আং) ℥i

একত্রে মিশ্রিত করিয়া লইবে। টাইফয়িড্ জ্বরে সারি হইতে ছয় ঘণ্টা অন্তর বিধেয়।

১৭। ℞ ডাইল্যুটেড্ নাইট্রো-হাইড্রো-ক্লোরিক্ য়্যাসিড্ } (১½—৩ ড্রা) ʒiss—iii
চিরেতার অরিষ্ট ... (৩ ড্রা) ʒiii
টিংচুরা য়্যাকোনাইসী ... (৩০ মি) ♏xxx
কমলার পাক ... (১ আং) ℥i
কমলার ফ্লাণ্ট ... (৫ আং) ℥v

একত্র মিশ্রিত করিয়া লইবে। মাত্রা, এক আউন্স্; দিবসে দুই বার। প্রস্রাবে অক্‌জ্যালিক্ য়্যাসিড্ জন্মিলে বিধেয়।

১৮। ℞ ডাইলুটেড্ নাইট্রো হাইড্রো-ক্লোরিক্ য়্যাসিড্ } (২ ড্রা) ʒii
লাইকর্ ষ্ট্রিক্‌নিয়ী (৩০ মি—১ ড্রা) ♏xxx—ʒi
স্পিরিটাস্ ক্লোরোফর্ম্মাই ... (৪ ড্রা) ʒiv
শুণ্ঠীর অরিষ্ট ... (২ ড্রা) ʒii
জল ... (৭ আং) ℥vii

একত্র মিশ্রিত করিয়া লইবে। মাত্রা, এক আউন্স্; দিবসে তিন বার। দৌর্ব্বল্য, মূত্রমেহ, ক্ষার-প্রস্রাব এবং পুরাতন পক্ষাঘাত রোগে বিধেয়।

১৯। ℞ ডাইলুটেড্ নাইট্রো-হাইড্রো-ক্লোরিক্ য়্যাসিড্ ... } (১½ ড্রা) ʒiss
লিকুইড্ এক্‌ষ্ট্রাক্ট্ অব্ পেরেরা (১ ড্রা) ʒi
টিংচার্ অব্ বেলাডোনা ... (১ ড্রা) ʒi
ডিকক্‌শন্ অব্ প্যারেরা ... (৬ আং) ℥vi

একত্র মিশ্রিত করিয়া লইবে। মাত্রা, এক আউন্স্; দিবসে ছয় ঘণ্টা অন্তর। মূত্রকৃচ্ছ্র এবং ক্ষার-প্রস্রাবে প্রয়োজ্য।

২০। ℞ সাল্‌ফেট্ অব্ কুইনাইন্ ... (১২ গ্রে) gr. xii
সুগন্ধ গন্ধক-দ্রাবক ... (১½ ড্রা ʒiss
টিংচ্যুরা লাপ্যুলাই ... (৬ ড্রা) ʒvi
জল ... (৬ আং) ℥vi

একত্র মিশ্রিত করিয়া লইবে। মাত্রা, এক আউন্স্; দিবসে তিন বার। যক্ষ্মা রোগে অতিঘর্ম্ম নিবারণার্থ বিধেয়।

২১। ℞ কোয়াইনী সল্‌ফাস্ ... (২৪ গ্রে) gr. xxiv
জলমিশ্রিত লবণ বা যবক্ষার-দ্রাবক (২ ড্রা) ʒii
এলাদি অরিষ্ট ... (৪ ড্রা) ʒiv
টিংচ্যুরা ক্যালম্বী ... (৪ ড্রা) ʒiv
ইন্‌ফিউজাম্ কোয়াসিয়ী ... (১১ আং) ℥xi

একত্র মিশ্রিত করিয়া লইবে। মাত্রা, এক আউন্স্; দিবসে তিন বার। জ্বরান্ত-দৌর্ব্বল্যে বিধেয়।

২২। ℞ সাল্‌ফেট্ অব্ কুইনাইন্ ... (৩০ গ্রে) gr. xxx
সুগন্ধ জলমিশ্র গন্ধক-দ্রাবক (১ ড্রা ʒi
অম্লযুক্ত গোলাবের ফাণ্ট্ ... (৮ আং) ℥viii

একত্র মিশ্রিত করিয়া লইবে। মাত্রা, এক আউন্স্; তিন ঘণ্টা অন্তর। সপর্য্যায় জ্বরে বিরামাবস্থায় বিধেয়।

২৩। ℞ কোয়াইনী সাল্‌ফাস্ ... (৩০ গ্রে) gr. xxx
গোলাবের খণ্ড ... (৮ গ্রে) gr. viii

একত্র মিশ্রিত করিয়া আট বটিকা প্রস্তুত করিবে। মাত্রা, এক বটিকা; তিন ঘণ্টা অন্তর। সপর্য্যায় জ্বরে বিরামাবস্থায় বিধেয়।

২৪। ℞ সাল্‌ফেট্ অব্ কুইনাইন্ ... (১৫ গ্রে) gr. xv
গোলাবের খণ্ড ... (৫ গ্রে) gr. v

একত্র মর্দ্দন করিয়া দশ হইতে পনর বটিকা প্রস্তুত করিবে; সপর্য্যায় জ্বরে বিরামাবস্থায় প্রতি ঘণ্টায় এক বটিকা ব্যবস্থা করিবে।

২৫। ℞ সাল্‌ফেট্ অব কুইনাইন্ ... (১ ড্রা) ʒi
জলমিশ্র গন্ধক-দ্রাবক ... (১০ মি) ♏x
পরিস্রুত জল ... (৪ ড্রা) ʒiv

একত্র মিশ্রিত করিয়া লইবে। পনর হইতে ত্রিশ মিনিম্ মাত্রায় সপর্য্যায় জ্বরে হাইপোডার্ম্মিক্ মতে বিধেয়।

২৬। ℞ সাল্‌ফেট্ অব্ কুইনাইন্ ... (১২ গ্রে) gr. xii
হিরাকস ... (১২ গ্রে) gr. xii
সুগন্ধ গন্ধক দ্রাবক ... (১½ ড্রা) ʒiss
লাইকর্ ষ্ট্রিক্‌নিয়ী ... (৩০ মি) ♏xxx
ইন্‌ফিউজন্ অব্ কোয়াসিয়া ... (৬ আং) ℥vi

একত্র মিশ্রিত করিয়া লইবে। মাত্রা, এক আউন্স্ ; দিবসে তিন বার। দৌর্ব্বল্য, রক্তহীনতা, প্লীহা, ক্লোরোসিস্ আদি রোগে ব্যবস্থেয়।

২৭। ℞ সাল্‌ফেট্ অব্ কুইনাইন্ ... (১২ গ্রে) gr. xii
টিংচার্ অব্ পার্‌ক্লোরাইড্ অব্ আয়রন্ (১২মি) ♏xii
কুঁচিলার অরিষ্ট ... (১ ড্রা) ʒi
টিংচ্যুরা লপ্যুলাই ... (৬ ড্রা) ʒvi
ম্যাগ্নিসী সাল্‌ফাস্ ... (১ আং) ℥i
ইন্‌ফিউজন্ অব্ হপ্‌স্ ... (৬ আং) ℥vi

একত্র মিশ্রিত করিয়া লইবে। মাত্রা, এক আউন্স্ ; দৌর্ব্বল্য এবং কোষ্ঠবদ্ধে বিধেয়।

২৮। ℞ কোয়াইনী সাল্‌ফাস্ } (২০ গ্রে) gr. xx
শুষ্ক হিরাকস }
এক্‌ষ্ট্রাক্টাম্ হাইয়োসায়েমাই (৩০ গ্রে) gr. xxx

একত্র মিশ্রিত করিয়া বার বটিকা প্রস্তুত করিবে। দৌর্ব্বল্য এবং স্নায়বীয় উগ্রতাতে দিবসে দুই বটিকা বিধেয়।

২৯। ℞ সাল্‌ফেট্ অব্ কুইনাইন্ ... (১২ গ্রে) gr. xii
লৌহচূর্ণ ... (৩০ গ্রে) gr. xxx
এক্‌ষ্ট্রাক্ট্ অব্ য়্যাকোনাইট্ (১২ গ্রে) gr. xii
গ্লাইস্‌রিন্ (যথাপ্রয়োজন) q.

একত্র মিশ্রিত করিয়া বার বটিকা প্রস্তুত করিবে। স্নায়ুশূল, বাত আদি সহযোগে দৌর্ব্বল্য থাকিলে, প্রাতে ও সন্ধ্যায় আহারান্তে এক বটিকা বিধেয়।

৩০। ℞ সাল্‌ফেট্ অব্ কুইনাইন্ ... (২৪ গ্রে) gr. xxiv
জলমিশ্র যবক্ষার দ্রাবক ... (২ ড্রা) ʒii
লাইকর্ ফেরি পার্‌নাইট্রেটিস্... (৩ ড্রা) ʒiii
টিংচার্ অব্ ক্যালাম্বা ... (৩ ড্রা) ʒiii
ইন্‌ফিউজন্ অব্ কোয়াসিয়া ... (১১ আং) ℥xi

একত্র মিশ্রিত করিয়া লইবে। মাত্রা, এক আউন্স্; দিবসে তিন বার। প্লীহা, নীরক্তাবস্থা, দৌর্ব্বল্যযুক্ত পুরাতন জ্বরে বিধেয়।

৩১। ℞ সাল্‌ফেট্ অব্ কুইনাইন্ ... (২৪ গ্রে) gr. xxiv
জলমিশ্র লবণ-দ্রাবক ... (২ ড্রা) ʒii
টিংচার্ অব্ পার্‌ক্লোরাইড্ অব্ আয়রন্
(২—৪ ড্রা) ʒii—iv
ইন্‌ফিউজন্ অব্ ক্যালাম্বা ... (১২ আং) ℥xii

একত্র মিশ্রিত করিয়া লইবে। মাত্রা, এক আউন্স্; দিবসে তিন বার। প্লীহা, নীরক্তাবস্থা, পুরাতন জ্বর সহযোগে রক্তস্রাব-প্রবণতা থাকিলে বিধেয়।

৩২। ℞ ফেরি এট্ কোয়াইনী সাইট্রাস্		(৩০ গ্রে)	gr. xxx
টিংচার্ অব্ ক্যালম্বা	...	(১½ ড্রা)	ʒiss
য়্যাকোয়া এনিথী	...	(৬ আং)	℥vi

একত্র মিশ্রিত করিয়া লইবে। মাত্রা, এক আউন্স; দিবসে তিন বার। দৌর্ব্বল্য এবং রক্তহীনতা সহযোগে পাকাশয়ের উগ্রতা থাকিলে বিধেয়।

৩৩। ℞ ফেরি এট্ য়্যামোনী সাইট্রাস্		(১ ড্রা)	ʒi
লাইকর্ ষ্ট্রিক্নিয়ী	...	(½ ড্রা)	ʒss
ইন্ফিউজন্ অব্ কোয়াসিয়া	...	(৮ আং)	℥viii

একত্র মিশ্রিত করিয়া লইবে। মাত্রা, এক আউন্স দিবসে তিন বার। স্নায়বীয় দৌর্ব্বল্যে বিধেয়।

৩৪। ℞ ফিরাম্ রিড্যাক্টাম্	..	(৪৮ গ্রে)	gr. xlviii
জিঙ্কাই ভেলিরিয়েনাস্	...	(২৪ গ্রে)	gr. xxiv
ষ্ট্রিক্নিয়া	...	(১ গ্রে)	gr i
গ্লিসেরিন্		(যথাপ্রয়োজন)	q. s.

একত্র মিশ্রিত করিয়া চব্বিশ বটিকা প্রস্তুত করিয়া রৌপ্যমণ্ডিত করিবে। আহারান্তে এক বটিকা ব্যবস্থা করিবে। অত্যন্ত স্নায়বীয় দৌর্ব্বল্যে বিধেয়।

৩৫। ℞ হিরাকস ... (২ গ্রে) gr. ii
কার্বনেট্ অব্ য়্যামোনিয়া ... (৫ গ্রে) gr. v
কম্পাউণ্ড্ মিক্শ্চার্ অব্ জেন্‌শিয়েন্ (১ আং ℥i
একত্র মিশ্রিত করিয়া লইবে। দিবসে তিন বার ব্যবস্থেয়। বলকারক এবং উত্তেজক।

৩৬। ℞ লৌহাদি মিশ্র ... (৪ ড্রা) ʒiv
মুসব্বরাদি মিশ্র ... (৪ ড্রা) ʒiv
একত্র মিশ্রিত করিয়া দিবসে তিন বার বিধেয়। নীরক্তাবস্থা-জনিত রজোলোপে উপকারক।

৩৭। ℞ লৌহাদি মিশ্র ... (৪ আং) ℥iv
কোয়াসিয়ার ফান্ট্ ... (৪ আং) ℥iv
একত্র মিশ্রিত করিয়া লইবে। মাত্রা, এক আউন্স্; দিবসে দুই বার। দৌর্ব্বল্যে এবং অজীর্ণে বিধেয়।

৩৮। ℞ স্যাকারেটেড্ কার্বনেট্ অব্ আয়রন্ (৩০ গ্রে) gr. xxx
গন্ধবোল চূর্ণ ... (২৪ গ্রে) gr. xxiv
সুগন্ধ চূর্ণ ... (৩০ গ্রে) gr. xxx
একত্র মিশ্রিত করিয়া বার পুরিয়া প্রস্তুত করিবে। বালকদিগের পুরাতন উদরাময় রোগে দিবসে তিন পুরিয়া বিধেয়।

৩৯। ℞ ফেরি ভেলিরিয়েনাস্ ... (১ ড্রা) ʒi
একষ্ট্র্যাক্ট্ অব্ হেন্‌বেন্ ... (৩০ গ্রে gr. xxx

একত্র মিশ্রিত করিয়া কুড়ি বটিকা প্রস্তুত করিবে। কোরিয়া এবং স্নায়ুশূল রোগে দিবসে তিন বটিকা বিধেয়।

৪০। ℞ দগ্ধ হিরাকস ... (৩০ গ্রে) gr. xxx
বিশুদ্ধ শর্করা ... (৩ ড্রা) ʒiii
টার্টারিক্ য়্যাসিড্ ... (½ ড্রা) ʒss

একত্র মিশ্রিত করিয়া বার পুরিয়া প্রস্তুত করিবে।

বাইকার্বনেট্ অব্ সোডা ... (২ ড্রা) ʒii
বিশুদ্ধ শর্করা ... (৩ ড্রা) ʒiii

একত্র মিশ্রিত করিয়া এক পুরিয়া প্রস্তুত করিবে। এই উভয়বিধ পুরিয়ার এক একটি পৃথক্ পৃথক্ অর্দ্ধ গ্ল্যাস্ জলে দ্রব করিবে, পরে একত্র মিলাইয়া উচ্ছলৎ অবস্থায় পান করিবে।

৪১। ℞ সাইট্রেট্ অব্ আয়রন্ ... (৪০ গ্রে) gr. xl
নাইট্রিক্ য়্যাসিড্ ... (২ ড্রা) ʒii
পরিস্রুত জল ... (৮ আং) ℥viii

একত্র মিশ্রিত করিবে।

বাইকার্ব্বনেট্ অব্ পটাশ্	(২ ড্রা)	ʒii
কমলার পাক ...	(১ আং)	℥i
পরিস্রুত জল ...	(৭ আং)	vii

একত্র মিশ্রিত করিবে। উভয়বিধ মিশ্রের এক আউন্স্ পৃথক্ পৃথক্ লইয়া একত্রে মিলাইবে, উচ্ছলৎ অবস্থায় সেবনীয়। নীরক্তাবস্থায় এবং লুপ্তরজঃ রোগে দিবসে তিন বার ব্যবস্থেয়।

৪২। ℞ ফেরি এট্ য়্যামোনিয়ো সিট্রাস্ (১ ড্রা) ʒi

কমলা পুষ্পের জল	(৭½ আং)	℥viiss
শর্করার পাক ...	(½ আং)	℥ss

একত্র মিশ্রিত করিবে। এক আউন্স্ মাত্রায় দিবসে তিন বার বিধেয়।

৪৩। ℞ ফিরাম্ টার্টারেটাম্ ... (১ ড্রা) ʒi

শর্করার পাক ...	(½ আং)	℥ss
জল	(৭½ আং)	℥viiss

একত্র মিশ্রিত করিয়া লইবে। মাত্রা, এক আউন্স্; দিবসে তিন বার। আণ্ডলালিক প্রস্রাবে বিধেয়।

৪৪। ℞ ফেরি সাইট্রাস্ ... (৩০ গ্রে) gr. xxx

য়্যামোনিয়ী কার্বনাস্	(৩০ গ্রে)	gr. xxx
এলাদি অরিষ্ট ...	(৩ ড্রা)	ʒiii
য়্যাকোয়া কারুই ...	(৬ আং)	℥vi

একত্র মিশ্রিত করিয়া লইবে। মাত্রা, এক আউন্স্; দিবসে তিন বার বিধেয়। দৌর্ব্বল্য সহযোগে উদরাধ্মান এবং অম্ল রোগে ব্যবস্থেয়।

৪৫। ℞	ফিরাম্ টার্টরেটাম্	...	(২½ আং)	℥iiss
	আইয়োডাইড্ অব্ পোটাসিয়াম্		(২½ ড্রা)	ʒiiss
	শর্করার পাক	...	(২½ আং)	℥iiss
	জল	...	(৪ ড্রা)	ʒiv

জলেতে লবণদ্বয়কে প্রথম দ্রব করিবে, পরে শর্করার পাকের সহিত আলোড়ন করিয়া মিলাইবে। নীরক্তাবস্থা সংযুক্ত স্ক্রফিউলা রোগে এবং ঔপদংশীয় রোগে এক ড্রাম্ মাত্রায় দিবসে দুই তিন বার ব্যবস্থেয়।

৪৬। ℞	ওলিয়াম্ মর্হ্য়ী	...	(৮ আং)	℥viii
	আরবি গঁদ চূর্ণ	...	(১ আং)	℥i
	কমলার পাক	...	(৩ আং)	℥iii
	স্পিরিটাস্ মেন্থা পিপারিটী		(২ ড্রা)	ʒii

তৈল ও গঁদ একত্র মর্দ্দন করিয়া পরে অপর দুই দ্রব্য মিশ্রিত করিবে। মাত্রা, অর্দ্ধ আউন্স্; দিবসে দুই বার। যক্ষ্মা, স্ক্রফিউলাদি রোগে ব্যবস্থেয়।

৪৭। ℞ ওলিয়াম্ মর্হুয়ী	...	(১½ আং)	℥iss
ক্রিয়েজোট্	...	(৪ মি)	♏v
পাল্‌ভিস্ ট্র্যাগেকান্থী কম্পোজিটাস্		(২ ড্রা)	ʒii
মৌরির জল	...	(৪½ আং)	℥ivss

একত্র মিশ্রিত করিয়া লইবে। মাত্রা, অর্দ্ধ হইতে এক আউন্স্; দিবসে তিন বার। যক্ষ্মাদি রোগে ব্যবস্থেয়।

৪৮। ℞ ওলিয়াম্ মর্হুয়ী	...	(২ ড্রা)	ʒii
লাইকর্ পোটাসী	...	(২০ মি)	♏xx
পোটাসিয়াই আইয়োডাইড্যম্		(৮ গ্রে)	gr. viii
পরিস্রুত জল	...	(৬ ড্রা)	ʒvi

একত্র মিশ্রিত করিয়া এক মাত্রা, প্রস্তুত করিবে। পুরাতন বাত রোগে দিবসে দুই তিন বার বিধেয়।

৪৯। ℞ পেপ্‌সিন্	...	(৯০ গ্রে)	gr. xc
মর্ফী হাইড্রোক্লোরাস্	...	(১ গ্রে)	gr. i
ষ্ট্রিকনিয়া	...	(¼ গ্রে)	gr. ¼

একত্র মিশ্রিত করিয়া ছয় পুরিয়া প্রস্তুত করিবে। অপাক, দৌর্ব্বল্য, পাকাশয়-শূল রোগে বিধেয়।

৫০। ℞ আর্জেণ্টাই নাইট্রাস্	(৬ গ্রে)	gr. vi
অহিফেনের সার ...	(৭২ গ্রে)	gr. lxxii
মৃগনাভি ...	(৪৮ গ্রে)	gr. xlviii
কর্পূর ...	(৯৬ গ্রে)	gr. xcvi

একত্র মিলাইয়া ছিয়ানব্বই বটিকা প্রস্তুত করিবে। মৃগী এবং পক্ষাঘাত রোগে প্রাতে এবং সন্ধ্যায় এক বটিকা করিয়া ব্যবস্থা করিবে; ক্রমশঃ মাত্রা বৃদ্ধি করিবে।

৫১। ℞ আর্জেণ্টাই নাইট্রাস্	(৬ গ্রে)	gr. vi
মুসব্বর এবং গন্ধবোল বটিকা	(৪০ গ্রে)	gr. xl

একত্র মিলাইয়া বার বটিকায় বিভক্ত করিবে। কোরিয়া এবং মৃগী আদি স্নায়বীয় রোগে এক এক বটিকা প্রাতে এবং সন্ধ্যায় বিধেয়।

৫২। ℞ আর্জেণ্টাই নাইট্রাস্ ...	(১০ গ্রে)	gr. x
এক্‌ষ্ট্রাক্টাম্ ন্যাপ্যুলাই ..	(১ ড্রা)	ʒi
বিস্‌মাথাই সাব্‌নাইট্রাস্	(২ ড্রা)	ʒii
কোয়াইনী সাল্‌ফাস্ ...	(৪০ গ্রে)	gr. xl

একত্র মিলাইয়া চল্লিশ বটিকা প্রস্তুত করিবে। "পাকাশয়-শূল" এবং পাইরোসিস্ আদি রোগে দিবসে দুই তিন বটিকা ব্যবস্থেয়।

৫৩। ℞ জিন্‌সাই সাল্‌ফাস্‌ ...		(১০ গ্রে)	gr. x
	এক্‌ষ্ট্রাক্টাম্‌ জেন্‌শিয়েনী	(৪০ গ্রে)	gr. xl
	ইন্দ্রবারুণীর সার ...	(২০ গ্রে)	gr. xx

একত্র মিলাইয়া দুই বটিকা প্রস্তুত করিবে। স্নায়বীয় দৌর্ব্বল্য সহযোগে কোষ্ঠবদ্ধ থাকিলে বিধেয়।

৫৪। ℞ জিন্‌সাই সাল্‌ফাস্‌ ...		(১ ড্রা)	ʒi
	এক্‌ষ্ট্রাক্টাম্‌ জেন্‌শিয়েনী	(২০ গ্রে)	gr. xx
	কোয়াইনী সাল্‌ফাস্‌ ...	(৩০ গ্রে)	gr. xxx
	ওলিয়াম্‌ ম্যাঙ্গিমিডিস্‌	(৬ মি)	♏vi

একত্র মিলাইয়া ত্রিশ বটিকা প্রস্তুত করিবে। স্নায়বীয় দৌর্ব্বল্য-জনিত রোগে এক এক বটিকা দিবসে তিন বার বিধেয়।

৫৫। ℞ জিন্‌সাই সাল্‌ফাস্‌ ...		(২০ গ্রে)	gr. xx
	টিংচ্যুরা ক্যালাম্বী ...	(১ আং)	℥i
	ইন্‌ফিউজাম্‌ কোয়াসিয়ী	(৫ আং)	℥v

একত্র মিলাইবে। মাত্রা, এক আউন্স্‌। স্নায়বীয় বলকারক।

৫৬। ℞ জিন্‌সাই ভেলিরিয়েনাস্‌ ... (২ গ্রে) gr. ii
কোয়াইনী সাল্‌ফাস্‌ ... (১ গ্রে) gr. i
এক্‌ষ্ট্রাক্টাম্‌ জেন্‌শিয়েনী (২ গ্রে) gr. ii

একত্র মিলাইয়া বটিকা প্রস্তুত করিবে। মৃগী আদি রোগে চারি ছয় ঘণ্টা অন্তর বিধেয়।

৫৭। ℞ জিন্‌সাই ভেলিরিয়েনাস্‌ ... (৮ গ্রে) gr. viii
টিংচ্যুরা ভেলিরিয়েনাস্‌ ... (২ ড্রা) ʒii
অনন্তমূলের পাক ... (২ ড্রা) ʒii
কমলাপুষ্পের জল ... (৩½ আং) ℥iiiss

একত্র মিলাইয়া হিষ্টিরিয়া এবং কোরিয়া রোগে অর্দ্ধ আউন্স্‌ মাত্রায় ছয় ঘণ্টা অন্তর বিধেয়।

৫৮। ℞ কুঁচিলার অরিষ্ট ... (২ ড্রা) ʒii
টিংচ্যুরা সিঙ্কোনী ফ্লেভী ... (৬ ড্রা) ʒvi
ইন্‌ফিউজাম্‌ সিঙ্কোনী ফ্লেভী (৭ আং) ℥vii

একত্র মিলাইয়া লইবে। উৎকট জ্বর এবং অন্যান্য রোগান্তে পক্ষাঘাত উপস্থিত হইলে এক আউন্স্‌ মাত্রায় দিবসে তিন বার বিধেয়।

৫৯। ℞ কুঁচিলার অরিষ্ট ... (৪ ড্রা) ʒiv
সিরাপাস্ ফেরি ফস্ফেটিস্ (৬ ড্রা) ʒvi
দারুচিনির জল ... (৬ ড্রা) ʒvi

একত্র মিলাইয়া লইবে। অধোহর্দ্ধাঙ্গ রোগে এক ড্রাম্ মাত্রায় দিবসে তিন বার ব্যবস্থেয়।

৬০। ℞ ষ্ট্রিক্নিয়া ... (১ গ্রে) gr. i
কোয়াইনী সাল্ফাস্ ... (৩৬ গ্রে) gr. xxxvi
গোলাবের খণ্ড ... (১ ড্রা) ʒi

একত্র মিলাইয়া চব্বিশ বটিকা প্রস্তুত করিবে। অধোহর্দ্ধাঙ্গ রোগে এক এক বটিকা প্রাতে এবং সন্ধ্যায় প্রয়োজ্য।

৬১। ℞ ষ্ট্রিক্নিয়া ... (১ গ্রে) gr. i
জিন্সাই ভেলিরিয়েনাস্ (৩০ গ্রে) gr. xxx
এক্ষ্ট্রাক্টাম্ জেন্শিয়েনী (১ ড্রা) ʒi

একত্র মিলাইয়া ত্রিশ বটিকা প্রস্তুত করিবে। বিবিধ স্থানিক পক্ষাঘাত রোগে এক এক বটিকা দিবসে দুই বার বিধেয়।

৬২। ℞ ষ্ট্রিক্‌নিয়া	...	(১ গ্রে)	gr: i
জলমিশ্র যবক্ষার-দ্রাবক		(৪ ড্রা)	ʒiv
জল	...	(১১½ আঃ)	℥xiss

একত্র মিলাইয়া অর্দ্ধ আউন্স্ মাত্রায় দিবসে তিন বার বিধান করিবে। স্নায়বীয় দৌর্ব্বল্য সহযোগে প্রস্রাবে ক্ষারত্ব-দোষ থাকিলে বিধেয়।

আক্ষেপ-নিবারক, স্নায়বীয় বলকারক এবং বায়ুনাশক।

১। ℞ স্পিরিটাস্ ঈথারিস্	...	(৪ ড্রা)	ʒiv
এক্‌ষ্ট্রাক্টাম্ ওপিয়াই লিকুইডাম্		(১ ড্রা)	ʒi
টিংচ্যুরা ক্যাষ্টোরিয়াই		(৪ ড্রা)	ʒiv
পিপার্‌মিণ্ট্ ওয়াটার্	...	(৬ আঃ)	℥vi

একত্র মিশ্রিত করিয়া লইবে। আধ্মান এবং আক্ষেপ নিবারণার্থ এক আউন্স্ মাত্রায় মধ্যে মধ্যে প্রয়োজ্য।

২। ℞ স্পিরিটাস্ ঈথারিস্	...	(৩ ড্রা)	ʒiii
ক্লোরোফর্মাই	...	(৩ ড্রা)	ʒiii

এলাদি অরিষ্ট	...	(৬ ড্রা)	ʒvi
বিলাতি জীরার তৈল	...	(১২ মি)	♏xii
ক্লোরফরমের স্পিরিট্	...	(২ ড্রা)	ʒii
মিউসিলেজ্ অব্ ট্রাগাকাস্থ্		(৩ আং)	℥iii
পিপারমিণ্ট্ ওয়াটার্	...	(৮ আং)	℥viii

একত্র মিশ্রিত করিয়া লইবে। এক আউন্স্ বা দেড় আউন্স্ মাত্রায় আধ্মান নিবারণার্থ মধ্যে মধ্যে ব্যবস্থা করিবে।

৩। ℞ স্পিরিটাস্ ঈথারিস্	...	(১½ ড্রা)	ʒiss
য়্যারোম্যাটিক্ স্পিরিট্ অব্ য়্যামোনিয়া		(২ ড্রা)	ʒii
কর্পূরাদি অরিষ্ট	...	(১½ ড্রা)	ʒiss
কর্পূরের জল	...	(৪ আং)	℥iv

একত্র মিশ্রিত করিয়া লইবে। আধ্মানশূল, বক্ষঃশূলাদি আক্ষেপ এবং যাতনা-জনক রোগে এক আউন্স্ মাত্রায় অর্দ্ধ ঘণ্টা অন্তর ব্যবস্থা করিবে যে পর্য্যন্ত না যন্ত্রণা এবং আক্ষেপ দূর হয়।

৪। ℞ স্পিরিটাস্ য়্যামোনী য়্যারোম্যাটিকাস্ (১ ড্রা) ʒi
ডাইলিউটেড্ হাইড্রোসিয়্যানিক্
য়্যাসিড্ ... (৩ মি—৫ মি) ♏iii—v

শুণ্ঠীর পাক	...	(১ ড্রা) ʒi
ম্যাকোয়া কাম্ফই	...	(১½ আং) ℥iss

একত্র মিশ্রিত করিয়া এক মাত্রা প্রস্তুত করিবে। অজীর্ণ এবং আধ্মান নিবারণার্থ দিবসে দুই তিন বার ব্যবস্থেয়।

৫। ℞ হিঙ্গুব অরিষ্ট ... (২ ড্রা) ʒii

ম্যামোনী কার্বনাস্	...	(২০ গ্রে) gr. xx
কর্পূরের জল	...	(৪ আং) ℥iv

একত্র মিশ্রিত করিয়া লইবে। স্নায়বীয় দৌর্ব্বল্য এবং হিষ্টিরিয়া রোগের উপক্রমে অর্দ্ধ আউন্স্ বা এক আউন্স্ মাত্রায় ব্যবস্থেয়।

৬। ℞ য়্যারোমাটিক্ স্পিরিট্ অব্ ম্যামোনিয়া (৩০ মি) ♏xxx

ম্যাগ্নিসী কার্বনাস্	...	(২০ গ্রে) gr. xx
স্পিরিটাস্ ক্লোরোফর্মাই	...	(১ ড্রা) ʒi
পিপার্মিণ্ট্ ওয়াটার্	...	(১½ আং) ℥iss

একত্র মিশ্রিত করিয়া এক মাত্রা প্রস্তুত করিবে। প্রয়োজনমত ব্যবস্থেয়। অম্লশূল এবং আধ্মানশূল রোগে বিশেষ উপকারক।

৭। ℞ য়্যামোনিয়েটেড্ টিংচার্ অব্ ভেলিরিয়েন্(৪০ মি) ♏xl
ইন্‌ফিউজাম্ ভেলিরিয়েনী ... (১ আং) ℥i

একত্র মিশ্রিত করিয়া এক মাত্রা প্রস্তুত করিবে। হিষ্টিরিয়া রোগে মধ্যে মধ্যে ব্যবস্থেয়।

৮। ℞ টিংচ্যুরা লোবিলী ঈথিরিয়া ... (৩ ড্রা) ʒiii
ভাইনাম্ ইপেকাকুয়ানী ... (২ ড্রা) ʒii
মিশ্চ্যুরা য়্যামোনায়েসাই ... (৫½ আং) ℥vss

একত্র মিশ্রিত করিয়া লইবে। মাত্রা, এক আউন্স্; ছয় ঘণ্টা অন্তর। শ্বাসকাসে শ্বাস-কষ্ট নিবারণার্থ প্রয়োজ্য।

৯। ℞ হিঙ্গুর অরিষ্ট ... (২ ড্রা) ʒii
য়্যারোম্যাটিক্ স্পিরিট্ অব্ য়্যামোনিয়া (৩ ড্রা) ʒiii
চিরেতার অরিষ্ট ... (৭ ড্রা) ʒvii

একত্র মিশ্রিত করিয়া ত্রিশ বিন্দু পরিমাণে এক আউন্স্ জলের সহিত দুই তিন ঘণ্টা অন্তর হিষ্টিরিয়া রোগে ব্যবস্থা করিবে, যে পর্য্যন্ত না আক্ষেপ নিবারণ হয়।

১০। ℞ টিংচ্যুরা য়্যাকোনাইশিয়ী ... (৪০ মি) ♏xl
মিশ্চ্যুরা ক্রিয়েজোটাই ... (৮ আং) ℥viii

একত্র মিশ্রিত করিয়া লইবে। গর্ভাবস্থায় এবং হিষ্টিরিয়াজনিত দুর্দ্দম বমন নিবারণার্থ এক আউন্স্ মাত্রায় দিবসে তিন বার ব্যবস্থেয়।

১১। ℞ জলমিশ্র যবক্ষার-দ্রাবক	...	(১ ড্রা)	ʒi
এলাদি অরিষ্ট	...	(৩ ড্রা)	ʒiii
শর্করার পাক	...	(৩½ আং)	℥iiiss
জল ...	...	(১ আং)	℥i

একত্র মিশ্রিত করিয়া লইবে। হুপিংকফ্ রোগে এক হইতে দুই ড্রাম্ মাত্রায় দুই ঘণ্টা অন্তর প্রয়োজ্য। ডাং গিব্ সাহেবের ব্যবস্থা।

১২। ℞ সাল্‌ফেট্ অব্ জিঙ্ক্	...	(৮ গ্রে)	gr. viii
বেলাডোনার সার	...	(২ গ্রে)	gr. ii
জল ...	...	(৪ আং)	℥iv

একত্র মিশ্রিত করিয়া লইবে। হুপিংকফ্ রোগে তিন বৎসরের উর্দ্ধ বালককে অর্দ্ধ আউন্স্ মাত্রায় দিবসে চারি বার ব্যবস্থেয়। এক দিবস অন্তর এক মাত্রা পরিমাণে বৃদ্ধি করিবে। এইরূপে পাঁচ গ্রেণ্ পর্য্যন্ত বেলাডোনার মাত্রা অবাধে বৃদ্ধি করা যাইতে পারে। ডাং ফুলর্ সাহেবের ব্যবস্থা।

১৩। ℞ ভেলিরিয়েনেট্ অব্ কুইনাইন্ (১২ গ্রে) gr. xii
জেন্শিয়েনের সার ... (৪০ গ্রে) gr. xl

একত্র মিশ্রিত করিয়া বার বটিকা প্রস্তুত করিবে। বটিকা রৌপ্য-মণ্ডিত করিবে। হিষ্টিরিয়াদি রোগে এক এক বটিকা দিবসে পাঁচ বার ব্যবস্থেয়।

১৪। ℞ স্পিরিটাস্ য়্যামোনী ফেটিডাস্ (½ ড্রা) ʒss
টিংচ্যুরা ক্যাষ্টোরিয়াই ... (½ ড্রা) ʒss
ইন্ফিউজাম্ ভেলিরিয়েনী (১১ ড্রা) ʒxi

একত্র মিশ্রিত করিবে। দিবসে দুই তিন বার বিধেয়; বক্ষঃশূল এবং অন্যান্য আক্ষেপজনক রোগে বিধেয়।

১৫। ℞ স্পিরিটাস্ য়্যামোনী ফেটিডাস্ (৫ ড্রা) ʒv
কুঙ্কুমের পাক ... (৩ ড্রা) ʒiii
কর্পূরের জল ... (৫ আং) ℥v

একত্র মিশ্রিত করিয়া লইবে। মাত্রা, অর্দ্ধ হইতে এক আউন্স্। হিষ্টিরিয়া রোগে ব্যবস্থেয়।

১৬। ℞ স্পিরিটাস্ য়্যামোনী য়্যারোমাটিকাস্ (½ ড্রা) ʒss
ম্যাগ্নিসি কার্বনাস্ .. (২০ গ্রে) gr. xx

অহিফেনের অরিষ্ট ... (৫ মি) ♏v
কর্পূরের জল ... (১½ আং) ℥iss

একত্র মিশ্রিত করিয়া লইবে। অম্লজনিত অজীর্ণ এবং উগ্রতা থাকিলে শয়নকালে বিধেয়।

১৭। ℞ য়্যামোনী কার্বনাস্ ... (৩০ গ্রে) gr. xxx
পোটাসী বাইকার্বনাস্ ... (৩০ গ্রে) gr. xxx
পরিস্রুত জল ... (৭½ আং) ℥viiss

একত্র মিশ্রিত করিয়া লইবে। অম্লসংযুক্ত অজীর্ণ রোগে প্রয়োজন অনুসারে এক আউন্স্ মাত্রায় বিধেয়।

১৮। ℞ স্পিরিটাস্ ঈথারিস্ ... (৩—৬ ড্রা) ʒiii—vi
টার্পিন্ তৈল ... (২ ড্রা) ʒii

একত্র মিশ্রিত করিয়া দশ বার বিন্দু পরিমাণে পিত্ত-শিলা রোগে দিবসে দুই বার শর্করার পানীয় সহযোগে প্রয়োজ্য।

১৯। ℞ স্পিরিটাস্ ঈথারিস্ ... (২ ড্রা) ʒii
স্পিরিটাস্ এনিসাই ... (২ ড্রা) ʒii
এলাদি অরিষ্ট ... (৪ ড্রা) ʒiv

ওলিয়াম্ কারুই ... (১২ মি) ♏xii

শুণ্ঠীর পাক ... (২ ড্রা) ʒii

কর্পূরের জল ... (১ আং) ℥i

য়্যাকোয়া মেন্থী পিপারিটী ... (৬ আং) ℥vi

একত্র মিশ্রিত করিবে। মাত্রা, এক আউন্স্; আধ্মানশূল রোগে ব্যবহার্য্য।

২০। ℞ স্পিরিটাস্ ঈথারিস্ ... (৪ ড্রা) ʒiv

কুঙ্কুমের পাক ... (৪ ড্রা) ʒiv

কর্পূরের জল ... (৭ আং) ℥vii

একত্র মিশ্রিত করিয়া লইবে। বিবিধ আক্ষেপ-জনক রোগে এক আউন্স্ মাত্রায় এক, দুই, তিন ঘণ্টা অন্তর প্রয়োজনানুসারে বিধেয়।

২১। ℞ স্পিরিটাস্ ঈথারিস্ ... (১ ড্রা) ʒi

লাইকর্ মর্ফী হাইড্রো-ক্লোরেটিস্ ... (১০—১৫ মি) ♏x—xv

পিপার্মিণ্ট্ ওয়াটার্ ... (১ আং) ℥i

একত্র মিশ্রিত করিয়া লইবে। আক্ষেপশূল, পাকাশয়াক্ষেপ এবং অন্যান্য আক্ষেপজনক রোগে প্রয়োজ্য।

২২। ℞ ডাইলিউটেড্ হাইড্রোসিয়্যানিক্ য়্যাসিড্ (৫ মি) ♏v

স্পিরিটাস্ য়্যামোনী ফেটিডাস্ ···	(½ ড্রা)	ʒss
টিংচ্যুরা হাইয়োসায়েমাস্ ...	(১০ মি)	♏x
স্পিরিটাস্ এনিসাই ...	(১ ড্রা)	ʒi
কমলার পাক	(৪ ড্রা)	ʒiv
জল	(১ আং)	℥i

একত্র মিশ্রিত করিয়া লইবে। মাত্রা, এক ড্রাম্; দিবসে তিন বার। লেরিঞ্জিস্মাস্ ষ্ট্রীডিউলাস্ রোগে ব্যবস্থেয়।

২৩। ℞ ডাইলিউটেড্ হাইড্রোসিয়্যানিক্ য়্যাসিড্ (৩০ মি) ♏xxx

অহিফেনের অরিষ্ট ...	(৩০ মি)	♏xxx
কম্পাউণ্ড্ টিংচার্ অব্ ল্যাভেণ্ডার্	(২ ড্রা)	ʒii
কর্পূরের জল ...	(৫½ আং)	℥vss

একত্র মিশ্রিত করিয়া লইবে। মাত্রা, এক আউন্স্; দুই তিন ঘণ্টা অন্তর। আক্ষেপসংযুক্ত পাকাশয়-শূল রোগে ব্যবস্থেয়।

২৪। ℞ ডাইলিউটেড্ হাইড্রোসিয়্যানিক্ য়্যাসিড্ (৪ মি) ♏iv

বাইকার্বনেট্ অব্ পটাশ্ বা সোডা	(১০ গ্রে)	gr. x
শুণ্ঠীর পাক	(৩০ মি)	♏xxx
য়্যাকোয়া এনিথাই ...	(১½ আং)	℥iss

একত্র মিশ্রিত করিয়া লইবে। পাকাশয়ের উগ্রতা এবং অম্লরোগে দিবসে দুই বার ব্যবহার্য্য।

২৫। ℞ ডাইলিউটেড্ হাইড্রোসিয়্যানিক্ য়্যাসিড্ (৩ মি) ♏iii

ক্রিয়েজোটাই	...	...	(৩ মি)	♏iii
টার্পিন্ তৈল	...	...	(১০ মি)	♏x
আরবি গঁদের মণ্ড		...	(১ ড্রা)	ʒi
দারুচিনির জল	...	...	(১ আং)	℥i

একত্র মিশ্রিত করিয়া লইবে। মাত্রা, অর্দ্ধ আউন্স্; প্রয়োজনমতে বিধেয়। আক্ষেপযুক্ত শ্বাস-কাসে ব্যবস্থেয়।

২৬। ℞ ডাইলিউটেড্ হাইড্রোসিয়্যানিক্ য়্যাসিড্ (৩ মি)) ♏iii

ক্রিয়েজোট্	...	...	(২ মি)	♏ii
লাইকর্ মর্ফী হাইড্রোক্লোরেটিস্		...	(২০ মি)	♏xx
কার্বনেট্ অব্ সোডা		...	(২০ গ্রে)	gr. xx
জল	...	...	(১½ আং)	℥iss

একত্র মিশ্রিত করিয়া লইবে। পাকাশয়-শূলে এবং বমন-নিবারণার্থ বিধেয়।

২৭। ℞ হিঙ্গু ... ... (১ ড্রা) ʒi

ম্যামোনিয়েটেড্ টিংচার্ অব্ ভেলিরিয়েন্ (২ ড্রা) ʒii

টিংচার্ অব্ ক্যাষ্টর্ ... ... (৩ ড্রা) ʒiii

স্পিরিটাস্ ঈথারিস্ ... ... (২ ড্রা) ʒii

পিপার্‌মিণ্ট্ ওয়াটার্ ... ... (৫½ আং) ℥vss

প্রথমতঃ হিঙ্গুকে পিপার্‌মিণ্ট্ ওয়াটারের সহিত উত্তমরূপে মর্দ্দন করিয়া মিলাইবে, পরে অন্যান্য দ্রব্য মিশ্রিত করিয়া লইবে। মাত্রা, অর্দ্ধ আউন্স্; দুই ঘণ্টা অন্তর। হিষ্টিরিয়া রোগের আক্ষেপ নিবারণার্থ প্রয়োজ্য।

২৮। ℞ হিঙ্গু
অহিফেন চূর্ণ
গোলমরিচ চূর্ণ } ... ... (১½ গ্রে) gr. iss

একত্র মিশ্রিত করিয়া বটিকা প্রস্তুত করিবে। বিসূচিকা রোগে অর্দ্ধ ঘণ্টা অন্তর এক চামচ ব্র্যাণ্ডি ও জলের সহিত প্রয়োগ করিবে। দেশীয় ব্যবস্থা।

২৯। ℞ হিঙ্গু ... ... (৩৬ গ্রে) gr. xxxvi

রেউচিনি চূর্ণ ... (১২ গ্রে) gr. xii

ক্যাজুপাট্ অয়িল্ ... (১২ মি) ♏xii

একত্র মিলাইয়া বার বটিকা প্রস্তুত করিবে। আধ্মানযুক্ত অজীর্ণে রাত্রে দুই বটিকা ব্যবস্থা করিবে।

৩০। ℞ হিঙ্গু	...	(২ ড্রা)	ʒii
অহিফেনের অরিষ্ট	...	(১০ মি)	♏x
ইপেকাকুয়ানা চূর্ণ	...	(১০ গ্রে)	gr. x
জল	...	(২ আং)	℥ii

একত্র মিশ্রিত করিয়া এক ড্রাম্ মাত্রায় তিন ঘণ্টা অন্তর হুপিংকফ্ রোগে বিধেয়।

৩১। ℞ ওলিয়াম্ ক্যাজুপাটাই	...	(৫ মি)	♏v
কতীরার মণ্ড	...	(১ ড্রা)	ʒi

একত্র উত্তমরূপে মর্দ্দন করণানন্তর

অ্যাকোয়া মেন্থী পিপারিটী বা লবঙ্গের জল } (১½ আং) ℥iss

মিলাইয়া লইবে। হিষ্টিরিয়া প্রভৃতি স্নায়বীয় রোগে এবং আধ্মানে বিধেয়।

৩২। ℞ টিংচ্যুরা ভেলিরিয়েনী অ্যামোনিয়েটা	(৪ ড্রা)	ʒiv
স্পিরিটাস্ ঈথারিস্	(৪ ড্রা)	ʒiv
এলাদি অরিষ্ট	(৪ ড্রা)	ʒiv

টিংচ্যুরা হাইয়েস্কায়েমাই... (৪ ড্রা) ʒiv
য়্যাকোয়া এনিথাই ... (৬ আং) ℥vi

একত্র মিশ্রিত করিয়া লইবে। হিষ্টিরিয়া প্রভৃতি আক্ষেপজনক রোগে এক আউন্স্ মাত্রায় দিবসে তিন চারি বার বিধেয়।

৩৩। ℞ লাইকর্ বিস্মাথাই য়্যামোনিয়ো সাইট্রেটিস্ (১ আং) ℥i
য়্যাসিডাম্ হাইড্রোসিয়্যানিকাম্ ডাইলিউটাম্ (২০ মি) ♏xx
এলাদি অরিষ্ট ... (২ ড্রা) ʒii
লাইকর্ ম্যাগ্নিসী কার্বনাস্ (৭ আং) ℥vii

একত্র মিলাইয়া লইবে। মাত্রা, এক আউন্স্; দিবসে তিন বার। বমন-নিবারক, অম্ল-নাশক।

অম্লনাশক।

১। ℞ সোডী কার্বনাস্ এক্সিকেটা (৩০ গ্রে) gr. xxx
গন্ধবোল চূর্ণ ... (১৮ গ্রে) gr. xviii
ইপেকাকুয়ানা ... (৩ গ্রে) gr. iii

একত্র মিশ্রিত করিয়া ছয় পুরিয়া প্রস্তুত করিবে। পুরাতন অতিসার এবং উদরাময় রোগে অম্ল-নাশার্থ এক এক পুরিয়া চারি ঘণ্টা অন্তর ব্যবস্থা করিবে।

২। ℞ বিসমাথাই সাবনাইট্রাস্
ম্যাগ্নিসিয়ী কার্বনাস্
সোডী বাইকার্বনাস্ } (১ ড্রা) ʒi
এলাদি অরিষ্ট ... ... (৪ ড্রা) ʒiv
পরিস্রুত জল ... ... (৬ আং) ℥vi

একত্র মিশ্রিত করিয়া লইবে। মাত্রা, এক আউন্স্।

৩। ℞ সোডী বাইকার্বনাস্ ... ... (১½ ড্রা) ʒiss
অ্যামোনী কার্বনাস্ ... ... (২০ গ্রে) gr. xx
টিংচার্ অব্ ক্যালাম্বা
স্পিরিট্ অব্ এনিসাই
এলাদি অরিষ্ট } (৪ ড্রা) ʒiv
কর্পূরের জল ... ... (৬½ আং) ℥viss

একত্র মিশ্রিত করিয়া লইবে। মাত্রা, এক আউন্স্; দিবসে তিন বার। অম্ল-জনিত বক্ষঃশূল রোগে বিধেয়।

৪। ℞ সোডী কার্বনাস্ এক্সিকেটা ... (৪০ গ্রে) gr. xl
রেউচিনি চূর্ণ ... ... (১ ড্রা) ʒi
এক্‌ষ্ট্রাক্ট্ অব্ হেন্‌বেন্ ... (৪০ গ্রে) gr. xl

একত্র মিলাইয়া ছত্রিশ বটিকা প্রস্তুত করিবে। অম্লাজীর্ণ রোগে দুই বটিকা দিবসে তিন বার ব্যবস্থা করিবে।

৫। ℞ সোডী বাইকার্ব্বনাস্ ... (৩ গ্রে) gr. iii
ফেরি পারক্সাইডাম্ ... (৫ গ্রে) gr. v
রেউচিনি চূর্ণ ... ... (৩ গ্রে) gr. iii

একত্র মিলাইয়া পুরিয়া করিবে। দিবসে তিন বার বিধেয়। বলকারক এবং অম্লনাশক।

৬। ℞ বাইকার্বনেট্ অব্ সোডা ... (১০ গ্রে) gr. x
ডাইলিউটেড্ হাইড্রোসিয়্যানিক্ য়্যাসিড্ (২ মি) ♏ii
ক্রিয়েজোট্ ... ... (১ মি) ♏i
ইন্‌ফিউজন্ অব্ ক্যালাম্বা ... (১½ আং) ℥iss

একত্র মিলাইয়া লইবে। অম্ল-জনিত বমন নিবারণার্থ চারি হইতে ছয় ঘণ্টা অন্তর বিধেয়।

৭। ℞ লাইকর্ পোটাসী ... ... (২ ড্রা) ʒii
চূণের জল ... ... (৬ আং) ℥vi

একত্র মিশ্রিত করিয়া লইবে। প্রস্রাবে লিথিক্ য়্যাসিড্ জন্মিলে অর্দ্ধ আউন্স্ বা এক আউন্স্ মাত্রায় দুগ্ধ বা মাংসের ক্কাথের সহিত ব্যবস্থেয়।

৮। ℞ লাইকর্ পোটাসী ... ... (৪০ মি) ♏xl
ম্যাগ্‌নিসিয়া ... ... (১ ড্রা) ʒi

টিংচ্যুরা জেন্‌শিয়েনী কম্পোজিটা (৪ ড্রা) ʒiv
পিপার্‌মিণ্ট্‌ ওয়াটার্‌ ... (৭½ আং) ℥viiss

একত্র মিশ্রিত করিয়া লইবে। পাকাশয়ের অম্ল-নাশার্থ বিশেষতঃ গাউট্‌ নামক বাত রোগ সংযুক্ত হইলে অর্দ্ধ বা এক আউন্স্‌ মাত্রায় দিবসে দুই তিন বার ব্যবস্থেয়।

৯। ℞ লাইকর্‌ পোটাসী ... ... (১৫ মি) ♏xv
টিংচ্যুরা সার্পেণ্টেরায়ী ... ... (১ ড্রা) ʒi
শুণ্ঠীর পাক ... ... (½ ড্রা) ʒss
ইন্‌ফিউজাম্‌ সার্পেণ্টেরায়ী ... (১ আং) ℥i

একত্র মিশ্রিত করিয়া লইবে। লিথিক্‌ য়্যাসিড্‌-যুক্ত প্রস্রাবে অম্ল-নাশার্থ দিবসে দুই তিন বার বিধেয়।

১০। ℞ বাইকার্বনেট্‌ অব্‌ পটাশ্‌ ... (১২ গ্রে) gr. xii
ম্যাগ্‌নিসিয়া ... ... (৬ গ্রে) gr. vi
পোটাসী টার্ট্রাস্‌ ... ... (১৫ গ্রে) gr. xv

একত্র মিশ্রিত করিয়া এক পুরিয়া প্রস্তুত করিবে। প্রস্রাবে লিথিক্‌ য়্যাসিড্‌ জন্মিলে অর্দ্ধ ছটাক জলের সহিত প্রত্যহ সন্ধ্যার সময় বিধান করিবে।

১১। ℞ পোটাসী কার্বনাস্ ... ... (১ ড্রা) ʒi
কম্পাউণ্ড্ টিংচার্ অব্ জেন্‌শিয়েন্ (৩ ড্রা) ʒiii
ইন্‌ফিউজন্ অব্ ক্যালাম্বা ... (৬ আং) ℥vi

একত্র মিশ্রিত করিয়া লইবে। অম্লজনিত অজীর্ণ রোগে এক আউন্স্ মাত্রায় বিধেয়।

১২। ℞ পোটাসী বাইকার্বনাস্ ... (½ ড্রা) ʒss
য়্যামোনী কার্বনাস্ ... ... (½ ড্রা) ʒss
য়্যাকোয়া এনিথাই ... ... (৮ আং) ℥viii

একত্র মিশ্রিত করিয়া লইবে। অম্লজনিত অজীর্ণ রোগে এবং প্রস্রাবের অনচ্ছতাতে দেড় আউন্স্ মাত্রায় দিবসে এবং রাত্রে শয়নকালে বিধেয়।

১৩। ℞ পোটাসী বাইকার্বনাস্... ... (৪০ গ্রে) gr. xl
সোডী বাইকার্বনাস্ ... ... (৪০ গ্রে) gr. xl
স্পিরিট্ অব্ নাইট্রিক্ ঈথার্ ... (২ ড্রা) ʒii
কম্পাউণ্ড্ ইন্‌ফিউজন্ অব্
জেন্‌শিয়েন্ ... (৮ আং) ℥viii

একত্র মিশ্রিত করিয়া লইবে। সাব্‌য়্যাকিউট্ বাত রোগে এক আউন্স্ মাত্রায়, দিবসে তিন বার বিধেয়।

১৪। ℞ ম্যাগ্নিসী কার্বনাস্ ... ... (২০ গ্রে) gr. xx
এলাদি অরিষ্ট ... ... (১ ড্রা) ʒi
কম্পাউণ্ড্ ইন্‌ফিউজন্ অব্ জেন্‌শিয়েন্ (১ আং) ℥i

একত্র মিশ্রিত করিয়া লইবে। অম্লজনিত অজীর্ণ রোগে দিবসে দুই বার বিধেয়।

১৫। ℞ ম্যাগ্নিসী কার্বনাস্ ... ... (২ ড্রা) ʒii
রেউচিনি চূর্ণ ... ... (৪০ গ্রে) gr. xl
য়্যারোম্যাটিক্ স্পিরিট্ অব্ য়্যামোনিয়া (½ আং) ℥ss
শুণ্ঠীর পাক ... ... (½ আং) ℥ss
জল ... ... (৫ আং) ℥v

একত্র মিলাইয়া লইবে। অম্লজনিত অজীর্ণ এবং পাকাশয়-শূলাদি রোগে বিধেয়।

১৬। ℞ ম্যাগ্নিসী সাল্ফাস্ ... ... (২ ড্রা) ʒii
ম্যাগ্নিসী কার্বনাস্ ... ... (২০ গ্রে) gr.
শুণ্ঠীর পাক ... ... (২ ড্রা) ʒii
য়্যাকোয়া এনিথাই ... ... (১½ আং) ℥iss

একত্র মিলাইয়া লইবে। অম্লনাশক এবং বিরেচক, পাণ্ডুরোগে বিশেষ উপকারক। ইহাকে সামান্যতঃ হোয়াইট্ মিক্শ্চার্ বা শ্বেত মিশ্র কহে।

১৭। ℞ চূণের জল } ... ... (৪ ড্রা) ℥iv
সদ্য দুগ্ধ

একত্র মিলাইয়া লইবে। বিবমিষা এবং বমন নিবারণার্থ অর্দ্ধ আউন্স্ মাত্রায় প্রতি ঘণ্টায় বা দুই ঘণ্টা অন্তর বিধেয়।

১৮। ℞ চূণের জল ... ... (৭ ড্রা) ℥vii
য়্যারোম্যাটিক্ স্পিরিট্ অব্ য়্যামোনিয়া (½ ড্রা) ʒss
টিংচার্ অব্ হেনবেন্ ... ... (½ ড্রা) ʒss
কার্বনেট্ অব্ ম্যাগ্নিসিয়া ... (২০ গ্রে) gr. xx

একত্র মিলাইয়া লইবে। অজীর্ণ এবং অম্লরোগে দিবসে দুই বার বিধেয়।

১৯। ℞ লিথীকার্বনাস্ বা সাইট্রাস্ ... (৫ গ্রে) gr. v
এলাক্সি অরিষ্ট ... ... (½ ড্রা) ʒss
অহিফেনের তরল সার (১০—১৫ মি) ♏x—xv

অথবা

টিংচার্ অব্ হেন্‌বেন্ ... (১½ ড্রা) ʒss
কর্পূরের জল ... ... (১½ ড্রা) ℥iss

একত্র মিশ্রিত করিয়া লইবে। লিথিক্ য়্যাসিড্ আধারী রোগে দিবসে তিন চারি বার বিধেয়।

২০। ℞ চিরেতার অরিষ্ট } (½ ড্রা) ℥ss
টিংচ্যুরা লাপ্যুলাই
লাইকর্ পোটাসী এফার্ভেসেন্স্ (৪ আং) ℥iv

একত্র মিলাইয়া উচ্ছলদবস্থায় দিবসে তিন বার বিধেয়। অম্লজনিত অজীর্ণে এবং লিথিক্ য়্যাসিড্ অশ্মরী রোগে বিশেষ উপকারক।

২১। ℞ ভাইনাম্ কল্‌চিসাই ... (২০ মি) ♏xx
এলাদি অরিষ্ট ... (½ ড্রা) ℥ss
লাইকর্ লিথী এফার্ভেসেন্স্ (৩ আং) ℥iii

একত্র মিলাইয়া উচ্ছলদবস্থায় দিবসে তিন বার বিধেয়। 'গাউট্ নামক বাত রোগে এবং লিথিক্ য়্যাসিড্ অশ্মরী রোগে বিশেষ উপকারক।

২২। ℞ লিথী সাইট্রাস্ } (১০ গ্রে) gr. x
ম্যাগ্‌নিসী কার্বনাস্।

একত্র মিলাইয়া লইবে। পুরাতন গাউট্ নামক বাত রোগে এবং লিথিক্ য়্যাসিড্ অশ্মরী রোগে দিবসে দুই বার বিধেয়।

২৩। ℞ এ্যামোনী কার্বনাস্ ... (৩০ গ্রে) gr. xxx
পোটাসী ক্লোরাস্ ... (১½ ড্রা) ʒiss
অহিফেনের তরল সার ... (৩০ মি) ♏xxx
ডিকক্টাম্ সিঙ্কোনী ফ্লেভী (৯ আং) ℥ix

একত্র মিলাইবে। অম্লাতিশয্য সহযোগে দৌর্ব্বল্য থাকিলে দেড় আউন্স্ মাত্রায় দিবসে তিন বার বিধেয়।

২৪। ℞ লাইকর্ পোটাসী ... (১০—১৫ মি) ♏x—xv
টিংচারা হাইয়োসায়েমাই... (২০ মি) ♏xx
ইন্ফিউজাম্ বুকু ... (১½ আং) ℥iss

একত্র মিলাইয়া লইবে। মুত্রাশয়ের উগ্রতাতে দিবসে তিন বার বিধেয়।

২৫। ℞ সোডী বাইকার্বনাস্ ... (১৫ গ্রে) gr. xv
লাইকর্ মর্ফী হাইড্রোক্লোরেটিস্ (১৫ মি) ♏xv
য়্যাসিডাম্ হাইড্রোসিয়্যানিকাম্ ডাইলিউটাম্ } (৩—৫ মি) ♏iii—v
ইন্ফিউজাম্ ক্যাস্কারিলী ... (১ আং) ℥i

একত্র মিলাইয়া লইবে। পাকাশয়-শূল রোগে বমনকারক ঔষধ দ্বারা পাকাশয় পরিষ্কার করণানন্তর বিধেয়।

উত্তেজক।

১। ℞ য়্যামোনী কার্বনাস্ ... (১ ড্রা) ʒi
স্পিরিটাস্ ঈথারিস্ ... (৪ ড্রা) ʒiv
এলাদি অরিষ্ট ... (৪ ড্রা) ʒiv
কর্পূরের জল ... (১১ আং) ℥xi

একত্র মিশ্রিত করিয়া লইবে। বিসূচিকা এবং জ্বরাদি রোগে এক আউন্স্ মাত্রায় অর্দ্ধ, এক বা দুই ঘণ্টা অন্তর প্রয়োজনানুসারে বিধেয়।

২। ℞ য়্যামোনী কার্বনাস্ ... (১ ড্রা) ʒi
স্পিরিটাস্ ঈথারিস্ ... (৪ ড্রা) ʒiv
এলাদি অরিষ্ট ... (৪ ড্রা) ʒiv
স্পিরিটাস্ ভাইনাই গ্যালিসাই (৩ আং) ℥iii
ডিকক্টাম্ সিঙ্কোনী বা } (৮ আং) ℥viii
ইন্‌ফিউজাম্ সেনেগী

একত্র মিলাইয়া লইবে। টাইফয়িড্ জ্বর, টাইফয়িড্ ফুস্‌ফুস্‌প্রদাহাদি রোগে এক আউন্স্ মাত্রায় চারি ছয় ঘণ্টা অন্তর বিধেয়। উত্তেজক এবং কফনিঃসারক হইয়া উপকার করে।

৩। ℞ স্পিরিটাস্ ঈথারিস্ ... (½ ড্রা) ʒss
অহিফেনের অরিষ্ট ... (১০ মি) ♏x

এসেন্‌শিয়া এনিসাই	...	(২০ মি)	♏xx
কর্পূরের জল	...	(১½ আং)	℥iss

একত্র মিশ্রিত করিয়া লইবে। জ্বরাদি রোগে অবসন্নাবস্থায় ছয় ঘণ্টা অন্তর বিধেয়।

৪। ℞ কার্ব্বনেট্ অব্ য়্যামোনিয়া		(৫ গ্রে)	gr.
এসেন্‌শিয়া এনিসাই	...	(১৫ মি)	♏xv
ইন্‌ফিউজাম্ আর্ণিসী	...	(২ ড্রা)	ʒii
কর্পূরের জল	...	(৬ ড্রা)	ʒvi

একত্র মিশ্রিত করিয়া লইবে। জ্বর রোগে অবসন্নাবস্থায় দুই ঘণ্টা অন্তর প্রয়োজ্য।

৫। ℞ টার্পিন্ তৈল	...	(১ আং)	℥i
কতীরার মণ্ড	...	(½ আং)	℥ss
স্পিরিটাস্ আর্মোরেসী কোঃ		(½ আং)	℥ss
কর্পূরের জল	...	(৬ আং)	℥vi

একত্র মিশ্রিত করিয়া লইবে। টাইফয়িড্ জ্বররোগে অর্দ্ধ আউন্স্ মাত্রায় দুই ঘণ্টা অন্তর বিধেয়।

৬। ℞ টার্পিন্ তৈল স্পিরিটাস্ ঈথারিস্ নাইট্রোসাই	(৩ ড্রা)	ʒiii

কম্পাউণ্ড টিংচার অব্ ল্যাভেণ্ডার	(২ ড্রা)	ʒii
কর্পূরের জল ...	(৪ ড্রা)	ʒiv

একত্র মিশ্রিত করিয়া লইবে। টাইফয়িড্ জ্বররোগে চারি ঘণ্টা অন্তর বিধেয়।

৭। ℞ টার্পিন্ তৈল } এরণ্ড তৈল } ...	(৩ ড্রা)	ʒiii
ওলিয়াম্ ক্যাজুপাটাই ...	(৫ মি)	♏v
ম্যাগ্নিসিয়া ...	(২০ গ্রে)	gr. xx
য়্যাকোয়া মেন্থী পিপারিটী	(১½ আং)	℥iss

একত্র মিশ্রিত করিয়া লইবে। টাইফয়িড্ জ্বররোগে আধ্মান নিবারণার্থ বিধেয়।

৮। ℞ দারুচিনির অরিষ্ট ...	(১½ আং)	℥iss
স্পিরিটাস্ ঈথারিস্ ...	(১½ ড্রা)	ʒiss
পোস্তের পাক ...	(৪ ড্রা)	ʒiv
দারুচিনির জল ...	(৮ আং)	℥viii

একত্রে মিলাইয়া লইবে। প্রস্রাবান্তে রক্তস্রাব বশতঃ মূর্চ্ছাদিতে অর্দ্ধ আউন্স্ মাত্রায় পাদ বা অর্দ্ধ ঘণ্টা অন্তর প্রয়োজ্য।

৯। ℞ কর্পূর চূর্ণ ... (৪ গ্রে) gr. iv
ষ্যামোনী কার্বনাস্ ... (৩ গ্রে) gr. iii
একস্ট্রাক্টাম্ হায়োইসায়েমাই (৪ গ্রে) gr. iv
গঁদের মণ্ড ... (যথাপ্রয়োজন) q. s.

একত্র মিলাইয়া ছয় বটিকা প্রস্তুত করিবে। টাই-ফয়িড্ জ্বরে অর্দ্ধ বা এক ঘণ্টা অন্তর বিধান করিবে।

১০। ℞ কর্পূব চূর্ণ ... (৩—৬ গ্রে) gr. iii—vi
গোলাবের মণ্ড ... (৬ গ্রে) gr. vi

একত্র মিলাইয়া টাইফয়িড্ জ্বরে মৃদু প্রলাপ থাকিলে চারি হইতে ছয় ঘণ্টা অন্তর বিধেয়।

১১। ℞ মৃগনাভি ... (১০ গ্রে) gr. x
কার্বনেট্ অব্ য়্যামোনিয়া (১০ গ্রে) gr. x
গোলাবের মণ্ড ... (যথাপ্রয়োজন) q. s.

একত্র মিলাইয়া টাইফয়িড্ জ্বর, ফুস্ফুস্-প্রদাহ, টাইফয়িড্ অবস্থা, শরীরাংশ পচনাদিতে তিন চারি ঘণ্টা অন্তর অর্দ্ধ বা পূর্ণ মাত্রায় বিধেয়।

১২। ℞ মৃগনাভি } ... (৩০ গ্রে) gr. xxx
কর্পূর }
গুলিয়াম্ ক্যাজুপাটাই ... (৬ মি) ♏vi

একত্র মিলাইয়া বার বটিকা প্রস্তুত করিবে। দুই বটিকা তিন ঘণ্টা অন্তর বিধেয়। উত্তেজক এবং আক্ষেপ-নিবারক। হিক্কা নিবারণার্থ বিশেষ উপযোগী।

১৩। ℞ মৃগনাভি	...	(৫—৮ গ্রে)	gr. v—viii
স্পিরিট অব্ ঈথার্, স্পিরিটাস্ য়্যামোনী য়্যারোম্যাটিকাস্		(½ ড্রা)	ʒss
কর্পূরের জল	...	(১ আং)	℥i

একত্র মিলাইয়া লইবে। জ্বররোগে অবসন্নাবস্থায় দুই তিন ঘণ্টা অন্তর বিধেয়।

১৪। ℞ মৃগনাভি	...	(৮ গ্রে)	gr. viii
অহিফেন চূর্ণ	...	(২ গ্রে)	gr. ii
কর্পূর	...	(২৪ গ্রে)	gr. xxiv
শর্করার পাক	...	(যথাপ্রয়োজন)	q. s.

একত্র মিলাইয়া ছয় বটিকা প্রস্তুত করিবে। হস্পিট্যাল্ গ্যাঙ্গ্রিন্ নামক রোগে তিন ঘণ্টা অন্তর বিধেয়।

১৫। ℞ মৃগনাভি	...	(১০—২০ গ্রে)	gr. x—xx
টিংচ্যুরা ক্যাষ্টরিয়াই	...	(২ ড্রা)	ʒii

শুণ্ঠীর পাক	...	(২ ড্রা)	ʒii
পরিস্রুত জল		(১ আং)	℥i

একত্র মিলাইয়া লইবে। জ্বররোগে অজ্ঞান অভিভূত অবস্থায় প্রয়োজ্য।

১৬। ℞ টিংচ্যুরা ক্যাণ্টোরিয়াই...		(১ ড্রা)	ʒi
স্পিরিটাস্ ঈথারিস্	...	(২০ মি)	♏xx
অহিফেনের অরিষ্ট	...	(৫ মি)	♏v
দারুচিনির জল	...	(½ আং)	℥ss

একত্র মিলাইয়া লইবে। টাইফাস্ এবং টাইফয়িড্ জ্বরে দিবসে তিন বার বিধেয়।

বেদনানিবারক এবং নিদ্রাকারক।

১। ℞ অহিফেন চূর্ণ	...	(৫ গ্রে)	gr. v
এক্‌ষ্ট্রাক্টাম্ হাইয়োসায়েমাই		(১৫ গ্রে)	gr. xv
কোনিয়াই		(১৫ গ্রে)	gr. xv

একত্র মিলাইয়া দশ বটিকা প্রস্তুত করিবে। শয়নকালে এক বটিকা বেদনা-নিবারণার্থ বিধেয়।

২। ℞ অহিফেন	...	(৩ গ্রে)	gr. iii
কর্পূর	...	(৬ গ্রে)	gr. vi
গোলাবের খণ্ড	...	(যথাপ্রয়োজন)	q. s.

একত্র মিলাইয়া ছয় বটিকা প্রস্তুত করিবে। আক্ষেপ ও বেদনা-নিবারণার্থ এক বটিকা মাত্রায় দিবসে দুই তিন বার বিধেয়।

৩। ℞ লাইকর্ মর্ফী হাইড্রোক্লোরেটিস্ (৩০ মি) ♏xxx
জম্বীরের পাক ... (১ ড্রা) ʒi
কর্পূরের জল ... (১ আং) ℥i

একত্র মিলাইয়া লইবে। যাতনা-জনিত অনিদ্রাতে শয়নকালে প্রয়োজ্য।

৪। ℞ লাইকর্ মর্ফী হাইড্রো-
ক্লোরেটিস্ ... (১৫—৩০ মি) ♏xv—xxx
স্পিরিটাস্ ক্লোরোফর্মাই (১ ড্রা) ʒi
" ঈথারিস্ (৩০ মি) ♏xxx
টিংচ্যুরা বেলাডোনী ... (১০—২০ মি) ♏x—xx
এলাদি অরিষ্ট ... (১ ড্রা) ʒi
জল ... (১½ আং) ℥iss

একত্র মিলাইয়া লইবে। আক্ষেপজনিত অত্যুৎকট যন্ত্রণা (যথা, পিত্তশিলা অবতরণাদি) নিবারণার্থে দুই ঘণ্টা অন্তর বিধেয়। রোগীর প্রতি সতর্ক দৃষ্টি রাখিবে।

। ℞ লাইকর্ মর্কী হাইড্রোক্লোরেটিস্ (৪০ মি) ♏xl
য়্যাসিডাম্ হাইড্রোসিয়্যানিকাম্ ডিল্ঃ (২০ মি) ♏xx
সিরাপাস্ পিলী ... (৬ড্রা) ʒvi
আর্বি গঁদের মণ্ড ... (৬ আং) ℥vi

একত্র মিশাইয়া লইবে। কাসের উগ্রতা নিবারণার্থ অর্দ্ধ আউন্স্ মাত্রায় তিন চারি ঘণ্টা অন্তর বিধেয়।

৬। ℞ ক্লোরোফর্ম্ ... (১০—১৫ মি) ♏x—xv
অহিফেনের তরল সার (১৫—৩০ মি) ♏xv—xxx
সিরাপাস্ রিয়াডস্ ... (১ ড্রা) ʒi
কতীরার মণ্ড ... (১ আং) ℥i

একত্র মিলাইয়া লইবে। উৎকট শূল এবং আক্ষেপ রোগে শয়নকালে বিধান করিবে।

৭। ℞ এক্ষ্ট্রাক্টাম্ হাইয়োসায়েমাই
কর্পূর ...
লাপ্যুলিন্ ...
} (২০ গ্রে) gr. xx

একত্র মিলাইয়া বার বটিকা প্রস্তুত করিবে। হিষ্টিরিয়াদি-জনিত অনিদ্রাতে দুই বটিকা শয়নকালে ব্যবস্থেয়।

৮। ℞ স্পিরিটাস্ ক্যাম্ফোরী ... (৩০ মি) ♏xxx
টিংচুারা হাইয়োসায়েমাই } ... (১ ড্রা) ʒi
„ লাপুলাই
আরবি গঁদের মণ্ড ... (১ আং) ℥i

একত্র মিলাইয়া আক্ষেপ ও বেদনা নিবারণার্থ এবং নিদ্রাকরণার্থ শয়নকালে বিধেয়।

৯। ℞ অহিফেনের সার ... (১—২ গ্রে) gr. i—ii
এক্ষ্ট্রাক্টাম্ বেলাডোনী ... (⅓ গ্রে) gr. ⅓
„ জেন্‌শিয়েনী ... (৩ গ্রে) gr. iii

একত্র মিলাইয়া বটিকা প্রস্তুত করিবে। উৎকট বেদনা নিবারণার্থ প্রাতে এবং সন্ধ্যায় বিধেয়।

১০। ℞ কর্পূর ... (৫ গ্রে) gr. v
এক্ষ্ট্রাক্টাম্ বেলাডোনী ... (⅓ গ্রে) gr. ⅓
„ কোনিয়াই ... (৪ গ্রে) gr. iv
স্পিরিটাস্ রেক্‌টিফিকেটাস্ ... (যথাপ্রয়োজন) q. s.

একত্র মিলাইয়া দুই বটিকা প্রস্তুত করিবে। শয়ন-কালে প্রয়োজ্য। শুক্রমেহ এবং আক্ষেপজনক রোগে বিধেয়।

১১। ℞ মর্ফিয়া ... (১ গ্রে) gr. i
হিঙ্গু ... (১৫ গ্রে) gr. xv
কর্পুর ... (১০ গ্রে) gr. x

একত্র মিলাইয়া ছয় বটিকা প্রস্তুত করিবে। উত্তেজন, আক্ষেপ-নিবারণ এবং নিদ্রাকরণার্থ এক এক বটিকা রাত্রে প্রয়োগ করিবে।

১২। ℞ টিংচ্যুরা ষ্যাকোনিটাই (২০—৩০ মি) ♏xx—xxx
স্পিরিটাস্ ঈথারিস্ ... (৪ ড্রা) ʒiv
মিশ্চ্যুরা গোয়েসাই ... (৯ আং) ℥ix

একত্র মিলাইয়া লইবে। মাত্রা, দেড় আউন্স্; ছয় ঘণ্টা অন্তর। পুরাতন বাত এবং স্নায়ু-শূল রোগে উত্তেজন, বেদনা-নিবারণ এবং পরিবর্ত্তনার্থ ব্যবস্থেয়।

১৩। ℞ এক্‌ষ্ট্রাক্টাম্ কোনিয়াই
„ হাইয়োসায়েমাই
রেউচিস্থাদি বটিকা
} (৩ গ্রে) gr. iii

একত্র মিলাইয়া দুই বটিকা প্রস্তুত করিবে। নিদ্রাকরণার্থ অহিফেন অপ্রয়োজ্য হইলে বিধেয়।

১৪। ℞ পাল্‌ভিস্ ইপেকাকুয়ানী কাম্
ওপিয়ো
} (৩৬ গ্রে) gr. xxxvi
এক্‌ষ্ট্রাক্টাম্ কোনিয়াই ... (২৪ গ্রে) gr. xxiv

একত্র মিলাইয়া বার বটিকা প্রস্তুত করিবে। ক্যান্সারাদি রোগে উৎকট যন্ত্রণা-নিবারণার্থ এক এক বটিকা তিন হইতে চারি ঘণ্টা অন্তর বিধেয়।

১৫। ℞ এক্‌ষ্ট্রাক্টাম্ হাইয়োসায়েমাই (৪ গ্রে) gr. iv
গাঁজার সার ... (¼ গ্রে—১ গ্রে) gr. ¼—i

একত্র মিলাইয়া বটিকা প্রস্তুত করিবে। নিদ্রাকরণার্থ অহিফেন অপ্রয়োজ্য হইলে বিধেয়।

১৬। ℞ মর্ফী হাইড্রোক্লোরেটিস্ (¼—½ গ্রে) gr ¼—½
এক্‌ষ্ট্রাক্টাম্ হাইয়োসায়েমাই (৩ গ্রে) gr. iii

একত্র মিলাইয়া বটিকা প্রস্তুত করিবে। উৎকট বেদনা নিবারণার্থ এবং নিদ্রাকরণার্থ শয়নকালে ব্যবস্থেয়।

১৭। ℞ অহিফেনের সার ... (১ গ্রে) gr. i
লঙ্কামরিচ চূর্ণ ... (২ গ্রে) gr. ii
এক্‌ষ্ট্রাক্টাম্ হাইয়োসায়েমাই (৫ গ্রে) gr. v

একত্র মিলাইয়া দুই বটিকা প্রস্তুত করিবে। অহিফেনের দ্বারা শিরঃপীড়াদি উপসর্গ আনীত হওন বিধায় উহা অপ্রয়োজ্য হইলে, নিদ্রাকরণার্থ বিধেয়।

১৮। ℞ স্পাকাস্ কোনিয়াই ... (৬ ড্রা) ʒvi
কমলার পাক ... (১০ ড্রা) ʒx
দারুচিনির জল ... (৬ আং) ℥vi

একত্র মিলাইয়া লইবে। পুরাতন বাত, স্নায়ুশূল এবং বিবিধ আক্ষেপ ও বেদনাজনক রোগে এক আউন্স মাত্রায় দিবসে তিন বার বিধেয়।

১৯। ℞ পোটাসিয়াই ব্রোমাইডাম্ (৩০ গ্রে) gr. xxx
কমলা পুষ্পের পাক ... (১ ড্রা) ʒi
ইন্‌ফিউজাম্ লাপুলাই (৭ ড্রা) ʒvii

একত্র মিলাইয়া এক মাত্রা প্রস্তুত করিবে। স্নায়বীয় ক্ষীণতা বশতঃ অনিদ্রাতে শয়নকালে বিধেয়।

শৈত্যকারক, ঘর্ম্মকারক এবং মূত্রকারক।

১। ℞ লাইকর্ য়্যামোনী য়্যাসিটেটিস্ (২ আং) ℥ii
স্পিরিটাস্ ঈথারিস্ নাইট্রোসাই (২ ড্রা) ʒii
যবক্ষার ... (১ ড্রা) ʒi

বা

পোটাসী সাইট্রাস্ ... (২ ড্রা) ʒii
কর্পূরের জল ... (৬ আং) ℥vi

একত্র মিলাইয়া লইবে। জ্বর এবং প্রদাহাদি

রোগের আরম্ভে শৈত্যকরণ এবং ঘর্ম্মকরণার্থে এক আউন্স্ মাত্রায় তিন ঘণ্টা অন্তর বিধেয়।

২। ℞ যবক্ষার ...	(১ ড্রা)	ʒi
বা		
সাইট্রেট্ অব্ পটাশ্	(২ ড্রা)	ʒii
ভাইনাম্ ইপেকাকুয়ানী	(১½ ড্রা)	ʒiss
অনন্তমূলের পাক ...	(১ আং)	℥i
যবের কাথ ...	(১ পাং)	Oi

একত্র মিলাইয়া লইবে। অত্যন্ত সর্দ্দি এবং গলায় ব্যথা হইলে আড়াই আউন্স্ মাত্রায় দুই হইতে তিন ঘণ্টা অন্তর বিধান করিবে।

৩। ℞ লাইকর্ য়্যামোনী য়্যাসিটেটিস্	(১½ আং)	℥iss
ভাইনাম্ য়্যাণ্টিমোনিয়েলী	(১ ড্রা)	ʒi
অহিফেনের তরল সার	(৩০ মি)	♏xxx
কর্পূরের জল ...	(৪½ আং)	℥ivss

একত্র মিলাইয়া লইবে। জ্বরাদি রোগ সহযোগে অস্থিরতা থাকিলে এক আউন্স্ মাত্রায় তিন ঘণ্টা অন্তর বিধেয়।

৪। ℞ লাইকর্ য়্যামোনী য়্যাসিটেটিস্	(১½ আং)	℥iss
সাইট্রেট্ অব্ পটাশ্ ...	(২ ড্রা)	ʒii

স্পিরিটাস য়্যামোনী য়্যারোম্যাটিকাস্		(৩ ড্রা)	ʒiii
কর্পূরের জল	...	(৪½ আং)	℥ivss

একত্র মিলাইয়া লইবে। তরুণ ফুস্ফুস্-প্রদাহ এবং অন্যান্য তরুণ প্রদাহ রোগে এক আউন্স্ মাত্রায় তিন হইতে চারি ঘণ্টা অন্তর বিধেয়।

৫। ℞ বাইকার্বনেট্ অব্ সোডা (২০ গ্রে) gr. xx

য়্যাকোয়া লরোসিরেসাই		(১০ মি)	♏x
বা			
য়্যাসিডাম্ হাইড্রোসিয়ানিকাম্ ডাইলিউটাম্		(৩ মি)	♏iii
শর্করার পাক	...	(১ ড্রা)	ʒi
জল	...	(১½ আং)	℥iss

একত্র মিলাইয়া আঠার গ্রেণ্ জম্বীরাম্ল সহযোগে উচ্ছলিতাবস্থায় চারি হইতে ছয় ঘণ্টা অন্তর বিধেয়। জ্বরসহযোগে বিবমিষা থাকিলে ব্যবস্থা করিবে।

৬। ℞ লাইকর্ য়্যামোনী য়্যাসিটেটিস্ (১½ আং) ℥iss

ভাইনাম্ য়্যান্টিমোনিয়েলী		(১ ড্রা)	ʒi
যবক্ষার	...	(৩০ গ্রে)	gr. xxx
কর্পূরের জল	...	(৪½ আং)	℥ivss

একত্র মিলাইয়া লইবে। জ্বর এবং প্রদাহাদি রোগে এক আউন্স্ মাত্রায় তিন হইতে চারি ঘণ্টা অন্তর ব্যবস্থেয়।

৭। ℞	জম্বীরাম্ল	...	(২ ড্রা)	ʒii
	কমলা ত্বকের ফাণ্ট ...		(৮ আং)	℥viii
	ইন্‌ফিউজাম্ ক্যাস্কারিলী		(৮ আং)	℥viii

একত্র মিলাইয়া লইবে। দুই আউন্স্ মাত্রায় দুই ঘণ্টা অন্তর বিধান করিবে। জ্বররোগে পিপাসা নিবারণার্থ বিশেষ উপযোগী।

৮। ℞	লাইকর্ য়্যামোনী য়্যাসিটেটিস্		(৩ আং)	℥iii
	স্পিরিটাস্ ঈথারিস্ নাইট্রোসাই		(৪ ড্রা)	ʒiv
	পোটাসী বাইকার্বনাস্		(৪ ড্রা)	ʒiv
	ভাইনাম্ কল্‌চিসাই ...		(২ ড্রা)	ʒii
	মর্ফী য়্যাসিটাস্	...	(২ গ্রে)	gr. ii
	কর্পূরের জল	...	(৮ আং)	℥viii

একত্র মিলাইয়া লইবে। তরুণ বাত রোগে এক আউন্স্ মাত্রায় তিন চারি ঘণ্টা অন্তর বিধেয়।

৯। ℞	পোটাসী বাইকার্বনাস্	(২ ড্রা)	ʒii
	স্পিরিটাস্ ঈথারিস্ নাইট্রোসাই	(২ ড্রা)	ʒii

ভাইনাম্ কল্‌চিসাই ...	(১ ড্রা)	ʒi
টিংচ্যুরা য়্যাকোনিটাই	(১৫—৩০ মি)	♏xv—xxx
জল ...	(৬ আং)	℥vi

একত্র মিলাইয়া লইবে। তরুণ বাত রোগে এক আউন্স্ মাত্রায় দিবসে তিন চারি বার ব্যবস্থেয়।

১০। ℞ পোটাসী বাইকার্বনাস্

পোটাসী বাইকার্বনাস্	(২ ড্রা)	ʒii
পোটাসিয়াই আইয়োডাইডাম্	(৩০ গ্রে)	gr. xxx
ভাইনাম্ কল্‌চিসাই ...	(১ ড্রা)	ʒi
অনন্তমূলের পাক ...	(১ আং)	℥i
টিংচ্যুরা গোয়েসাই য়্যামোনিয়েটা	(৪ ড্রা)	ʒiv
কর্পূরের জল ...	(৭½ আং)	℥viiss

একত্র মিলাইয়া লইবে। পুরাতন বাত রোগে দেড় আউন্স্ মাত্রায় দিবসে তিন বার বিধেয়।

১১। ℞ পাল্‌ভিস্ ইপেকাকুয়ানী

পাল্‌ভিস্ ইপেকাকুয়ানী	(১ গ্রে)	gr. i
অহিফেন চূর্ণ ...	(১ গ্রে)	gr. i
যবক্ষার ...	(৮ গ্রে)	gr. viii

একত্র মিলাইয়া এক পুরিয়া প্রস্তুত করিবে। শয়ন-কালে বিধেয়। ঘর্ম্ম-কারক ও নিদ্রা-কারক।

১২। ℞ টিংচুরা গোয়েসাই য়্যামোনিয়েটা (৩—৬ ড্রা) ʒiii—vi
কতীরার মণ্ড ... (৩ আং) ℥iii
ইন্‌ফিউজাম্ সেনেগী ... (৮ আং) ℥viii

প্রথম দুই দ্রব্য উত্তমরূপে একত্র মিলাইয়া পরিশেষে শেষোক্ত দ্রব্য মিলাইবে। শ্বাসনলী-প্রদাহ, টন্‌সিল্‌-প্রদাহাদি রোগের শেষাবস্থায় দেড় আউন্স্ মাত্রায় দিবসে তিন বার বিধেয়। ঘর্ম্মকারক, মূত্র-কারক, কফ-নিঃসারক এবং উত্তেজক হইয়া উপকার করে।

১৩। ℞ য়্যামোনী বেন্‌জোয়াস্ ... (১—২ড্রা) ʒi—ii
অনন্তমূলের পাক ... (১ আং) ℥i
জল ... (৮ আং) ℥viii

একত্র মিলাইয়া দেড় আউন্স্ মাত্রায় দিবসে তিন বার প্রয়োগ করিবে। শোথ রোগে, গাউট্ নামক বাত রোগে এবং মূত্রাশয়-প্রদাহ সহযোগে প্রস্রাবে ক্ষারত্ব-দোষ থাকিলে বিধেয়।

১৪। ℞ পোটাসী য়্যাসিটাস্ ... (২ ড্রা) ʒii
সিরাপাস্ সিলী ... (৬ ড্রা) ʒvi
স্পিরিটাস্ ঈথারিস্ নাইট্রোসাই (৩ ড্রা) ʒiii
টিংচুরা ডিজিটেলিস্ (৩০ মি—১ ড্রা) ♏xxx—ʒi

স্পিরিটাস্ স্কোপেরিয়াই ... (৬ ড্রা) ʒvi
জল ... (৮ আং) ℥viii

একত্র মিলাইয়া লইবে। হৃৎপিণ্ড, যকৃৎ বা অন্ত্রা-বরণের রোগ-জনিত শোথ রোগে মূত্র-করণার্থ দেড় আউন্স্ মাত্রায় ছয় ঘণ্টা অন্তর বিধেয়।

১৫। ℞ লাইকর্ য়্যামোনী য়্যাসিটেটিস্ (১ আং) ℥i
টিংচ্যুরা সিলী ... (২ ড্রা) ʒii
কর্পূরাদি অরিষ্ট ... (৪ ড্রা) ʒiv
ডিকক্টাম্ স্কোপেরিয়াই ... (৭½ আং) ℥viiss

একত্র মিলাইয়া লইবে। অপ্রাদাহিক শোথ রোগে এবং তৎসহযোগে মূত্রগ্রন্থির কোন রোগ না থাকিলে দেড় আউন্স্ মাত্রায় দিবসে তিন বার ব্যবস্থেয়।

১৬। ℞ স্পিরিটাস্ জুনিপারাই ... (২ ড্রা) ʒii
পোটাসী টার্ট্রাস্ য়্যাসিডা (১ আং) ℥i
ডিকক্টাম্ স্কোপেরিয়াই ... (১২ আং) ℥xii

একত্র মিলাইয়া লইবে। মাত্রা, দুই আউন্স্; দিবসে তিন বার। মূত্রকারক এবং বিরেচক।

১৭। ℞ লাইকর পোটাসী ... (১—২ ড্রা) ʒi—ii
স্পিরিটাস্ ঈথারিস্ নাইট্রোসাই (৬ ড্রা) ʒvi
কুস্কুমের অরিষ্ট ... (৩ ড্রা) ʒiii
ইন্‌ফিউজাম্ ডিজিটেলিস্ (১½ আং) ℥iss
শর্করার পাক ... (৬ ড্রা) ʒvi
জল ... (৫½ আং) ℥vss

একত্র মিলাইয়া লইবে। মাত্রা, দেড় আউন্স্; দিবসে তিন বার। হৃদাময়জনিত এবং যকৃৎ রোগ-জনিত শোথবিশেষে উত্তম মূত্র-কারক।

১৮। ℞ যবক্ষার ... (১ ড্রা) ʒi
স্পিরিটাস্ জুনিপারাই ... (১—২ ড্র) ʒi—ii
স্পিরিটাস ঈথারিস নাইট্রোসাই (৩ ড্রা) ʒiii
ডিকক্টাম্ চিম্পাফাইলী ... (৮½ আং) ℥viiiss

একত্র মিলাইয়া লইবে। শোথ রোগে এবং মূত্রা-শয় রোগে উত্তেজক, মূত্রকারক হইয়া উপকার করে। মাত্রা, দেড় আউন্স্; ছয় ঘণ্টা অন্তর।

১৯। ℞ পোটাসী টার্ট্রাস্ য়্যাসিডা (৩ ড্রা) ʒiii
ইন্‌ফিউজাম্ বুকু ... (৯ আং) ℥ix

একত্র মিলাইয়া লইবে। দেড় আউন্স্ মাত্রায় দিবসে তিন বার; মূত্রকারক এবং বিরেচক। পুরাতন

ধাত রোগে, শোথ রোগে এবং প্রস্রাবে ইউরিক্ য়্যাসিডের আধিক্য বশতঃ মূত্রাশয়ের উগ্রতাতে উপকার করে।

২০। ℞ সোহাগা ... (৪০ গ্রে) gr. xl
টিংচ্যুরা বুকু ... (৬ ড্রা) ʒvi
এক্‌ষ্ট্রাক্টাম্ প্যারেরী লিকুইডাম্ (৪ ড্রা) ʒiv
ডিকক্টাম্ প্যারেরী ... (৮ আং) ℥viii

একত্র মিলাইয়া লইবে। পুরাতন মূত্রাশয় রোগে এবং অশ্মরী রোগে দেড় আউন্স্ মাত্রায় ছয় হইতে আট ঘণ্টা অন্তর বিধেয়।

২১। ℞ পাল্‌ভিস্ ডিজিটেলিস্ } (১২ গ্রে) gr. xii
পাল্‌ভিস্ সিলী }
এক্‌ষ্ট্রাক্টাম্ ট্যারাক্‌সেসাই (৩৬ গ্রে) gr. xxxvi

একত্র মিলাইয়া বার বটিকা প্রস্তুত করিবে। মাত্রা, এক বটিকা; দিবসে দুই বার। মাইট্র্যাল্ নামক হৃৎকপাটস্থ রোগে অতি উত্তম মূত্রকারক; য়্যায়োর্টার রোগে নিষিদ্ধ।

২২। ℞ পাল্‌ভিস্ ডিজিটেলিস্ (৮—১২ গ্রে) gr. viii—xii
পাল্‌ভিস্ সিলী ... (৬ গ্রে) gr. vi
পাইলুলা হাইড্রার্জিরাই... (৩০ গ্রে) gr. xxx

একত্র মিলাইয়া বার বটিকা প্রস্তুত করিবে। মাত্রা, এক বটিকা, প্রাতে এবং সন্ধ্যায়; দুই আউন্স্ ডিকক্টাম্ স্কোপেরিয়াই সহযোগে ব্যবস্থা করিবে। উপর্য্যুক্তের ন্যায় হৃদ্‌কপাটস্থ রোগে বিধেয়।

২৩। ℞ ক্যালোমিলাস্ ... (৫ গ্রে) gr v
পাল্‌ভিস্ ডিজিটেলিস্ ... (৫ গ্রে) gr. v
এক্‌ষ্ট্রাক্টাম্ কোনিয়াই ... (১ ড্রা) ʒi

একত্র মিলাইয়া পনর বটিকা প্রস্তুত করিবে। হৃৎপিণ্ডাময়-জনিত শোথ রোগে অবসাদন এবং মূত্রকরণার্থ এক এক বটিকা দিবসে তিন বার ব্যবস্থা করিবে।

২৪। ℞ ইউরিয়া ... (৫—১৫ গ্রে) gr. v—xv
কমলার পাক ... (১ ড্রা) ʒi
জল ... (১ আং) ℥i

একত্র মিলাইয়া ছয় ঘণ্টা অন্তর ব্যবস্থা করিবে। হৃৎপিণ্ডাময়-জনিত শোথ রোগে মূত্রকরণার্থ ব্যবহার্য্য। (ডাঃ ট্যানার্)।

২৫। ℞ লাইকর্ য়্যামোনী য়্যাসিটেটিস্		(১½ আং)	℥iss
পোটাসী সাইট্রাস্	...	(৩ ড্রা)	ʒiii
টিংচুয়ারা সিলী	...	(২ ড্রা)	ʒii
ভাইনাম্ কল্‌চিসাই	...	(১½ ড্রা)	ʒiss
ইনফিউজাম ডিজিটেলিস্		(৩ আং)	℥iii
য়্যাকোয়া মেন্থী পিপারিটা		(৭ আং)	℥vii

একত্র মিলাইয়া লইবে। মাইট্র্যাল্ নামক হৃৎ-কপাটস্থ রোগ-জনিত শোথবিশেষে দুই আউন্স্ মাত্রায় দিবসে তিন বার ব্যবস্থেয়।

২৬। ℞ য়্যাসিডাম নাইট্রিকাম্ ডাইলুটাম্		(১ ড্রা)	ʒi
সাকাস্ ট্যারাক্সেসাই	...	(৬ ড্রা)	ʒvi
ডিকক্টাম্ ট্যারাক্সেসাই	...	(৮ আং)	℥viii

একত্র মিলাইয়া লইবে। অপ্রাদাহিক যকৃৎ রোগে বিরেচন, পরিবর্ত্তন এবং মূত্রকরণার্থ দেড় আউন্স্ মাত্রায় দিবসে তিন বার বিধান করিবে।

২৭। ℞ পোটাসী টার্ট্রাস্ য়্যাসিডা	(১ আং)	℥i
এক্‌ষ্ট্রাক্টাম্ ট্যারাক্সেসাই	(৩০ গ্রে)	gr. xxx
ডিকক্টাম্ ট্যারাক্সেসাই	(৯ আং)	℥ix

একত্র মিলাইয়া দেড় আউন্স্ মাত্রায় দিবসে তিন বার বিধান করিবে। সামান্য পাণ্ডু রোগে উপকার করে।

২৮। ℞ সামান্য লবণ ... ... (২০ গ্রে) gr. xx
পোটাসী ক্লোরাস্ ... (৮ গ্রে) gr. viii
সোডী কার্বনাস্ ... ... (৩০ গ্রে) gr. xxx
জল ... ... (১½ আং) ℥iss

একত্র মিলাইয়া বিসূচিকা রোগে অর্দ্ধ ঘণ্টা অন্তর ব্যবস্থা করিবে। ইহাই ডাং ষ্টীবন্ সাহেবের সেলাইন্ মিক্শ্চার্ বা লবণ-মিশ্র।

২৯। ℞ সোহাগা ... ... (৮০ গ্রে) gr. lxxx
স্পিরিটাস্ ঈথারিস্ নাইট্রোসাই (৩ ড্রা) ʒiii
পোস্তের পাক ... ... (৬ ড্রা) ʒvi
তিসির ফাণ্ট্ ... ... (৮ আং) ℥viii

একত্র মিলাইয়া লইবে। পুরাতন মূত্রাশয় এবং অশ্মরী রোগে দেড় আউন্স্ মাত্রায় ছয় ঘণ্টা অন্তর বিধেয়।

৩০। ℞ য়্যামোনী কার্বনাস্ ... (৩০ গ্রে) gr. xxx
লাইকর্ সোডী ক্লোরিনেটী ... (১ ড্রা) ʒi
ইন্ফিউজাম্ সার্পেণ্টেরায়ী ... (৯ আং) ℥ix

একত্র মিলাইয়া লইবে। মাত্রা, দেড় আউন্স্; ছয় ঘণ্টা অন্তর। অবিরাম জ্বরের দৌর্ব্বল্যাবস্থায় উত্তেজন এবং ঘর্ম্ম-করণার্থ বিধেয়।

৩১। ℞ পোটাসী বাইকার্বনাস্ ... (৪ ড্রা) ʒiv
জম্বীর পাক ... ... (১ আং) ℥i
জল ... ... (২ পাং) Oii

একত্র মিলাইয়া সমস্ত দিবসে পানীয়রূপে বিধান করিবে। তরুণ বাত রোগে এবং প্রস্রাবে ইউরিক্ য়্যাসিডের আধিক্য হইলে বিশেষ উপকারক।

৩২। ℞ পোটাসী টার্ট্রাস্ য়্যাসিডা ... (১ আং) ℥i
জম্বীর তৈল ... ... (১৫ মি) ♏xv
শর্করা ... ... (২ আং) ℥ii
স্ফুটিত জল ... ... (২ পাং) Oii

একত্র মিলাইয়া লইবে। শীতল হইলে জ্বরাদি রোগে শৈত্যকরণ এবং বিরেচনার্থ পানীয়রূপে ব্যবস্থা করিবে।

৩৩। ℞ পোটাসী বাইকার্বনাস্ ... (২ ড্রা) ʒii
কমলা পুষ্পের জল ... ... (২ আং) ℥ii
জল ... ... (৭ আং) ℥vii

একত্র মিলাইয়া দেড় আউন্স্ মাত্রায় নিম্নলিখিত মিশ্রের এক আউন্স্ সহযোগে তিন ঘণ্টা অন্তর বিধান

করিবে। জ্বরাদি রোগে শৈত্যকারক, ঘর্ম্মকারক ও বমননিবারক হইয়া উপকার করে।

℞ অম্বীরাম্ল	... ...	(২ ড্রা)	ʒii
জল ...	... ...	(৬ আং)	℥vi

একত্র মিলাইবে।

৩৪। ℞ জলমিশ্র লবণ দ্রাবক	...	(৩ ড্রা)	ʒiii
পোটাসী ক্লোরাস্ ...	...	(৩ ড্রা)	ʒiii
শুন্ঠীর পাক ...	...	(১ আং)	℥i
যবের ক্বাথ ...	...	(২ পাং)	oii

একত্র মিলাইয়া সমস্ত দিবসে পানীয়রূপে বিধান করিবে। টাইফয়িড্ আদি জ্বর রোগে ব্যবস্থেয়।

৩৫। ℞ পোটাসী ক্লোরাস্ ...	...	(১ ড্রা)	ʒi
অনন্তমূলের পাক ...	...	(১ আং)	℥i
জল	...	(১ পাং)	oi

একত্র মিলাইয়া, হাম বসন্তাদির জ্বরে পানীয়রূপে বিধেয়।

৩৬। ℞ পোটাসী ক্লোরাস্ ...	...	(১ আং)	℥i
পোটাসী বাইকার্বনাস্	...	(২ আং)	℥ii

একত্র মিলাইয়া আাট পুরিয়া করিবে। এক পুরিয়া এক পাইণ্ট্ যবের ক্বাথের সহিত মিলাইয়া সমস্ত দিবসে পানীয়রূপে বিধেয়। তরুণ বাত রোগে উপকারক।

৩৭। ℞ যবক্ষার ... ... (১ আং) ℥i
শর্করা ... ... (২ আং) ℥ii

একত্র মিলাইয়া আাট পুরিয়া প্রস্তুত করিবে। এক পুরিয়া আধ পোয়া যবের ক্বাথের সহিত তিন ঘণ্টা অন্তর ব্যবস্থা করিবে। তরুণ বাত রোগে উপকারক।

৩৮। ℞ পাল্‌ভিস্ য়্যাণ্টিমোনিয়েলিস্ ... (৩ গ্রে) gr. iii
ক্যালোমিলাস্ ... ... (½ গ্রে) gr. ss
বা
হাইড্রার্জাইরাম্ কাম্ ক্রিটা ... (২ গ্রে) gr. ii
এক্‌ষ্ট্রাক্টাম্ হাইয়োসায়েমাই ... (১½ গ্রে) gr. iss

একত্র মিলাইয়া বটিকা প্রস্তুত করিবে। তরুণ বাত এবং জ্বর রোগে চর্ম্মের শুষ্কতা এবং উত্তাপ নিবারণার্থ তিন চারি ঘণ্টা অন্তর বিধেয়।

৩৯। ℞ পাল্‌ভিস্ গোয়েসাই রেজিনী ... (৬০ গ্রে) gr. lx
যবক্ষার ... ... (৩০ গ্রে) gr.xxx
পাল্‌ভিস্ ইপেকাকুয়ানী কম্পোজিটাস্ (৩০ গ্রে) gr.xxx

একত্র মিলাইয়া ছয় পুরিয়া প্রস্তুত করিবে। পুরাতন বাত রোগে রাত্রে এক পুরিয়া বিধান করিবে।

৪০। ℞ সাক্কাস্ স্কোপেরিয়াই ... (½ আং) ℥ss
পোটাসী য়্যাসিটাস্ ... ... (৮০ গ্রে) gr. lxxx
স্পিরিটাস্ জুনিপারাই ... (২ ড্রা) ʒii
য়্যাসিটাম্ সিলী ... ... (½ আং) ℥ss
ডিকক্টাম্ স্কোপেরিয়াই ... (৮ আং) ℥viii

একত্র মিলাইয়া লইবে। মাত্রা, এক আউন্স্; চারি ঘণ্টা অন্তর শোথাদি রোগে অতি উত্তম মূত্রকারক।

৪১। ℞ ওলিয়াম্ জুনিপারিস্... ... (½ ড্রা) ʒss
স্পিরিটাস্ ঈথারিস্ নাইট্রোসাই... (৩ ড্রা) ʒiii
টিংচ্যুরা ডিজিটেলিস্... ... (৩ ড্রা) ʒiii

একত্র মিলাইয়া লইবে। শোথাদি রোগে ত্রিশ মিনিম্ মাত্রায় এক ছটাক জলের সহিত তিন ঘণ্টা অন্তর ব্যবস্থা করিবে।

৪২। ℞ টিংচ্যুরা বুকু ... ... (½ আং) ℥ss
টিংচ্যুরা ম্যাটিসী ... ... (½ আং) ℥ss
ডিকক্টাম্ প্যারেরী }
ইন্‌ফিউজাম্ ইউভী আর্সাই } ... (৭½ আং) ℥viiss

একত্রে মিলাইয়া লইবে। বৃদ্ধাবস্থায় পুরাতন মূত্রাশয় রোগে এক মাত্রায় ছয় ঘণ্টা অন্তর ব্যবস্থেয়।

৪৩। ℞ টার্পিন্ তৈল	...	...	(১ ড্রা)	ʒi
কতীরা ...	...	...	(৩০ গ্রে)	gr. xxx
কমলা পুষ্পের পাক ...		...	(১ আং)	℥i

উত্তমরূপে একত্র খলে মর্দ্দন করিয়া ক্রমশঃ—

য্যাকোয়া মেস্থী পিপারিটী	...	(৬ আং)	℥vi
এবং			
স্পিরিটাস্ ঈথারিস্ নাইট্রোসাই ...		(২ ড্রা)	ʒii

মিলাইয়া লইবে। মাত্রা, অর্দ্ধ আউন্স্; দুই ঘণ্টা অন্তর, উত্তেজক ও মূত্রকারক।

পরিবর্ত্তক এবং দ্রবকারক।

১। ℞ ক্যালোমিলাস্	...	...	(২ গ্রে)	gr. ii
অহিফেন	...	...	($\frac{1}{8}$ গ্রে)	gr. $\frac{1}{8}$
গোলাবের খণ্ড	...		(যথাপ্রয়োজন)	q. s.

একত্র মিশ্রিত করিয়া বটিকা প্রস্তুত করিয়া চারি ঘণ্টা অন্তর বিধান করিবে। পরিবর্ত্তক, মুখ আনিবার নিমিত্ত বিশেষ উপযোগী।

২। ℞ হাইড্রার্জ্জাইরাই পার্ক্লোরাইডাম্ (১ গ্রে) gr. i
নিসাদল ... ... (৫ গ্রে) gr. v
এক্ষ্ট্রাক্টাম্ সার্জ্জী লিকুইডাম্ . (২ আং) ℥ii
ডিকক্টাম্ সার্জ্জী কম্পোজিটাস্ (১০ আং) ℥x

একত্র মিলাইয়া লইবে। পুরাতন ঔপদংশিক রোগে, বিবিধ পুরাতন চর্ম্মরোগে এবং পুরাতন জরায়ু-প্রদাহে অর্দ্ধ আউন্স্ মাত্রায় দিবসে তিন বার ব্যবস্থেয়।

৩। ℞ হাইড্রার্জ্জাইরাই পার্ক্লোরাইডাম্ (১ গ্রে) gr. i
গ্লাইসেরিনাই ... (১ আং) ℥i
টিংচ্যুরা সিঙ্কোনী কম্পোজিটা (৩ আং) ℥iii
ওলিয়াম্ মেন্থী পিপারিটী ... (২৫ মি) ♏xxv

একত্র মিলাইয়া লইবে। পুরাতন ঔপদংশিক রোগে এক ড্রাম্ মাত্রায় দুই আউন্স্ জলের সহিত দিবসে তিন বার ব্যবস্থা করিবে।

৪। ℞ পাইলিউলা হাইড্রার্জ্জাইরাই ... (৩ গ্রে) gr iii
পাল্‌ভিস্ ডিজিটেলিস্ ... (½ গ্রে) gr. ss
পাল্‌ভিস্ সিলী ... (১½ গ্রে) gr. iss

একত্র মিলাইয়া বটিকা প্রস্তুত করিয়া দিবসে দুই

তিন বার বিধান করিবে। শোথ রোগে বিশেষ পরিবর্ত্তক এবং মূত্রকারক হইয়া উপকার করে।

৫। ℞ পাইল্যুলা হাইড্রার্জ্জাইরাই ... (৩ গ্রে) gr. iii
পাল্‌ভিস্ ইপেকাকুয়ানী কম্পোজিটাস্ (৩ গ্রে) gr. iii

একত্র মিলাইয়া বটিকা প্রস্তুত করিবে। শয়নকালে সেবনীয়। পরিবর্ত্তক।

৬। ℞ পডোফিলাম্ রেজিনী ... (⅛ গ্রে) gr. ⅛
পাল্‌ভিস্ ইপেকাকুয়ানী ... (½ গ্রে) gr. ss
একষ্ট্রাক্টাম্ জেন্‌শিয়েনী ... (৩ গ্রে) gr. iii

একত্র মিলাইয়া বটিকা প্রস্তুত করিয়া দিবসে দুই তিন বার ব্যবস্থা করিবে। ঔপদংশিক স্ক্রফিউলা, এবং পিত্তাবরোধ বশতঃ পাণ্ডুরোগে বিধেয়।

৭। ℞ হাইড্রার্জ্জাইরাই আইয়োডাইডাম্
ভিরিডি (১ গ্রে) gr. i
অহিফেনের সার ... (½ গ্রে) gr. ss
একষ্ট্রাক্টাম্ হাইয়োসায়েমাই (১½ গ্রে) gr. iss

একত্র মিলাইয়া বটিকা প্রস্তুত করিয়া প্রত্যহ রাত্রে ব্যবস্থা করিবে, এবং এতৎ সহযোগে নিম্নলিখিত মিশ্র দিবসে প্রয়োগ করিবে।

℞ য়্যামোনী কার্বনাস্ ...	(৩০ গ্রে)	gr. xxx
পোটাসিয়াই আইয়োডাইডাম্	(২০ গ্রে)	gr. xx
টিংচ্যুরা য়্যাকোনিটাই ...	(৩০ মি)	♏xxx
টিংচ্যুরা সিঙ্কোনী ফ্লেভী	(১ আং)	℥i
য়্যাকোয়া মেন্থী পিপারিটী	(৮ আং)	℥viii

একত্র মিলাইয়া দেড় আউন্স্ মাত্রায় দিবসে তিন বার ব্যবস্থেয়। পুরাতন ঔপদংশিক রোগে উপকার করে।

৮। ℞ পোটাসিয়াই আইয়োডাইডাম্	(৩০ গ্রে)	gr. xxx
টিংচ্যুরা সার্পেণ্টেরায়ী ...	(৩ ড্রা)	ʒiii
মিশ্চ্যুরা গোয়েসাই ...	(৯ আং)	℥ix

একত্র মিলাইয়া লইবে। মাত্রা, দেড় আউন্স্; দিবসে তিন বার। পুরাতন বাত রোগে এবং তরুণ টন্সিল্ প্রদাহে বিশেষ উপকারক।

৯। ℞ পোটাসিয়াই আইয়োডাইডাম্	(৫—৩০ গ্রে)	gr. v—xxx
টিংচ্যুরা ক্যালাম্বী ...	(½ ড্রা)	ʒss
য়্যাকোয়া এনিথাই ...	(১½ আং)	℥iss

একত্র মিলাইয়া ধমন্যর্ব্বুদ রোগে দিবসে তিন বার ব্যবস্থেয়।

১০। ℞ পোটাসিয়াই আইয়োডিডাই (২০ গ্রে) gr. xx
লাইকর পোটাসী ... (২ ড্রা) ʒii
টিংচ্যুরা হাইয়োসায়েমাই ... (৩ ড্রা) ʒiii
ইন্‌ফিউজাম্ সিঙ্কোনী ফ্লেভী (৫½ আং) ℥vss

একত্র মিলাইয়া এক আউন্স্ মাত্রায় দিবসে তিন বার বিধান করিবে। পুরাতন বাত সহযোগে প্রস্রাবের সহিত অধিক পরিমাণে লিথেট্ থাকিলে উপকার করে।

১১। ℞ পোটাসিয়াই আইয়োডাইডাম্ (৫ গ্রে) gr. v
স্পিরিটাস্ য়্যামোনী য়্যারোম্যাট্: (৩০ মি) ♏xxx
টিংচ্যুরা বেলাডোনী (৫—১০ মি) ♏v—x
„ সিঙ্কোনী কম্পোজিটা (১ ড্রা) ʒi
য়্যাকোয়া মেন্থী পিপারিটী (১½ আং) ℥iss

একত্র মিলাইয়া লইবে। দিবসে তিন বার ব্যবস্থেয়। কোন কোন প্রকার শ্বাসকাসে বিশেষ উপকার করে।

১২। ℞ পোটাসিয়াই আইয়োডাইডাম্ (২ ড্রা) ʒii
এক্‌ষ্ট্র্যাক্টাম্ সার্জী লিকুইডাম্ (২ আং) ℥ii
অনন্তমূলের পাক ... (২ আং) ℥ii

একত্র মিলাইয়া দুই ড্রাম্ মাত্রায় দিবসে তিন বার ব্যবস্থা করিবে। ঔপদংশিক রোগে বিধেয়।

১৩। ℞ পোটাসিয়াই আইয়োডাইডাম্ (১৮—৩০ গ্রে) gr. xviii—xxx

গ্লাইসেরিনাম্	...	(১ আং)	℥i
ভাইনাম্ ইপেকাকুয়ানী		(১½ ড্রা)	ʒiss
সাক্কাস্ ট্যারাক্সেসাই	...	(১ আং)	℥i
ডিকক্টাম্ সার্জী কম্পোজিটাম্		(৮ আং)	ʒviii

একত্র মিলাইয়া লইবে। মাত্রা, এক আউন্স্; দিবসে তিন বার। প্রমেহঘটিত বাতরোগে, ঔপদংশিক রোগে গলগণ্ড রোগে এবং স্ক্রফিউলা রোগে বিধেয়।

১৪। ℞ পোটাসিয়াই আইয়োডাইডাম্ (৩০ গ্রে) gr. xxx

ফেরি এট্ য়্যামোনিয়ো সাইট্রাস্		(১ ড্রা)	ʒi
পরিস্রুত জল	...	(২ ড্রা)	ʒii
গ্লাইসেরাইনাম্	...	(৬ ড্রা)	ʒvi
ওলিয়াম্ মেন্থী পিপারিটী		(১০ মি)	♏x
„ মহ্র্য়ী	...	(৫ আং)	℥v

একত্র মিলাইয়া লইবে। অর্দ্ধ আউন্স্ মাত্রায় দিবসে তিন বার আহারান্তে বিধেয়।

১৫। ℞ সিরাপাস্ ফেরি আইয়োডাইডাম্ (১ আং) ℥i

এক্ষ্ট্রাক্টাম্ সার্জী লিকুইডাম্	(১ আং)	℥i

একত্র মিলাইয়া লইবে। এক ড্রাম্ মাত্রায় এক

আউন্স্ জলের সহিত দিবসে তিন বার ব্যবস্থা করিবে। পুরাতন বাত এবং পুরাতন উপদংশ রোগে বিধেয়।

১৬। ℞ ষ্যামোনিয়াই ব্রোমাইডাম্ (১ ড্রা) ʒi
কমলাত্বকের ফাণ্ট্ (৯ আং) ℥ix

একত্র মিলাইয়া লইবে। মৃগী আদি স্নায়বীয় রোগে এক আউন্স্ মাত্রায় দিবসে তিন বার ব্যবস্থা করিবে। শোষণার্থ গ্রন্থি-বিবর্দ্ধন এবং মেদ রোগে বিলক্ষণ উপকার করে।

১৭। ℞ পোটাসিয়াই ব্রোমাইডাম্ (৩০গ্রে—১ড্রা) gr. xxx—ʒi
টিংচ্যুরা ভেলিরিয়্যানী য়্যামোনিয়েটা (৩ ড্রা) ʒiii
চিরেতার ফাণ্ট্ ... (৬ আং) ℥vi

একত্র মিলাইয়া এক আউন্স্ মাত্রায় দিবসে তিন বার বিধান করিবে। হিষ্টিরিয়া, মৃগী আদি রোগে এবং শুক্রমেহাদি জননেন্দ্রিয়ের রোগে উপকার করে।

১৮। ℞ পোটাসিয়াই ব্রোমাইডাম্ ... (৩০ গ্রে) gr. xxx
পাল্ভিস্ গোয়েসাই ... (৪০ গ্রে) gr. xl
ম্যাগ্নিসী কার্বনাস্ ... (১ ড্রা) ʒi

একত্র মিলাইয়া ছয় পুরিয়া প্রস্তুত করিবে।

এক পুরিয়া দিবসে তিন বার ব্যবস্থেয়। জননেন্দ্রিয়ের উগ্রতা নিবারণার্থ বিধেয়।

১৯। ℞ টিংচ্যুরা গোয়েসাই য়্যামোনিয়েটা (৪ ড্রা) ʒiv
„ য়্যাকোনিটাই ... (৩০ মি) ♏xxx
কতীরার মণ্ড } ... (৪ আং) ℥iv
দারুচিনির জল }

একত্র মিলাইয়া এক আউন্স্ মাত্রায় দিবসে দুই তিন বার ব্যবস্থা করিবে। বার্দ্ধক্য এবং দৌর্ব্বল্যাবস্থায় পুরাতন বাত রোগে বিধেয়।

২০। ℞ কোয়াইনী সাল্ফাস্ ... (৮ গ্রে) gr. viii
পাল্ভিস্ ইপেকাকুয়ানী (২৪ গ্রে) gr. xxiv
„ „ কম্পোজিটা (২০ গ্রে) gr. xx
গ্লাইসিরাইনাম্ ... (যথাপ্রয়োজন) q. s.

একত্র মিলাইয়া ষোল বটিকা প্রস্তুত করিবে। পালা-জ্বর-সংযুক্ত অতিসার রোগে দুই বটিকা তিন চারি ঘণ্টা অন্তর বিধেয়।

২১। ℞ ক্যালোমিলাস্ ...
এক্ষ্ট্রাক্টাম্ কল্চিসাই য়্যাসিটিকাম্ } (১ গ্রে) gr. i
বার্বেডোজ্ মুসব্বরের সার }
পাল্ভিস্ ইপেকাকুয়ানী }

একত্র মিলাইয়া বটিকা প্রস্তুত করিয়া চারি ঘণ্টা অন্তর প্রয়োগ করিবে, যে পর্য্যন্ত না উত্তমরূপে বিরেচন হয়। বাত এবং গাউট্ নামক রোগে যকৃতে রক্তাধিক্য থাকিলে বিধেয়।

২২। ℞ সোডী সাল্ফাস্ (৩০ গ্রে—১ ড্রা) gr. xxx—ʒi
ইন্ফিউজাম্ কোয়াসী ... (১½ আং) ℥iss

একত্র মিলাইয়া দিবসে তিন বার ব্যবস্থা করিবে। পাকাশয়ে সার্সিনী ভেণ্ট্রিকিউলাই জন্মিলে বিধেয়।

২৩। ℞ লাইকর্ আর্সেনিকেলিস্ (৩—৫ মি) ♏iii—
টিংচ্যুরা লাপ্যুলাই ... (৩০ মি) ♏xxx
ইন্ফিউজাম্ কোয়াসী ... (১½ আং) ℥iss

একত্র মিলাইয়া দিবসে তিন বার আহারান্তে ব্যবস্থা করিবে। কুষ্ঠ ব্যাধি, সোরায়েসিস্ আদি বিবিধ চর্ম্ম রোগে এবং পর্য্যায় জ্বর এবং অন্যান্য সপর্য্যায় রোগে বিধেয়।

২৪। ℞ লাইকর্ সোডী আর্সেনিয়াস্ (৩—৫ মি) ♏iii—v
ভাইনাম্ কল্চিসাই ... (১০ মি) ♏x
টিংচ্যুরা য়্যাকোনিটাই ... (৩—৫ মি) ♏iii—v

টিংচ্যুরা সিঙ্কোনী কম্পোজিটা... (১ ড্রা) ʒi
জল ... ... (১ আঃ) ℥i

একত্র মিলাইয়া দিবসে তিন বার আহারান্তে ব্যবস্থা করিবে। পুরাতন বাত রোগে উপকারক।

২৫। ℞ কোয়াইনী সাল্‌ফাস্ ... (২০ গ্রে) gr. xx
জলমিশ্র লবণ দ্রাবক ... (২ ড্রা) ʒii
লাইকর্ আর্সেনিসাই ক্লোরিডাই (২ ড্রা) ʒii
শুণ্ঠীর পাক ... (২½ আং) ℥iiss

একত্র মিলাইয়া দিবসে দুই তিন বার আহারান্তে ব্যবস্থা করিবে। উৎকট স্নায়ুশূল, কোরিয়া, পুরাতন বাত, শ্বাসকাস, পর্য্যায় জ্বরাদি রোগে বিধেয়।

২৬। ℞ লাইকর্ আর্সেনিকেলিস্ (২০—৩০ মি) ♏xx—xxx
টিংচ্যুরা ক্যান্থারিডিজ্ ... (১ ড্রা) ʒi
কমলার অরিষ্ট ... (৭ ড্রা) ʒvii
পোটাসিয়াই আইয়োডাইডাম্
(১৮—৩০ গ্রে) gr. xviii—xxx
কমলার ফাণ্ট্ ... (৫ আং) ℥v

একত্র মিলাইয়া এক আউন্স্ মাত্রায় দিবসে দুই বার আহারান্তে বিধেয়। কুষ্ঠ, সোরায়েসিস্, লুপাস্ আদি দুর্দ্দম চর্ম্ম রোগে ব্যবস্থা করিবে।

২৭। ℞ এ্যাসিডাম্ আর্সেনিয়োসাম্ (১ গ্রে) gr. i
শুণ্ঠীচূর্ণ ... (৪০ গ্রে) gr. xl
একৃষ্ট্রাক্টাম্ জ্যালাপী ... (২০ গ্রে) gr. xx
কতীরাদি চূর্ণ ... (৩০ গ্রে) gr. xxx
গোলাবের খণ্ড .. (১২ গ্রে) gr. xii

একত্র উত্তমরূপে মিলাইয়া চব্বিশ বটিকা প্রস্তুত করিবে; এক এক বটিকা দিবসে দুই তিন বার আহারান্তে ব্যবস্থেয়। কুষ্ঠাদি চর্ম্মরোগে বিধান করিবে।

২৮। ℞ হাইড্রার্জাইরাম্ আইয়োডাইডাম্ ভিরিডি (১২গ্রে) gr. xii
একৃষ্ট্রাক্টাম লাপ্যুলাই ... (১ ড্রা) ʒi
অহিফেনের সার ... (২—৫ গ্রে) gr. ii—v

একত্র মিলাইয়া চব্বিশ বটিকা প্রস্তুত করিয়া রৌপ্য স্তবকে মণ্ডিত করিবে। মাত্রা, এক বটিকা; দিবসে দুই তিন বার। পুরাতন চর্ম্ম রোগে এবং উপদংশ রোগে অতি উত্তম পরিবর্ত্তক।

২৯। ℞ হাইড্রার্জাইরাম্ আইয়োডাইডাম্ ভিরিডি (৬গ্রে) gr. vi
একৃষ্ট্রাক্টাম্ কোনিয়াই .. (৩০ গ্রে) gr. xxx

একত্র মিলাইয়া ছয় বটিকা প্রস্তুত করিবে। শয়নকালে এক বটিকা বিধেয়। উপদংশ রোগে ব্যবস্থেয়।

৩০। ℞ হাইড্রার্জাইরাম্ আইয়োডাইডাম্ রুব্রাম্ (২ গ্রে) gr. ii
পোটাসিয়াই আইয়োডাইডাম্ (১—২ ড্রা) ʒi—ii
শোধিত সুরা ... (১ ড্রা) ʒi
শুণ্ঠীর পাক ... (৪ ড্রা) ʒiv
পরিস্রুত জল ... (১½ আং) ℥iss

একত্র মিলাইয়া লইবে। পুরাতন উপদংশ রোগে ত্রিংশ মিনিম্ মাত্রায় অর্দ্ধ ছটাক জলের সহিত দিবসে দুই তিন বার বিধেয়। অতি উত্তম পরিবর্ত্তক।

৩১। ℞ হাইড্রার্জাইরাম্ পার্ক্লোরাইডাম্ (১ গ্রে) gr. i
নিসাদল ... (৫ গ্রে) gr. v
পোটাসী আইয়োডাইডাম্ ... (৪০ গ্রে) gr. xl
জল ... ... (২ ড্রা) ʒii

একত্র মিলাইয়া এক ড্রাম্ মাত্রায় এক ছটাক জলের সহিত দিবসে দুই তিন বার ব্যবস্থা করিবে। ঔপদংশিক রোগে উত্তম পরিবর্ত্তক।

৩২। ℞ হাইড্রার্জাইরাম্ আইয়োডাইডাম্ রুব্রাম্ (১ গ্রে) gr. i
পোটাসিয়াই আইয়োডাইডাম্ ... (২ ড্রা) ʒii
লাইকর্ আর্সেনিকেলিস্ ... (১ ড্রা) ʒi

টিংচ্যুরা ল্যাভাণ্ডিউলী কম্পোজিটা		(২ আং)	℥ii
স্পিরিটাস্ ক্লোরোফর্মাই	...	(৪ ড্রা)	ʒiv
জল	...	(৯½ আং)	℥ixss

একত্র মিলাইয়া অর্দ্ধ আউন্স মাত্রায় দিবসে দুই তিন বার আহারান্তে বিধেয়। কুষ্ঠ, সোরায়েসিস্ এবং অপরাপর দুর্দ্দম চর্ম্ম রোগে উপকার করে।

৩৩। ℞	নিসাদল	...	(১½ ড্রা)	ʒiss
	অনন্তমূলের পাক	...	(১ আং)	℥i
	ডিকক্টাম্ সার্জ্জী	...	(৭ আং)	℥vii

একত্র মিলাইয়া এক আউন্স পরিমাণে ছয় ঘণ্টা অন্তর প্রয়োজ্য। পুরাতন বাত, স্নায়ু-শূল এবং মাইয়্যাল্জিয়াতে বিধেয়।

৩৪। ℞	নিসাদল	...	(১৫ গ্রে)	gr. xv
	লাইকর্ য়্যামোনী য়্যাসিটেটিস্		(২ ড্রা)	ʒii
	কর্পূরের জল	...	(১½ আং)	℥iss

একত্র মিলাইয়া এক মাত্রা প্রস্তুত করিবে। চারি ঘণ্টা অন্তর বিধেয়। বাত, সূতিকা-স্তম্ভ, প্লুরোডিনিয়া প্রভৃতি রোগে প্রয়োজ্য।

৩৫। ℞	নিসাদল	...	(১০—২০ গ্রে)	gr. x—xx
	এক্স্ট্রাক্টাম্ ট্যারাক্সেসাই		(১০—২০ গ্রে)	gr. x—xx

টিংচ্যুয়া জেন্‌শিয়েনী কম্পোজিটা (১২ ড্রা) ʒiss
সোণামুখীর ফাণ্ট্ ... (২ আং) ℥ii

একত্র মিলাইয়া এক মাত্রা প্রস্তুত করিয়া দিবসে দুই তিন বার ব্যবস্থা করিবে। পাণ্ডু রোগে, সিরোসিস্-জনিত শোথ রোগে এবং যকৃতের ক্রিয়া-বৈষম্যে বিধেয়।

৩৬। ℞ পোটাসী ক্লোরাস্ ... (১ ড্রা) ʒi
স্পিরিটাস্ ঈথারিস্ ... (২ ড্রা) ʒii
ইন্‌ফিউজাম্ সিঙ্কোনী ফ্লেভী (৬ আং) ℥vi

একত্র মিলাইয়া এক আউন্স্ মাত্রায় চারি ঘণ্টা অন্তর প্রয়োজ্য। মুখমধ্যস্থ প্রদাহাদিতে বিধেয়।

বমননিবারক এবং কফনিঃসারক।

১। ℞ এ্যাণ্টিমোনিয়াম্ টার্টারেটাম্ ... (১ গ্রে) gr. i
ভাইনাম্ ইপেকাকুয়ানী ... (২ ড্রা) ʒii
জল ... ... (২ আং) ℥ii

একত্র মিশ্রিত করিয়া বমন করণার্থ সেবন করাইবে; পরে যথেষ্ট পরিমাণে উষ্ণ জল পান করাইবে।

২। ℞ এ্যাণ্টিমোনিয়াম্ টার্টারেটাম্ ... (১ গ্রে) gr. i
পাল্‌ভিস্ ইপেকাকুয়ানী ... (২০ গ্রে) gr. xx

একত্র মিলাইয়া চূর্ণ প্রস্তুত করিয়া সেবন করাইবে। অনন্তর যথেষ্ট পরিমাণে উষ্ণ জল পান করাইবে। বমনকারক।

৩। ℞ সর্ষপ চূর্ণ ... (৪ ড্রা) ʒiv
জল ... (৪ আং) ℥iv

একত্র মিলাইয়া বমনার্থ বিধেয়। উত্তেজক ও বমনকারক।

৪। ℞ তুঁতিয়া ... (১০ গ্রে) gr. x
জল ... (৪ আং) ℥iv

একত্র মিলাইয়া বমনার্থ বিধেয়। শীঘ্র এবং অবাধে বমন হয়।

৫। ℞ জিন্‌সাই সাল্‌ফাস্ (২০—৩০ গ্রে) gr. xx—xxx
জল ... (৪ আং) ℥iv

একত্র মিলাইয়া বমনার্থ বিধেয়। শীঘ্র এবং অবাধে বমন হয়।

৬। ℞ ইপেকাকুয়ানা চূর্ণ (২০ গ্রে) gr. xx
য়্যামোনী কার্বনাস্ (২০ গ্রে) gr. xx

টিংচ্যুরা ল্যাভাণ্ডিউলী কম্পোজিটা	(১ ড্রা)	ʒi
জল ...	(২ আঃ)	℥ii

একত্র মিলাইয়া বমনার্থ বিধান করিবে, ঔষধ সেবনানন্তর যথেষ্ট পরিমাণে বাবুনার ফাণ্ট্ পান করাইবে। জ্বর, ইরিসিপেলাস্ আদি রোগের আরম্ভে প্রয়োজনানুসারে বিধেয়।

৭। ℞

য়্যামোনী কার্বনাস্	(৩০ গ্রে)	gr. xxx
স্পিরিটাস্ ঈথারিস্	(৩ ড্রা)	ʒiii
টিংচ্যুরা সিলী ...	(২ ড্রা)	ʒii
কর্পূরাদি অরিষ্ট ...	(৪ ড্রা)	ʒiv
টিংচ্যুরা ল্যাভাণ্ডিউলী কম্পোজিটা	(৬ ড্রা)	ʒvi
ইন্‌ফিউজাম্ সেনেগী ...	(৮ আঃ)	℥viii

একত্র মিলাইয়া লইবে। উত্তেজক ও কফ-নিঃসারক। বৃদ্ধাবস্থায় পুরাতন শ্বাসনলী-প্রদাহে এক আউন্স্ মাত্রায় চারি ঘণ্টা অন্তর বিধেয়।

৮। ℞

সিরাপাস্ সিলী ...	(৬ ড্রা)	ʒvi
জলমিশ্র যবক্ষার দ্রাবক ...	(১ ড্রা)	ʒi
টিংচ্যুরা হাইয়োসায়েমাই ...	(৩ ড্রা)	ʒiii
স্পিরিটাস্ ক্লোরোফর্মাই ...	(৬ ড্রা)	ʒvi
ইন্‌ফিউজাম্ সিঙ্কোনী ফ্লেভী	(৭ আঃ)	℥vii

একত্র মিলাইয়া দেড় আউন্স্ মাত্রায় দিবসে দুই তিন বার বিধেয়। পুরাতন সর্দ্দি সহযোগে দৌর্ব্বল্য এবং অস্থিরতা থাকিলে ব্যবস্থা করিবে।

৯। ℞ টিংচ্যুরা সিলী	...	(১½ ড্রা)	ʒiss
অহিফেনের তরল সার		(২০ মি)	♏xx
সিরাপাস্ টোল্যুটেনাই		(৬ ড্রা)	ʒvi
মিশ্চ্যুরা য়্যামোনায়েসাই		(৬ আং)	℥vi

একত্র মিলাইয়া এক আউন্স্ মাত্রায় দিবসে তিন বার বিধেয়। বৃদ্ধাবস্থায় পুরাতন শ্বাসনলী-প্রদাহে ব্যবস্থেয়।

১০। ℞ সিরাপাস্ সিলী	...	(১ আং)	℥i
এক্‌ষ্ট্রাক্টাম্ সার্জী লিকুইডাম্		(১ আং)	℥i

একত্র মিলাইয়া এক ড্রাম্ মাত্রায় অর্দ্ধ পোয়া যবের মণ্ডের সহিত দুই ঘণ্টা অন্তর বিধেয়। গলমধ্যস্থ এবং শ্বাসনলীর শ্লৈষ্মিক ঝিল্লির প্রদাহে স্নিগ্ধকারক এবং কফনিঃসারক হইয়া উপকার করে।

১১। ℞ সিরাপাস্ সিলী	...	(৬ ড্রা)	ʒvi
স্পিরিটাস্ য়্যামোনী য়্যারোম্যাটিকাস্		(২ ড্রা)	ʒii

লাইকর্ মর্ফী হাইড্রোক্লোরেটিস্ (১ ড্রা) ʒi
ইন্‌ফিউজাম্ সার্পেণ্টেরায়ী (৮ আং) ℥viii

একত্র মিলাইয়া লইবে। দেড় আউন্স্ মাত্রায় পুরাতন সর্দ্দি ও কাসে দিবসে দুই তিন বার বিধেয়।

১২। ℞ ভাইনাম্ য়্যাণ্টিমোনিয়েলী ... (১½ ড্রা) ʒiss
স্পিরিটাস্ ঈথ্যারিস্ ... (৩ ড্রা) ʒiii
কতীরার মণ্ড ... (২½ আং) ℥iiss
কর্পূরের জল ... (৩ আং) ℥iii

একত্র মিলাইয়া তরুণ সর্দ্দি ও কাসে এক আউন্স্ মাত্রায় চারি ঘণ্টা অন্তর বিধেয়।

১৩। ℞ ভাইনাম্ ইপেকাকুয়ানী ... (২ ড্রা) ʒii
অনন্তমূলের পাক ... (১ আং) ℥i
তিসির ফাণ্ট্ ... (৮ আং) ℥viii

একত্র মিলাইয়া এক আউন্স্ মাত্রায় ছয় ঘণ্টা অন্তর প্রয়োজ্য। স্নিগ্ধকারক ও কফনিঃসারক।

১৪। ℞ সিরাপাস্ সিলী
পোস্তের পাক
জম্বীরের পাক
} (৪ ড্রা) ʒiv

একত্র মিলাইয়া লইবে। মাত্রা, এক ড্রাম্; দুই তিন ঘণ্টা অন্তর। কফনিঃসারক।

১৫। ℞ সিরাপস্ সিলী ... (১২ ড্রা) ℨxii
কর্পূরাদি অরিষ্ট ... (৪ ড্রা) ℨiv

একত্র মিলাইয়া লইবে। কাসের উগ্রতা নিবারণার্থ এক ড্রাম্ মাত্রায় বিধেয়।

১৬। ℞ টিংচুারা লোবিলী ... (২ ড্রা) ℨi
সাক্কাস্ কোনিয়াই ... (২ ড্রা) ℨii
অনন্তমূলের পাক ... (১ আং) ℥i
বাদাম-মিশ্র ... (৬½ আং) ℥viss

একত্র মিলাইয়া লইবে। শ্বাসকাস এবং অন্যান্য আক্ষেপজনক কাসরোগে অর্দ্ধ আউন্স্ মাত্রায় তিন ঘণ্টা অন্তর বিধেয়।

১৭। ℞ পাল্ভিস্ ইপেকাকুয়ানী (৬—১২ গ্রে) gr. vi—xii
পাল্ভিস্ সিলী ... (১২ গ্রে) gr. xii
য়্যামোনায়েকাম্ ... (২৪ গ্রে) gr. xxiv
এক্‌ষ্ট্রাক্টাম্ হাইয়োসায়েমাই (২৪ গ্রে) gr. xxiv

একত্র মিলাইয়া বার বটিকা প্রস্তুত করিবে। পুরাতন কাস রোগে এক এক বটিকা দিবসে চারি বার বিধেয়।

বিরেচক এবং কৃমিনাশক।

১। ℞ ম্যাগ্নিসী সাল্‌ফাস্ ... (২ ড্রা) ʒii
শীরখস্ত ... (২ ড্রা) ʒii
সোণামুখীর অরিষ্ট ... (২ ড্রা) ʒii
সোণামুখীর ফাণ্ট্ ... (১½ আং) ℥iss
একত্র মিলাইয়া প্রাতঃকালে সেবনীয়।

২। ℞ ম্যাগ্নিসী সাল্‌ফাস্ ... (৬ ড্রা) ʒvi
" কার্বনাস্ ... (১ ড্রা) ʒi
ম্যাকোয়া মেন্থী পিপারিটী ... (৬ আং) ℥vi

একত্র মিলাইয়া দুই আউন্স্ মাত্রায় প্রত্যহ প্রাতে বিধেয়। ইহাকে সামান্যতঃ হোয়াইট্ মিক্‌শ্চার্ (শ্বেত-মিশ্র) কহে।

৩। ℞ ম্যাগ্নিসী সাল্‌ফাস্ (৪ ড্রা—১ আং) ʒiv—℥i
সোণামুখীর ফাণ্ট্ ... (২ আং) ℥ii

একত্র মিলাইয়া প্রাতে সেবনীয়। ইহাকে "ব্ল্যাক্ ড্রাফ্‌ট্" (কৃষ্ণ-মিশ্র) কহে।

৪। ℞ ম্যাগ্নিসী সাল্‌ফাস্ ... (২ আং) ℥ii
জলমিশ্র গন্ধক-দ্রাবক ... (২ ড্রা) ʒii

টিংচ্যুরা হাইয়োসায়েমাই ... (৩ ড্রা) ʒiii
ইন্‌ফিউজাম্ কোয়াসিয়ী ... (৫½ আং) ℥vss

একত্র মিলাইয়া এক আউন্স্ মাত্রায় দিবসে তিন বার ব্যবহার্য। সীসশূল রোগে বিধেয়।

৫। ℞ ম্যাগ্‌নিসী সাল্‌ফাস্ ... (৪ ড্রা) ʒiv
অম্লযুক্ত গোলাবের ফাণ্ট্ ... (২ আং) ℥ii

একত্র মিলাইয়া জ্বরাদি রোগে কোষ্ঠবদ্ধ থাকিলে প্রাতে সেবনীয়।

৬। ℞ ভাইনাম্ য়্যাণ্টিমোনিয়েলি ... (১ ড্রা) ʒi
ম্যাগ্‌নিসী সাল্‌ফাস্ ... (৪ ড্রা) ʒiv
লাইকর য়্যামোনী য়্যাসিটেটিস্ (২ আং) ℥ii
পোস্তের পাক ... (৪ ড্রা) ʒiv
কর্পূরের জল ... (৫½ আং) ℥vss

একত্র মিলাইয়া লইবে। মাত্রা, এক আউন্স্; দিবসে দুই তিন বার। বিরেচক, ঘর্ম্মকারক এবং শৈত্যকারক।

৭। ℞ সোডী সাল্‌ফাস্ ... (২ ড্রা) ʒii
সাক্কাস্ ট্যারাক্‌সেসাই ... (১ ড্রা) ʒi
ডিকক্টাম্ ট্যারাক্‌সেসাই ... (২ আং) ℥ii

একত্র মিলাইয়া প্রত্যহ প্রাতে বিধেয়; পিত্তের অল্পতা প্রযুক্ত কোষ্ঠ-কাঠিন্যে ব্যবহার্য।

৮। ℞ সোডী সাল্‌ফাস্ ... (২ ড্রা) ʒii
হিরাকস ... (২ গ্রে) gr. ii
জলমিশ্র গন্ধক-দ্রাবক ... (১৫ মি) ♏xv
টিংচ্যুরা হাইয়োসায়েমাই ... (২০ মি) ♏xx
ইন্‌ফিউজাম্ ক্যালাম্বী ... (২ আং) ℥ii

একত্র মিলাইয়া প্রত্যহ প্রাতে বিধেয়। দৌর্ব্বল্য সহযোগে কোষ্ঠ-কাঠিন্য থাকিলে ব্যবস্থেয়।

৯। ℞ সোডী সাল্‌ফাস্ ... (৪ ড্রা) ʒiv
জলমিশ্র গন্ধক-দ্রাবক ... (১ ড্রা) ʒi
ইন্‌ফিউজাম্ জেন্‌শিয়েনী কম্পোজিটাম্ (৪ আং) ℥iv

একত্র মিলাইয়া ভোজনান্তে এক আউন্স্ ; মাত্রায় বিধেয়।

১০। ℞ ম্যাগ্‌নিসী কার্ব্বনাস্
পোটাসী টার্ট্রাস্ য়্যাসিডা } (১০ গ্রে) gr. x
শর্করা

একত্র মিলাইয়া প্রত্যহ প্রাতে বিধেয়। শোথ রোগে উপকার করে।

১১। ℞ সোডা টার্টারেটা ... (৪ ড্রা) ʒiv
শুণ্ঠীর পাক ... (১ ড্রা) ʒi

স্পিরিটাস্ মাইরিষ্টিসী	...	(৩০ মি)	♏xxx
জল	...	(১½ আং)	℥iss

একত্র মিলাইয়া এক মাত্রা প্রস্তুত করিবে। মৃদু বিরেচক।

১২। ℞ সোডা টার্টারেটা ... (৪ ড্রা) ʒiv

ম্যাগ্নিসিয়া	...	(১০ গ্রে)	gr. x
য়্যাকোয়া মেন্থী পিপারিটী		(১ আং)	℥i

একত্র মিলাইয়া এক মাত্রা প্রস্তুত করিবে। মৃদু বিরেচক।

১৩। ℞ সোডা টার্টারেটা ... (২ ড্রা) ʒii

সোডী কার্বনাস্	...	(৪০ গ্রে)	gr. xl
টিংচ্যুরা ক্যালম্বী	...	(১ ড্রা)	ʒi
কমলার অরিষ্ট	...	(১ ড্রা)	ʒi
য়্যাকোয়া এনিথাই	...	(১½ আং)	℥iss

একত্র মিলাইবে। পরে কুড়ি গ্রেণ্ দ্রাক্ষাম্ল অর্দ্ধ আউন্স্ জলে দ্রব করিয়া এতৎ সহযোগে উচ্ছলৎ অবস্থায় বিধান করিবে। আগ্নেয় এবং বিরেচক্।

১৪। ℞ সোডী সাল্‌ফাস্‌ ... (৪ ড্রা) ʒiv
তেঁতুলের শস্য ... (১ আং) ℥i
কমলার পাক ... (যথাপ্রয়োজন) q. s.

একত্র মিলাইয়া খণ্ড প্রস্তুত করিবে। মাত্রা, অর্দ্ধ আউন্স্‌; প্রত্যহ প্রাতে বিধেয়।

১৫। ℞ সোণামুখীর অরিষ্ট ... (২ ড্রা) ʒii
টিংচ্যুরা জ্যালাপী ... (২ ড্রা) ʒii
সোণামুখীর ফাণ্ট্‌ ... (২ আং) ℥ii
মুসব্বরাদি ক্বাথ ... (৫½ আং) ℥vss

একত্র মিলাইয়া অর্দ্ধ আউন্স্‌ মাত্রায় প্রাতে এবং রাত্রে বিধেয়। সামান্য কোষ্ঠবদ্ধ হইলে ব্যবস্থেয়।

১৬। ℞ রেউচিনির অরিষ্ট ... (২ ড্রা) ʒii
সোণামুখীর ফাণ্ট্‌ ... (৭ আং) ℥vii
ইন্‌ফিউজাম্‌ জেন্‌শিয়েনী কম্পোজিটাম্‌ (৭ ড্রা) ʒvii

একত্র মিলাইয়া প্রাতে ব্যবস্থা করিবে। বিরেচক এবং আগ্নেয়।

১৭। ℞ সোডী সাল্‌ফাস্‌ ... (১ আং) ℥i
" ফস্ফাস্‌ ... (১ আং) ℥i

শুঠীর পাক	...	(৪ ড্রা)	ʒiv
জল	...	(৫½ আং)	℥vss

একত্র মিলাইয়া এক আউন্স্ মাত্রায় বিধান করিবে। দুই ঘণ্টার মধ্যে বিরেচন না হইলে পুনরায় বিধেয়।

১৮। ℞ ম্যাগ্নিসী সাল্ফাস্	...	(৪ ড্রা)	ʒiv
মুসব্বরাসব	...	(২ ড্রা)	ʒii
সোণামুখীর ফাণ্ট্	...	(২ আং)	℥ii

একত্র মিলাইয়া প্রাতে অর্দ্ধেক ব্যবস্থা করিবে, যদ্যপি বিরেচন না হয়, দুই ঘণ্টা পরে অবশিষ্টার্দ্ধ বিধেয়।

১৯। ℞ রেউচিনির অরিষ্ট	...	(৬ ড্রা)	ʒvi
স্পিরিটাস্ য়্যামোনী য়্যারোম্যাটিকাস্		(২ ড্রা)	ʒii
রেউচিনির ফাণ্ট্	...	(৫ আং)	℥v

একত্র মিলাইয়া এক আউন্স্ মাত্রায় প্রাতে এবং রাত্রে বিধেয়।

২০। ℞ রেউচিনির অরিষ্ট	...	(১ আং)	℥i
টিংচ্যুরা জেন্শিয়েনী কম্পোজিটাম্		(৪ ড্রা)	ʒiv

স্পিরিটাস্ য়্যামোনী য়্যারোম্যাটিকাস্ (২ ড্রা) ʒii
" ঈথারিস্ ... (২ ড্রা) ʒii
য়্যাকোয়া মেন্থী পিপারিটী ... (৪ আং) ℥iv

একত্র মিলাইয়া লইবে। বিরেচক, উত্তেজক, বায়ু-নাশক এবং আগ্নেয়। মাত্রা, এক আউন্স্।

২১। ℞ রেউচিনি চূর্ণ ... (১ ড্রা) ʒi
ম্যাগ্নিসী কার্বনাস্ ... (২ ড্রা) ʒii
দারুচিন্যাদি চূর্ণ ... (৪০ গ্রে) gr. xl
য়্যাকোয়া মেন্থী পিপারিটী ... (৬ আং) ℥vi

একত্র মিলাইয়া লইবে। মাত্রা, এক আউন্স্; প্রাতঃকালে সেবনীয়। বিরেচক ও অম্লনাশক।

২২। ℞ রেউচিনি চূর্ণ ... (২০ গ্রে) gr. xx
সোডী কার্বনাস্ ... (২০ গ্রে) gr. xx
রেউচিনির ফাণ্ট্ ... (১ আং) ℥i

একত্র মিলাইয়া প্রাতে বিধেয়।

২৩। ℞ সোণামুখীর খণ্ড ...
কনফেক্শিয়ো স্ক্যামোনিয়াই } (১ আং) ℥i
শুণ্ঠীর পাক

একত্র মিলাইয়া এক ড্রাম্ পরিমাণে প্রাতঃকালে বিধেয়। কোষ্ঠবদ্ধে উপকার করে।

২৪। ℞ এরণ্ড তৈল ... (১ আং) ℥i
আববি গঁদ চূর্ণ ... (২০ গ্রে) gr. xx
টিংচ্যুরা ল্যাভাণ্ডিউলী কম্পোজিটা (৩০ মি) ♏xxx
শুন্ঠীর পাক ... (১ ড্রা) ʒi
গোলাব জল ... (১ আং) ℥i

একত্র মিলাইয়া লইবে। প্রাতঃকালে বিধেয়।

২৫। ℞ এরণ্ড তৈল ... (১½ আং) ℥iss
কতীরার মণ্ড ... (২ আং) ℥ii
দারুচিনির জল ... (৩ আং) ℥iii
রেউচিনির অরিষ্ট }
কমলার পাক } (৬ ড্রা) ʒvi
অহিফেনের অরিষ্ট ... (৩০ মি) ♏xxx

একত্র মিলাইয়া লইবে। এক আউন্স্ মাত্রায় তিন ঘণ্টা অন্তর বিধেয়; অতিসার রোগে উদরস্থ বদ্ধ মল থাকিলে বিধেয়।

২৬। ℞ এরণ্ড তৈল ... (৬ ড্রা) ℥vi

আরবি গঁদের মণ্ড ... (২ ড্রা) ʒii

কমলাপুষ্পের জল ... (৬ ড্রা) ʒvi

একত্র মিলাইয়া লইবে। প্রাতঃকালে সেবনীয়।

২৭। ℞ এরণ্ড তৈল ... (১½ আং) ℥iss

অণ্ডের কুসুম ... (একটী) i

কমলার পাক ... (১ আং) ℥i

পুদিনার জল ... (৫ আং) ℥v

একত্র মিলাইয়া এক আউন্স্ মাত্রায় বিধেয়। বালক এবং দুর্ব্বল ব্যক্তির পক্ষে উপযুক্ত বিরেচক।

২৮। ℞ হাইড্রার্জাইরাই সাব্‌ক্লোরাইডাম্ (২ গ্রে) gr. ii

পাল্‌ভিস্ য়্যাণ্টিমোনিয়েলী (৩ গ্রে) gr. iii

রেউচিনি চূর্ণ ... (১৫ গ্রে) gr. xv

শুণ্ঠী চূর্ণ ... (৫ গ্রে) gr. v

একত্র মিলাইয়া জ্বরাদি রোগের আরম্ভে বিরেচনার্থ উপযোগী।

২৯। ℞ রেউচিন্যাদি বটিকা ... (১ ড্রা) ʒi

মুসব্বর এবং গন্ধবোল বটিকা }
শুণ্ঠী চূর্ণ } (২০ গ্রে) gr. xx

শুণ্ঠীর পাক ... (যথাপ্রয়োজন) q. s.

একত্র মিলাইয়া কুড়ি বটিকা প্রস্তুত করিবে। অজীর্ণ রোগে আহারের পূর্ব্বে এক দুই বটিকা প্রয়োজ্য।

৩০। ℞ রেউচিন্যাদি বটিকা ... (১ ড্রা) ʒi
স্যামোনিয়াই রেজিনা ... (৩০ গ্রে) gr. xxx
শুণ্ঠী চূর্ণ ... (২০ গ্রে) gr. xx
লবঙ্গের তৈল ... (৫ মি) ♏ v
গুড় ... (যথাপ্রয়োজন) q. s.

একত্র মিলাইয়া চব্বিশ বটিকা প্রস্তুত করিবে। শয়নকালে এক দুই বটিকা বিধেয়। কোষ্ঠবদ্ধ রোগে উপকার করে।

৩১। ℞ রেউচিনি চূর্ণ }
পোটাসী সাল্‌ফাস্ } (২০ গ্রে) gr. xx
মুসব্বরাদি কাথ }
পুদিনার জল } (৬ ড্রা) ʒvi

একত্র মিলাইয়া বিধান করিবে। উত্তেজক ও বিরেচক।

৩২। ℞ ক্যালোমেল্ (২ গ্রে—৫ গ্রে) gr. ii—v
পাল্‌ভিস্ জ্যালাপী কম্পো-
জিটাস্ (২০—৪০ গ্রে) gr. xx—xl

একত্র মিলাইয়া এক পুরিয়া প্রস্তুত করিবে। বিরেচক, পিত্তনিঃসারক এবং ক্রিমিনাশক।

৩৩। ℞ ক্যালোমেল্ বা পাইলিউলা হাইড্রার্জাইরাই } (২ গ্রে) gr. ii

ইন্দ্রবারুণ্যাদি সার ... (৬ গ্রে) gr. vi

এক্‌ষ্ট্রাক্টাম্ হাইয়োসায়েমাই (২ গ্রে) gr. ii

একত্র মিলাইয়া দুই বটিকা প্রস্তুত করিবে। শয়নকালে বিধেয়। বিরেচক ও পিত্তনিঃসারক।

৩৪। ℞ ইন্দ্রবারুণ্যাদি বটিকা (৩০ গ্রে) gr. xxx

মুসব্বর এবং গন্ধবোল বটিকা (৪০ গ্রে) gr xl

একত্র মিলাইয়া ষোল বটিকা প্রস্তুত করিবে। কোষ্ঠবদ্ধ রোগে দুই বটিকা প্রত্যহ প্রাতে বিধেয়।

৩৫। R পাইল্যুলা হাইড্রার্জাইরাই (৮ গ্রে) gr. viii

ইন্দ্রবারুণ্যাদি সার ... (২০ গ্রে) gr. xx

এক্‌ষ্ট্রাক্টাম্ জ্যালাপী ... (৮ গ্রে) gr. viii

দারুচিনির তৈল ... (৩ মি) ♏iii

একত্র মিলাইয়া আট বটিকা প্রস্তুত করিবে। পিত্তের

অম্লতা প্রযুক্ত কোষ্ঠবদ্ধ এবং অজীর্ণ রোগে এক বটিকা প্রাতে এবং শয়নকালে বিধেয়।

৩৬। ℞ ইন্দ্রবারুণ্যাদি বটিকা রেউচিন্যাদি বটিকা	}	(২০ গ্রে)	gr. xx
ক্যালোমেল্	...	(৩ গ্রে)	gr. iii
ওলিয়াম্ ল্যাভাণ্ডিউলী		(৫ মি)	♏v

একত্র মিলাইয়া দশ বটিকা প্রস্তুত করিবে। দুই বটিকা প্রাতঃকালে সেবনীয়। বিরেচক ও আগ্নেয়।

৩৭। ℞ ক্যালোমেল্	...	(৩ গ্রে)	gr. iii
পাল্‌ভিস্ জ্যালাপী	...	(১০ গ্রে)	gr. x
রেউচিনি চূর্ণ	...	(৫ গ্রে)	gr. v
দারুচিন্যাদি চূর্ণ	...	(২ গ্রে)	gr. ii

একত্র মিলাইয়া বিরেচনার্থ প্রাতঃকালে বিধেয়।

৩৮। ℞ সোণামুখীর খণ্ড পোটাসী টার্ট্রাস্ এসিডা সাক্কাস্ ট্যারাক্সেসাই	}	(১ আ°)	℥i

একত্র মিলাইয়া এক ড্রাম্ পরিমাণে আহারের পূর্ব্বে বিধেয়। যকৃতের অম্ল নিঃসরণ, অর্শ এবং কোষ্ঠবদ্ধ রোগে বিধেয়।

৩৯। ℞ পাল্‌ভিস্‌ জ্যালাপী	...	(১৫ গ্রে)	gr. xv
পোটাসী টার্ট্রাস্‌ য়্যাসিডা	...	(২০ গ্রে)	gr. xx
শুণ্ঠীর পাক	...	(১ ড্রা)	ʒi
দারুচিনির জল	...	(১½ আং)	℥iss

একত্র মিলাইয়া বিরেচনার্থ প্রাতঃকালে বিধেয়।

৪০। ℞ জ্যালাপী রেজিনা	...	(৫ গ্রে)	gr. v
বাদামাদি চূর্ণ	...	(২০ গ্রে)	gr. xx
গোলাব জল	...	(১½ আং)	℥iss

প্রথম দুই দ্রব্য উত্তমরূপে মর্দ্দন করিয়া পরিশেষে গোলাব জল মিলাইবে। বিরেচনার্থ বিধেয়।

৪১। ℞ পডোফিলাই রেজিনা	...	(½ গ্রে)	gr. ss
রেউচিনি চূর্ণ	...	(৫ গ্রে)	gr. v
এক্‌ষ্ট্রাক্টাম্‌ হাইয়োসায়েমাই		(৩ গ্রে)	gr. iii

একত্র মিলাইয়া দুই বটিকা প্রস্তুত করিয়া শয়নকালে বিধান করিবে। পিত্তরোধ বশতঃ পাণ্ডু রোগে, যকৃতের ক্রিয়া-বৈষম্যাদিতে বিরেচন এবং পিত্তনিঃসারণার্থ উপযোগী।

৪২। ℞ পডোফিলাই রেজিনা	...	(৬ গ্রে)	gr. vi
শুণ্ঠী চূর্ণ	...	(২০ গ্রে)	gr. xx
একষ্ট্রাক্টাম্ হাইয়োসায়েমাই		(২৪ গ্রে)	gr. xxiv

একত্র মিলাইয়া চব্বিশ বটিকা প্রস্তুত করিবে। পিত্ত-নিঃসরণের অল্পতা প্রযুক্ত কোষ্ঠ-কাঠিন্য এবং পাণ্ডু রোগাদিতে দুই বটিকা রাত্রে ব্যবস্থেয়।

৪৩। ℞ গ্যাম্বোজ্	...	(১২ গ্রে)	gr. xii
সকট্রা মুসব্বর	...	(৩০ গ্রে)	gr. xxx
পোটাসী টার্ট্রাস্ য্যাসিডা	...	(৩৬ গ্রে)	gr. xxxvi

একত্র মিলাইয়া চব্বিশ বটিকা প্রস্তুত করিবে। মাত্রা, দুই বটিকা; প্রয়োজনানুসারে দিবসে দুই তিন বার বিধেয়। মারিসন্ পিল্লের অনুরূপ।

৪৪। ℞ ইলেটিরিয়াম্	...	(১ গ্রে)	gr. i
একষ্ট্রাক্টাম্ জেন্‌শিয়েনী	...	(৮ গ্রে)	gr. viii
„ হাইয়োসায়েমাই	...	(৪ গ্রে)	gr. iv

একত্র মিলাইয়া চারি বটিকা প্রস্তুত করিবে। শোথ রোগে অতি বিরেচনার্থ এক বটিকা রাত্রে ব্যবস্থা করিবে।

৪৫। ℞ ইলেটিরিয়াম্ ... (২ গ্রে) gr. ii
লঙ্কামরিচ চূর্ণ ... (১০ গ্রে) gr. x
ক্যালোমেল্ ... (১২ গ্রে) gr. xii
একষ্ট্রাক্টাম্ হাইয়োসায়েমাই (১৮ গ্রে) gr. xviii

একত্র মিলাইয়া বার বটিকা প্রস্তুত করিবে। মাত্রা দুই বটিকা ; শোথাদিতে বিরেচনার্থ বিধেয়।

৪৬। ℞ ইলেটিরিয়াম্ ... (১ গ্রে) gr. i
ইন্দ্রবারুণ্যাদি সার ... (৪৮ গ্রে) gr. xlviii
একষ্ট্রাক্টাম্ হাইয়োসায়েমাই (১২ গ্রে) gr. xii

একত্র মিলাইয়া বার বটিকা প্রস্তুত করিবে। শোথরোগে বিরেচনার্থ রাত্রে এক বটিকা প্রয়োগ করিবে।

৪৭। ℞ জয়পালের তৈল ... (১—২ মি) ♏i—ii
ইন্দ্রবারুণ্যাদি বটিকা ... (৩০ গ্রে) gr. xxx
হিঙ্গ্বাদি বটিকা ... (১ ড্রা) ʒi

একত্র মিলাইয়া আঠার বটিকায় বিভক্ত করিবে ; কোষ্ঠকাঠিন্যে রাত্রে দুই বটিকা বিধেয়।

৪৮। ℞ জয়পালের তৈল ... (৬ মি) ♏vi
ইন্দ্রবারুণ্যাদি সার ... (১ ড্রা) ʒi
অলিয়াম্ মেন্থী পিপারিটী ... (৫ মি) ♏v

একত্র মিলাইয়া বার বটিকা প্রস্তুত করিবে। কঠিন কোষ্ঠবদ্ধ রোগে এক বটিকা বিধেয়।

৪৯। ℞ কুঁচিলার সার ... (৩ গ্রে) gr. iii
পাল্‌ভিস্ ইপেকাকুয়ানী ... (৬ গ্রে) gr. vi
মুসব্বর এবং হিঙ্গুর বটিকা (৩০ গ্রে) gr. xxx

একত্র মিলাইয়া বার বটিকা প্রস্তুত করিবে। অন্ত্রের ক্ষীণতা প্রযুক্ত কোষ্ঠ-কাঠিন্যে দুই বটিকা এক রাত্রি অন্তর বিধেয়।

৫০। ℞ কুঁচিলার সার ... (২ গ্রে) gr. ii
বার্বেডোজ্ মুসব্বরের সার ... (৬ গ্রে) gr. vi
রেউচিনির সার ... (২০ গ্রে) gr. xx

একত্র মিলাইয়া ছয় বটিকা প্রস্তুত করিবে। প্রত্যহ আহারের পূর্ব্বে এক বটিকা বিধেয়। বিরেচক, আগ্নেয়।

৫১। ℞ কুঁচিলার সার ... (৩ গ্রে) gr. iii
ইন্দ্রবারুণ্যাদি বটিকা ... (২৪ গ্রে) gr. xxiv
একষ্ট্রাক্টাম্ হাইয়োসায়েমাই (২৪ গ্রে) gr. xxiv

একত্র মিলাইয়া বার বটিকা প্রস্তুত করিবে। কোষ্ঠ-বদ্ধ রোগে দুই বটিকা রাত্রে বিধেয়।

৫২। ℞ কুঁচিলার সার	...	(½ গ্রে)	gr. ss
বিশুদ্ধ বৃষপিত্ত	...	(৫ গ্রে)	gr. v
যুর্বেডোজ্‌, মুসব্বরের সার		(১ গ্রে)	gr. i

একত্র মিলাইয়া দুই বটিকা প্রস্তুত করিবে। শয়নকালে বিধেয়। বিরেচক, পিত্ত-নিঃসারক।

৫৩। ℞ বিশুদ্ধ বৃষপিত্ত	...	(২০ গ্রে)	gr. xx
রেউচিনি চূর্ণ	...	(২৪ গ্রে)	gr. xxiv
বিলাতি জীরার তৈল	...	(১০ মি)	♏x
হিঙ্গ্বাদি বটিকা	...	(১৮ গ্রে)	gr. xviii

একত্র মিলাইয়া বার বটিকা প্রস্তুত করিবে। রাত্রে আহারের দুই ঘণ্টা পর দুই বটিকা ব্যবস্থা করিবে। পিত্তের অল্পতা এবং বৃহদন্ত্রের শৈথিল্য বশতঃ কোষ্ঠবদ্ধে প্রয়োজ্য।

৫৪। ℞ বিশুদ্ধ বৃষপিত্ত	...	(৩০ গ্রে)	gr. xxx
ম্যাগ্নিসী কার্বনাস্‌	...	(৩০ গ্রে)	gr. xxx
টিংচ্যুরা জ্যালাপী	...	(২ ড্রা)	ʒii
সোণামুখীর অরিষ্ট	...	(১ আং)	℥i
কর্পূরের জল	...	(৫ আং)	℥v

একত্র মিলাইয়া লইবে। দুই আউন্স্ পরিমাণে চারি ঘণ্টা অন্তর ব্যবস্থেয়। কঠিন মল দ্বারা সরলান্ত্র বদ্ধ থাকিলে বিশেষ উপকার করে।

৫৫। ℞ বিশুদ্ধ বৃষপিত্ত ... }
পাইল্যুলা কলোসিন্থিডিস }
এট্ হাইয়োসায়েমাই } (২০ গ্রে) gr. xx
একৃষ্ট্রাক্টাম্ লাপ্যুলাই }

একত্র মিলাইয়া বার বটিকা প্রস্তুত করিবে, এবং রৌপ্য স্তবকে মণ্ডিত করিবে। অজীর্ণ, আধ্মান এবং কোষ্ঠ-কাঠিন্যে আহারের তিন ঘণ্টা পর এক বটিকা প্রয়োজ্য।

৫৬। ℞ বিশুদ্ধ বৃষপিত্ত ... (২ ড্রা) ℨii
রেউচিনি চূর্ণ ... (৩০ গ্রে) gr. xxx

একত্র মিলাইয়া ত্রিশ বটিকা প্রস্তুত করিবে। যকৃতের ক্রিয়া-বৈষম্য, পাণ্ডু-রোগ এবং কোষ্ঠবদ্ধ রোগে দুই বটিকা দিবসে দুই তিন বার বিধেয়।

৫৭। ℞ বিশুদ্ধ বৃষপিত্ত ... (২ ড্রা) ℨii
বিলাতি জীরার তৈল ... (১০ মি) ♏x
ম্যাগ্নিসী কার্বনাস্ ... (যথাপ্রয়োজন) q.

একত্র মিলাইয়া ত্রিশ বটিকা প্রস্তুত করিবে। মাত্রা, দুই বটিকা ; দিবসে তিন বার। পিত্তের অল্পতা প্রযুক্ত কোষ্ঠকাঠিন্যে ব্যবস্থেয়।

৫৮। ℞	কামালা	...	(১—২ ড্রা)	ʒi—ii
	কমলার পাক	...	(২ ড্রা)	ʒii
	কতীরার মণ্ড	...	(১ আং)	℥i
	জল	...	(১ আং)	℥i

একত্র মিলাইয়া প্রাতঃকালে ব্যবস্থা করিবে। ছয় ঘণ্টা পরে এক আউন্স্ এরণ্ড তৈল বিধান করিবে। ফিতার ন্যায় ক্রিমি নির্গত করণার্থ উপযোগী।

৫৯। ℞	টার্পিন্ তৈল	...	(৪ ড্রা)	ʒiv
	এরণ্ড তৈল	...	(৪ ড্রা)	ʒiv
	কতীরার মণ্ড	...	(৪ ড্রা)	ʒiv
	শুণ্ঠীর পাক	...	(১ ড্রা)	ʒi
	জল	...	(১ আং)	℥i

একত্র মিলাইয়া প্রাতঃকালে ব্যবস্থা করিবে। ক্রিমিরোগে বিধেয়।

৬০। ℞	কুসোচূর্ণ	...	(২ ড্রা)	ʒii
	শোধিত মধু	...	(যথাপ্রয়োজন)	q. s.

একত্র মিলাইয়া অবলেহ প্রস্তুত করিবে। প্রাতঃকালে সেবনীয়। ফিতার ন্যায় কৃমিরোগে বিধেয়।

৬১। ℞ স্যাণ্টোনাইন্ ... (২—৫ গ্রে) gr. ii—v

ক্ষীর-শর্করা ... (১৫ গ্রে) gr. xv

একত্র মিলাইয়া এক পুরিয়া প্রস্তুত করিয়া প্রাতঃকালে ব্যবস্থা করিবে। ছয় ঘণ্টার পর এক আউন্স্ এরণ্ড তৈল বা মুসব্বরাদি ক্বাথ প্রয়োগ করিবে। মহীলতার ন্যায় কৃমিরোগে বিশেষ উপকার করে; অন্যান্য প্রকার কৃমিরোগেও উপকারক।

৬২। ℞ একৃষ্ট্রাক্টাম্ ফিলিসিস্ লিকুইডাম্ (১—২ ড্রা) ʒi—ii

শুণ্ঠীর পাক ... (২ ড্রা) ʒii

কতীরার মণ্ড ... (১ আং) ℥i

জল ... (২ আং) ℥ii

একত্র মিলাইয়া প্রত্যূষে বিধান করিবে। চারি ঘণ্টা পরে এক আউন্স্ এরণ্ড তৈল বা মুসব্বরাদি ক্বাথ প্রয়োগ করিবে। ফিতার ন্যায় কৃমিরোগে বিশেষ উপকার করে।

রজোনিঃসারক।

১। ℞ এক্‌ষ্ট্রাক্টাম্ আর্গটী লিকুইডাম্ (৩ ড্রা) ʒiii
টিংচ্যুরা সার্পেণ্টেরায়ী ... (৫ ড্রা) ʒv.
মুসব্বরাদি কাথ ... (৮ আং) ℥viii

একত্র মিলাইয়া এক আউন্স্ মাত্রায় প্রত্যহ প্রাতে বিধেয়। জরায়বীয় যন্ত্রের শৈথিল্য বশতঃ স্বল্প রজঃ রোগে বিধেয়।

২। ℞ পোটাসিয়াই ব্রোমাইডাম্ ... (১ ড্রা) ʒi
টিংচ্যুরা ক্যাম্বারাইডিজ্ ... (১ ড্রা) ʒi
দারুচিনির অরিষ্ট ... (৭ ড্রা) ʒvii
জল ... (৮ আং) ℥viii

একত্র মিলাইয়া দেড় আউন্স্ পরিমাণে দিবসে তিন বার বিধেয়।

৩। ℞ সোহাগা ... (১ ড্রা) ʒi
টিংচ্যুরা আর্গটী ... (৩ ড্রা) ʒiii
দারুচিনির জল ... (৯ আং) ℥ix

একত্র মিলাইয়া দেড় আউন্স্ মাত্রায় দিবসে তিন বার বিধেয়।

৪। ℞ সোহাগা চূর্ণ ... (১৫ গ্রে) gr. xv
গন্ধবোল চূর্ণ ... (১২ গ্রে) gr. xii
কুঙ্কুম চূর্ণ ... (৩ গ্রে) gr. iii
লবঙ্গের তৈল ... (১ মি) ♏i

একত্র মিলাইয়া চূর্ণ প্রস্তুত করিবে। দিবসে এক দুই বার বিধেয়।

৫। ℞ সোহাগা চূর্ণ ... (১৫ গ্রে) gr. xv
মুসব্বরাদি অরিষ্ট ... (১ ড্রা) ʒi
কুঙ্কুমের অরিষ্ট ... (৩০ মি) ♏xxx
দারুচিনির অরিষ্ট ... (৩০ মি) ♏xxx
মুসব্বরাদি ক্বাথ ... (১½ আং) ℥iss

একত্র মিলাইয়া রাত্রে ব্যবস্থা করিবে।

৬। ℞ পাল্ভিস্ আর্গটী ... (২০ গ্রে) gr. xx
দারুচিন্যাদি চূর্ণ ... (২০ গ্রে) gr. xx
শর্করা ... (২০ গ্রে) gr. xx

একত্র মিলাইয়া এক পুরিয়া প্রস্তুত করিবে। প্রসবান্তে জরায়ু হইতে রক্তস্রাবে দুই তিন ঘণ্টা অন্তর প্রয়োগ করিবে। জরায়ুর ক্ষীণতা প্রযুক্ত প্রসব-বিলম্ব হইলে কুড়ি মিনিট অন্তর বিধেয়।

৭। ℞ একষ্ট্রাক্টাম্ আর্গটী লিকুইডাম্ (৩০ মি) ♏xxx
শর্করার পাক ... (৪ ড্রা) ʒiv
দারুচিনির জল ... (১ আং) ℥i

একত্র মিলাইবে। জরায়ু-সঙ্কোচনের ক্ষীণতা প্রযুক্ত প্রসব-বিলম্ব হইলে কুড়ি মিনিট অন্তর প্রয়োগ করিবে। জরায়বীয় রক্তস্রাবে দুই তিন ঘণ্টা অন্তর বিধেয়।

৮। ℞ মুসব্বরাদি বটিকা ... (১ আং) ℥i
পাইল্যুলা ফেরি কার্বনাস্ (১ ড্রা) ʒi
ওলিয়াম্ সেভাইনী ... (৩ মি) ♏iii
„ রিউটী ... (৩ মি) ♏iii
লঙ্কামরিচ চূর্ণ ... (২৪ গ্রে) gr. xxiv

একত্র মিলাইয়া চব্বিশ বটিকা প্রস্তুত করিবে। মাত্রা, এক বটিকা; দিবসে তিন বার; অল্পরজঃ রোগে বিধেয়।

৯। ℞ ফেরি ভেলিরিয়েনাস্ ... (১৮ গ্রে) gr. xviii
ওলিয়াম্ সেভাইনী ... (২৪ মি) ♏xxiv
হিঙ্গ্বাদি বটিকা ... (৩৬ গ্রে) gr. xxxvi

একত্র মিলাইয়া বার বটিকা প্রস্তুত করিবে। অল্প-রজঃ রোগে বিশেষতঃ হিষ্টিরিয়া সংযুক্ত হইলে এক বটিকা দিবসে তিন বার ব্যবস্থেয়।

বাহ্য প্রয়োগ।

১। ℞ সির্কা ... ... (১ আং) ℥i
জল ... ... (৫ আং) ℥v

একত্র মিলাইয়া জ্বরাদি রোগে গাত্র মুছাইবার নিমিত্ত বিধেয়।

২। ℞ সির্কা ... ... (৩ আং) ℥iii
জল ... ... (৩ আং) ℥iii

একত্র মিলাইয়া নিষ্পেষণাঘাতাদিতে বস্ত্রখণ্ড দ্বারা লাগাইবে। তপ্ত করিয়া, ঠুন্‌কো রোগে বস্ত্রখণ্ড ভিজাইয়া স্তনে লাগাইবে।

৩। ℞ সির্কা ... ... (½ আং) ℥ss
নিসাদল ... ... (১ ড্রা) ʒi
মধু ... ... (২ আং) ℥ii
জল ... ... (১৫ আং) ℥xv

একত্র মিলাইয়া মুখ এবং গলমধ্যস্থ ক্ষতাদিতে কুল্য এবং গর্গরার্থ বিধান করিবে।

৪। ℞ য়্যাসিডাম্ কার্বলিকাম্ (১ আং) ℥i
জলপাইর তৈল বা গ্লাইসেরিন্ (৫ আং) ℥v

একত্র মিলাইয়া লইবে। ক্ষতাদিতে লিণ্ট্ বা তুলা ভিজাইয়া লাগাইবে। দুর্গন্ধ-হারক, পচন-নিবারক এবং উত্তেজক।

৫। ℞ য়্যাসিডাম্ কার্বলিকাম্ ... (১ ড্রা) ʒi
জল ... ... (১ পাং) oi

বোতল মধ্যে একত্র মিলাইয়া উত্তমরূপে আলোড়ন করিয়া রাখিয়া দিবে। দুর্গন্ধ-হরণ, পচন-নিবারণ এবং উত্তেজনার্থ ইহাতে বস্ত্রখণ্ড ভিজাইয়া ক্ষতাদিতে লাগাইবে।

৬। ℞ য়্যাসিডাম্ হাইড্রোসিয়্যানিকাম্ ডাইলিউটাম্ (২ ড্রা) ʒii
লাইকর্ প্লাম্বাই সাব্ য়্যাসিটেটিস্
ডাইলিউটাস্ (৮আং) ℥viii

একত্র মিলাইয়া লইবে। চর্ম্মরোগে জ্বালা এবং কণ্ডূয়ন নিবারণার্থ বিধেয়।

৭। ℞ য়্যাসিডাম্ হাইড্রোসিয়্যানিকাম্ ডাইলিউটাম্ (২ ড্রা) ʒii
সীসশর্করা ... ... (১৬ গ্রে) gr. xvi
শোধিত সুরা ... ... (২ ড্রা) ʒii
পরিস্কৃত জল ... ... (৮ আং) ℥viii

একত্র মিলাইয়া চর্ম্মরোগে জ্বালা, কণ্ডূয়ন এবং উগ্রতা নিবারণার্থ স্থানিক প্রয়োগ করিবে।

৮। ℞ লবণ দ্রাবক	...	(২০ মি—১ ড্রা)	♏xx—ʒi
মধু	... ...	(১ আং)	℥i
ডিকক্টাম্ সিঙ্কোনী ফ্লেভী	...	(৭ আং)	℥vii

একত্র মিলাইয়া গলমধ্যস্থ দুষ্ট ক্ষতে কুল্য এবং গর্গরার্থ ব্যবস্থেয়।

৯। ℞ লবণ দ্রাবক ... }
মধু ... } ... সম্যানাংশ

একত্র মিলাইয়া ডিফ্থিরিয়া রোগে তুলি দ্বারা গলমধ্যে লাগাইবে।

১০। ℞ লবণ দ্রাবক	... ...	(৩০ মি)	♏xxx
লঙ্কামরিচের অরিষ্ট	...	(২ ড্রা)	ʒii
মধু	... ...	(৪ ড্রা)	ʒiv
গোলাব জল	... ...	(৬½ আং)	℥viss

একত্র মিলাইবে; গর্গরা বা কুল্যার্থে বিধান করিবে।

১১। ℞ লবণ দ্রাবক ... (৩—৫ মি) ♏iii—v
পরিস্রুত জল ... (১ আং) ℥i

একত্র মিশ্রিত করিয়া লইবে। চক্ষে লৌহচূর্ণ পড়িলে চক্ষে বিন্দুরূপে প্রয়োগ করিবে।

---

১২ ℞ যবক্ষার দ্রাবক... ... (২ আং) ℥ii
লবণ দ্রাবক ... ... (৩ আং) ℥iii
পরিস্রুত জল ... ... (৮ আং) ℥viii

একত্র মিশ্রিত করিয়া লইবে। ইহা ৩ ড্রাম্ ১ পাইণ্ট্ উষ্ণ জলের সহিত মিশ্রিত করিয়া দক্ষিণ পার্শ্বে উদর এবং বক্ষঃ স্পঞ্জ্ করিবে। পুরাতন যকৃৎ-প্রদাহে বিধেয়। ফুট্ বাথের নিমিত্ত ইহার তিন আউন্স্ এক গ্যালন্ জলের সহিত মিলাইয়া ঈষদুষ্ণ করিয়া ব্যবহার করিবে। ফুট্ বাথের নিয়ম এই যে, পদদ্বয় নিমগ্ন করিয়া পনর মিনিট পর্য্যন্ত রাখিবে, এবং ঐ জল দ্বারা উভয় জঙ্ঘা, ঊরু বক্ষঃ এবং উদরের দক্ষিণ পার্শ্ব স্পঞ্জ্ করিবে। এইরূপ প্রাতে এবং সন্ধ্যায় কর্ত্তব্য।

১৩। ℞ লিনিমেণ্টাম্ য়্যাকোনিটাই
„ বেলাডোনী
সাবান মর্দ্দন
} সমানাংশ

একত্র মিলাইয়া লইবে। বাত এবং স্নায়ুশূল রোগে ব্যথিত স্থানে মর্দ্দন করিবে।

১৪। ℞ লিনিমেণ্টাম্ য়্যাকোনিটাই ... (৪ ড্রা) ʒiv
„ বেলাডোনী ... (৪ ড্রা) ʒiv
কর্পূরাদি মর্দ্দন ... (২ আং) ℥ii

একত্র মিলাইয়া লইবে। পুরাতন বাত এবং স্নায়ু-শূলে মর্দ্দন বিধেয়।

১৫। ℞ টিংচ্যুরা য়্যাকোনিটাই ... (১ ড্রা) ʒi
জল ... ... (১ আং) ℥i

একত্র মিলাইয়া, স্নায়ু-শূলে বস্ত্রখণ্ড ভিজাইয়া বেদনা নিবারণার্থ প্রয়োজ্য।

১৬। ℞ ক্লোরোফর্ম্ ... (৩০ মি) ♏xxx
আঙ্গুয়েণ্টাম্ য়্যাকুয়ীরোজী (কোল্ড্ ক্রীম্) } (১ আং) ℥i

একত্র মিলাইয়া লইবে। আম্বাতে কণ্ডূয়ন নিবারণার্থ প্রয়োগ করিবে।

১৭। ℞ ক্লোরোফর্ম্ ... (৩০ মি) ♏xxx
অহিফেনারিষ্ট ... (১ ড্রা) ʒi

টিংচ্যুরা য়্যাকোনিটাই	...	(১ ড্রা)	ʒi
কর্পূরাদি মর্দ্দন	...	(১৪ ড্রা)	ʒxiv

একত্র মিলাইয়া লইবে। বাত এবং স্নায়ু-শূল রোগে মর্দ্দনার্থ বিধেয়।

১৮। ℞

ক্লোরোফর্ম্	...	(১ ড্রা)	ʒi
জলপাইর তৈল	...	(১ ড্রা)	ʒi
জিন্সাই অক্সাইডাম্	...	(৩০ গ্রে)	gr. xxx
আঙ্গুয়েণ্টাম্ সিটেসিয়াই	...	(৪ ড্রা)	ʒiv

একত্র মিলাইয়া মলম প্রস্তুত করিবে। মলদ্বারস্থ উগ্র ক্ষতে প্রয়োজ্য।

১৯। ℞

শোধিত সুরা	...	(১ আং)	℥i
জল	...	(১৫ আং)	℥xv

একত্র মিলাইয়া শৈত্যকরণার্থ বস্ত্রখণ্ড ভিজাইয়া স্থানিক প্রয়োগ করিবে।

২০। ℞

নিসাদল	...	(৪ ড্রা)	ʒiv
শোধিত সুরা	...	(১ আং)	℥i
জলমিশ্র সির্কাম্ল	...	(১½ আং)	℥iss
জল	...	(৮ আং)	℥viii

একত্র মিলাইয়া লইবে। উৎপতিষ্ণু শৈত্যমিশ্র।

২১। ℞ লাইকর্ য়্যামোনী য়্যাসিটেটিস্ ... (১ আং) ℥i
শোধিত সুরা ... (২ আং) ℥ii
জল ... (৯ আং) ℥ix

একত্র মিলাইয়া লইবে। প্রদাহাদিতে শৈত্য-করণার্থ বস্ত্রখণ্ড ভিজাইয়া স্থানিক প্রয়োগ করিবে।

২২। ℞ ফট্‌কিরি ... (১—৫ গ্রে) gr. i—v
গোলাব জল ... (১ আং) ℥i

একত্র মিলাইয়া লইবে। অফ্‌থাল্‌মিয়া রোগে চক্ষে বিন্দু প্রয়োগ করিবে।

২৩। ℞ ফট্‌কিরি ... (১ ড্রা) ʒi
জলমিশ্র গন্ধক দ্রাবক ... (৩০ মি) ♏xxx
গন্ধবোলের অরিষ্ট ... (২ ড্রা) ʒii
ডিকক্টাম্ সিঙ্কোনী ... (৬ আং) ℥vi

একত্র মিলাইয়া গর্গরার্থ প্রয়োগ করিবে। মুখ এবং গলমধ্যস্থ ক্ষতাদিতে বিধেয়।

২৪। ℞ ফট্‌কিরি ... (১ ড্রা) ʒi
মধু ... (২ আং) ℥ii
অম্লযুক্ত গোলাবাদি ফাণ্ট ... (৬ আং) ℥vi

একত্র মিলাইয়া গর্গরা এবং কুল্যার্থ বিধেয়।

২৫। ℞ ফট্‌কিরি } ... সমানাংশ
ট্যানিন্ }

একত্র মিলাইয়া লইবে। ডিফ্‌থিরিয়া রোগ দ্বারা তালু ও গলমধ্যে এবং নাসিকা হইতে রক্তস্রাবে নাসামধ্যে ফুৎকার দ্বারা প্রয়োগ করিবে। চুচুক-বিদারণে চুচুকে লাগাইবে।

২৬। ℞ ফট্‌কিরি ... (৫—১০ গ্রে) gr. v—x
পরিস্রুত জল ... (১ আং) ℥i

একত্র মিলাইয়া প্রমেহ রোগে পিচকারী ব্যবস্থা করিবে।

২৭। ℞ লাইকর্ য়্যালিউমিনী কম্পোজিটাস্ (১ ড্রা) ʒi
জল ... (১ আং) ℥i

একত্র মিলাইয়া প্রমেহ রোগে পিচকারী ব্যবস্থা করিবে।

২৮। ℞ ফট্‌কিরি } ... (১ আং) ℥i
জিঙ্কাই সাল্‌ফাস্ }

একত্র মিলাইয়া আট পুরিয়া প্রস্তুত করিবে। এক পুরিয়া চারি আউন্স্ জলে দ্রব করিয়া শ্বেতপ্রদর রোগে

পিচকারী ব্যবস্থা করিবে। পিচকারী দিবার পূর্ব্বে ঈষদুষ্ণ জল দ্বারা যোনির অভ্যন্তর উত্তমরূপে ধৌত করিয়া লইবে।

২৯। ℞ ফট্‌কিরি ... (১—৪ ড্রা) ʒi—iv
পাণ্ডুখদিরের ফাণ্ট ... (১ পা) oi

একত্র মিলাইয়া অতিসার রোগে মলদ্বারে পিচকারী ব্যবস্থা করিবে।

৩০। ℞ লাইকর্ য়্যামোনী য়্যাসিটেটিস্ (১ ড্রা) ʒi
পরিস্রুত জল ... (১ আং) ℥i

একত্র মিলাইয়া চক্ষু রোগে বিন্দু প্রয়োগ করিবে।

৩১। ℞ লাইকর্ য়্যামোনী য়্যাসিটেটিস্ (৬ আং) ℥vi
শোধিত সুরা ... (২ আং) ℥ii

একত্র মিলাইয়া স্তনপ্রদাহে বস্ত্রখণ্ড ভিজাইয়া স্থানিক প্রয়োগ করিবে।

৩২। ℞ জিন্‌সাই সাল্‌ফাস্ ... (২—৪ গ্রে) gr. ii—iv
অহিফেনাসব ... (½ ড্রা) ʒss
গোলাব জল ... (১ আং) ℥i

একত্র মিলাইয়া অফ্‌থ্যাল্‌মিয়া রোগে চক্ষে বিন্দু প্রয়োগ করিবে।

৩৩। ℞ জিন্‌সাই সাল্‌ফাস্‌ } (১৫ গ্রে) gr. xv
ট্যানিন্‌
গোলাব জল ... (৬ আং) ℥vi

একত্র মিলাইয়া প্রমেহ এবং শ্বেতপ্রদর রোগে পিচকারী ব্যবস্থা করিবে।

৩৪। ℞ জিন্‌সাই সাল্‌ফাস্‌ } ... (১ ড্রা) ʒi
তুঁতিয়া
গোলাব জল ... (৪ আং) ℥iv

একত্র মিলাইয়া লইবে। রক্তরোধার্থ স্থানিক প্রয়োগ বিধেয়।

৩৫। ℞ জিন্‌সাই সাল্‌ফাস্‌ } (১৫ গ্রে) gr. xv
শুষ্ক ফট্‌কিরি
সোহাগা
শর্করা ... (৩০ গ্রে) gr. xxx

একত্র অতি সূক্ষ্মরূপে চূর্ণ করিবে। অফ্‌থ্যাল্‌মিয়া রোগে অল্পমাত্রায় চক্ষে প্রয়োগ করিবে।

৩৬। ℞ জিন্‌সাই য়্যাসিটাস্‌ ... (২ গ্রে) gr. ii
গোলাব জল ... (১ আং) ℥i

একত্র মিলাইয়া অফ্থ্যাল্মিয়া রোগে চক্ষে বিন্দু প্রয়োগ করিবে।

৩৭। ℞ তুঁতিয়া ... (½—২ গ্রে) gr. ss—ii
গোলাব জল ... (১ আং) ℥i

একত্র মিলাইয়া অফ্থ্যাল্মিয়া রোগে চক্ষে বিন্দু প্রয়োগ করিবে; এবং প্রমেহ রোগে পিচকারী ব্যবস্থা করিবে।

৩৮। ℞ আর্জেণ্টাই নাইট্রাস্... (৬ গ্রে) gr. vi
পরিস্রুত জল ... (১২ আং) ℥xii

একত্র মিলাইয়া তরুণ অতিসার রোগে পিচকারী (এনিমা) ব্যবস্থা করিবে।

৩৯। ℞ আর্জেণ্টাই নাইট্রাস্... (৪০ গ্রে) gr. xl
পরিস্রুত জল ... (২ ড্রা) ʒii
যবক্ষার দ্রাবক ... (৩ মি) ♏iii

একত্র মিলাইয়া ইরিসিপেলাস্ রোগে দিবসে দুই তিন বার স্থানিক প্রয়োগ করিবে। রোগস্থান ছাড়াইয়া দুই হইতে তিন ইঞ্চ্ পর্য্যন্ত লাগাইবে। ডিফ্থিরিয়া রোগে তূলিকা দ্বারা তালুতে লাগাইবে। ব্রণ বসাইবার নিমিত্ত ইহা উপযোগী।

৪০। ℞ আর্জেণ্টাই নাইট্রাস্ ... (½—২ গ্রে) gr. ss—ii
পরিস্রুত জল ... (১ আং) ℥i

দ্রব করিয়া লইবে। প্রমেহ রোগে পিচকারী এবং অফ্থ্যাল্মিয়া রোগে চক্ষে বিন্দুরূপে প্রয়োজ্য।

৪১। ℞ আর্জেণ্টাই নাইট্রাস্ ... (৪ গ্রে) gr. iv
পরিস্রুত জল ... (১ আং) ℥i

দ্রব করিয়া লইবে। অক্ষিতারকে (কর্ণিয়া) ক্ষত হইলে এবং অফ্থ্যাল্মিয়া রোগে বিন্দু প্রয়োগ করিবে।

৪২। ℞ আর্জেণ্টাই নাইট্রাস্ ... (৮ গ্রে) gr. viii
শূকরের বসা ... (১ আং) ℥i

একত্র উত্তমরূপে মিলাইয়া মলম প্রস্তুত করিবে। উপদংশ-ক্ষতে বিধেয়।

৪৩। ℞ আর্জেণ্টাই অক্সাইডাম্ ... (২০ গ্রে) gr. xx
শূকরের বসা ... (১ আং) ℥i

একত্র মিলাইয়া মলম প্রস্তুত করিবে। ঔপদংশিক ক্ষতে স্থানিক প্রয়োজ্য।

৪৪। ℞ সীসশর্করা ... (৬ গ্রে) gr. vi
অহিফেনারিষ্ট ... (৩০ মি) ♏xxx
পরিস্রুত জল ... (১ আং) ℥i

একত্র মিলাইয়া অতিসার রোগে পিচকারী (এনিমা) ব্যবস্থা করিবে।

৪৫। ℞ সীসশর্করা ... (১ ড্রা) ʒi
এক্‌ষ্ট্রাক্টম্ বেলাডোনী ... (১ ড্রা) ʒi
শূকরের বসা ... (৬ ড্রা) ʒvi

একত্র মিলাইয়া মলম প্রস্তুত করিবে। অর্শ এবং ফিসার্ অব্ দি এনাস্ রোগে লাগাইবে।

৪৬। ℞ লাইকর্ প্লাম্বাই সাব্‌অ্যাসিটেটিস্ (২০ মি) ♏xx
পরিস্রুত জল ... (১½ আং) ℥iss

একত্র মিলাইয়া প্রমেহ রোগে পিচকারী বিধান করিবে।

৪৭। ℞ লাইকর্ প্লাম্বাই সাব্‌অ্যাসিটেটিস্ (১ ড্রা) ʒi
ও সির্কাম্ল } (½ আং) ℥ss
শোধিত সুরা }
পরিস্রুত জল ... (৯ আং) ℥ix

একত্র মিলাইয়া লইবে। সঙ্কোচক এবং শৈত্য-কারক ধৌত।

৪৮। ℞ লাইকর্ প্লাম্বাই সাব্‌য়্যাসিটেটিস্ } (১ আং) ℥i
জলপাইর তৈল }
গোলাব জল ... (৪ আং) ℥iv

একত্র মিলাইয়া লইবে। দগ্ধ ক্ষতে লাগাইবে। ইম্পিটাইগো, এক্‌জিমা প্রভৃতি বিবিধ চর্ম্মরোগেও বিধেয়।

৪৯। ℞ লাইকর্ প্লাম্বাই সাব্‌য়্যাসিটেটিস্ ... (১ ড্রা) ʒi
স্পিরিটাস্ ঈথারিস্ ... (২ ড্রা) ʒii
অহিফেনারিষ্ট ... (১ ড্রা) ʒi
জলপাইর তৈল ... (২ আং) ℥ii

একত্র মিলাইয়া স্তনপ্রদাহে বস্ত্রখণ্ড ভিজাইয়া লাগাইবে। অন্যান্য বাহ্য প্রদাহেও ব্যবস্থা করা যায়।

৫০। ℞ সোহাগা ... (১ আং) ℥i
গন্ধবোলের অরিষ্ট ... (১ ড্রা) ʒi
মধু ... (৭ ড্রা) ʒvii

একত্র মিলাইয়া লইবে। ঘ্যাফ্‌থী রোগে লাগাইবে।

৫১। ℞ সোহাগা ... (½ আং) ℥ss
মধু ... (১ আং) ℥i
জল ... (৬½ আং) ℥viss
একত্র মিলাইয়া গর্গরা প্রস্তুত করিবে। মাঢ়ি এবং তালু আদির শিথিলতাতে প্রয়োজ্য।

৫২। ℞ সোহাগা ... (২ ড্রা) ʒii
গন্ধবোলের অরিষ্ট ... (৪ ড্রা) ʒiv
মধু ... (৪ ড্রা) ʒiv
গোলাব জল ... (৭ আং) ℥vii
একত্র মিলাইয়া লইবে। মুখ আসিলে কুল্যার্থ ব্যবস্থা করিবে।

৫৩। ℞ য়্যাসিডাই ট্যানিসাই (৩০ গ্রে) gr. xxx
স্পিরিটাস্ ভাইনাই গ্যালিসাই ... (½ আং) ℥ss
কর্পূরের জল ... (৫½ আং) ℥vss
একত্র মিলাইয়া কুল্য প্রস্তুত করিবে; তালু এবং মাঢ়ির শিথিলতাতে ব্যবস্থেয়।

৫৪। ℞ লাইকর্ য়্যামোনী ... (২ ড্রা) ʒii
সাবান মর্দ্দন ... (১ আং) ℥i

একত্র মিলাইয়া প্রত্যুগ্রতা সাধনার্থ মর্দ্দন ব্যবস্থা করিবে।

৫৫। ℞ লাইকর্ য়্যামোনী ... (যথাপ্রয়োজন) q. s.
জল ... (যথাপ্রয়োজন) q. s.

একত্র মিলাইয়া যোনিকণ্ডূয়ন রোগে পিচকারী ব্যবস্থা করিবে।

৫৬। ℞ লাইকর্ য়্যামোনী } ... (১ আং) ℥i
কর্পূরাদি মর্দ্দন }
লঙ্কামরিচের অরিষ্ট ... (২ ড্রা) ʒii

একত্র মিলাইয়া মর্দ্দন প্রস্তুত করিবে। বক্ষঃশূল রোগে বক্ষে এবং উদরে মর্দ্দন ব্যবস্থা করিবে।

৫৭। ℞ কর্পূর মর্দ্দন ... (১½ আং) ℥iss
ওলিয়াম্ রোজ্‌মেরিনাই ... (১ ড্রা) ʒi
অহিফেনারিষ্ট ... (২ ড্রা) ʒii

একত্র মিলাইয়া আধ্মান-শূলে উদরোপরি মর্দ্দন করিবে।

৫৮। ℞ কর্পূর মর্দ্দন ... (১ আং) ℥i
টার্পিন্ তৈল ... (৪ ড্রা) ʒiv
কোমল সাবান ... (৪ ড্রা) ʒiv
একত্র মিলাইয়া বাত রোগে মর্দ্দন করিবে।

৫৯। ℞ অহিফেনের তরল সার ... (৩০ মি) ♏xxx
জলপাইর তৈল ... (৪ ড্রা) ʒiv
আরবি গঁদের মণ্ড ... (৪ ড্রা) ʒiv
একত্র মিলাইয়া মূত্রকৃচ্ছ্র রোগে পিচ্‌কারী ব্যবস্থা করিবে।

৬০। ℞ অহিফেন ... (১ গ্রে) gr. i
একৃষ্ট্রাক্টাম্ হাইয়োসায়েমাই (৪ গ্রে) gr. iv
কঠিন সাবান ... (যথাপ্রয়োজন) q. s.
একত্র মিলাইয়া সপোজিটরি প্রস্তুত করিবে। অতিসারে ব্যবহার্য্য।

৬১। ℞ অহিফেনাসব ... (৩০ মি) ♏xxx
লাইকর্ প্লাম্বাই সাব্‌য়্যাসিটেটিস্ (১৫ মি) ♏xv
গোলাব জল ... (৪ আং) ℥iv
একত্র মিশ্রিত করিয়া অফ্‌থ্যাল্‌মিয়া রোগে বিন্দু রূপে চক্ষে প্রয়োগ করিবে।

৬২। ℞ অহিফেনারিষ্ট ... (১ ড্রা) ʒi
কর্পূর ... (১ ড্রা) ʒi
জলপাইর তৈল ... (২ আং) ℥ii
একত্র মিলাইয়া লইবে। বেদনা-নিবারক মর্দ্দন।

৬৩। ℞ অহিফেনারিষ্ট ... (৪ ড্রা) ʒiv
ঈথারিস্ ... (২½ ড্রা) ʒiiss
স্পিরিটাস্ ক্যাম্ফোরী (৪ ড্রা) ʒiv
সাবান মর্দ্দন ... (২ আং) ℥ii
একত্র মিলাইয়া লইবে। আধ্মানশূলে উদরোপরি মর্দ্দন করিবে।

৬৪। ℞ কর্পূব চূর্ণ ... (১ ড্রা) ʒi
অণ্ডের কুসুম ... (একটা) 1
যবের ক্বাথ ... (১৫ আং) ℥xv
একত্র মিলাইয়া পিচ্কারী ব্যবস্থা করিবে।

৬৫। ℞ কর্পূর মর্দ্দন ... (১½ আং) ℥iss
ওলিয়াম্ রোজ্মেরিনাই (৩০ মি) ♏xxx
অহিফেনারিষ্ট ... (২ ড্রা) ʒii
একত্র মিলাইয়া মর্দ্দন প্রস্তুত করিবে। আধ্মানশূলে উদরে মর্দ্দন করিবে।

৬৬। ℞ কর্পূর মর্দ্দন	...	(১ আং)	℥i
টার্পিন্ তৈল	...	(২ ড্রা)	ʒii
কোমল সাবান	...	(৪ ড্রা)	ʒiv

একত্র মিলাইয়া মর্দ্দন প্রস্তুত করিবে। বাতরোগে ব্যবস্থেয়।

৬৭। ℞ সোহাগা	...	(৪ ড্রা)	ʒiv
মর্ফী হাইড্রোক্লোরাস্	...	(১০ গ্রে)	gr. x
গ্লাইসিরাইনাম্	...	(৪ ড্রা)	ʒiv
গোলাব জল	...	(৪ আং)	℥iv

একত্র মিলাইয়া লইবে। দুর্বার ভগ-কণ্ডূয়ন নিবারণার্থ স্পঞ্জ্ দ্বারা প্রয়োজ্য। প্রয়োগের পূর্ব্বে তপ্ত জল এবং সাবান দ্বারা ভগ ধৌত করিয়া লইবে।

বাল্য-ব্যবস্থা।

সঙ্কোচক।

১। ℞ এক্‌ষ্ট্রাক্টাম্ হীমেটক্‌সিলাই		(১ ড্রা)	ʒi
দারুচিনির জল	...	(½ আং)	℥ss
শর্করার পাক	...	(½ আং)	℥ss
ডিকক্টম্ সিঙ্কোনী ফ্লেভী	...	(৩ আং)	℥iii

একত্র মিলাইয়া লইবে। শৈশবাবস্থায় উদরাময় রোগে এক হইতে দুই ড্রাম্ মাত্রায় প্রতি ঘণ্টায় বিধেয়।

২। ℞ ক্যালোমিলাস্ ... (১—২ গ্রে) gr. i—ii
সীসশর্করা ... (¼—১ গ্রে) gr. ¼—i

একত্র মিলাইয়া চারি পুরিয়া প্রস্তুত করিবে। শৈশবাবস্থার অতিসার রোগে তিন ঘণ্টা অন্তর এক পুরিয়া প্রয়োগ করিবে।

৩। ℞ এক্‌ষ্ট্রাক্টাম্ হীমেটক্‌সিলাই (১ ড্রা) ʒi
খদিরের অরিষ্ট ... (২ ড্রা) ʒii
শর্করার পাক ... (১ ড্রা) ʒi
য়্যাকোয়া কারুই ... (৯ ড্রা) ʒix

একত্র মিলাইয়া লইবে। এক বৎসর বয়স্ক বালকের পক্ষে এক ড্রাম মাত্রায় দিবসে তিন চারি বার ব্যবস্থেয়। উদরাময়ে বিধেয়।

৪। ℞ অহিফেনযুক্ত সুগন্ধ খটিকাচূর্ণ (২০ গ্রে) gr. xx
খদিরের ফাণ্ট ... (১½ আঃ) ℥iss

একত্র মিশ্রিত করিয়া লইবে। মাত্রা, এক ড্রাম; দিবসে তিন বার। উদরাময়ে প্রয়োজ্য।

৫৭। ℞ য়্যাসিডাম্ গ্যালিকাম্ ...		(৮ গ্রে)	gr. viii
দারুচিনির অরিষ্ট	...	(১ ড্রা)	ʒi
অহিফেনারিষ্ট	...	(৮ মি)	♏viii
শর্করার পাক	...	(২ ড্রা)	ʒii
দারুচিনির জল	...	(৫ ড্রা)	ʒv
পরিস্রুত জল	...	(১ আং)	℥i

একত্র মিলাইয়া লইবে। মাত্রা, দুই ড্রাম্; ছয় ঘণ্টা অন্তর। উদরাময় রোগে প্রয়োজ্য।

৬। ℞ সীসশর্করা	...	(৬ গ্রে)	gr. vi
সির্কা	...	(২০ মি)	♏xx
অহিফেনারিষ্ট	...	(৮ মি)	♏viii
আরবি গঁদের মণ্ড	...	(২ ড্রা)	ʒii
শুণ্ঠীর পাক	...	(২ ড্রা)	ʒii
পরিস্রুত জল	...	(১½ আং)	℥iss

একত্র মিলাইয়া লইবে। মাত্রা এক হইতে দুই ড্রাম; ছয় ঘণ্টা অন্তর। এক বৎসর বয়স্ক বালকের উদরাময়ে ব্যবস্থেয়।

৭। ℞ হিরাকস	...	(৪ গ্রে)	gr. iv
অহিফেনারিষ্ট	...	(৬ মি)	♏vi

কমলার পাক ... (২ ড্রা) ʒii
য়্যাকোয়া কারুই ... (১০ আং) ℥x

একত্র মিশ্রিত করিয়া লইবে। এক বৎসর বয়স্ক বালকের পক্ষে মাত্রা এক হইতে দুই ড্রাম্; ছয় ঘণ্টা অন্তর বিধান করিবে। উদরাময় রোগে ব্যাবহার্য্য।

৮। ℞ আর্জেণ্টাই নাইট্রাস্ ... (১ গ্রে) gr. i
জলমিশ্র যবক্ষার দ্রাবক ... (৫ মি) ♏v
আরবি গঁদের মণ্ড ... (৬ ড্রা) ʒvi
শর্করার পাক ... (৬ ড্রা) ʒvi

একত্র মিলাইয়া লইবে। মাত্রা এক ড্রাম্; ছয় ঘণ্টা অন্তর। শৈশবাবস্থার দুর্দম উদরাময় রোগে বিধেয়।

৯। ℞ আর্জেণ্টাই নাইট্রাস্ ... ($\frac{১}{৮}$—$\frac{১}{৬}$ গ্রে) gr. $\frac{1}{8}$—$\frac{1}{6}$
পরিস্রুত জল ... (১ আং) ℥i
শর্করার পাক ... (৪ ড্রা) ʒiv

একত্র মিলাইয়া লইবে। পুরাতন উদরাময় রোগে সমস্ত দিবসে ক্রমশঃ প্রয়োগ করিবে।

বলকারক।

১। ℞	একষ্ট্রাক্টাম্ সিঙ্কোনী লিকুইডাম্	(১ ড্রা)	ʒi
	টিংচ্যুরা সিঙ্কোনী কম্পোজিটা	(২ ড্রা)	ʒii
	য়্যাকোয়া কারুই ...	(৯ ড্রা)	℥ix

একত্র মিলাইয়া লইবে। মাত্রা এক, ড্রাম্; দিবসে তিন বার। দুগ্ধের সহিত প্রয়োজ্য। রোগান্ত দৌর্ব্বল্যে বিধেয়।

২। ℞	ফেরি এট্ কোয়াইনী সাইট্রাস্	(২০—৩০ গ্রে)	gr. xx—xxx
	কমলার পাক ...	(৩ ড্রা)	℥iii
	কমলা পুষ্পের জল ...	(৯ ড্রা)	ʒix

একত্র মিলাইয়া লইবে। মাত্রা, এক ড্রাম্; দিবসে তিন বার। দৌর্ব্বল্য এবং রক্তহীনতাতে বিধেয়।

৩। ℞	লৌহাদি মিশ্র ...	(৪ ড্রা)	℥iv
	টিংচ্যুরা সিলী ...	(১৬ মি)	♏xvi
	„ কোনিয়াই ...	(৪০ মি)	♏xl
	বাদাম মিশ্র ...	(২½ আং)	℥iiss

একত্র মিলাইয়া লইবে। মাত্রা, দুই ড্রাম্; দিবসে তিন বার। বলকারক এবং কফনিঃসারক।

৪। ℞ য়্যাসিডাম্ হাইড্রোসিয়্যানিকাম্ ডাইলিউটাম্

	(৮ মি)	♏viii
এক্স্ট্রাক্টাম্ সিঙ্কোনী লিকুইডাম্	(১½ ড্রা)	ʒiss
কমলার পাক ...	(১½ ড্রা)	ʒiss
জল ...	(৬ ড্রা)	ʒvi
কমলা পুষ্পের জল ...	(৩ ড্রা)	ʒiii

একত্র মিলাইয়া লইবে। মাত্রা, দুই বৎসর বয়স্ক বালকের পক্ষে এক ড্রাম্; দিবসে তিন বার। বলকারক এবং উগ্রতাহারক।

৫। ℞ জলমিশ্র গন্ধক দ্রাবক ...	(১৫ মি)	♏xv
কমলার অরিষ্ট ...	(১ ড্রা)	ʒi
শর্করার পাক ...	(১ ড্রা)	ʒi
কমলার ফাণ্ট্ ...	(১ আং)	℥i
দারুচিনির জল ...	(২ আং)	℥ii

একত্র মিলাইয়া লইবে। মাত্রা, এক ড্রাম্; দিবসে তিন বার।

৬। ℞ ইন্‌ফিউজাম্ ক্যালাম্বী ...	(২ আং)	℥ii
রেউচিনির ফাণ্ট্ ...	(৬ ড্রা)	ʒvi
কমলার অরিষ্ট ...	(২ ড্রা)	ʒii

একত্র মিলাইয়া লইবে। মাত্রা, এক হইতে দুই ড্রাম্; দিবসে দুই বার। বলকারক এবং বিরেচক।

৭। ℞ সোডী বাইকার্ব্বনাস্	...	(২৪ গ্রে)	gr. xxiv
এক্‌ষ্ট্রাক্টাম্ ট্যারাক্সেসাই		(৪০ গ্রে)	gr. xl
রেউচিনির অরিষ্ট	...	(১ ড্রা)	ʒi
ইন্‌ফিউজাম্ ক্যালাম্বী	...	(১১ ড্রা)	ʒxi
য়্যাকোয়া কারুই	...	(৪ ড্রা)	ʒiv

একত্র মিলাইয়া লইবে। মাত্রা, দুই ড্রাম্; দিবসে দুই বার। অম্লনাশক ও বলকারক।

৮। ℞ জলমিশ্র লবণ দ্রাবক	...	(১৬ মি)	♏xvi
কমলার পাক	...	(১ ড্রা)	ʒi
কমলার অরিষ্ট	...	(১ ড্রা)	ʒi
ইন্‌ফিউজাম্ ক্যাস্কারিলী	...	(১০ ড্রা)	ʒx

একত্র মিলাইয়া লইবে। মাত্রা, এক ড্রাম্; দিবসে তিন বার।

৯। ℞ জলমিশ্র লবণ দ্রাবক	...	(৩০ মি)	♏xxx
স্পিরিটাস্ ঈথারিস্	...	(১ ড্রা)	ʒi
সিরাপাস্ রিয়াডস্	...	(৩ ড্রা)	ʒiii
কর্পূরের জল	...	(৩½ আং)	℥iiiss

একত্র মিলাইয়া লইবে। মাত্রা, পাঁচ বৎসর বয়স্ক বালকের পক্ষে অর্দ্ধ আউন্স্; ছয় ঘণ্টা অন্তর। টাইফয়িড্ জ্বরে ব্যবস্থেয়।

১০। ℞ ফেরি এট্ এ্যামোনী সাইট্রাস্ (৩০ গ্রে) gr. xxx.
কমলার পাক ... (৪ ড্রা) ʒiv
কমলা পুষ্পের জল ... (৪ ড্রা) ʒiv

একত্র মিলাইয়া লইবে। রিকেট্‌স্ নামক অস্থি রোগে এক ড্রাম্ মাত্রায় দিবসে তিন বার বিধেয়।

১১। ℞ ফিরাম্ টার্টারেটাম্ ... (২ গ্রে) gr. ii
দারুচিন্যাদি চূর্ণ ... (১½ গ্রে) gr. iss
ক্ষীরশর্করা ... (১½ গ্রে) gr. iss

একত্র মর্দ্দন করিয়া চূর্ণ প্রস্তুত করিবে। বলকরণার্থ দিবসে তিন বার প্রয়োজ্য।

১২। ℞ এক্‌ষ্ট্রাক্টাম্ ট্যারাক্‌সেসাই (২ ড্রা) ʒii
সোডী বাইকার্বনাস্ ... (১ ড্রা) ʒi
এক্‌ষ্ট্রাক্টাম্ সার্জ্জী লিকুইডাম্ (৪ ড্রা) ʒiv
কমলার পাক (৪ ড্রা) ʒiv
ডিকক্টাম্ সার্জ্জী কম্পোজিটা (৫ আং) ℥v

একত্র মিশ্রিত করিয়া লইবে। চারি বৎসর বয়স্ক বালকের পক্ষে মাত্রা অর্দ্ধ আউন্স্; দিবসে তিন বার, কিঞ্চিৎ দুগ্ধ অনুপান। টেবিজ্ মেসেণ্টেরিকা রোগে পরিবর্ত্তন এবং বলকরণার্থ ব্যবস্থেয়।

কফনিঃসারক, বমননিবারক ও বমনকারক।

১। ℞ লাইকর্ য়্যামোনী য়্যাসিটেটিস্ (১ ড্রা) ʒi
ভাইনাম্ ইপেকাকুয়ানী ... (১৬ মি) ♏xvi
সিরাপাস্ টোলুটেনাই ... (২ ড্রা) ʒii
যবক্ষার ... (৮ গ্রে) gr. viii
বাদাম মিশ্র ... (১ আং) ℥i

একত্র মিলাইয়া লইবে। মাত্রা এক ড্রাম্; ছয় ঘণ্টা অন্তর বিধেয়। কাশমিশ্র।

২। ℞ লাইকর্ য়্যামোনী য়্যাসিটেটিস্ (১½ আং) ℥iss
ভাইনাম্ য়্যাণ্টিমোনিয়েলী (১ ড্রা) ʒi
ভাইনাম্ ইপেকাকুয়ানী (৩০ মি) ♏xxx
সিরাপাস্ রিয়াডাস্ ... (২½ ড্রা) ʒiiss
কর্পূরের জল ... (৪ আং) ℥iv

একত্র মিলাইয়া লইবে। বাল্যাবস্থায় জ্বর এবং প্রদাহাদি রোগের আরম্ভে শৈত্যকরণ, ঘর্ম্মকরণ এবং অবসাদনার্থ অর্দ্ধ আউন্স মাত্রায় তিন ঘণ্টা অন্তর বিধেয়।

৩। ℞ লাইকর্ য়্যামোনী য়্যাসিটেটিস্ (১ আং) ℥i
স্পিরিটাস্ ঈথারিস্ নাইট্রোসাই (১ ড্রা) ʒi
ভাইনাম্ ইপেকাকুয়ানী ... (১ ড্রা) ʒi

পোস্তের পাক	...	(২ ড্রা) ʒii
জল	...	(১½ আং) ℥iss

একত্র মিলাইয়া লইবে। শৈশবাবস্থায় জ্বর, সর্দি, শ্বাসনালী-প্রদাহাদি রোগে এক ড্রাম্ মাত্রায় তিন ঘণ্টা অন্তর বিধেয়।

৪। ℞ ভাইনাম্ ইপেকাকুয়ানী ... (২ ড্রা) ʒii

পোস্তের পাক	...	(২ ড্রা) ʒii
কতীরার মণ্ড	...	(১ আং) ℥i
জল	...	(৪ ড্রা) ʒiv

একত্র মিলাইয়া লইবে। শৈশবাবস্থায় কাশরোগে এক ড্রাম মাত্রায় তিন ঘণ্টা অন্তর বিধেয়।

৫। ℞ ভাইনাম্ ইপেকাকুয়ানী ... (১০ মি) ♏x

ভাইনাম্ য়্যাণ্টিমোনিয়েলী		(২০ মি) ♏xx
কর্পূরাদি অরিষ্ট	...	(২০ মি) ♏xx
বাদাম মিশ্র	...	(১ আং) ℥i

একত্র মিশ্রিত করিয়া লইবে। মাত্রা এক ড্রাম্; চারি ঘণ্টা অন্তর বিধেয়। কাশমিশ্র।

৬। ℞ ভাইনাম্ ইপেকাকুয়ানী ... (১০ মি) ♏x

অক্‌জিমেল সিলি	...	(৪০ মি) ♏xl

স্পিরিটাস্ ঈথারিস্ নাইট্রোসাই	(২০ মি)	♏xx
কর্পূরাদি অরিষ্ট ...	(২০ মি)	♏xx
মৌরির জল ...	(৬½ ড্রা)	ʒviss

একত্র মিলাইয়া লইবে। মাত্রা, এক ড্রাম্; চারি ঘণ্টা অন্তর বিধেয়। কাশমিশ্র।

৭। ℞ য়্যামোনী কার্বনাস্ ... (১২ গ্রে) gr. xii
টিংচ্যুরা সিনী ... (১৫ মি) ♏xv
সিরাপাস্ টোলুটেনাই ... (২ ড্রা) ʒii
ডিকক্টাম্ সেনেগী ... (২ আং) ℥ii

একত্র মিশ্রিত করিয়া লইবে। মাত্রা, এক দুই ড্রাম্; চারি ঘণ্টা অন্তর বিধেয়। উত্তেজক, কফ-নিঃসারক।

৮। ℞ ভাইনাম্ ইপেকাকুয়ানী ... (৩০ মি) ♏xxx
পরিস্রুত জল ... (৪ আং) ℥iv

একত্র মিলাইয়া লইবে। মাত্রা, এক ড্রাম্; প্রতি ঘণ্টায় প্রয়োগ করিবে, হুপিংকফ্ রোগে বিধেয়।

৯। ℞ ফট্‌কিরি ... (২৪ গ্রে) gr xxiv
এক্‌ষ্ট্রাক্টাম্ কোনিয়াই ... (১২ গ্রে) gr. xii
জলমিশ্র গন্ধক দ্রাবক ... (১২ মি) ♏xii

সিরাপাস্ রিয়াডাস্	...	(৪ ড্রা)	ʒiv.
জল	...	(৩ আং)	℥iii

একত্র মিশ্রিত করিয়া লইবে। মাত্রা দুই ড্রাম্; ছয় ঘণ্টা অন্তর। হুপিংকফ্ রোগে অধিক শ্লেষ্মা নিবারণার্থ বিধেয়।

১০। ℞ য়্যামোনী কার্বনাস্	...	(১২ গ্রে)	gr. xii
ভাইনাম্ ইপেকাকুয়ানী	...	(৩০ মি)	♏xxx
টিংচ্যুরা সেনেগী	...	(২ ড্রা)	ʒii
সিরাপাস্ রিয়াডাস্	...	(২ ড্রা)	ʒii
জল	...	(২½ আং)	℥iiss

একত্র মিলাইয়া লইবে। শৈশবাবস্থায় ক্রুপ রোগের পুরাতন অবস্থায় দুই ড্রাম্ মাত্রায় তিন ঘণ্টা অন্তর বিধেয়। অতি উত্তম উত্তেজক এবং কফ-নিঃসারক।

১১। ℞ ভাইনাম্ ইপেকাকুয়ানী	...	(২ ড্রা)	ʒii
অনন্তমূলের পাক	...	(২ ড্রা)	ʒii
আরবি গঁদের মণ্ড	...	(১ আং)	℥i
জল	...	(১ আং)	℥i

একত্র মিলাইয়া লইবে। বাল্যাবস্থায় ক্রুপ এবং শ্বাসনালী-প্রদাহের উপক্রমে এক ড্রাম মাত্রায় দুই ঘণ্টা অন্তর বিধেয়।

১২।। ℞ পাল্ভিস্ সেনেগী	...	(৩০ গ্রে)	gr. xxx
সোডী কার্বনাস্ এক্সিকেটা		(৬ গ্রে)	gr. vi
পাল্ভিস্ সিলী	...	(১ গ্রে)	gr. i
ক্ষীরশর্করা	...	(১২ গ্রে)	gr. xii

একত্র মিশ্রিত করিয়া ছয় পুরিয়া প্রস্তুত করিবে। বাল্যাবস্থায় হুপিংকফ এবং শ্বাসনালী-প্রদাহের পুরিপ্রক্ত অবস্থায় এক পুরিয়া চারি ঘণ্টা অন্তর বিধেয়।

১৩। ℞ পাল্ভিস্ ইপেকাকুয়ানী...		(২ গ্রে)	gr. ii
সোডী কার্বনাস্ এক্সিকেটা		(৮ গ্রে)	gr. viii
যষ্টিমধু চূর্ণ	...	(১৬ গ্রে)	gr. xvi
শুণ্ঠী চূর্ণ	...	(২ গ্রে)	gr. ii

একত্র মিলাইয়া আট পুরিয়া প্রস্তুত করিবে। সর্দ্দি এবং কাশ আদি রোগে এক পুরিয়া তিন ঘণ্টা অন্তর বিধেয়।

১৪। ℞ ভাইনাম্ ইপেকাকুয়ানী ...		(৪ ড্রা)	ʒiv
শর্করার পাক	...	(৪ ড্রা)	ʒiv

একত্র মিলাইয়া লইবে। শৈশবাবস্থায় বমন করণার্থ এক দুই ড্রাম্ মাত্রায় অর্দ্ধ ঘণ্টা অন্তর বিধান করিবে, যে পর্য্যন্ত না বমন হয়।

১৫। ℞ জিন্সাই সাল্ফাস্	...	(২০ গ্রে)	gr. xx
ভাইনাম্ ইপেকাকুয়ানী	...	(২ ড্রা)	ʒii
শর্করার পাক	...	(২ ড্রা)	ʒii
জল	...	(১½ আং)	℥iss

একত্র মিলাইয়া লইবে। ক্রুপাদি রোগে বমনকরণার্থ দুই ড্রাম্ মাত্রায় দশ মিনিট্ অন্তর বিধেয়।

১৬। ℞ দারুচিনির জল	...	(২ আং)	℥ii
কমলা পুষ্পের জল	...	(১ আং)	℥i
শর্করা	...	(৪০ গ্রে)	gr. xl

একত্র মিশ্রিত করিয়া লইবে। শৈশবাবস্থায় বমন-নিবারণার্থ এক ড্রাম্ মাত্রায় প্রতি ঘণ্টায় বিধেয়।

অবসাদক।

১। ℞ পাল্ভিস্ ইপেকাকুয়ানী কম্পোজিটা		(½ গ্রে)	gr. ss
এক্‌ট্রাক্টাম্ কোনিয়াই চূর্ণ	...	(১ গ্রে)	gr. i
দারুচিনি চূর্ণ	...	(২ গ্রে)	gr. ii
শর্করা	...	(৪ গ্রে)	gr. iv

একত্র মিলাইয়া লইবে। কাশের উগ্রতানিবারণার্থ শয়নকালে বিধেয়।

২। ℞ য়্যাসিডাম্ হাইড্রোসিয়্যানিকাম্ ডাইলিউটাম্

		(৪ মি)	♏iv
শর্করার পাক	...	(১ ড্রা)	ʒi
পরিস্রুত জল	...	(৭ ড্রা)	ʒvii

একত্র মিলাইয়া লইবে। মাত্রা, এক বৎসর বয়স্ক বালকের পক্ষে এক ড্রাম্; ছয় ঘণ্টা অন্তর। হুপিংকফ রোগের দ্বিতীয় অবস্থায় বিধেয়।

৩। ℞ য়্যাসিডাম্ হাইড্রোসিয়্যানিকাম্ ডাইলিউটাম্ (৪ মি) ♏iv

বাদাম মিশ্র	...	(১আং)	℥i

একত্র মিশ্রিত করিয়া লইবে। মাত্রা এক বৎসর বয়স্ক বালকের নিমিত্ত এক ড্রাম্; ছয় ঘণ্টা অন্তর। হুপিংকফের দ্বিতীয় অবস্থায় বিধেয়।

ঘর্ম্মকারক।

১। ℞ যবক্ষার ... (১২ গ্রে) gr. xii

ম্যাগ্নিসী সাল্ফাস্		(১ ড্রা)	ʒi
জম্বীর পাক	...	(৩ ড্রা)	ʒiii
পরিস্রুত জল	...	(৯ ড্রা)	ʒix

একত্র মিলাইয়া লইবে। লাবণিক বিরেচক এবং শৈত্যমিশ্র। এক বৎসর বয়স্ক বালকের পক্ষে মাত্রা

এক দুই ড্রাম্, দিবসে তিন চারি বার। জ্বরাদি রোগে বিধেয়।

২। ℞ পোটাসী বাই কার্বনাস্	...	(২০ গ্রে)	gr. xx
জম্বীরাম্ল	...	(২০ গ্রে)	gr. xx
ভাইনাম্ ইপেকাকুয়ানী	...	(১২ গ্রে)	gr. xii
টিংচ্যুরা হাইয়োসায়েমাই	...	(১৮ মি)	♏xviii
তুঁত্ফলের পাক	...	(৩ ড্রা)	ʒiii
পরিস্রুত জল	...	(৯ ড্রা)	ʒix

একত্র মিলাইয়া লইবে। মাত্রা এক বৎসর বয়স্ক বালকের পক্ষে এক দুই ড্রাম্; ছয় ঘণ্টা অন্তর বিধেয়। শ্বাসনালী-প্রদাহাদিতে ব্যবস্থেয়।

অম্লনাশক।

১। ℞ ম্যাগ্নিসী কার্বনাস্	...	(২০ গ্রে)	gr. xx
এলাদি অরিষ্ট	...	(২ ড্রা)	ʒii
শর্করার পাক	...	(২ ড্রা)	ʒii
য়্যাকোয়া এনিথাই	...	(৪ ড্রা)	ʒiv

একত্র মিশ্রিত করিয়া লইবে। মাত্রা, এক ড্রাম্; দুই ঘণ্টা অন্তর প্রয়োজ্য। শৈশবাবস্থায় আধ্মান-শূল রোগে ব্যবস্থেয়।

২। ℞ হাইড্রার্জাইরাম্ কাম্ ক্রিটা		(২ গ্রে)	gr. ii
সোডী বাইকার্বনাস্	...	(২ গ্রে)	gr. ii
ম্যাগনিসী কার্বনাস্	...	(৪ গ্রে)	gr. iv

একত্র মিলাইয়া দুই পুরিয়া প্রস্তুত করিবে। সমুৎসর্গের অম্লাধিক্যে রাত্রে এক পুরিয়া বিধেয়।

নিদ্রাকারক ও বেদনানিবারক।

১। ℞ পাল্ভিস্ ইপেকাকুয়ানী কম্পোজিটাম্		(১ গ্রে)	gr. i
ক্ষীর শর্করা	...	(২ ড্রা)	ʒii

একত্র মিলাইয়া চারি পুরিয়া প্রস্তুত করিবে। শয়নকালে এক পুরিয়া দুগ্ধ সহযোগে ব্যবস্থা করিবে। নিদ্রাকরণ এবং স্থৈর্য্য সম্পাদনার্থ এক দুই মাসের শিশুকে প্রয়োগ করা যাইতে পারে।

২। ℞ অহিফেন	...	(১ মি)	♏i
ক্ষীর শর্করা	...	(২ ড্রা)	ʒii
কতীরার মণ্ড	...	(৪ ড্রা)	ʒiv
য়্যাকোয়া এনিথাই	...	(৪ ড্রা)	ʒiv

একত্র মিলাইয়া লইবে। শৈশবাবস্থায় বেদনানিবারণার্থ এক ড্রাম্ মাত্রায় দিবসে দুই তিন বার বিধেয়।

পরিবর্ত্তক।

১। ℞ লাইকর্ পোটাসী	...	(২ ড্রা)	ʒii
এক্ষ্ট্রাক্টাম্ সার্জ্জী লিকুইডাম্		(৩ ড্রা)	ʒiii
কমলার পাক	...	(৪ ড্রা)	ʒiv
স্পিরিটাস্ এনিসাই	...	(১ ড্রা)	ʒi
জল	...	(৮ আং)	℥viii

একত্র মিলাইয়া লইবে। শৈশবাবস্থায় হার্পিজ্-রোগ হইলে স্তন্যদায়িনীকে এক আউন্স্ মাত্রায় দিবসে তিন বার ব্যবস্থা করিবে।

২। ℞ পোটাসিয়াই আইয়োডাইডাম্		(১২ গ্রে)	gr. xii
যবক্ষার	...	(৩০ গ্রে)	gr. xxx
স্পিরিটাস্ ঈথারিস্ নাইট্রোসাই		(১ ড্রা)	ʒi
সাক্কাস্ ট্যারাক্সেসাই	...	(৩ ড্রা)	ʒiii
টিংচ্যুরা সিলী	...	(৩০ মি)	♏xxx
কমলার পাক	...	(৪ আং)	℥iv
জল	...	(৩½ আং)	℥iiiss

একত্র মিলাইয়া লইবে। মাত্রা, ছয় বৎসর বয়স্ক বালকের পক্ষে অর্দ্ধ আউন্স্; চারি ঘণ্টা অন্তর। মূত্রকারক, পরিবর্ত্তক ও শোষক। ফুস্‌ফুসাবরণ প্রদাহের পরিণতাবস্থায় ব্যবস্থেয়।

৩। ℞ পোটাসিয়াই আইয়োডাইডাম্ (১৫ গ্রে) gr. xv
হিঙ্গুর অরিষ্ট ... (১½ ড্রা) ʒiss
টিংচ্যুরা সেনেগী ... (৩ ড্রা) ʒiii
তুঁতের পাক ... (২½ আং) ℥iiss

একত্র মিলাইয়া লইবে। শৈশবাবস্থায় ক্রুপ ও ফুস্‌ফুস্-প্রদাহাদি রোগে এক ড্রাম্ মাত্রায় তিন ঘণ্টা অন্তর বিধেয়।

৪। ℞ পোটাসিয়াই আইয়োডাইডাম্ (৩—৬ গ্রে) gr. iii—vi
ফেরি এট্ য়্যামোনী সাইট্রাস্ (২০ গ্রে) gr. xx
পোস্তের পাক ... (৩ ড্রা) ʒiii
ইন্‌ফিউজাম্ কোয়াসী ... (৬ আং) ℥vi

একত্র মিলাইয়া লইবে। বাল্যাবস্থায় টেবিজ্ মেসেণ্টেরিকা ও স্ক্রফিউলা রোগে অর্দ্ধ আউন্স্ মাত্রায় দিবসে তিন বার বিধেয়।

বিরেচক।

১। ℞ পোটাসী সাল্‌ফাস্ ... (১২ গ্রে) gr. xii
রেউচিনির ফাণ্ট্ ... (৫½ ড্রা) ʒvss
কমলার অরিষ্ট ... (½ ড্রা) ʒss
য়্যাকোয়া কারুই ... (২ ড্রা) ʒii

একত্র মিশ্রিত করিয়া লইবে। মাত্রা, এক বৎসর বয়স্ক বালকের নিমিত্ত বিরেচনার্থ এক ড্রাম্। প্রতি বৎসর বয়সে এক ড্রাম্ মাত্রা বৃদ্ধি করিবে।

২। ℞	ম্যাগ্নিসী সাল্ফাস্	...	(২ ড্রা)	ʒii
	কমলার পাক	...	(২ ড্রা)	ʒii
	ক্যাকোয়া কারুই	...	(৬ ড্রা)	ʒvi

একত্র মিশ্রিত করিয়া এক হইতে দুই ড্রাম্ মাত্রায় প্রতি ঘণ্টায় প্রয়োগ করিবে যে পর্য্যন্ত না ভেদ হয়।

৩। ℞	মুসব্বরাদি কাথ	...	(৬ ড্রা)	ʒvi
	যষ্টিমধুর সার	...	(২০ গ্রে)	gr. xx
	মৌরির জল	...	(২ ড্রা)	ʒii

একত্র মিলাইয়া লইবে। মাত্রা, দুই ড্রাম্।

৪। ℞	এরণ্ড তৈল	...	(১ ড্রা)	ʒi
	আরবি গঁদ চূর্ণ	...	(৩০ গ্রে)	gr. xxx
	শর্করা	...	(৩০ গ্রে)	gr. xxx
	অহিফেনারিষ্ট	...	(৪ মি)	♏iv
	কমলা পুষ্পের জল	...	(৭ ড্রা)	ʒvii

একত্র মিশ্রিত করিয়া লইবে। মাত্রা, এক বৎসর

বয়স্ক বালকের পক্ষে এক ড্রাম্; চারি ঘণ্টা অন্তর। উদরাময় এবং অতিসার রোগে বিধেয়।

৫। ℞ একষ্ট্রাক্টাম্ ফিলিসিস্ লিকুইডাম্ (১ ড্রা) ℨi
আরবি গঁদ চূর্ণ ... (৪০ গ্রে) gr xl
স্পিরিটাস্ মাইরিষ্টিসী ... (৫ মি) ♏v
সিরাপাস্ টোলুটেনাই ... (৪ ড্রা) ℨiv
দারুচিনির জল ... (৪ ড্রা) ℨiv

একত্র মিলাইয়া লইবে। দশ বৎসর বয়স্ক বালককে সমানাংশ দুগ্ধের সহিত ব্যবস্থা করিবে। ফিতার ন্যায় কৃমিরোগে ব্যবস্থেয়।

৬। ℞ ম্যাগ্নিসী সাল্ফাস্ ... (২ ড্রা) ℨii
সীরথস্ত ... (২ ড্রা) ℨii
বাদাম মিশ্র ... (৪ আং) ℥iv

একত্র মিলাইয়া লইবে। শৈশবাবস্থার বিরেচক মিশ্র। এক হইতে দুই বৎসর বয়স্ক শিশুর নিমিত্ত এক ড্রাম্ মাত্রায় ব্যবস্থেয়।

৭। ℞ ম্যাগ্নিসী সাল্ফাস্ ... (১ ড্রা) ℨi
রেউচিনির অরিষ্ট ... (২ ড্রা) ℨii
য়্যাকোয়া এনিথাই ... (৬ ড্রা) ℨvi

একত্র মিশ্রিত করিয়া শৈশবাবস্থার সামান্য উদরাময় রোগে এক ড্রাম্ মাত্রায় ছয় ঘণ্টা অন্তর বিধেয়।

৮। ℞	ম্যাগ্‌নিসী কার্বনাস্	...	(১ ড্রা)	ℨi
	রেউচিনি চূর্ণ	...	(১৫ গ্রে)	gr. xv
	য়্যাকোয়া এনিথাই	...	(১½ আং)	℥iss

একত্র মিলাইয়া শৈশবাবস্থায় এক ড্রাম্ মাত্রায় ছয় ঘণ্টা অন্তর বিধান করিবে যে পর্য্যন্ত না ভেদ হয়।

৯। ℞	ম্যাগ্‌নিসিয়া	...	(৪০ গ্রে)	gr. xl
	রেউচিনি চূর্ণ	...	(২০ গ্রে)	gr. xx
	দারুচিনি চূর্ণ	...	(১০ গ্রে)	gr. x

একত্র মিলাইয়া লইবে। শৈশবাবস্থায় বয়স বিবেচনা করিয়া তিন হইতে দশ গ্রেণ্ মাত্রায় ব্যবস্থা করিবে।

১০। ℞	রেউচিনি চূর্ণ	...	(৫ গ্রে)	gr. v
	পোটাসী টার্ট্রাস্ য়্যাসিডা		(২০ গ্রে)	gr. xx
	দারুচিন্যাদি চূর্ণ	...	(২ গ্রে)	gr. ii
	শর্করা	...	(২০ গ্রে)	gr. xx

একত্র মিলাইয়া লইবে। বাল্যাবস্থায় মৃদু বিরেচনার্থ বিধেয়।

১১। ℞ ক্যালোমেলাস্ ... (১ গ্রে) gr. i
পাল্‌ভিস্ স্ক্যামোনিয়াই কম্পোজিটাস্
(৫ গ্রে) gr. v
দারুচিন্যাদি চূর্ণ ... (৫ গ্রে) gr. v

একত্র মিলাইয়া লইবে। শিরোরোগে বালকদিগের পক্ষে উপযোগী।

১২। ℞ ক্যালোমেল্ ... (১০ গ্রে) gr. x
পাল্‌ভিস্ স্ক্যামোনিয়াই .. (২০ গ্রে) gr. xx
„ জ্যালাপী ... (২০ গ্রে) gr. xx
শর্করা ... (৪০ গ্রে) gr. xl

একত্র মিলাইয়া দশ পুরিয়া প্রস্তুত করিবে। বাল্যাবস্থায় বিরেচনার্থ এক পুরিয়া বিধেয়।

১৩। ℞ পাল্‌ভিস্ জ্যালাপী ... (৩০ গ্রে) gr. xxx
„ ইপেকাকুয়ানী ... (৫ গ্রে) gr. v
ক্যালোমেল্ ... (৫ গ্রে) gr. v
শর্করা ... (১০ গ্রে) gr. x

একত্র মিলাইয়া লইবে। শৈশবাবস্থায় বিরেচনার্থ দুই হইতে পাঁচ গ্রেণ্ মাত্রায় তিন ঘণ্টা অন্তর বিধান করিবে যে পর্য্যন্ত না বিরেচন হয়।

মাত্রাবলী।

ঔষধদ্রব্যের নাম।		মাত্রা।
য়্যাসিটাম্ (সির্কা) ...	(১—২ ড্রা)	ʒi—ii
য়্যাসিটাম্ সিলী ...	(১৫—৪০ মি)	♏xv—xl
য়্যাসিডাম্ য়্যাসিটিকাম্ ডাইলিউটাম্ (জলমিশ্র সির্কাম্ল)	(১—২ ড্রা)	ʒi—ii
আর্সেনিয়োসাম্ (শঙ্খবিষ, সিমুলক্ষার)	($\frac{১}{৬০}$—$\frac{১}{১২}$ গ্রে)	gr. $\frac{1}{60}$—$\frac{1}{12}$
„ বেন্‌জোইকাম্ (লোবানাম্ল)	(৫—১৫ গ্রে)	gr. v—xv
„ বোরিকাম্ ...	(৫—১০ গ্রে)	gr. v—x
„ কার্বলিকাম্ ...	(১—৩ গ্রে)	gr. i—iii
„ সাইট্রিকাম্ (জম্বীরাম্ল)	(১০—৩০ গ্রে)	gr. x—xxx
„ গ্যালিকাম্ ...	(৩—১০ গ্রে)	gr. iii—x
„ হাইড্রোক্লোরিকাম্ ডাইলিউটাম্ (জলমিশ্র লবণ দ্রাবক)	(১০—৩০মি)	♏x—xxx
„ হাইড্রোসিয়্যানিকাম্ ডাইলিউটাম্	(২—৮মি)	♏ii—viii
„ নাইট্রিকাম্ ডাইলিউটাম্ (জলমিশ্র যবক্ষার দ্রাবক)	(১০—৩০ মি)	♏x—xxx
„ নাইট্রোহাইড্রোক্লোরিকাম্ ডাইলিউটাম্	(৫—২০ মি)	♏v—xx
„ অক্‌জ্যালিকাম্ ...	(½—২ গ্রে)	gr. ss—ii

ঔষধদ্রব্যের নাম।		মাত্রা।
য়্যাসিডাম্ ফস্ফরিকাম্ কন্‌সেণ্ট্রেটাম্	(২—৫ মি)	♏ii—v
ফস্ফরিকাম্ ডাইলিউটাম্	(১০—৩০ মি)	♏x—xxx
সাল্‌ফিউরিকাম্ ডাইলিউটাম্ (জলমিশ্র গন্ধক দ্রাবক)	(৫—৩০মি)	♏v—xxx
,, সাল্‌ফিউরিকাম্ য়্যারোম্যাটিকাম্ (সুগন্ধ গন্ধক দ্রাবক)	(৫—৩০মি)	♏v—xxx
,, সাল্‌ফিউরোসাম্ ...	(½—১ ড্রা)	ʒss—i
,, ট্যানিকাম্ ...	(২—১০ গ্রে)	gr. ii—x
,, টার্টারিকাম্ (দ্রাক্ষাম্ল)	(১০—৩০গ্রে)	gr. x—xxx
ঈথার্	(২০—৪০মি)	♏xx—xl
,, য়্যাসিটিকাস্ ...	(২০—৬০মি)	♏xx—lx
য়্যালো বার্বেডেন্‌সিস্ (বার্বেডোজ্ মুসব্বর)	(২—৪ গ্রে)	gr. ii—iv
,, সকট্রাইনা (সকট্রা মুসব্বর)	(২—৬ গ্রে)	gr. ii—vi
য়্যালোইন্	(½—২ গ্রে)	gr. ss—ii
য়্যালুমেন্ (ফট্‌কিরি) ...	(১০—২০ গ্রে)	gr. x—xx
য়্যামোনায়েকাম্ ...	(১০—২০ গ্রে)	gr x—xx
য়্যামোনিয়াই বেঞ্জোয়াস্ ...	(১০—২০ গ্রে)	gr. x—xx
,, ব্রোমাইডাম্ ...	(৫—২০ গ্রে)	gr. v—xx
,, কার্বনাস্ ...	(৩—১০ গ্রে)	gr. iii—x
,, ক্লোরাইডাম্ ...	(২—১০ গ্রে)	gr. ii—x
,, ফস্ফাস্ ...	(৫—২০ গ্রে)	gr. v—xx

ঔষধদ্রব্যের নাম।		মাত্রা।
য়্যাণ্টিমোনিয়াই অক্‌সাইডাম্ ...	(১—৩ গ্রে)	gr. i—iii
য়্যাণ্টিমোনিয়াম্ সাল্‌ফিউরেটাম্	(১—৫ গ্রে)	gr. i—v
" টার্টারেটাম্ — বমনকারক	(১—২ গ্রে)	gr. i—ii
" টার্টারেটাম্ — ঘর্ম্মকারক	(১/১৬—১/৮ গ্রে)	gr. 1/16—1/8
য়্যাণ্টিফেব্রিন্	(৩—১০ গ্রে)	gr. iii—x
য়্যাণ্টিপাইরিন্	(৩—২০ গ্রে)	gr. iii—xx
য়্যাকোয়া এনিথাই ...	(৪ড্রা—১ আং)	ʒiv—℥i
" এনিসাই ...	(৪ড্রা—১ আং)	ʒiv—℥i
" ক্যাম্ফোরী (কর্পূরের জল)	(১—২ আং)	℥i—ii
" কারুই (বিলাতি জিরার জল)	(১—২ আং)	℥i—ii
" সিনেমোমাই (দারুচিনির জল)	(১—২ আং)	℥i—ii
" ফ্লোরিস্ অর‍্যান্‌শিয়াই (কমলাপুষ্পের জল)	(৪ ড্রা—১ আং)	ʒiv—℥i
" ফেনিকিউলাই ...	(১—২ আং)	℥i—ii
" লরোসিরেসাই ...	(২০—৬০ মি)	♏xx—lx
" মেন্থী পিপারিটী ...	(১—২ আং)	℥i—ii
" মেন্থী ভিরিডিস্ ...	(১—২ আং)	℥i—ii
" পাইমেণ্টী ...	(১—২ আং)	℥i—ii
" রোজী (গোলাব জল)	(১—২ আং)	℥i—ii
" স্যাম্বিউসাই ...	(১—২ আং)	℥i—ii
আর্জেণ্টাই নাইট্রাস্ ...	(১/৬—১/২ গ্রে)	gr. 1/6—1/2

ঔষধদ্রব্যের নাম।		মাত্রা।
আর্জেণ্টাই অক্সাইডাম্	...	(½—২ গ্রে) gr. ss—ii
আর্সেনিসাই আইয়োডাইডাম্	...	($\frac{1}{16}$—$\frac{1}{8}$ গ্রে) gr. $\frac{1}{16}$—$\frac{1}{8}$
য়্যাসাফীটিডা (হিঙ্গু)	...	(৫—২০ গ্রে) gr. v—xx
বাল্‌সেমাম্ পিরুভিয়ানাম্	...	(১০—১৫ মি) ♏x—xv
„ টোল্যুটেনাম্	...	(১০—১৫ গ্রে) gr. x—xv
বেরিয়াই ক্লোরাইডম্	...	(½—২ গ্রে) gr. ss—ii
বেরিয়াই সাল্‌ফাস্	...	(১—২০ গ্রে) gr. i—xx
বেবীরিনী সাল্‌ফাস্	বলকারক	(১—৩ গ্রে) gr. i—iii
	পর্য্যায়নিবারক	(৫—১০ গ্রে) gr. v—x
বেঞ্জোয়িনাম্ ...	...	(১০—৩০ গ্রে) gr. x—xxx
বিস্‌মাথাই কার্বনাস্	...	(৫—২০ গ্রে) gr. v—xx
„ সাইট্রাস্	...	(২—৫ গ্রে) gr. ii—v
„ এট্ য়্যামোনিয়াই সাইট্রাস্		(২—৫ গ্রে) gr. ii—v
„ অক্সাইডাম্	...	(৫—১৫ গ্রে) gr. v—xv
„ সাব্‌নাইট্রাস্	...	(৫—২০ গ্রে) gr. v—xx
„ ট্যানাস্	...	(২০—৪০ গ্রে) gr. xx—xl
„ ভেলিরিয়েনাস্	...	(½—২ গ্রে) gr. ss—ii
বোর‍্যাক্স (সোহাগা)	...	(৫—৩০ গ্রে) gr. v—xxx
বুকু ফোলিয়া ...	...	(২০—৪০ গ্রে) gr. xx—xl
বিউটিল্ ক্লোর‍্যাল্ হাইড্রাস্	...	(৫—১৫ গ্রে) gr. v—xv
কেফীনা ...	...	(১—৫ গ্রে) gr. i—v
কেফীনী সাইট্রাস্	...	(২—১০ গ্রে) gr. ii—x

ঔষধদ্রব্যের নাম।		মাত্রা।
ক্যালেবার্‌বীন্	...	(১—৪ গ্রে) gr. i—iv
ক্যাল্‌সিয়াই কার্বনাস্ প্রীসিপিটেটা		(১০গ্রে—১ড্রা) gr. x—ʒi
„ ক্লোরাইডাম্	...	(৩—১০ গ্রে) gr. iii—x
„ হাইপোফস্ফিস্	...	(৫—১০ গ্রে) gr. v—x
„ ফস্ফাস্	...	(১০—৪০ গ্রে) gr. x—xl
ক্যালোমেলাস্ } পরিবর্ত্তক	...	(½—১ গ্রে) gr. ss—i
ক্যালোমেলাস্ } বিরেচক	...	(২—৮ গ্রে) gr. ii—viii
ক্যালাম্বী রেডিক্স্ (চূর্ণ)	...	(৫—২০ গ্রে) gr. v—xx
ক্যাম্বোজিয়া	...	(১—৫ গ্রে) gr. i—v
ক্যাম্ফোরা (কর্পূর)	...	(১—১০ গ্রে) gr. i—x
ক্যাপ্‌সিসাই ফ্রাক্টাস্ (লঙ্কামরিচ)		(½—১ গ্রে) gr. ss—i
কার্বো য়্যানিমেলিস্ (জান্তব অঙ্গার)		(২০গ্রে—১ড্রা) gr. xx—ʒi
„ লিগ্‌নাই (কাষ্ঠাঙ্গার)	...	(২০গ্রে—১ড্রা) gr. xx—ʒi
কার্ডেমোমাই সেমিনা	...	(৫—২০ গ্রে) gr. v—xx
ক্যারিয়োফাইলাম্	...	(৫—১০ গ্রে) gr. v—x
ক্যাস্কারিলী কর্টেক্স্	...	(১০—৩০গ্রে) gr. x—xxx
ক্যাসিয়া পাল্‌পা } মৃদু বিরেচক		(৬০—১২০ গ্রে) gr. lx—cxx
ক্যাসিয়া পাল্‌পা } বিরেচক		(১—২ আং) ℥i—ii
ক্যাষ্টোরিয়াম্	...	(৫—১০ গ্রে) gr. v—x
ক্যাটিকিউ নাইগ্রাম্ (কৃষ্ণ খদির)		(১০—৩০গ্রে) gr. x—xxx
„ প্যালিডাম্ (পাণ্ডু খদির)		(১০—৩০গ্রে) gr. x—xxx
সেরেভাইসী ফার্মেণ্টাম্	...	(½—১ আং) ℥ss—i

ঔষধদ্রব্যের নাম।	মাত্রা।	
সিরিয়াই অক্‌জ্যালাস্ ...	(১—২ গ্রে)	gr. i—ii
সিটেসিয়াম্ ...	(২০—৬০ গ্রে)	gr. xx—lx
ক্লোর‍্যাল্ হাইড্রাস্ ...	(৫—৩০ গ্রে)	gr. v—xxx
ক্লোরোডাইন্	(৫—২০ মি)	♏v—xx
ক্লোরোফর্ম্	(২—১০ মি)	♏ii—x
সিঙ্কোনী ফ্লেভী কর্টেক্স্ (চূর্ণ)	(৫—৩০ গ্রে)	gr. v—xxx
„ প্যালিডী কর্টেক্স্ (চূর্ণ)	(৫—৩০ গ্রে)	gr. v—xxx
„ রুব্রী রুর্টেক্স্ (চূর্ণ) ...	(৫—৩০ গ্রে)	gr. v—xxx
সিঙ্কোনিয়া	(২—১০ গ্রে)	gr. ii—x
সিনেমোমাই কর্টেক্স্ (দারুচিনি) (চূর্ণ) ...	(৫—১৫ গ্রে)	gr. v—xv
কল্‌চিসাই কর্মাস্ ...	(২—৮ গ্রে)	gr. ii—viii
কলোসিন্থিডিস্ পাল্পা (ইন্দ্রবারুণী)	(২—৮ গ্রে)	gr. ii—viii
কন্‌ফেক্‌শিয়ো ওপিয়াই ...	(৫—২০ গ্রে)	gr. v—xx
„ পিপারিস্ (গোলমরিচ খণ্ড)	(২০ গ্রে—২ ড্রা)	gr. xx—ʒii
„ রোজী কেনাইনী ...	(১ ড্রা)	ʒi
„ রোজী গ্যালিসী ...	(½—১ ড্রা)	ʒss—i
„ স্ক্যামোনিয়াই ...	(১০—৩০ গ্রে)	gr. x—xxx
„ সেনী (সোণামুখীর খণ্ড)	(১—২ ড্রা)	ʒi—ii
„ সাল্‌ফিউরিস্ (গন্ধকের খণ্ড)	(১—২ ড্রা)	ʒi—ii
„ টেরেবিন্থিনী (টার্পিন্ খণ্ড)	(১—৪ ড্রা)	ʒi—iv

ঔষধদ্রব্যের নাম।		মাত্রা।
কোনিয়াই ফোলিয়া	...	(২—৮ গ্রে) gr. ii—viii
কোপেবা ...	...	(২০ মি—১ড্রা) ♏xx—ʒi
কোরিয়েণ্ড্রাই ফ্রাক্টাস্	...	(২০—৬০ গ্রে) gr. xx—lx
ক্রিয়েজোটাম্ ...	...	(১—৩ মি) ♏i—iii
ক্রিটা প্রীপ্যারেটা (শোধিত খটিকা)		(১০ গ্রে—১ ড্রা) gr. x—ʒi
কিউবেবা (কাবাবচিনি)	...	(১—২ ড্রা) ʒi—ii
কুপ্রাই সাল্ফাস্	বলকারক বা সঙ্কোচক	(¼—২ গ্রে) gr. ¼—ii
(তুঁতিয়া)	বমনকারক	(১০ গ্রে) gr. x
কুসো ...	...	(২—৪ ড্রা) ʒii—iv
ডিকক্টাম্ য়্যালোজ্ কম্পোজিটাম্		(৪ ড্রা—২ আং) ʒiv—℥ii
„ সিট্রেরায়ী	...	(১—৪ আং) ℥i—iv
„ চিমাফাইলী	...	(১—২ আং) ℥i—ii
„ সিঙ্কোনি ফ্লেভী	...	(১—২ আং) ℥i—ii
„ সাইডোনিয়াই (বিহিদানার ক্বাথ)		(১—৪ আং) ℥i—iv
„ গ্র্যানেটাই রেডিসিস্ (দাড়িম্ব-মূলের ক্বাথ)		(১—২ আং) ℥i—ii
„ হীমেটক্সিলাই	...	(১—২ আং) ℥i—ii
„ হর্ডিয়াই (যবের মণ্ড)		(১—২ আং) ℥i—ii
„ মার্গোসী (নিম্ব-বল্কলের ক্বাথ)		(১—২আং) ℥i—ii
„ প্যারেরী	...	(১—২ আং) ℥i—ii
„ কোয়ার্কাস্	...	(১—২ আং) ℥i—ii
„ সার্জী	...	(১০—২০ আং) ℥x—xx

ঔষধদ্রব্যের নাম।	মাত্রা।	
ডিকক্টাম্ সার্জ্জী কম্পোজিটাম্ ...	(১০—২০ আং)	℥x—xx
„ স্কোপেরিয়াই ...	(২—৪ আং)	℥ii—iv
„ ট্যারাক্সেসাই ...	(২—৪ আং)	℥ii—iv
„ টর্মেণ্টিলী ...	(১—২ আং)	℥i—ii
„ আল্মাই ...	(১—৪ আং)	℥i—iv
ডিজিটেলাইনাম্ ...	(১/৬০—১/৩০ গ্রে)	gr. 1/60—1/30
ডিজিটেলিস্ ফোলিয়া ...	(১/২—১১/২ গ্রে)	gr. ss—iss
ইলেটিরিয়াম্ ...	(১/১৬—১/২ গ্রে)	gr. 1/16—1/2
আর্গট্ (চূর্ণ) ...	(২০—৩০ গ্রে)	gr. xx—xxx
এসেন্‌শিয়া এনিসাই ...	(১০—২০ মি)	♏x—xx
„ মেন্থী পিপারিটী ...	(৫—২০ মি)	♏v—xx
এক্‌ষ্ট্রাক্টাম্ য়্যাকোনিটাই ...	(১—২ গ্রে)	gr. i—ii
„ য়্যালোজ্ বার্বেডেন্‌সিস্	(১—৩ গ্রে)	gr. i—iii
„ „ সকট্রাইনী	(১১/২—৩ গ্রে)	gr. 1½—iii
„ য়্যান্থেমিডিস্ (বাবুনার সার)	(২—১০ গ্রে)	gr. ii—x
„ বেলী লিকুইডাম্ (বিল্বের তরল সার)	(১—২ ড্রা)	ʒi—ii
„ বেলাডোনী ...	(১/৪—১/২ গ্রে)	gr. ¼—½
„ য়্যাল্‌কোহলিকাম্	(১/১৬—১/৪ গ্রে)	gr. 1/16—¼
„ ক্যালাম্বী ...	(২—১০ গ্রে)	gr. ii—x
„ ক্যানেবিস্ ইণ্ডিসী (গাঁজার সার)	(১/৪—১গ্রে)	gr. ¼—i
„ ক্যাস্কারী স্যাগ্রেডী, ...	(২—৮ গ্রে)	gr. ii—viii
„ লিকুইডাম্	(১/২—২ ড্রা)	ʒss—ii

ঔষধদ্রব্যের নাম।		মাত্রা।
এক্‌ষ্ট্রাক্টাম্ সিঙ্কোনী ফ্লেভী লিকুইডাম্	(৫—৩০ মি)	♏v—xxx
,, কল্‌চিসাই ...	(½—২ গ্রে)	gr. ss—ii
,, ,, য়্যাসেটিকাম্	(½—২ গ্রে)	gr. ss—ii
,, কলোসিন্থিডিস্ কম্পোজিটাম্ (ইন্দ্রবারুণ্যাদি সার)	(৩—১০গ্রে)	gr. iii—x
,, কোনিয়াই ...	(২—৬ গ্রে)	gr. ii—vi
,, আর্গটী লিকুইডাম্	(১০—৬০মি)	♏x—lx
,, ফিলিসিস্ লিকুইডাম্	(১০—৩০মি)	♏x—xxx
,, ফ্রাঙ্গিউলী লিকুইডাম্	(১—৪ ড্রা)	ʒi—iv
,, জেল্‌সিমিয়াই য়্যাল্‌কোহলিকাম্	(½—২ গ্রে)	gr. ss—ii
,, জেন্‌শিয়েনী ...	(২—১০ গ্রে)	gr. ii—x
,, গ্লাইসিরাইজী ...	(৫—৬০ গ্রে)	gr. v—lx
,, ,, লিকুইডাম্	(২০—৬০ মি)	♏xx—lx
,, হীমেটক্‌সিলাই ...	(১০—৩০ গ্রে)	gr. x—xxx
,, হাইয়োসায়েমাই ...	(৫—১০ গ্রে)	gr. v—x
,, জেবরাণ্ডি ...	(২—১০ গ্রে)	gr. ii—x
,, জ্যালাপী ...	(৫—১৫ গ্রে)	gr. v—xv
,, কালাডানী (কালাদানার সার ...	(৫—১০ গ্রে)	gr. v—x
,, ক্রামিরিয়ী ...	(৫—২০ গ্রে)	gr. v—xx
,, ল্যাক্‌টিউসী ...	(৫—১৫ গ্রে)	gr. v—xv
,, লাপ্যুলাই ...	(৫—১৫ গ্রে)	gr. v—xv

ঔষধদ্রব্যের নাম। মাত্রা।

এক্‌ষ্ট্রাক্টাম্ নিউসিস্ ভমিসী (কুঁচি-
লার সার ... (১/৪—১ গ্রে) gr. $\frac{1}{4}$—i

" ওপিয়াই (অহিফেনের
সার) ... (১/২—২ গ্রে) gr. ss—ii

" " লিকুইডাম্ (অহিফেনের তরল
সার) ... (১০—৪০ মি) ♏x—xl

" প্যাপেভারিস্ (পোস্তের
সার) ... (২—৫ গ্রে) gr. ii—v

" প্যারেরী ... (১০—৩০ গ্রে) gr. x—xxx

" " লিকুইডাম্ (১/২—২ ড্রা) ʒss—ii

" ফাইসষ্টিগ্‌মেটিস্ ... (১/১৬ – ১/৪ গ্রে) gr. $\frac{1}{16}$—$\frac{1}{4}$

" কোয়াসিয়ী ... (৩—৫ গ্রে) gr. iii—v

" রাম্‌নাই ফ্রাঙ্গিউলী (১৫—৬০ গ্রে) gr. xv—lx

" " " লিকুইডাম্
(১—৪ ড্রা) ʒi—iv

" " পার্শিয়ানি (২—৮ গ্রে) gr. ii—viii

" " " লিকুইডাম্
(২০—৬০ মি) ♏xx—lx

" রিয়াই (রেউঁচিনির সার)
(৫—১৫ গ্রে) gr. v—xv

" সার্জী লিকুইডাম্... (২—৪ ড্রা) ʒii—iv

" ষ্ট্র্যামোনিয়াই (ধুতুরার
সার) ... (১/৪—১/২ গ্রে) gr. $\frac{1}{4}$—ss

ঔষধদ্রব্যের নাম।		মাত্রা।
একষ্ট্রাক্টাম্ ট্যারাক্সেসাই ...	(৫—৩০ গ্রে)	gr. v—xxx
ফেল্ বভিনাম্ পিউরিফিকেটাম্ (বৃষপিত্ত)	(৫—১০ গ্রে)	gr. v—x
ফেরি আর্সেনিয়াস্ ...	($\frac{১}{১৬}$—$\frac{১}{২}$ গ্রে)	gr. $\frac{1}{16}$—$\frac{1}{2}$
„ কার্বনাস্ স্যাকারেটা ...	(৫—৩০গ্রে)	gr. v—xxx
„ এট্ এ্যামোনিয়াই সিট্রাস্	(৫—১০গ্রে)	gr. v—x
„ „ কুইনাইনী সিট্রাস্	(৫—১০ গ্রে)	gr. v—x
„ আইয়োইডাইডাম্ ...	(১—৫ গ্রে)	gr. i—v
„ ল্যাক্টাস্ ...	(২—১০ গ্রে)	gr. ii—x
„ অক্সাইডাম্ ম্যাগ্নেটিকাম্	(৫—১০ গ্রে)	gr. v—x
„ পারক্সাইডাম্ হিউমিডাম্	($\frac{১}{৪}$—$\frac{১}{২}$ আং)	℥$\frac{1}{4}$—ss
„ „ হাইড্রেটাম্	(৫—৩০গ্রে)	gr. v—xxx
„ ফস্ফাস্ ...	(২—১০ গ্রে)	gr. ii—x
„ সাল্ফাস্ (হিরাকস) ...	(১—৫ গ্রে)	gr. i—v
„ „ এক্সিকেটা (দগ্ধ হিরাকস)	($\frac{১}{২}$—৩ গ্রে)	gr. ss—iii
„ „ গ্র্যানুল্যেটা	(১—৫ গ্রে)	gr. i—v
„ ভেলেরিয়েনাস্	(১—৩ গ্রে)	gr. i—iii
ফিরাম্ রিড্যাক্টাম্ (লৌহচূর্ণ)	(১—৫ গ্রে)	gr. i—v
„ টার্টারেটাম্ ...	(৫—১০ গ্রে)	gr. v—x
গ্যাল্বেনাম্	(৫—১৫ গ্রে)	gr. v—xv
গ্লিসেরাইনাম্ য্যাসিডাই কার্বলিসাই	(৫—১০ মি)	♏v—x
„ „ গ্যালিসাই	(১০—৬০মি)	♏x—lx

ঔষধদ্রব্যের নাম।		মাত্রা।
গ্লিসেরাইনাম্ য়্যাসিডাই ট্যানিসাই	(১০—৪০ মি)	♏x—xl
” বোরেসিস্	($\frac{১}{২}$—২ ড্রা)	ʒss—ii
গোয়েসাই রেজিনা ...	(৫—২০ গ্রে)	gr. v—xx
হাইড্রার্জাইরাই আইয়োডাইডাম্ রুব্রাম্	($\frac{১}{৩২}$—$\frac{১}{৮}$ গ্রে	gr. $\frac{1}{32}$—$\frac{1}{8}$
” ” ভিরিডি	(১—৩ গ্রে)	gr. i—iii
” পার্ক্লোরাইডাম্ (রস-কর্পূর)	($\frac{১}{১৬}$—$\frac{১}{৮}$ গ্রে)	gr. $\frac{1}{16}$—$\frac{1}{8}$
” সাব্ক্লোরাইডাম্ পরিবর্ত্তক	($\frac{১}{২}$—২ গ্রে)	gr. ss—ii
” সাব্ক্লোরাইডাম্ বিরেচক	(১—৫ গ্রে)	gr. i—v
হাইড্রার্জাইরাম্ কাম্ ক্রিটা (পারদ ও খটিকা) ...	(২—৫ গ্রে)	gr. ii—v
ইন্ফিউজাম্ য়্যান্থেমেডিস্ (বাবুনার ফাণ্ট) ...	(১—৪ আং)	℥i—iv
” অর‍্যান্শিয়াই (কমলা-ত্বকের ফাণ্ট)	(১—২ আং)	℥i—ii
” ” কম্পোজিটাম্	(১—২ আং)	℥i—ii
” বুকু ...	(১—৪ আং)	℥i—iv
” ক্যালাম্বী ...	(১—২ আং)	℥i—ii
” ক্যারিয়োফিলাই (লবঙ্গের ফাণ্ট) ...	(১—৪ আং)	℥i—iv
” ক্যাস্কারিলী ...	(১—২ আং)	℥i—ii
” ক্যাট্রিকিউ ...	(১—২ আং)	℥i—ii

ঔষধদ্রব্যের নাম।		মাত্রা।
ইন্‌ফিউজাম্‌ চিরাটী (চিরেতার ফাণ্ট)	(১—২ আং)	℥i—ii
„ সিঙ্কোনী য়্যাসিডাম্‌ ...	(১—২ আং)	℥i—ii
„ কোসী	(৪—৮ আং)	℥iv—viii
„ কম্পোরায়ী	(১—২ আং)	℥i—ii
„ কুসো	(৪—৮ আং)	℥iv—viii
„ ডিজিটেলিস্‌	(২—৪ ড্রা)	ʒii—iv
„ ডাল্‌কামারী	(১—২ আং)	℥i—ii
„ আর্গটী	(১—২ আং)	℥i—ii
„ জেন্‌শিয়েনী কম্পোজিটাম্‌	(১—২ আং)	℥i—ii
„ ক্রামিরিয়ী ...	(১—২ আং)	℥i—ii
„ লিনাই (তিসির ফাণ্ট)	(যথাপ্রয়োজন)	q. s.
„ লাপ্যুলাই ...	(১—২ আং)	℥i—ii
„ ম্যাটিসী ...	(১—২ আং)	℥i—ii
„ কোয়াসিয়ী ...	(১—২ আং)	℥i—ii
„ রোজী য়্যাসিডাম্‌ (অম্লযুক্ত গোলাবের ফাণ্ট)	(১—২আং)	℥i—ii
„ সেনেগী ...	(১—২ আং)	℥i—ii
„ সেনী (সোণামুখীর ফাণ্ট)	(১—২ আং)	℥i—ii
„ সার্পেণ্টেরায়ী ...	(১—২ আং)	℥i—ii
„ ইউভী আর্সাই	(১—২ আং)	℥i—ii
„ ভেলিরিয়েনী	(১—২ আং)	℥i—ii
লাইকর্‌ য়্যামোনিয়ী ...	(১০—২০ মি)	♏x—xx

ঔষধদ্রব্যের নাম।		মাত্রা।
লাইকর্ য়্যামোনিয়ী য়্যাসিটেটিস্...	(২—৬ ড্রা)	ʒii—vi
" " " ফর্শিয়র্	(২০—৬০ মি)	♏xx—lx
" " সাইট্রেটিস্ ...	(২—৬ ড্রা)	ʒii—vi
" " " ফর্শিয়র্	(৩০—৯০ মি)	♏xxx—xc
" আর্সেনিকেলিস্	(২—৮ মি)	♏ii—viii
" আর্সেনিয়াই হাইড্রোক্লোরিকাস্	(২—৮ মি)	♏ii—viii
" আর্সেনিয়াই এট্ হাইড্রার্জিরাই আইয়োডিডাই	(৫—১৫ মি)	♏v—xv
" য়্যাট্রোপাইনী সাল্ফেটিস্	(১—৪ মি)	♏i—iv
" বিস্মাথাই এট্ য়্যামোনিয়ো-সাইট্রেটিস্ ...	(৩০মি—১ড্রা)	♏xxx—ʒi
" ক্যাল্সিস্ (চূণের জল)	(১—৪ আং)	℥i—iv
" " ক্লোরিনেটী ...	(২০—৪০ মি)	♏xx—xl
" " স্যাকারেটাস্ (শর্করাক্ত চূণের জল) ...	(১৫মি—১ড্রা)	♏xv—ʒi
" ক্লোরাই ...	(১০—২০ মি)	♏x—xx
" ফেরি পার্ক্লোরিডাই ...	(১০—৩০ মি)	♏x—xxx
" " পার্নাইট্রেটিস্ ...	(১০—৪০ মি)	♏x—xl
" হাইড্রার্জিরাই পার্ক্লোরিডাই	(৩০মি—২ড্রা)	♏xxx—ʒii
" লিথিয়ী এফার্ভেসেন্স্ ...	(৫—১০ আং)	℥v—x
" ম্যাগ্নিসিয়াই কার্বনেটিস্...	(১—২ আং)	℥ii—ii
" মর্ফাইনী এসিটেটিস্ ...	(১০মি—১ড্রা)	♏x—ʒi
" " বাইমেকনেটিস ...	(৫—৪০ মি)	♏v—xl

ঔষধদ্রব্যের নাম।		মাত্রা।
লাইকর্ মর্ফাইনী হাইড্রোক্লোরেটিস্	(১০মি—১ড্রা)	♏x—ʒi
„ „ সাল্ফেটিস্ ...	(১০ মি—১ ড্রা)	♏x—ʒi
„ পোটাসী ...	(১০মি—১ড্রা)	♏x—ʒi
„ „ এফার্ভেসেন্স ...	(৫—১০ আং)	℥v—x
„ পোটাসিয়াই পার্ম্যান্গেনেটিস্	(২—৪ ড্রা)	ʒii—iv
„ সোডী ...	(১০মি—১ড্রা)	♏x—ʒi
„ সোডিয়াই আর্সেনিয়েটিস্	(৫—১০ মি)	♏v—x
„ „ ক্লোরিনেটী ...	(১০—২০ মি)	♏x—xx
„ „ এফার্ভেসেন্স ...	(৫—১০ আং)	℥v—x
„ ষ্ট্রীক্নিয়ী ...	(৫—১০ মি)	♏v—x
লিথিয়াই কার্বনাস্ ...	(৩—৬ গ্রে)	gr. iii—vi
„ সিট্রাস্ ...	(৫—১০ গ্রে)	gr. v—x
লিসিয়াম্ (রসোত) ...	(৫—১৫ গ্রে)	gr. v—xv
ম্যাগ্নিসিয়া ...	(১০গ্রে—১ড্রা)	gr. x—ʒi
ম্যাগ্নিসিয়াই কার্বনাস্ ...	(১০গ্রে—১ড্রা)	gr. x—ʒi
„ „ লেভিস্ ...	(১০গ্রে—১ড্রা)	gr. x—ʒi
„ সাল্ফাস্ ...	(১—৪ ড্রা)	ʒi—iv
ম্যানা (সীরখস্ত) ...	(১ড্রা—১আং)	ʒi—℥i
মিশ্চ্যুরা এ্যামোনিয়েসাই ...	(৪ ড্রা—১ আং)	ʒiv—℥i
„ এ্যামিগ্‌ডেলী (বাদাম মিশ্র)	(১—২ আং)	℥i—ii
„ ক্রিয়েজোটাই ...	(৪ ড্রা—২ আং)	ʒiv—℥ii
„ ক্রিটী (খটিকা মিশ্র) ...	(১—২ আং)	℥i—ii
„ ফেরি য়্যারোম্যাটিকা ...	(১—২ আং)	℥i—ii

ঔষধদ্রব্যের নাম।	মাত্রা।
মিশ্চ্যুরা ফেরি কম্পোজিটা (লৌহাদি মিশ্র) ...	(৪ ড্রা—২ আং) ʒiv—℥ii
„ জেন্শিয়েনী ...	(৪ ড্রা—১ আং) ʒiv—℥i
„ গোয়েসাই ...	(৪ ড্রা—২ আং) ʒiv—℥ii
„ সেনী কম্পোজিটা	(১—১$\frac{1}{2}$ আং) ℥i—iss
„ স্পিরিটাস্ ভাইনাই গ্যালিসাই ...	(১—২ আং) ℥i—ii
মর্ফাইনী য়্যাসিটাস্ ...	($\frac{1}{8}$—$\frac{1}{2}$ গ্রে) gr. $\frac{1}{8}$—ss
„ হাইড্রোক্লোরাস্ ...	($\frac{1}{8}$—$\frac{1}{2}$ গ্রে) gr. $\frac{1}{8}$—ss
„ সাল্ফাস্ ...	($\frac{1}{8}$—$\frac{1}{2}$ গ্রে) gr. $\frac{1}{8}$—ss
মস্কাস্ (মৃগনাভি) ...	(৫—১০ গ্রে) gr. v—x
মিউসিলেগো য়্যাকেসিয়ী (গঁদের মণ্ড)	(যথাপ্রয়োজন) q. s.
„ য়্যামিলাই ...	(যথাপ্রয়োজন) q. s.
„ ট্রাগাকন্থী ...	(১ ড্রা—১ আং) ʒi—℥i
মাইরিষ্টিকা (জায়ফল) ...	(৫—১৫ গ্রে) gr. v—xv
মর্হা (গন্ধবোল) ...	(১০—৩০ গ্রে) gr. x—xxx
নাক্স্ ভমিকা (কুঁচিলা) ...	(১—৫ গ্রে) gr. i—v
ওলিয়াম্ য়্যামিগ্ডেলী ...	(২—৪ ড্রা) ʒii—iv
„ এনিথাই ...	(১—৪ মি) ♏i—iv
„ এনিসাই ...	(১—৪ মি) ♏i—iv
„ য়্যান্থেমিডিস্ ...	(১—৪ মি) ♏i—iv
„ ক্যাজুপাটি ...	(১—৩ মি) ♏i—iii
„ কারুইং (বিলাতি জিরার তৈল)	(১—৪ মি) ♏i—iv

ঔষধদ্রব্যের নাম।		মাত্রা।
ওলিয়াম্ ক্যারিওফাইলি (লবঙ্গের তৈল) ...	(১—৪ মি)	♏i—iv
„ সিনেমোমাই (দারুচিনির তৈল) ...	(১—৪ মি)	♏i—iv
„ কোপেবী ...	(৫—২০ মি)	♏v—xx
„ কোরিয়েণ্ড্রাই (ধনিয়ার তৈল)	(১—৫ মি)	♏i—v
„ ক্রোটনিস্ (জয়পালের তৈল) ...	(⅓—১ মি)	♏ ⅓—i
„ কিউবেবী (কাবাবচিনির তৈল) ...	(৫—২০ মি)	♏v—xx
„ জুনিপারাই ...	(৩—৫ মি)	♏iii—v
„ লিমোনিস্ (জম্বীর তৈল)	(১—৫ মি)	♏i—v
„ মেন্থী পিপারিটী ...	(২—৫ মি)	♏ii—v
„ মেন্থী ভিরিডিস্ (পুদিনার তৈল) ...	(২—৫ মি)	♏ii—v
„ মহ্‌য়ী ...	(১—৮ ড্রা)	ʒi—viii
„ মাইরিষ্টিসী (জায়ফলের বাষ্প তৈল) ...	(১—৫ মি)	♏i—v
„ পাইমেণ্টা ...	(১—৫ মি)	♏i—v
„ রিসিনি (এরণ্ড তৈল)	(৪ড্রা—১আং)	ʒiv—℥i
„ রোজ্‌ম্যারিনি ...	(১—৫ মি)	♏i—v
„ রিউটী ...	(১—৫ মি)	♏i—v
„ স্যাবাইনী ..	(১—৫ মি)	♏i—v

ঔষধদ্রব্যের নাম।	মাত্রা।
ওলিয়াম্ স্যাণ্টেলাই	... (১০—৩০ মি) ♏x—xxx
„ টেরেবিন্থিনী (তার্পিন্ তৈল)	রক্ত-রোধক, মূত্রকারক (৫—৩০ মি) ♏v—xxx কৃমিনাশক (১—৪ ড্রা) ʒi—iv
ওপিয়াম্ (অহিফেন)	... (½—২ গ্রে) gr. ss—ii
অক্‌জিমেল্ (সির্কামধু)	... (১—২ ড্রা) ʒi—ii
„ সিলী	... (½—১ ড্রা) ʒss—i
পেপ্‌সিন্	... (২—৫ গ্রে) gr. ii—v
পাইল্যুলা য়্যালোজ, বার্বেডেন্সিস্	(৫—১০ গ্রে) gr. v—x
„ „ এট্ য়্যাসাফীটিডী (মুসব্বর ও হিঙ্গুর বটিকা)	(৫—১০ গ্রে) gr. v—x
„ „ এট্ ফোরি (মুসব্বর ও লৌহ বটিকা)	(৫—১০ গ্রে) gr. v—x
„ „ এট্ মার্হী (মুসব্বর ও গন্ধবোলের বটিকা)	(৫—১০ গ্রে) gr. v—x
„ „ সকট্রাইনী	(৫—১০ গ্রে) gr. v—x
„ য়্যাসাফীটিডী কম্পজিটা (হিঙ্গ্বাদি বটিকা)	(৫—১০ গ্রে) gr. v—x
„ ক্যাম্বোজিয়া কম্পোজিটা	(৫—১০ গ্রে) gr. v—x
„ কলোসিন্থিডিস্ কম্পোজিটা (ইন্দ্রবারুণ্যাদি বটিকা)	(৫—১০ গ্রে) gr. v—x
„ কলোসিন্থিডিস্ এট্ হাইয়োসায়েমাই	(৫—১০ গ্রে) gr. v—x

ঔষধদ্রব্যের নাম।		মাত্রা।
পাইল্যুলা কোনিয়াই কম্পোজিটা	(৫—১০ গ্রে)	gr. v—x
„ ফেরি কার্বনেটিস্	(৫—২০ গ্রে)	gr. v—xx
„ ফেরি আইয়োডিডাই	(৩—৮ গ্রে)	gr. iii—viii
„ হাইড্রার্জিরাই (পারদ বটিকা)	(২—৮ গ্রে)	gr. ii—viii
„ „ সাব্ক্লোরাইডাই কম্পোজিটা	(২—১০ গ্রে)	gr. ii—x
„ ইপেকাকুয়ানী কাম্ সিলা	(৫—১০ গ্রে)	gr. v—x
„ প্লাম্বাই কাম্ ওপিয়ো ...	(৩—৫ গ্রে)	gr. iii—v
„ কুইনাইনী ...	(২—১০ গ্রে)	gr. ii—x
„ রিয়াই কম্পোজিটা (রেউচিন্যাদি বটিকা)	(৫—১০ গ্রে)	gr. v—x
„ সেপোনিস্ কম্পোজিটা (সাবানাদি বটিকা)	(৩—৫ গ্রে)	gr. iii—v
„ সিলী কম্পোজিটা ...	(৫—১০ গ্রে)	gr. v—x
পাইপার্ নাইগ্রাম্ (গোলমরিচ)	(৫—১০ গ্রে)	gr. v—x
প্লাম্বাই য়্যাসিটাস্ (সীসশর্করা)	(১—৪ গ্রে)	gr. i—iv
পডফিলাই রেজিনা ...	(¼—১ গ্রে)	gr. ¼—i
পোটাসা সাল্ফিউরেটা ...	(২—৮ গ্রে)	gr. ii—viii
পোটাসিয়াই য়্যাসিটাস্ ...	(১০—৬০ গ্রে)	gr. x—lx
„ বাইকার্বনাস্ ...	(১০—৬০ গ্রে)	gr. x—lx
„ ব্রোমাইডাম্ ...	(৫—৩০ গ্রে)	gr. v—xxx
„ কার্বনাস্ ...	(১০—৩০ গ্রে)	gr. x—xxx

ঔষধদ্রব্যের নাম।		মাত্রা।
পোটাসিয়াই ক্লোরাস্ ...	(১০—৩০ গ্রে)	gr. x—xxx
„ সাইট্রাস্ ...	(২০ গ্রে—১ড্রা)	gr. xx—ʒi
„ আইয়োডাইডাম্	(২—২০ গ্রে)	gr. ii—xx
„ নাইট্রাস্ (যবক্ষার)	(১০—৩০ গ্রে)	gr. x—xxx
„ সাল্‌ফাস্ ...	(১০ গ্রে— ১ ড্রা)	gr. x—ʒi
„ টার্ট্রাস্ ...	(১—৮ ড্রা)	ʒi—viii
„ টার্ট্রাস্ য়্যাসিডা	(১৫ গ্রে—১ ড্রা)	gr. xv—ʒi
পাল্‌ভিস্ য়্যামিগ্‌ডেলী কম্পোজিটাস্ (বাদামাদি চূর্ণ)	(১—২ ড্রা)	ʒi—ii
„ য়্যাণ্টিমোনিয়েলিস্	(২—৬ গ্রে)	gr. ii—vi
„ য়্যারোম্যাটিকাস্	(১০—৩০ গ্রে)	gr. x—xxx
„ ক্যাটিকিউ কম্পোজিটাস্ (খদিরাদি চূর্ণ)	(২০—৪০ গ্রে)	gr. xx—xl
„ সিনেমোমাই কম্পোজিটাস্ (দারুচিন্যাদি চূর্ণ)	(১০—৩০ গ্রে)	gr. x—xxx
„ ক্রিটী য়্যারোম্যাটিকাস্ (সুগন্ধ খটিকা চূর্ণ)	(১০ গ্রে—১ ড্রা)	gr. x—ʒi
„ „ য়্যারোম্যাটিকাস্ কাম্ ওপিয়ো (অহিফেন-যুক্ত সুগন্ধি খটিকা চূর্ণ)	(১০—৪০ গ্রে)	gr. x—xl
„ ইপেকাকুয়ানী কম্পোজিটাস্	(৫—১৫ গ্রে)	gr. v—xv
„ জ্যালাপী কম্পোজিটাস্	(১৫ গ্রে — ১ ড্রা)	gr. xv—ʒi
„ কালাডানী কম্পোজিটাস্ (কালাদানাদি চূর্ণ) ...	(১৫ গ্রে—১ ড্রা)	gr. xv—ʒi

ঔষধদ্রব্যের নাম।		মাত্রা।
পাল্‌ভিস্‌ কাইনো কম্পোজিটাস্‌	(৫—২০ গ্রে)	gr. v—xx
„ ওপিয়াই কম্পোজিটাস্‌	(২—৫ গ্রে)	gr. ii—v
„ রিয়াই কম্পোজিটাস্‌ (রেউচিন্যাদি চূর্ণ)	(২০ গ্রে—১ ড্রা)	gr. xx—ʒi
„ স্ক্যামোনিয়াই কম্পোজিটাস্‌	(১০—২০ গ্রে)	gr. x—xx
„ ট্রাগাকান্থী কম্পোজিটাস্‌	(১০ গ্রে—১ ড্রা)	gr. x—ʒi
কোয়াইনী হাইড্রোক্লোরাস্‌	(১—১০ গ্রে)	gr. i—x
„ সাল্‌ফাস্‌ ...	(১—১০ গ্রে)	gr. i—x
কোয়াইনিডিয়া ...	(৫—১৫ গ্রে)	gr. v—xv
রিয়াই র‍্যাডিক্স্‌ (রেউচিনি)	(৫—২০ গ্রে)	gr. v—xx
স্যালিসিন্‌ ..	(৫—৩০ গ্রে)	gr. v—xxx
স্যাণ্টোনিন্‌ ...	(২—৬ গ্রে)	gr. ii—vi
স্ক্যামোনাযী রেজিনা ...	(৩—৮ গ্রে)	gr. iii—viii
স্ক্যামোনিয়াম্‌ ...	(৫—১০ গ্রে)	gr. v—x
সিলা	(১—৩ গ্রে)	gr. i—iii
সেনা (সোণামুখী) ...	(১০—৩০ গ্রে)	gr. x—xxx
সেনেগা	(২০ গ্রে—১ ড্রা)	gr. xx—ʒi
সিনেপিস (সর্ষপ) ...	(½ আং)	℥ss
সার্পেণ্টেরায়ী	(১০—২০ গ্রে)	gr. x—xx
সোডা টার্টারেটা ...	(২—৪ ড্রা)	ʒii—iv
সোডিয়াই আর্সেনিয়াস্‌ ...	($\frac{1}{16}$—$\frac{1}{8}$ গ্রে)	gr. $\frac{1}{16}$—$\frac{1}{8}$
„ বেঞ্জোয়াস্‌ ...	(১০—৩০ গ্রে)	gr. x—xxx

ঔষধদ্রব্যের নাম।		মাত্রা।
সোডিয়াই বাইবোরাস্ ...	(১০—১ ড্রা)	gr. x—ʒi
„ বাইকার্বনাস্ ...	(১০—৬০ গ্রে)	gr. x—lx
„ ব্রোমাইডাম্ ...	(১০—৩০ গ্রে)	gr. x—xxx
„ কার্বনাস্ ...	(৫—৩০ গ্রে)	gr. v—xxx
„ „ এক্সিকেটা	(৩—১০ গ্রে)	gr. iii—x
„ ক্লোরাইডাম্ (লবণ)	(২০ গ্রে—২ আং)	gr. xx—℥ii
„ সিট্রোটার্ট্রাস্ এফার্ভেসেন্স্	(১—৪ ড্রা)	ʒi—iv
„ ফস্ফাস্ ...	(২০ গ্রে—১ আং)	gr. xx—℥i
„ সাল্ফাস্ ...	(২ ড্রা—১ আং)	ʒii—℥i
„ সাল্ফিস্ ...	(৫—২০ গ্রে)	gr. v—xx
„ ভেলিরিয়েনাস্ ...	(১—৫ গ্রে)	gr. i—v
স্পিরিটাস্ য়্যামোনিয়ী য়্যারোম্যাটিকাস্	(২০ মি—১ ড্রা)	♏xx—ʒi
„ „ ফেটিডাস্	(২০ মি—১ ড্রা)	♏xx—ʒi
„ ঈথারিস্ ...	(৩০ মি—১ ড্রা)	♏xxx—ʒi
„ „ কম্পোজিটাস্	(৩০—১২০ মি)	♏xxx—ʒii
„ „ নাইট্রোসাই	(½—২ ড্রা)	ʒss—ii
„ আর্মোরেসী কম্পোজিটাস্	(১—৩ ড্রা)	ʒi—iii
„ ক্যাজুপাটাই ...	(৫০—১০০ মি)	♏l—c
„ ক্যাম্ফোরী (কর্পূরের সুরা)	(১০—৩০ মি)	♏x—xxx
„ ক্লোরোফর্মাই	(১৫ মি—১ ড্রা)	♏xv—ʒi
„ জুনিপারাই	(৩০ মি—১ ড্রা)	♏xxx—ʒi
„ ল্যাভাণ্ডিউলী	(৩০ মি—১ ড্রা)	♏xxx—ʒi

ঔষধদ্রব্যের নাম।		মাত্রা।
স্পিরিটাস্ মেন্থী পিপারিটী	(১৫ মি—১ ড্রা)	♏xv—ʒi
মাইরিষ্টিসী (জায়ফলের সুরা)	(১৫ মি—১ ড্রা)	♏xv—ʒi
রোজ্ম্যারিনাই	(১০ মি—১ ড্রা)	♏x—ʒi
ষ্ট্যানাই ক্লোরাইডাম্	($\frac{১}{১৬}$—$\frac{১}{২}$ গ্রে)	gr. $\frac{1}{16}$—$\frac{1}{2}$
ষ্ট্রিক্নিয়া ...	($\frac{১}{৬০}$—$\frac{১}{১২}$ গ্রে)	gr. $\frac{1}{60}$—$\frac{1}{12}$
সাকাস্ বেলাডোনী ...	(৫—১৫ মি)	♏v—xv
„ কোনিয়াই ...	(৩০মি—১ ড্রা)	♏xxx—ʒi
„ হাইয়োসায়েমাই ...	(৩০ মি—১ ড্রা)	♏xxx—ʒi
„ লিমোনিস্ (জম্বীররস)	(১—৪ ড্রা)	ʒi—iv
„ মোরাই ...	(যথাপ্রয়োজন)	q. s.
„ স্কোপেরিয়াই ...	(১—৪ ড্রা)	ʒi—iv
„ ট্যারাক্সেসাই ...	(৩০ মি—১ ড্রা)	♏xxx—ʒi
সাল্ফোন্যাল্ ...	(১৫—৪০ গ্রে)	gr. x—xl
সাল্ফিউরিস্ আইয়োডাইডাম্	(½—২ গ্রে)	gr. ss—ii
সাল্ফার্ সাব্লিমেটাম্ (ঊর্দ্ধপাতিত গন্ধক)	(২০ গ্রে—১ ড্রা)	gr. xx—ʒi
„ প্রীসিপিটেটাম্ (অধঃপাতিত গন্ধক)	(২০ গ্রে—১ ড্রা)	gr. xx—ʒi
সিরাপাস্ অ্যাল্থী	(১ ড্রা—১ আং)	ʒi—℥i
„ অর‍্যান্শিয়াই (কমলা-ত্বকের পাক)	(১—২ ড্রা)	ʒi—ii
„ অর‍্যান্শিয়াই ফ্লোরিস্ (কমলা-পুষ্পের পাক)	(১—২ ড্রা)	ʒi—ii

ঔষধদ্রব্যের নাম।		মাত্রা।
সিরাপাস্ ফেরি আইয়োডিডাই	(১৫ মি — ১ ড্রা)	♏xv—ʒi
„ ফস্ফেটিস্	(১—২ ড্রা)	ʒi—ii
„ হেমিডেস্মাই (অনন্তমূলের পাক)	(½—১ ড্রা)	ʒss—i
„ লিমোনিস্ (জম্বীরের পাক)	(যথাপ্রয়োজন)	q. s.
„ মোরাই (তুঁতের পাক)	(যথাপ্রয়োজন)	q. s.
„ প্যাপেভরিস্ (পোস্তর পাক)	(২০মি—১ ড্রা)	♏xx—ʒi
„ রাম্নাই	(৩০মি — ১ড্রা)	♏xxx—ʒi
„ সিলী	(২০মি—১ড্রা)	♏xx—ʒi
„ রিয়াই (রেউচিনির পাক)	(১—৪ ড্রা)	ʒi—iv
„ সেনী (সোণামুখীর পাক)	(১—৪ ড্রা)	ʒi—iv
„ রিয়াডস্	(৩০ মি—১ ড্রা)	♏xxx—ʒi
„ টোলুটেনাস্	(১—২ ড্রা)	ʒi—ii
„ রোজী গ্যালিসী (রক্ত গোলাবের পাক)	(যথাপ্রয়োজন)	q. s.
„ জিঞ্জিবারিস্ (শুণ্ঠীর পাক)	(৩০মি—১ড্রা)	♏xxx—ʒi
টিংচ্যুরা য়্যাকোনিটাই	(৫—১৫ মি)	♏v—xv
„ *য়্যাক্শিয়া রেসিনোসী*	*(৩০ মি—১ ড্রা)*	♏xxx—ʒi
„ য়্যালোজ (মুসব্বরের অরিষ্ট)	(১ — ২ ড্রা)	ʒi—ii
„ য়্যাসাফীটিডী (হিঙ্গুর অরিষ্ট)	(৩০ মি—১ ড্রা)	♏xxx—ʒi
„ আর্ণিসী ...	(½—১ ড্রা)	ʒss—i
„ অর্যান্শিয়াই (কমলালেবুর অরিষ্ট) ...	(১—২ ড্রা)	ʒi—ii

ঔষধদ্রব্যের নাম।		মাত্রা।
টিংচ্যুরা অর‍্যান্‌শিয়াই রিসেণ্টিস্	(১—২ ড্রা)	ʒi—ii
,, বেলাডোনী ...	(৫—২০মি)	♏v—xx
,, বেঞ্জোয়িনাই কম্পোজিটা (লোবানাদি অরিষ্ট)	(৩০মি—১ ড্রা)	♏xxx—ʒi
,, বুক্কু ...	(১—৪ ড্রা)	ʒi—iv
,, ক্যালাম্বী ...	(½—২ ড্রা)	ʒss—ii
,, ক্যাম্ফোরী কম্পোজিটা (কর্পূরাদি অরিষ্ট)	(১৫মি—১ড্রা)	♏xv—ʒi
,, ক্যানেবিস্ ইণ্ডিসী (গাঁজার অরিষ্ট)	(৫—২০মি)	♏v—xx
,, ক্যান্থারিডিস্ ...	(৫—২০ মি)	♏v—xx
,, ক্যাপ্‌সিসাই (লঙ্কামরিচের অরিষ্ট) ...	(১০—২০ মি)	♏x—xx
,, কার্ডেমোমাই কম্পোজিটা (এলাদি অরিষ্ট)	(½—২ ড্রা)	ʒss—ii
,, ক্যাষ্টোরিয়াই ...	(½—১ ড্রা)	ʒss—i
,, ক্যাস্কারিলী ...	(½—২ ড্রা)	ʒss—ii
,, ক্যাটিকিউ (খদিরের অরিষ্ট)	(½—২ ড্রা)	ʒss—ii
,, চিরাটী (চিরেতার অরিষ্ট)	(½—২ ড্রা)	ʒss—ii
,, ক্লোরোফর্মাই কম্পোজিটা	(১৫মি—১ড্রা)	♏xv—ʒi
,, ,, এট্ মর্ফাইনী	(৫—১০ মি)	♏v—x
,, সিমিসিফিউগী	(১৫ মি—১ড্রা)	♏xv—ʒi
,, সিঙ্কোনী ফ্লেভী ...	(½—২ ড্রা)	ʒss - ii

ঔষধদ্রব্যের নাম।		মাত্রা।
টিংচ্যুরা সিঙ্কোনী কম্পোজিটা	(½—২ ড্রা)	ʒss—ii
„ সিনেমোমাই (দারুচিনির অরিষ্ট)	(১০মি—২ ড্রা)	♏x—ʒii
„ ককসাই ...	(½—২ ড্রা)	ʒss—ii
„ কল্‌চিসাই সেমিনাম্‌ ...	(১০—৩০মি)	♏x—xxx
„ কোনিয়াই ...	(২০ মি—১ ড্রা)	♏xx—ʒi
„ ক্রোসাই ...	(½ —১½ ড্রা)	ʒss—iss
„ কিউবেবী (কাবাবচিনির অরিষ্ট) ...	(½—২ ড্রা)	ʒss—ii
„ ডিজিটেলিস্‌ ...	(১০—৩০মি)	♏x—xxx
„ আর্গটী ...	(১৫মি—১ড্রা)	♏xv—ʒi
„ ফেরি এসিটেটিস্‌ ...	(৫—৩০ মি)	♏v—xxx
„ „ পারক্লোরিডাই ...	(১০—৩০মি)	♏x—xxx
„ গ্যালী (মাজুফলের অরিষ্ট)	(½—২ ড্রা)	ʒss—ii
„ জেল্‌সিমিয়াই ...	(৫—২০ মি)	♏v—xx
„ জেন্‌শিয়েনী কম্পজিটা	(½—২ ড্রা)	ʒss—ii
„ গোয়েসাই য়্যামোনিয়েটা	(½—১ ড্রা)	ʒss—i
„ হেমেমেলিডিস্‌ ...	(৫—৬০মি)	♏v—lx
„ হেলিবোরী ...	(৩০মি—১ড্রা)	♏xxx—ʒi
„ হাইড্রাষ্টিস্‌ ...	(২০—৬০ মি)	♏xx—lx
„ হাইয়োসায়েমাই ...	(১৫মি—১ড্রা)	♏xv—ʒi
„ আইয়োডাই ...	(৫—২০ মি)	♏v—xx
„ জেবরাণ্ডি ...	(৩০—৬০ মি)	♏xxx—lx

ঔষধদ্রব্যের নাম।		মাত্রা।
টিংচ্যুরা জ্যাল্যাপী ...	(½—২ ড্রা)	ʒss—ii
„ কালাডানী (কালাদানার অরিষ্ট)	(½—২ ড্রা)	ʒss—ii
„ কাইনো ...	(½—২ ড্রা)	ʒss—ii
„ ক্রামিরিয়ী ...	(½—২ ড্রা)	ʒss—ii
„ ল্যারিসিস্ ...	(২০—৩০ মি)	♏xx—xxx
„ ল্যাভাণ্ডিউলী কম্পোজিটা	(½—১ ড্রা)	ʒss—ii
„ লিমোনিস্ (জম্বীর ত্বকের অরিষ্ট) ...	(½—২ ড্রা)	ʒss—ii
„ লোবিলিয়ী ...	(১০—৩০ মি)	♏x—xxx
„ „ ঈথিরিয়া	(১০—৩০ মি)	♏x—xxx
„ লাপ্যুলাই ...	(½—২ ড্রা)	ʒss—ʒii
„ মার্হী ...	(½—১ ড্রা)	ʒss—i
„ মার্গোসী (নিম্বের অরিষ্ট)	(½—২ ড্রা)	ʒss—ii
„ নিউসিস্ ভমিসী (কুঁচিলার অরিষ্ট)	(৫—২০ মি)	♏v—xx
„ ওপিয়াই (অহিফেনের অরিষ্ট)	(১০—৪০ মি)	♏x—xl
„ „ য়্যামোনিয়েটা	(৩০ মি—১ ড্রা)	♏xxx—ʒi
„ পডোফিলাই ...	(১৫—৬০ মি)	♏xv—lx
„ কোয়াইনী ...	(½—২ ড্রা)	ʒss—ii
„ „ য়্যামোনিয়েটা	(½—২ ড্রা)	ʒss—ii
„ কোয়াসিয়ী ...	(½—২ ড্রা)	ʒss—ii
„ রিয়াই (রেউচিনির অরিষ্ট)	(১—৪ ড্রা)	ʒi—iv

ঔষধদ্রব্যের নাম।		মাত্রা।
টিংচ্যুরা সেবাইনী ...	(২০ মি—১ ড্রা)	♏xx—ʒi
,, সিলী ...	(১০—৩০ মি)	♏x—xxx
,, সেনেগী ...	(৩০ মি—২ ড্রা)	♏xxx—ʒii
,, সেনী (সোণামুখীর অরিষ্ট)	(১—৪ ড্রা)	ʒi—iv
,, সার্পেণ্টেরায়ী ...	(½—২ ড্রা)	ʒss—ii
,, ষ্ট্র্যামোনিয়াই (ধুতুরার অরিষ্ট)	(১০—৩০ মি)	♏x—xxx
,, ষ্ট্রোফ্যান্থাই ...	(২—১০ মি)	♏ii—x
,, সাম্বাল্ ...	(১০—৩০ মি)	♏x—xxx
,, টোলুটেনা ...	(২০—৪০ মি)	♏xx—xl
,, ভেলিরিয়েনী ...	(½—২ ড্রা)	ʒss—ii
,, ,, অ্যামোনিয়েটা	(½—১ ড্রা)	ʒss—i
,, ভিরাট্রাই ভিরিডিস্ ...	(১০—২০ মি)	♏x—xx
,, জিঞ্জিবারিস্ (শুণ্ঠীর অরিষ্ট)	(১০ মি—১ ড্রা)	♏x—ʒi
ট্রোচিসাই অ্যাসিডাই ট্যানিসাই	(১—৬)	i—vi
,, বিস্মাথাই ...	(১—৬)	i—vi
,, ইপেকাকুয়ানী ...	(১—৩)	i—iii
,, ক্যাটিকিউ (খদিরের চাক্তি)	(১—৬)	i—vi
,, ফেরি রিড্যাক্টাই ...	(১—৬)	i—vi
,, মর্ফাইনী ...	(১—৬)	i—vi
,, ,, এট্ ইপেকাকুয়ানী	(১—৬)	i—vi
,, ওপিয়াই অহিফেনের চাক্তি	(১—৬)	i—vi
,, পোটাসী ক্লোরেটিস্ ...	(১—৬)	i—vi

ঔষধদ্রব্যের নাম ।		মাত্রা ।
ট্রোচিসাই সোডী বাইকার্বনেটিস্	(১—৬)	i—vi
ভাইনাম্ য়্যালোজ্ (মুসব্বরের আসব)	(১—২ ড্রা)	ʒi—ii
,, য়্যাণ্টিমোনিয়েলি ...	(৫—৬০ মি)	♏v—lx
,, কল্‌চিসাই ...	(১০—৩০ মি)	♏x—xxx
,, ফেরি (লৌহাসব) ...	(১—৪ ড্রা)	ʒi—iv
,, ,, সাইট্রেটিস্ ...	(১—৪ ড্রা)	ʒi—iv
,, ইপেকাকুয়ানী { কফনিঃসারক ...	(৫—৪০ মি)	♏v—xl
বমনকারক	(৩—৬ ড্রা)	ʒiii—vi
,, ওপিয়াই (অহিফেনাসব)	(১০—৪০ মি)	♏x—xl
,, কোয়াইনী ...	(½—১ ড্রা)	ʒss—i
,, রিয়াই ...	(১—২ ড্রা)	ʒi—ii
জিঙ্কাই এসিটাস্ { বলকারক	(১—২ গ্রে)	gr. i—ii
বমনকারক,	(১০—২০ গ্রে)	gr. x—xx
,, ক্লোরাইডাম্ ...	(½—১ গ্রে)	gr. ss—i
,, অক্সাইডাম্ ...	(২—১০ গ্রে)	gr. ii—x
,, সাল্‌ফাস্ { বলকারক ...	(১—৩ গ্রে)	gr. i—iii
বমনকারক	(১০—৩০ গ্রে)	gr. x—xxx
,, ভেলিরিয়েনাস্ ...	(১—৩ গ্রে)	gr. i—iii
জিঞ্জিবার্	(৫—১৫ গ্রে)	gr. v—xv

পথ্য প্রদান।

১। অন্ন-মণ্ড।

১ম। তণ্ডুল (পুরাতন), অর্দ্ধ ছটাক; জল ৵১ সের। আবৃত পাত্র মধ্যে ২০ মিনিট্ পর্য্যন্ত ফুটাইয়া ছাঁকিয়া লইবে। শীতল হইলে শর্করা সংযুক্ত করিয়া বিধান করিবে। প্রয়োজনমতে লেবুর রস বা দুগ্ধ সহযোগে ব্যবস্থা করা যায়। স্নিগ্ধকারক ও পোষক। জ্বর, প্রদাহ, মূত্রকৃচ্ছ্র আদি রোগে সুপথ্য।

২য়। তণ্ডুল (সূক্ষ্ম চূর্ণ), অর্দ্ধ ছটাক; জল ৵৷৹ সের। মৃদু সন্তাপে ফুটাইবে, যে পর্য্যন্ত না তণ্ডুলচূর্ণ সুসিদ্ধ হইয়া মিশ্রিত হয়। শর্করা সহযোগে বিধেয়। প্রয়োজনমতে দুগ্ধ বা মৎস্যের বা মাংসের যূষ্ সহযোগে বিধান করা যায়। রোগান্তে লঘু আহার।

৩য়। সূক্ষ্ম পুরাতন আতপ তণ্ডুল ৴০ ছটাক উত্তমরূপে ধৌত করিয়া লইবে, পরে একখান কানাতোলা পাথরের থালে রাখিয়া কিঞ্চিৎ জল দিয়া হস্ত দ্বারা ঘর্ষণ করিতে থাকিবে, যে পর্য্যন্ত না তণ্ডুলের গাত্র অর্দ্ধেক পরিমাণ ক্ষয় হইয়া যায়; তখন উহাতে যথেষ্ট পরিমাণে জল দিয়া তণ্ডুল ধৌত করিয়া ঐ ধৌত জল পৃথক্ করিয়া লইয়া অগ্নিসন্তাপে ফুটাইলে মণ্ড প্রস্তুত হয়। শর্করা সহযোগে এবং প্রয়োজনমতে দুগ্ধ সহযোগে অথবা লবণ ও লেবুর রস্ বা মৎস্য বা মাংসের যূষ্ সহযোগে বিধান করা যাইতে পারে। উদরাময় ও অতিসারাদি রোগে এবং জ্বরাদিতে অতি উত্তম পথ্য।

২। লাজা-মণ্ড।

সদ্যঃপ্রস্তুত খৈ বস্ত্রখণ্ডে বাঁধিয়া স্ফুটিত জলে কিয়ৎক্ষণ নিমগ্ন করিয়া রাখিবে; খৈ কোমল হইলে হস্ত দ্বারা মর্দ্দন করিয়া বস্ত্রের ছাঁকনীতে ছাঁকিলে গাঢ় মণ্ড নির্গত হইবে। দুগ্ধ ও শর্করা সহযোগে বিধেয়।

৩। যব-মণ্ড।

১। নিস্তুক্ যব ⁄০ ছটাক; জল ৸০ পোয়া। প্রথমতঃ যবকে শীতল জলে উত্তমরূপে ধৌত করিয়া লইবে, পরে ২০ মিনিট পর্য্যন্ত আবৃত পাত্রমধ্যে ফুটাইয়া ছাঁকিয়া লইবে। শর্করা সংযুক্ত করিয়া বিধেয়। স্নিগ্ধকারক।

২। সূক্ষ্ম যবচূর্ণ ⁄০ ছটাক, অর্দ্ধ সের জলের সহিত ফুটাইবে, যে পর্য্যন্ত না উত্তমরূপে মিশ্রিত হইয়া গাঢ় মণ্ডাকৃতি হয়। দুগ্ধ ও শর্করা সহযোগে বিধেয়। লঘুপাক ও বলকর পথ্য।

৪। দুগ্ধাণ্ড।

একটী কুক্কুটাণ্ড (তরুণ) ভাঙ্গিয়া তাহার কুসুম লইয়া ⁄০ ছটাক তপ্ত দুগ্ধের সহিত উত্তমরূপে মিলাইবে, পরে শর্করা সংযুক্ত করিয়া পথ্যার্থ বিধান করিবে। এইরূপ প্রয়োজনমত দিবসে ৪।৫ বার দিবে। লঘুপাক ও পুষ্টিকর পথ্য।

৫। অর্দ্ধ-সিদ্ধাণ্ড।

কুক্কুটাণ্ডকে অর্দ্ধ মিনিট্ পর্য্যন্ত স্ফুটিত জলে নিমজ্জিত

করিয়া উঠাইয়া লইবে। ইহাতে ঐ অণ্ডের লালার কিয়দংশ মাত্র অতি কোমলরূপে সংযত হইবে, অবশিষ্ট সমুদয় কোমল থাকিবে। এই অবস্থায় অণ্ড ভাঙ্গিয়া লালা এবং কুসুম উত্তমরূপে একত্র মিশাইবে, পরে কিঞ্চিৎ লবণ এবং রোগীর রুচ্যনুসারে গোলমরিচচূর্ণ সংযুক্ত করিয়া বিধান করিবে। অতি লঘুপাক এবং পুষ্টিকর পথ্য।

৬। সুরাণ্ড।

তিনটী কুক্কুটাণ্ড ভাঙ্গিয়া তাহার লালা ও কুসুম সমুদয় লইয়া ৪ আউন্স্ জলের সহিত উত্তমরূপে মিলাইবে, পরে তাহাতে ৩ আউন্স্ ব্রাণ্ডি ক্রমশঃ সংযোগ করিবে, অবশেষে কিঞ্চিৎ শর্করা ও জায়ফল মিলাইয়া লইবে। উত্তেজক এবং পুষ্টিকর পথ্য। জ্বরাদি রোগে এবং রক্তস্রাবাদি বশতঃ অবসন্ন অবস্থায় ১ আউন্স্ মাত্রায় ৪।৬ ঘণ্টা অন্তর বিধেয়। কচিৎ ইহার সহিত ১ আউন্স্ টিংচুরা সিঙ্কোনী ফ্লেভী মিলাইয়া লওয়া যায়। উপর্যুক্ত তিনটী অণ্ডযুক্ত পথ্যে হংসাণ্ডও ব্যবহার করা যাইতে পারে, কিন্তু হংসাণ্ডে দুর্গন্ধ থাকা প্রযুক্ত রোগীর অরুচি হওয়া সম্ভব।

৭। মাংস-যূষ্।

ছাগ বা মেষের পাছার মাংস বা কুক্কুট-মাংস অর্দ্ধ সের অতি সূক্ষ্মরূপে কুট্টিত করিয়া ১ পাইন্ট্ (॥৵০) শীতল জলে ভিজাইবে; পরে, অগ্নির নিকট রাখিয়া ২।৩ ঘণ্টা পর্য্যন্ত মৃদু

সন্তাপ দিবে; পরে উত্তাপ বৃদ্ধি করিয়া অল্প অল্প ফুটাইবে; অবশেষে অগ্নির উপর ১৫ মিনিট পর্য্যন্ত ফুটাইয়া নামাইবে। উপরে যে চর্ব্বি ভাসিবে, তাহা দর্ব্বিকা দ্বারা সাবধানে পৃথক্ করিয়া ফেলিবে। কিঞ্চিৎ লবণ সংযুক্ত করিয়া পথ্যার্থ প্রয়োগ করিবে। কচিৎ কিঞ্চিৎ দুগ্ধ ও শর্করা মিলাইয়া দেওয়া যায়। প্রয়োজনমতে আসব সহযোগে প্রয়োগ করা যাইতে পারে। অপিচ, এই যূষে অন্ন বা শাগুদানা পাক করিয়া ব্যবস্থা করা যায়।

প্রকারান্তর মাংস যূস্।

গো, মেষ, ছাগ বা কুক্কুটের সদ্যঃ মাংস অর্দ্ধ সের অতি সূক্ষ্মরূপে কুট্টিত করিয়া ৮ আউন্স্ পরিস্রুত জলে ভিজাইবে এবং তাহাতে ৫ বিন্দু বিশুদ্ধ লবণ দ্রাবক এবং ১ ড্রাম্ লবণ সংযোগ করতঃ উত্তমরূপে আলোড়ন করিয়া রাখিয়া দিবে। ৩ ঘণ্টার পর কেশ-নির্ম্মিত ছাঁকনীতে সমুদয় ঢালিয়া মৃদু চাপন দ্বারা রস নির্গত করিয়া লইবে এবং ছাঁকনীতে আর দুই আউন্স্ জল ক্রমশঃ ঢালিবে এবং ছাঁকনীস্থ মাংসকে হস্ত দ্বারা মর্দ্দন করিবে। এইরূপে সমুদয়ে ১০ আউন্স্ যূষ্ প্রস্তুত হইবে। ইহার /০ ছটাক পরিমাণে রোগীকে ইচ্ছানুসারে বিধান করিবে। রোগীর ইচ্ছানুসারে সদ্গন্ধের নিমিত্ত ইহাতে কিঞ্চিৎ দারুচিনিচূর্ণ মিলাইতে পারা যায়। তপ্ত করিবার প্রয়োজন হইলে বোতলমধ্যে যূষ্ রাখিয়া ঐ বোতল তপ্ত জলে মগ্ন করিয়া লইবে। পাকাশয়ে অধিক পরিমাণে পাচক-অম্ল-

রস নিঃসরণ হওন বিধায় লবণ দ্রাবক অবিধেয় হইলে তাহা পরিত্যাগ করিয়া যূষ্ প্রস্তুত করিবে।

উপর্য্যুক্ত যূষ্ লীবিগ্স্ ব্রথের অনুরূপ মাত্র। বিবিধ বিকারগ্রস্ত জ্বরে এবং উদরাময় ও অতিসারাদি রোগে যে সকল রোগী অত্যন্ত দুর্ব্বল এবং যাহাদের পরিপাক-শক্তি ক্ষীণ হয়, এই যূষ্ অসাধারণ উপকার করে। ইহার সহিত পোর্ট্ এবং ক্ল্যারেট্ আদি আসব প্রয়োজনমতে মিলাইতে পারা যায়।

৮। মাংস-সার।

গো, মেষ, ছাগ বা কুক্কুটের মাংস অর্দ্ধ সের লইয়া সাবধান পূর্ব্বক তাহার বসা বা চর্ব্বি পৃথক্ করিয়া ফেলিবে; পরে, অতি সূক্ষ্মরূপে কুট্টিত করিয়া উদূখল মধ্যে কিঞ্চিৎ জল সহযোগে উত্তমরূপে ছেঁচিবে, অনন্তর কিঞ্চিৎ লবণ সংযোগ করিয়া মৃদ্ভাণ্ড মধ্যে স্থাপন করিবে এবং ঐ ভাণ্ডের মুখে ময়দার লেপ দিয়া উত্তমরূপে বন্ধ করিবে। পরে একটা বৃহৎ পাত্রে জল তপ্ত করিবে; জল ফুটিতে আরম্ভ হইলে ঐ স্ফুটিত জলে মাংসভাণ্ড বসাইয়া দিবে এবং ৩ ঘণ্টা পর্য্যন্ত জল স্ফুটিত রাখিবে; অবশেষে নামাইয়া মাংস নিঙড়াইয়া রস বাহির করিয়া লইবে। ইহাতে প্রায় ৴০ ছটাক পরিমাণ মাংস-সার প্রস্তুত হইবে। ১ তোলা পরিমাণে রোগীকে বারংবার সেবন করাইবে। বলকর পথ্য; রক্তস্রাবাদি বশতঃ অবসন্নাবস্থাতে বিধেয়।

৯। সুরা-তক্র।

অর্দ্ধ পাইণ্ট্ (।/০ ছটাক) স্ফুটিত দুগ্ধে এক গ্ল্যাস শেরি বা মেদেরা আসব মিশ্রিত করিয়া সূক্ষ্ম বস্ত্র দ্বারা ছানা ছাঁকিয়া ফেলিবে, যে তক্র থাকিবে শর্করা সংযুক্ত করিয়া পানার্থ বিধান করিবে।

১০। বসা ও দুগ্ধ।

অর্দ্ধ ছটাক মেষের বসা অতি সূক্ষ্মরূপে কুট্টিত করিয়া সূক্ষ্ম বস্ত্রখণ্ড বাঁধিয়া /১ সের সদ্যঃ দুগ্ধের সহিত মৃদুরূপে ফুটাইবে, পরে শর্করাক্ত করিয়া সেবন করিবে। বলকর, সুপথ্য; টেবীজ্ মেসেণ্টেরিকা এবং যক্ষ্মাদি রোগে উপকার করে।

১১। দুগ্ধ-রোটিকা।

একখানি পাঁউরোটির কোমলাংশ লইয়া তদুপরি স্ফুটিত জল দিয়া ৩ ঘণ্টা পর্য্যন্ত ভিজাইয়া রাখিবে; পরে জল ছাঁকিয়া ফেলিয়া পুনরায় জল দিয়া অগ্নিতে ফুটাইবে; রোটিকা কোমল এবং মসৃণ হইলে পর যত্নপূর্ব্বক জল ছাঁকিয়া ফেলিবে; শীতল হইলে পর দুগ্ধ এবং শর্করা সহযোগে পথ্যরূপে ব্যবস্থা করিবে। লঘুপাক এবং পুষ্টিকর পথ্য; বালক, বৃদ্ধ এবং দুর্ব্বল ব্যক্তির উপযোগী।

১২। স্নিগ্ধকর এবং পুষ্টিকর পানীয়।

বাদাম মিশ্র, দুগ্ধ, আরবি গঁদের মণ্ড প্রত্যেক অর্দ্ধ পাইণ্ট্ (।/০ ছটাক), একত্র মিলাইয়া শর্করা বা মধু সংযুক্ত করিয়া

লইবে। সমস্ত দিবসে ক্রমশঃ পান করিতে দিবে। প্রকারান্তর।— ১ ড্রাম্ পরিমাণ আইসিংগ্লাস্ দেড় পোয়া (।৵০) দুগ্ধের সহিত ফুটাইয়া তাহাতে ৬টি বাদাম পেষিত মিলাইয়া শর্করা বা মধু সংযুক্ত করিয়া তপ্ত তপ্ত পান করিতে দিবে। এইরূপ দিবসে ৩৪ বার বিধেয়। গলমধ্যে, মুখমধ্যে এবং তালুতে ক্ষতাদি হইলে এবং পাকাশয়ের উগ্রতাদিতে সুপথ্য।

১৩। বীফ্-টী।

অর্দ্ধসের গো-মাংস অতি সূক্ষ্মরূপে কুট্টিত করিয়া একটী মৃন্তাণ্ড মধ্যে এক সের শীতল জলে ফেলিয়া ৩ ঘণ্টা পর্য্যন্ত মৃদু সন্তাপ দিবে; পরে ১০ মিনিট্ পর্য্যন্ত ফুটাইয়া ছাঁকিয়া লইবে।

১৪। আসবাণ্ড।

একটি অণ্ড ভাঙ্গিয়া কুসুম এবং লালা একত্র আবর্ত্তন করিবে, যে পর্য্যন্ত ফেনিল না হয়। পরে তাহাতে কিঞ্চিৎ শর্করা এবং দুই চামচ জল মিলাইবে; অবশেষে এক ওয়াইন্-গ্ল্যাস্ শেরি আসব মিলাইয়া প্রয়োগ করিবে। উত্তেজক ও পুষ্টিকর। টাই-ফয়িড্ প্রভৃতি বিকৃত জ্বরে পথ্য।

১৫। দারুচিনি ও দুগ্ধ।

অর্দ্ধ সের সদ্যঃদুগ্ধ এ পরিমাণ দারুচিনি সহযোগে সিদ্ধ করিবে, যেন দুগ্ধে সুন্দর দারুচিনির সদ্গন্ধ হয়, পরে শর্করা মিলাইয়া লইবে। উদরাময়গ্রস্ত রোগীকে পথ্যার্থ প্রয়োগ করিবে। এক চা-চামচ ব্র্যাণ্ডি মিলাইতে পারিবে।

১৬। দুগ্ধ, গোধূমচূর্ণ ও লৌহ।

।০ আউন্স্ উত্তম সূক্ষ্ম ময়দা; ১টি কুক্কুটাণ্ড; ২০ গ্রেণ্ স্যাকারেটেড্ কার্বনেট্ অব্ আয়রন্ এবং অর্দ্ধ পাইণ্ট্ সদ্যঃ দুগ্ধ। এই কয়েক দ্রব্য উত্তমরূপে একত্র মিলাইয়া লইবে। বিস্কুট্ সহযোগে পথ্যার্থ দিবে। পুষ্টিকর এবং রক্তজনক। যক্ষ্মাদি রোগের প্রারম্ভে উপকার করে।

১৭। কৃত্রিম গর্দ্দভী-দুগ্ধ।

অর্দ্ধ আউন্স্ জেলেটিন্ অর্দ্ধ পাইণ্ট্ উষ্ণ যবের মণ্ডে (১ম প্রকার) দ্রব করিবে, পরে ১ আউন্স্ শর্করা মিলাইয়া পাইণ্ট্ সদ্য গোদুগ্ধের উপর ঢালিয়া দিবে।

১৮। কৃত্রিম ছাগী-দুগ্ধ।

১ আউন্স্ মেষের বসা অতি সূক্ষ্মরূপে কুট্টিত করিয়া সূক্ষ্ম বস্ত্রখণ্ডে বাঁধিয়া শ্লথ পুঁটলী করিবে। এই পুঁটলী ১ কোয়ার্ট (১॥০ সের) সদ্যঃ গাভী-দুগ্ধের সহিত মৃদুভাবে ফুটাইবে, পরে ঐ দুগ্ধে শর্করা সংযোগ করিয়া লইবে।

১৯। বীফ্-টী এবং মালাইয়ের পিচ্কারী।

উত্তম বীফ্-টী, ৪ আউন্স্; মালাই, ১ আউন্স্; পোর্ট্ আসব, ১ আউন্স্; একত্র মিলাইয়া মলদ্বারে পিচ্কারী দিবে। অবসন্নাবস্থায় রোগী আহার উদরস্থ করিতে অক্ষম হইলে বিধেয়।

পুলিস হইতে প্রেরিত মৃতদেহ-পরীক্ষা-প্রণালী।

জেলা——

তারিখ——

নাম, পু, স্ত্রী, বিভেদ, বয়স জাতি।	কোথা হইতে আনীত গ্রাম থানা।	কোন্ তারিখে প্রেরিত।	কোন্ সময় পরীক্ষিত।	পুলিস হইতে প্রাপ্ত বিবরণ

সমুদয় শারীর যন্ত্রের অবস্থা পর্য্যবেক্ষণ করিবে, রোগ বা আঘাত-চিহ্ন না থাকিলে "সহজাবস্থা"বলিয়া লিখিবে।

১। বাহ্য পরীক্ষা।

১। শবদেহের বাহ্যাবস্থা অর্থাৎ স্থূল বা কৃশ বা গলিত বা পচা।	২। আঘাত (কাটা), স্থান, পরিসর, প্রকার।	৩। নিষ্পেষণাঘাত (থেঁৎ-লান, স্থান, পরিসর, প্রকার।	৪। গলদেশে রজ্জু-চিহ্ন, ঐ স্থান ছেদন ও পরীক্ষা।

২। করোটী এবং কশেরুকানলী।

১। করোটী চর্ম্ম, করোটী অস্থি, কশেরুকা।	২। আবরণ ঝিল্লি।	৩। মস্তিষ্ক এবং কশেরুকা-মজ্জা।

রোগ বা আঘাত-চিহ্ন না থাকিলে কশেরুকানলী দেখিবার প্রয়োজন নাই।

৩। বক্ষোগহ্বর।

১। বৃত্তি, পর্শুকা, উপাস্থি।	২। ফুস্‌ফুসাবরণ।	৩। স্বরযন্ত্র ও শ্বাসনলী।	৪। দক্ষিণ ফুস্‌ফুস্‌।	৫। বাম ফুস্‌ফুস্‌।	৬। হৃদাবরণ	৭। হৃৎপিণ্ড	৮। বৃহদ্ধমনী সকল।

৪। উদর-গহ্বর।

১ বৃত্তি।	২। অন্ত্রাবরণ।	৩। মুখ, গল, গলনলী।	৪। পাকাশয় এবং তদাধেয়।	৫। ক্ষুদ্রান্ত্র এবং তদাধেয়।	৬। বৃহদন্ত্র এবং তদাধেয়।	৭ যকৃৎ	৮ প্লীহা	৯। মূত্রগ্রন্থি বা বৃক্কক।	১০ মূত্রাশয়।	১১ বাহ্য এবং আভ্যন্তরিক জলসোশ্রয়।

৫। পেশী, অস্থি এবং সন্ধি।

১। আঘাত।	২। রোগ বা বৈকল্য।	৩। অস্থি-ভঙ্গ।	৪। সন্ধি-বিচ্যুতি।

আঘাত বা রোগের বিশেষ বিবরণ।

মৃত্যুর কারণ।　　নেটিভ্ ডাক্তারের অভিপ্রায়।

(স্বাক্ষর)　নেটিভ্ ডাক্তার (অমুক স্থান)

সিভিল্ সার্জনের　　বক্তব্য

(স্বাক্ষর)

সিভিল্ সার্জন্ (অমুক স্থান)

তারিখ

বিষ।

দাহক বিষ।

কষ্টিক্ পটাশ্ (লাইকর্ পোটাসী, পোটাসী কার্ব্ঃ) ।—

লক্ষণ।—কষায় দাহক আস্বাদ; মুখ, গলা ও পাকাশয়ে জ্বালা ও যন্ত্রণা। যদি বমন হয় ত বমিত দ্রব্যে রক্ত। উদর প্রদেশ স্পর্শ করিলে বেদনা; অন্ত্রে বেদনা; অত্যন্ত ভেদ; গাত্র শীতল ও চটচটে; নাড়ী ক্ষুদ্র ও দ্রুতগামী; চিন্তাযুক্ত মুখের ভাব।

বিষ-নাশার্থ—জলমিশ্র অম্ল; সির্কা; তৈল।

কষ্টিক্ সোডা (লাইকর্ সোডী) ।—

লক্ষণাদি কষ্টিক্ পটাসের ন্যায়।

লাইকর্ য়্যামোনী বা কার্ব্ঃ।—

লক্ষণ।—য়্যামোনিয়া-বাষ্প আঘ্রাণ করিলে শ্বাসনলীর আক্ষেপ উপস্থিত হয় ও শ্বাসরোধ হয়। জলমিশ্র করিয়া লইলে ফুসফুসের শ্লৈষ্মিক ঝিল্লির প্রদাহ ও উগ্রতা উপস্থিত করে। উদরস্থ করিলে পটাশের ন্যায় লক্ষণ প্রকাশ পায়।

বিষঘ্ন।—কষ্টিক্ পটাশের ন্যায়।

সাল্ফিউরিক্ য়্যাসিড্ (গন্ধক দ্রাবক) ।—সাংঘাতিক মাত্রা, ১ ড্রাম্ বা ততোঽধিক। মৃত্যু, ২—২৪ ঘণ্টা। লক্ষণ।—অনতিবিলম্বে মুখ গলা উদরাদিতে সাতিশয় বেদনা ও জ্বালা। কৃষ্ণবর্ণ বমনী; বমিত পদার্থ রক্তমিশ্রিত। চর্ম্ম শীতল ও আর্দ্র। নাড়ী ক্ষীণ ও ক্ষুদ্র। মুখাদি প্রথমে শ্বেতবর্ণ, পরে কৃষ্ণবর্ণ।

বিষঘ্ন।—কার্বনেট্‌স, বাইকার্বনেট্‌স, ম্যাগ্‌নিসিয়া সোডা ও পটাশঘটিত লবণ, দ্রবকারক ঔষধ, তৈল।

নাইট্রিক্ য়্যাসিড্ (যবক্ষার দ্রাবক)।—সাংঘাতিক মাত্রা, ২ ড্রাম্। মৃত্যু ১॥০ ঘণ্টা কাল বা ততোঽধিক। লক্ষণাদি গন্ধক দ্রাবকের ন্যায়।

হাইড্রোক্লোরিক য়্যাসিড্।—সাংঘাতিক মাত্রা, ১ আ-উন্স্। মৃত্যু ৪ ঘণ্টা কাল বা ততোঽধিক। লক্ষণাদি গন্ধক দ্রাবকের মত।

অক্‌জ্যালিক্ য়্যাসিড্।—সাংঘাতিক মাত্রা, ১ ড্রাম। মৃত্যু, ১০ মিনিট্ বা ততোঽধিক কাল। লক্ষণ।—মুখে অম্ল আস্বাদ। মুখ, গলনলী ও শ্বাসনলীর মধ্যে জ্বালা। সচরাচর অবিলম্বে হরিদ্বর্ণ বা কফীচূর্ণ-বর্ণ পদার্থ বমিত হয়। কখন কখন বমিত দ্রব্য রক্তমিশ্রিত হয়। নাড়ী ক্ষীণ; চর্ম্ম শীতল ও আর্দ্র; উদর প্রদেশে সাতিশয় বেদনা ও কোমলতা; প্রলাপ; আক্ষেপ। অধিক পরিমাণে জল মিশ্রিত করিয়া সেবন করিলে ১৫ মিনিট্ পর্য্যন্ত বমন না হইতেও পারে।

বিষঘ্ন।—চূণ, খড়িমাটি, ম্যাগ্‌নিসিয়া। বমনকারক ঔষধ দ্বারা বমন। ক্ষার ও ক্ষারঘটিত কার্বনেট্‌স্ অবিধেয়, কারণ উহাদের দ্বারা যে লবণ প্রস্তুত হয়, তাহারাও প্রবল বিষ।

উগ্র বিষ।

ফস্‌ফরাস্‌।—সাংঘাতিক মাত্রা ১।।০ গ্রেণ্‌। মৃত্যু তিন ঘণ্টা হইতে কয়েক দিন পর্য্যন্ত।

লক্ষণ।—কয়েক ঘণ্টা পর্য্যন্ত কোন লক্ষণ প্রকাশ না পাইতে পারে, এবং কখন কখন ২৪—৩৬ ঘণ্টা পর্য্যন্ত লক্ষণ সকল প্রকাশ পাইতে বিলম্ব হয়। মুখে কদর্য্য আস্বাদ; গলমধ্যে জ্বালা ও যন্ত্রণা; সাতিশয় পিপাসা; পাকাশয়প্রদেশে অত্যন্ত বেদনা; মুহুর্মুহুঃ বমন। বমিত দ্রব্য হরিদ্বর্ণ, কৃষ্ণবর্ণ বা কফীচূর্ণ-বর্ণ এবং রশুনের গন্ধযুক্ত; অন্ধকারে দীপ্তিমান্‌। ভেদ হইতে পারে; মল অন্ধকারে দীপ্তিমান্‌। নাড়ী বেগবতী ও ক্ষুদ্র; চর্ম্ম শীতল ও আর্দ্র; সাতিশয় অবসন্নতা; পাণ্ডু; প্রলাপ; আক্ষেপ; অচৈতন্য। ফস্‌ফরাস্‌ দ্বারা ক্রমশঃ বিষাক্ত হইলে (যেমন লুসিফর দিয়াশিলাই প্রস্তুত করিলে সচরাচর হইয়া থাকে), বমন, বায়ু-উদ্গীরণ, পাকাশয়প্রদেশে উষ্ণতা বোধ, ভেদ, সন্ধি সকলে বেদনা, হেক্‌টিক্‌, ক্রমশঃ শীর্ণতা, মাঢ়ি-অস্থির বিনাশ, দন্তে গহ্বর ও বিনাশ, ইত্যাদি।

বিষনাশার্থ।—তৈল অবিধেয়, কারণ ফস্‌ফরাস্‌ দ্রব করে। বমনকারক ঔষধ, ষ্টমাক্‌ পম্প, জলে তিন গ্রেণ্‌ সাল্‌ফেট্‌ অব্‌ কপার্‌ দ্রব পাঁচ মিনিট্‌ অন্তর প্রয়োগ করিবে, যে পর্য্যন্ত না বমন উপস্থিত হয়।

আর্সেনিয়াস্‌ য়্যাসিড্‌ (শঙ্খ-বিষ)।—সাংঘাতিক মাত্রা, ২ গ্রেণ্‌। মৃত্যু, ৫ ঘণ্টা বা ততোঽধিক কাল মধ্যে।

লক্ষণ।—এককালে অর্ব্বিক মাত্রায় সেবন করিয়া বিষাক্ত হইলে, এক ঘণ্টার মধ্যে মূর্চ্ছা, বিবমিষা, বমন, পাকাশয়প্রদেশে অত্যন্ত জ্বালা। বমিত দ্রব্য কৃষ্ণবর্ণ বা ধূসরবর্ণ, সচরাচর রক্তমিশ্রিত, অথবা আর্সেনিকের সহিত নীলবড়ি মিশ্রিত থাকায় উহার পিত্তের উপর ক্রিয়া প্রযুক্ত হরিদ্বর্ণ। শিরঃপীড়া, ভেদ, সাতিশয় কুন্থন, অত্যন্ত পিপাসা, গলনলী আদির অবরোধ; নাড়ী ক্ষুদ্র ও দ্রুতগামী; চর্ম্ম শীতল ও আর্দ্র; ভেদ অত্যন্ত অধিক হইলে গুহ্যদ্বার ক্ষত হয় এবং পদদ্বয়ে আক্ষেপ প্রকাশ পায়। পরে অচৈতন্য ও আক্ষেপ প্রকাশ পাইয়া মৃত্যু। কখন কখন মাদক বিষের লক্ষণও দৃষ্ট হয়।

অল্প মাত্রায় অধিক কাল সেবন করিয়া বিষাক্ত হইলে, পাকাশয় ও অন্ত্র প্রদেশে বেদনা, বিবমিষা, উদরাময়। জিহ্বা শুষ্ক ও ঊর্ণাযুক্ত, পরে রৌপ্যবৎ শ্বেতবর্ণ। পিপাসা; শীর্ণতা; চক্ষু প্রদাহগ্রস্ত; চক্ষুপল্লব স্ফীত; গাত্রে একজিমার ন্যায় স্ফোট। ইহাতে পূর্ব্বোক্ত প্রকারে সেবনের ন্যায়ও লক্ষণ প্রকাশ হইতে পারে।

বিষনাশার্থ।—বমনকারক ঔষধ; ষ্টমাক্ পম্প্, অণ্ডলাল-ঘটিত এবং স্নিগ্ধকারক পানীয় (ডিম্ব ও দুগ্ধ); তৈল ও চূণের জল; জান্তব অঙ্গার, লঘু ম্যাগ্নিসিয়া বা সাল্ফেট্ অব্ ম্যাগ্নিসিয়া হইতে লাইকর্ পোটাসী দ্বারা প্রাপ্ত, জেলেটিন্-বৎ অধঃস্থ অক্সাইড্। হাইড্রেটেড্ পারক্সাইড্ অব্ আয়রন্; নিম্নলিখিত প্রকারে প্রস্তুত করা যায়।—৫ ড্রাম্ লাইকর্ ফেরি পার্ক্লোরাইড্, ১ আউন্স্ কার্বনেট্ অব্ সোডা একত্র করিয়া ছাঁকিয়া লইলে, ছাঁকনীতে যে অধঃস্থ দ্রব্য সংগৃহীত হইবে,

তাহা প্রচুর পরিমাণে জলের সহিত উত্তমরূপে নাড়িয়া লইয়া ১ চামচ মাত্রায় প্রয়োজনমত ব্যবহেয়। ইহা দশ গ্রেণ পরিমাণে আর্সেনিয়াস্ য়্যাসিড্ নষ্ট করে।

টার্টারেটেড্ য়্যাণ্টিমনি বা টার্টার্ এমেটিক্।—সাংঘাতিক মাত্রা, ১০ হইতে ২০ গ্রেণ্। মৃত্যু, কয়েক ঘণ্টা বা ততোঽধিক কাল।

লক্ষণ।—এককালে অধিক মাত্রায় সেবন করিলে মুখে ধাতব আস্বাদ; বিবমিষা; বমন; পাকাশয়প্রদেশে বেদনা, উষ্ণতা-বোধ; ভেদ; আক্ষেপ; পিপাসা; গলাধঃকরণে কষ্ট; গলদেশে অবরোধ-বোধ; নাড়ী ক্ষুদ্র ও দ্রুত; চর্ম্ম শীতল ও আর্দ্র; সাতিশয় আক্ষেপ ও অত্যন্ত অবসন্নতা; পরে মৃত্যু।

অল্প মাত্রায় অধিক কাল সেবন করিয়া বিষাক্ত হইলে—অবিরাম বমন-ইচ্ছা, জ্বর, ক্ষণে ক্ষণে বমন ও ভেদ, আহারে অরুচি, শীর্ণতা, অবসন্নতা, ও ক্রমশঃ মৃত্যু।

বিষনাশার্থ।—বমনকারক ঔষধ; তৈলাক্ত উষ্ণ পানীয়; চা; সিঙ্কোনা; ওক্‌বার্ক্ আদি ট্যানিন্‌ঘটিত দ্রব্যের ফাণ্ট্।

ক্লোরাইড্ অব্ য়্যাণ্টিমনি।—অতি প্রবল দাহক।—

লক্ষণ।—বিবমিষা; কুন্থন; উদরে কামড়ানি; সাতিশয় অবসন্নতা।

বিষঘ্ন।—টার্টার্ এমেটিকের ন্যায়।

মার্কারি (পারদ)।—করোসিভ্ সাব্‌লিমেট্—পার্‌ক্লোরাইড্ অব্ মার্কারি—সাংঘাতিক মাত্রা, তিন গ্রেণ্। মৃত্যু অর্দ্ধ ঘণ্টা হইতে।—

লক্ষণ।—এককালে অধিক মাত্রায় বিষাক্ত হইলে অনতি-

বিলম্বে, মুখে তাঁবাটিয়া ধাতব আস্বাদ। মুখমধ্যে, গলনলীতে ও পাকাশয়ে অবরোধ-বোধ ও জ্বালা যন্ত্রণা, বিবমিষা, রক্তমিশ্রিত শ্লেষ্মা বমন; উদরাময়; আমাশয়; অন্ত্রমধ্যে বেদনা। মুখমণ্ডলের স্ফীতি ও আরক্তিমতা; জিহ্বা শ্বেতবর্ণ ও কুঞ্চিত; নাড়ী ক্ষুদ্র ও দ্রুতগামী; চর্ম্ম শীতল ও আর্দ্র; মূত্র-অবরোধ; কখন কখন সাতিশয় লাল নিঃসরণ; মূর্চ্ছা; আক্ষেপাদির পর মৃত্যু।

অল্প মাত্রায় অধিক কাল সেবন করিয়া বিষাক্ত হইলে, বিবমিষা ও কখন কখন বমন; প্রচুর পরিমাণে লাল নিঃসরণ; মুখমধ্যে বেদনা; মাঢ়ি কোমল; অল্পেই মাঢ়ি হইতে রক্তস্রাব হয়; দন্ত পড়িয়া যায়; নিশ্বাসে দুর্গন্ধ; পারদঘটিত কম্পনও প্রকাশ পাইতে পারে।

বিষনাশার্থ।—বমনকারক ঔষধ; অণ্ডলাল; দুগ্ধ। ষ্টমাক্ পম্প্ অপ্রয়োজ্য।

য়্যাসিটেট্ অব্ লেড্ (সীসশর্করা)।—সাংঘাতিক মাত্রা ও মৃত্যুকাল অনিশ্চিত।

লক্ষণ।—এককালে অধিক মাত্রায় সেবন করিয়া বিষাক্ত হইলে মুখে ধাতব আস্বাদ; গলনলীমধ্যে জ্বালা; মুখমধ্যে শুষ্কতা ও পিপাসা; বমন; সাতিশয় মোচড়ানিযুক্ত শূলবেদনা; চাপিলে বেদনার লাঘব হয়; কোষ্ঠ-কাঠিন্য, মল কৃষ্ণবর্ণ; নাড়ী ক্ষুদ্র ও বেগবতী. চর্ম্ম শীতল; পায়ের ডিমের আক্ষেপ বা খেঁচুনি; সাতিশয় অবসন্নতা; শিরোঘূর্ণন; অচৈতন্য, ইত্যাদি।

অল্প মাত্রায় অধিক কাল সেবন বা ব্যবহার করিয়া বিষাক্ত হইলে (যথা—মুদ্রা-যন্ত্রে যাহারা কার্য্য করে, তাহাদের মধ্যে

সচরাচর দেখিতে পাওয়া যায়। দৌর্ব্বল্য; নাভিপ্রদেশে মোচড়ানি ও কামড়ানি বেদনা; কোষ্ঠকাঠিন্য; পিপাসা; মলিন-মুখশ্রী; শীর্ণতা; মুখমধ্যে মিষ্ট আস্বাদ; মণিবন্ধের প্রসারক পেশী সকলের পক্ষাঘাত; দন্ত ও মাঢ়ি যে স্থলে সংযোগ হইয়াছে, তথায় নীলবর্ণ রেখা।

বিষনাশার্থ।—বমনকারক ঔষধ; বিরেচক ঔষধ (লাবণিক যথা, সাল্ফেট্ অব্ ম্যাগ্নিসিয়া বা সলফেট্ অব্ সোডা)। শেষোক্ত প্রকারে বিষাক্ত হইলে আইয়োডাইড্ অব্ পোটাসিয়াম্ ও এপ্সম্ সল্ট্ বা জলমিশ্র গন্ধক দ্রাবক।

সাল্ফেট্ অব্ কপার্ (তুঁতিয়া)।—সাংঘাতিক মাত্রা অনিশ্চিত। মৃত্যু চারি ঘণ্টা হইতে—

লক্ষণ।—উদরপ্রদেশে কামড়ানি; বমন; বমিত পদার্থ নীলবর্ণ বা হরিদ্বর্ণ; উদরাময়; মস্তকে বেদনা; শিরোঘূর্ণন; শ্বাসকৃষ্ট; নাড়ী বেগবতী; হস্ত পদ শীতল; পাণ্ডুরোগ; অচৈতন্য; আক্ষেপ; পরে মৃত্যু।

বিষনাশার্থ।—অণ্ডলাল; দুগ্ধ। বমন করণার্থ উষ্ণ পানীয়।

সাল্ফেট্ অব্ জিঙ্ক্।—সাংঘাতিক মাত্রা অনিশ্চিত। মৃত্যু ৪ ঘণ্টা হইতে—

লক্ষণ।—প্রবল বমন; উদরে বেদনা; ভেদ; কোল্যাপ্স্;

বিষনাশার্থ।—চা; কফী; ওক্ বার্কের ফাণ্ট; দুগ্ধ ও অণ্ড-লাল। বমন-সহায়তা করিবে।

ক্লোরাইড্ অব্ জিঙ্ক্।—

লক্ষণাদি সাল্ফেট্ অব্ জিঙ্কের ন্যায়।

কার্বলিক্ এসিড্।—সাংঘাতিক মাত্রা, দুই ড্রাম্;

রক্ত-কৃষ্ণবর্ণ কার্বলিক্ য়্যাসিড্ সেবনে একটি বালকের মৃত্যু হইয়াছে। অর্দ্ধ আউন্স্ সেবনে একটি যুবার মৃত্যু হইয়াছে। মৃত্যু অর্দ্ধঘণ্টা কাল।

লক্ষণ।—গাঢ় য়্যাসিড্ সেবন করিলে, মুখ, গলনলী ও পাকাশয়ে জ্বালা। মুখমধ্যস্থ শ্লৈষ্মিক ঝিল্লি শ্বেতবর্ণ; ফেনবৎ পদার্থ বমন; চর্ম্ম শীতল ও আর্দ্র; নাড়ী দ্রুত ও সবিরাম; অচৈতন্য; সশব্দ শ্বাসপ্রশ্বাস; অক্ষিতারকা কুঞ্চিত; নিশ্বাসে য়্যাসিডের গন্ধ।

চিকিৎসা।—ষ্টমাক্ পম্প্ দ্বারা পাকাশয় পরিষ্কার করতঃ উষ্ণ জল দ্বারা পাকাশয় ধৌত করিবে। চূণ বা সোডার শর্করা যুক্ত দ্রব; ক্যাষ্টর্ অয়িল ১ আউন্স্; উত্তেজক ঔষধ; হস্তপদে উষ্ণতা সংস্থাপন করিবে।

স্যাভিন্।—গর্ভপাত করণোদ্দেশ্যে ব্যবহৃত হয়।

লক্ষণ।—উদরে সাতিশয় বেদনা, বমন, রক্তপ্রস্রাব, [illegible] ভেদ।

চিকিৎসা।—বমনকারক ঔষধ, বিরেচক (এরণ্ড তৈল)।

ক্রোটন্ অয়িল্ বা বীজ (জয়পাল)।—

লক্ষণ।—মুখ, পাকাশয় ও অন্ত্রে জ্বালা ও উত্তাপ-বোধ; সাতিশয় ভেদ ও বমন; অত্যন্ত দৌর্ব্বল্য। রোগী সত্বর মৃত্যুগ্রাসে পতিত হয়।

ক্যাষ্টর্ অয়িল্ সীড্স্।—(এরণ্ড-বীজ)। তিনটি মাত্র বীজ সেবন করিয়া ৪৬ ঘণ্টায় মৃত্যু হইয়াছে।

লক্ষণ।—উদরে সাতিশয় বেদনা; অত্যন্ত ভেদ ও বমন; অত্যন্ত খেঁচুনি, চর্ম্ম শীতল ও আর্দ্র; নাড়ী ক্ষুদ্র; কোল্যাপ্স্।

চিকিৎসা।—বমনকারক ঔষধ; স্নিগ্ধকারক পানীয়, এবং অহিফেনঘটিত ঔষধ।

কল্‌চিকাম্‌।—সাংঘাতিক মাত্রা, ইহার আসব (ভাইনাম্‌) অর্দ্ধ আউন্স্‌। মৃত্যুকাল, ৭ ঘণ্টা।

লক্ষণ।—পাকাশয় ও অন্ত্রে জ্বালা; বিবমিষা; বমন; পীতবর্ণ জলীয় ভেদ; চর্ম্ম শীতল ও ঘর্ম্মাক্ত; নাড়ী ক্ষুদ্র; খেঁচুনি; হৃৎপিণ্ডের ক্রিয়ার ক্ষীণতা।

চিকিৎসা।—বমনকারক ঔষধ, ডিজিটেলিস্‌, উত্তেজক ঔষধ।

আর্গট্‌ অব্‌ রাই।—

লক্ষণ।—গলনলীর শুষ্কতা; পাকাশয়ে জ্বালা ও বেদনা; বমন; কচিৎ ভেদ; শিরঃপীড়া; প্রলাপ। হৃৎপিণ্ডের ক্রিয়া হ্রাস হয়।

চিকিৎসা।—বমনকারক ঔষধ; স্নিগ্ধকারক পানীয়; উত্তেজক ঔষধ; নাইট্রাইট্‌ অব্‌ য়্যামিলের শ্বাস।

ক্যান্থারাইডিস্‌।—

লক্ষণ।—কটু আস্বাদ; পাকাশয়, গলনলী ও অন্ত্রে জ্বালা ও বেদনা; রক্তমিশ্রিত শ্লেষ্মা বমন; চূর্ণ ভুক্ত হইলে বমনে ক্ষুদ্র ক্ষুদ্র হরিদ্বর্ণ পদার্থ; মুহুর্মুহুঃ মূত্র-ত্যাগ-ইচ্ছা; প্রস্রাব রক্তমিশ্রিত; কচিৎ ভেদ; লিঙ্গোচ্ছ্বাস; মূর্চ্ছা; আক্ষেপ।

চিকিৎসা।—বমনকারক ঔষধ; স্নিগ্ধকারক পানীয়; উষ্ণ স্নান; অহিফেনঘটিত ঔষধ।

মাদক বিষ।

অহিফেন।—সাংঘাতিক মাত্রা, ৪ গ্রেণ্ হইতে; মৃত্যু, ৩ হইতে ১২ ঘণ্টা বা ততোঽধিক কাল।

লক্ষণ।—প্রায় অর্দ্ধ ঘণ্টা মধ্যে প্রকাশ পায়। প্রথমে উত্তেজনা, পরে শিরোঘূর্ণন; তন্দ্রা; অচৈতন্য; কোমা, ইত্যাদি। অক্ষিতারকা কুঞ্চিত এবং আলোক লাগিলে তদনুভব-রাহিত্য, পরে শেষ অবস্থায় তারকা প্রসারিত; শ্বাস প্রশ্বাস প্রথমে দ্রুত, ক্রমশঃ মন্দ ও সশব্দ। চর্ম্ম শীতল অথবা উষ্ণ এবং ঘর্ম্মাক্ত; শেষাবস্থায় প্রচুর শীতল ঘর্ম্মে অভিষিক্ত। প্রথমাবস্থায় রোগীকে চেষ্টা করিয়া জাগরিত করা যায়, কিন্তু শেষাবস্থায় উহা অসাধ্য। নাড়ী প্রথমে দ্রুত ও অব্যবস্থিত, ক্রমশঃ মন্দগামী, ক্ষীণ, ও পরিশষে অননুভবনীয়। চর্ম্ম ভিন্ন সর্ব্বশরীরের স্রাবণ ক্রিয়া রোধ হয়।

চিকিৎসা।—বমনকারক ঔষধ; ষ্টমাক্ পম্প্; চা; কফী; হৃৎপিণ্ডের ক্রিয়া উন্নত রাখিবার জন্য ডিজিটেলিস, য়্যামোনিয়া-বাষ্প। গাত্রে চিম্‌টান, চড়মারা প্রভৃতি। রোগীকে অনবরত পরিভ্রমণ করাইবে; তাহাকে মধ্যে মধ্যে ঝাঁকরানি দিবে, উচ্চ রবে তাহার সহিত কথা কহিবে, কপালে সজোরে নখ বসাইবে; শেষ, তাড়িৎ প্রয়োগ ও কৃত্রিম শ্বাসক্রিয়া করাইবে।

বেলাডোনা।—

লক্ষণ।—মুখ, তালু ও গলনলীর শুষ্কতা; সাতিশয় পিপাসা; বিবমিষা; বমন; অক্ষিতারকা-প্রসারণ; শিরোঘূর্ণন; সাতিশয় অবসন্নতা; প্রলাপ; আক্ষেপ; অচৈতন্য; কোমা।

চিকিৎসা।—ষ্টমাক্ পম্প্ বা বমনকারক ঔষধ, কফী, উত্তে-

জক ঔষধ, এবং অর্দ্ধ গ্রেণ্ মাত্রায় পাইলোকার্পিন্ হাইপোডার্মিক্ প্রয়োগ অথবা ২ ড্রাম্ মাত্রায় টিংচার্ অব্ জেবরাণ্ডি।

হাইয়োসায়েমাস্ ও ষ্ট্র্যামোনিয়াম্।—বেলাডোনার ন্যায়।

ডিজিটেলিস্।—

লক্ষণ।—বমন; ভেদ; বেদনা; শিরঃপীড়া; নাড়ী মৃদুগামী ও অব্যবস্থিত; অক্ষিতারকা প্রসারিত; হৃৎপিণ্ডের ক্রিয়ার সাতিশয় অবসন্নতা; আক্ষেপ; অচৈতন্য।

চিকিৎসা।—বিরেচক ঔষধ; বমনকারক ঔষধ, ঔদ্ভিদ ফাণ্ট্; চা; কফী; ব্র্যাণ্ডি ও উত্তেজক ঔষধ।

কোনায়াম্ (হেম্লক্)।—

লক্ষণ।—প্রথমে ঐচ্ছিক পেশী সকলের, পরে বক্ষঃস্থ পেশী সকলের ও তৎপরে ডায়াফ্রামের পক্ষাঘাত; শ্বাসরোধ; মৃত্যুর পরেও হৃৎপিণ্ডে ক্রিয়া লক্ষিত হয়।

চিকিৎসা।—বমনকারক ঔষধ; বিরেচক ঔষধ; উত্তেজক ঔষধ।

য়্যাকোনাইট্।—

এক ঘণ্টা ১৫ মিনিটে মৃত্যু দেখা গিয়াছে।

লক্ষণ।—ওষ্ঠ, জিহ্বা, মুখ ও গলমধ্যে ঝিন্‌ঝিনি ও অসাড়তা; শিরোঘূর্ণন; দৌর্ব্বল্য; বিবমিষা; বমন; পাকাশয়-প্রদেশে বেদনা; নাড়ী ক্ষীণ ও অব্যবস্থিত; চর্ম্ম শীতল ও ঘর্ম্মাক্ত; শ্বাসকষ্ট।

চিকিৎসা।—বমনকারক ঔষধ; বিরেচক ঔষধ; জান্তব অঙ্গার; ডিজিটেলিস্; উত্তেজক ঔষধ।

হাইড্রোসিয়্যানিক্ য়্যাসিড্।

লক্ষণ।—অধিক মাত্রায় সেবন করিলে অবিলম্বেই লক্ষণ সকল প্রকাশ পায়। মূর্চ্ছা; অচৈতন্য; দীর্ঘ আয়াসকর শ্বাস-প্রশ্বাস; চর্ম্ম শীতল ও আঠাবৎ ঘর্ম্মে অভিষিক্ত; মুখ ও মস্তকে সাতিশয় রক্তাবেগ; অক্ষিতারকা প্রসারিত; চক্ষু উজ্জ্বল; নাড়ী সাতিশয় ক্ষুদ্র। অল্প মাত্রায় সেবন করিলে মূর্চ্ছা; শিরোঘূর্ণন; মস্তক ব্যাপিয়া একটি চাপ বোধ; শ্বাস-কৃচ্ছ্র; অনৈচ্ছিক মলমূত্রত্যাগ; হস্তপদাদির পক্ষাঘাত। মৃত্যুর পূর্ব্বে ধনুষ্টঙ্কারের ন্যায় আক্ষেপ।

চিকিৎসা।—প্রথমাবস্থায় য্যামোনিয়া-শ্বাস; রোগী গিলিতে সক্ষম হইলে বমনকারক ঔষধ; নতুবা ষ্টমাক পম্প্; মস্তক, বক্ষঃ ও পৃষ্ঠবংশোপরি শীতল জল ঢালন। কার্বনেট্ অব্ পটাশ্ বা সোডা ও হিরাকস সঙ্গে থাকিলে জলে গুলিয়া খাওয়াইবে। ইহা দ্বারা বিষাক্ত হইলে চিকিৎসার সময় পাওয়া যায় না।

নাক্স্ভমিকা (কুঁচিলা), ও ইহার বীর্য্য ষ্ট্রিক্নিয়া।

—সাংঘাতিক মাত্রা, ।• গ্রেণ্। মৃত্যু, ১• মিনিট্ বা ততোঽধিক কাল।

লক্ষণ।—মুখে সাতিশয় তিক্ত আস্বাদ। কয়েক মিনিট্ মধ্যেই সাতিশয় শ্বাসকষ্ট। হস্তপদের খেঁচুনি, পরে দৃঢ়তা; সমস্ত শরীর বক্র, গোড়ালি ও মস্তকের পশ্চাদ্ভাগের উপর স্থিত; পেশী সকলের আক্ষেপ; মুখমণ্ডল চিন্তাযুক্ত, বিকৃত ও মলিন, চোয়াল বদ্ধ; পুনঃ পুনঃ বায়ু লাগিলে বা হঠাৎ কোন শব্দ হইলে ধনুষ্টঙ্কারের ন্যায় আক্ষেপ।

চিকিৎসা।—বমনকারক ঔষধ; ষ্টমাক্ পম্প্; উগ্র চা ও

কফী; উত্তেজক ঔষধ। রোগীকে স্থিরভাবে রাখিবে, কোন গোল না হয়। হাইড্রেট্ অব্ ক্লোর‍্যাল্, ব্রোমাইড্ অব্ পোটাসিয়াম্। আক্ষেপাবস্থায় ক্লোরোফর্ম্ বা ঈথরের শ্বাস।

ক্লোর‍্যাল্।—

লক্ষণ।—অচৈতন্য; পেশী সকলের শৈথিল্য; নাড়ী ক্ষীণ, কচিৎ দ্রুতগামী ও অব্যবস্থিত; কনীনিকা প্রসারিত; শ্বাস প্রশ্বাস মন্দগতি। মুখমণ্ডল কখন উজ্জ্বল, পরক্ষণে আবার মলিন। শরীরের উত্তাপ স্বাভাবিক অপেক্ষা হ্রাস হয়। ওষ্ঠ ম্লানবর্ণ; হস্তপদ শীতল।

চিকিৎসা।—ষ্টমাক্ পাম্প্, গাত্র ও হস্তপদাদিতে উষ্ণ কম্বল, উষ্ণ জলের বোতল প্রয়োগ, ঘর্ষণ, ইত্যাদি। কৃত্রিম শ্বাসক্রিয়া; সাবধানে সুরা প্রয়োগ; য়্যাট্রোপিয়া ও ষ্ট্রিকনিয়া হাইপোডার্মিক্ প্রয়োগ।

য়্যাল্কোহল্ (সুরাবীর্য্য)। —অচৈতন্য; কনীনিকা প্রসারিত; সশব্দ শ্বাস প্রশ্বাস; নাড়ী মন্দগামী ও চাপনশীল; নিশ্বাসে সুরার গন্ধ।

চিকিৎসা।—ষ্টমাক্ পাম্প্; একবার উষ্ণ ও একবার শীতল জলের ছাঁট; নাসারন্ধ্রে য়্যামোনিয়া আঘ্রাণ দ্বারা রোগীকে জাগরিত রাখিবে; উষ্ণ চা বা কফী।

তামাক।—

লক্ষণ।—পাকাশয়ে জ্বালা; শিরোঘূর্ণন; অত্যন্ত বিবমিষা; বমন; ভেদ; চর্ম্ম শীতল ও ঘর্ম্মাক্ত; পেশী সকলের শৈথিল্য; নাড়ী ক্ষীণ ও দ্রুতগামী; শ্বাস প্রশ্বাস মন্দগতি; অবশেষে অবসন্নাবস্থা।

চিকিৎসা।—ষ্টমাক্ পাম্প্; উত্তেজক ঔষধ; ঘর্ষণাদি দ্বারা

শরীরে উত্তাপ প্রয়োগ ; কৃত্রিম শ্বাসক্রিয়া ; ষ্ট্রিক্নিয়া হাইপো-ডার্মিক্ প্রয়োগ।

ক্লোরোফর্ম্‌—(গলাধঃকরণে)।—

লক্ষণ।—সংজ্ঞাহীনতা ; পেশীর শৈথিল্য ; সশব্দ শ্বাস প্রশ্বাস, শ্বাসগতি ক্রমশঃ অব্যবহিত ও আয়াসসাধ্য ; অক্ষি-তারকা কুঞ্চিত, পরে প্রসারিত।

চিকিৎসা।—ষ্টমাক্ পাম্প্ বা বমন করণার্থ সর্ষপ ; কার্বনেট্ অব্ সোডা দ্রব ; উষ্ণ উগ্র কফীর পিচকারী ; হৃৎপিণ্ডের ক্রিয়া লোপ হইলে ২০ মিনিম্ ডিজিটেলিসের অরিষ্ট হাইপোডার্মিক্ রূপে প্রয়োগ।

কোল্ গ্যাস্।—

লক্ষণ।—শিরোঘূর্ণন ; শিরঃপীড়া ; বিবমিষা ; বমন ; মনোবৃত্তির বিশৃঙ্খলতা ; চৈতন্য-লোপ ; দৌর্ব্বল্য ও অবসন্নতা ; আংশিক পক্ষাঘাত ; দ্রুতাক্ষেপ ; শ্বাসরোধ।

চিকিৎসা।—অপর্য্যাপ্ত বিশুদ্ধ বায়ু, য়্যামোনিয়া বাষ্প ; হস্ত পদে ঘর্ষণ ও উত্তাপ ; অল্প মাত্রায় উত্তেজক ঔষধ ; কৃত্রিম শ্বাস-ক্রিয়া ; অক্সিজেন্ বাষ্পের শ্বাস ; মস্তকে ও বক্ষে একবার উষ্ণ আবার শীতল জলের ছাঁট।

কার্বনিক্ য়্যাসিড্ গ্যাস্।—

